ধরুন আপনি একটা সম্পত্তি কিনতে একটা ঋণ নিয়েছেন। ঋণ ব্যবস্থাপনার অংশ হিসেবে ব্যাঙ্কের মর্টগেজ রিডিম্পশান ইনস্যুরেন্সের জন্য আপনাকে অর্থ প্রদান করতে হবে।

### a) এমআরআই কী?

এটা হলো এমন একটা বীমা পলিসি যা গৃহ ঋণ গ্রহীতাদের আর্থিক সুরক্ষা প্রদান করে। একজন বন্ধকদাতা মূলত এই নিম্নগামী মেয়াদী জীবন বীমা পলিসি নিয়ে থাকে বন্ধকী ঋণ পুরোপুরি শোধ করার আগে যদি তিনি মারা যান তার অবশিষ্ট অংশ শোধ করার জন্য। এটাকে একটা ঋণ সুরক্ষা পলিসিও বলা যেতে পারে। বয়স্ক মানুষের জন্য এটা উপযুক্ত তাঁদের উপর যাঁরা নির্ভরশীলরা তাঁরা যাতে পলিসিহোল্ডারের অপ্রত্যাশিত মৃত্যুর ক্ষেত্রে ঋণ শোধ করতে সাহায্য পেতে পারে।

**b) বৈশিষ্ট্য**

এই পলিসি প্রত্যর্পণ মূল্য বা ম্যাচিওরিটি সুধিধা বহন করে। এই পলিসির অধীনে কভার করা বীমা প্রতি বছর কমে যায়, অন্যদিকে মেয়াদী বীমা পলিসিতে অবশ্য কভার করা বী গোটা পলিসি পর্বজুড়ে অপরিবর্তনীয় থাকে।

*নিজেকে যাচাই ৭*

মর্টগেজ রিডিম্পশান ইনস্যুরেন্সের পেছনে লক্ষ্য কী?

I. বন্ধকীর হার সস্তা করতে সাহায্য করা
II. গৃহঋণ গ্রহীতাদের জন্য আর্থিক সুরক্ষা প্রদান
III. বন্ধকী সম্পত্তির মূল্য রক্ষা
IV. খেলাপের ক্ষেত্রে উচ্ছেদ এড়ানো

---

## সারাংশ

- বিবাহিত মহিলার সম্পত্তি আইন, ১৮৭৪-র ৬ধারা একটা জীবন বীমা পলিসির আওতায় স্ত্রী ও সন্তানদের সুরক্ষার সুবিধা দেয়।
- এমডব্লিউপি আইনের আওতায় কার্যকরী পলিসি আদালতের ক্রোক, ঋণদাতা ও এমনকি জীবন বীমাকারকদের নিয়ন্ত্রণের বাইরে থাকবে।
- কী ম্যান ইনস্যুরেন্স হলো বীমা ব্যবসার একটা গুরুত্বপূর্ণ ধরন। এটাকে একটা বীমা পলিসি হিসেবে বর্ণনা করা যেতে পারে যেটা একটা ব্যবসায়িক প্রতিষ্ঠান নিয়েছে সেই আর্থিক লোকসানের ক্ষতিপূরণের জন্য যা কোনো মৃত্যু থেকে ব্যবসার সঙ্গে জড়িত একজন গুরুত্বপূরণ সদস্যের বর্ধিত ক্ষমতা থেকে হতে পারে।
- মর্টগেজ রিডিম্পশান বীমা বা বন্ধকী পরিশোধ বীমা, একজন বন্ধকদাতা মূলত এই নিম্নগামী মেয়াদী জীবন বীমা পলিসি নিয়ে থাকে বন্ধকী ঋণ পুরোপুরি শোধ করার আগে যদি তিনি মারা যান তার অবশিষ্ট অংশ শোধ করার জন্য।

## মূল পরিভাষা

1. বিবাহিত মহিলার সম্পত্তি আইন
2. কীম্যান বা গুরুত্বপূর্ণ মানুষের বীমা

## নিজেকে যাচাইয়ের উত্তরসমূহ

**উত্তর 1**

সঠিক বাছাই হলো II

***এমআরআই গৃহ ঋণ গ্রহীতাদের জন্যও আর্থিক সুরক্ষা দেয়।***

## আত্ম-দর্শন প্রশ্নসমূহ

**প্রশ্ন 1**

কীম্যান ইনস্যুরেন্স পলিসির আওতায় বীমাকৃত রাশি সাধারনত নিম্নলিখিতগুলির মধ্যে কোনটি সংযুক্ত?

I. কীম্যানের আয়
II. ব্যবসায়িক মুনাফা
III. ব্যবসার ইতিহাস
IV. মুদ্রাস্ফীতি সূচক

**প্রশ্ন 2**

মর্টগেজ রিডিম্পশন ইনস্যুরেন্স বা বন্ধকী পরিশোধ বীমা (এমআরআই)-কে________আওতায় শ্রেণীকরণ করা যায়।

I. উর্ধ্বগামী শর্তের জীবন বীমার
II. নিম্নগামী শর্তের জীবন বীমার
III. পরিবর্তনশীল জীবন বীমা
IV. সর্বজনীন জীবন বীমা

**প্রশ্ন 3**

নিচের কোন লোকসানগুলি কীম্যান ইনস্যুরেন্সের আওতায় কভার করা হয়?

I. সম্পত্তি চুরি
II. যখন সেই কী পার্সন বা গুরুত্বপূর্ণ ব্যক্তি কাজ করতে পারছেন না সেই পর্বের সঙ্গে সম্পর্কিত লোকসান
III. সাধারণ দায়বদ্ধতা
IV. ভুল-ত্রুটির ফলে লোকসান

**প্রশ্ন 4**

এমডব্লিউপি আইনের আওতায় একটা পলিসি কার্যকরী। পলিসির আওতায় বেনিফিট বা সুবিধাগুলি নিতে ও সেগুলির ব্যবস্থাপনার জন্য পলিসিহোল্ডার যদি কোনো বিশেষ ট্রাস্টি নিয়োগ না করেন, পলিসির আওতায় সুরক্ষিত রাশি প্রদেয় হবে ____________-কে।

I. নিকটতম আত্মীয়
II. রাষ্ট্রের সরকারী ট্রাস্টি
III. বীমাকারক
IV. বীমাকৃত

**প্রশ্ন 5**

মহেশ ঋণে নেওয়া মূলধন দিয়ে ব্যবসা চালান। তাঁর অকাল মৃত্যুর পর, সমস্ত ঋণদাতারাই মহেশের সম্পত্তি দখলে সর্বোত্তম চেষ্টা করছে। নিচের কোন সম্পত্তিটা ঋণদাতাদের ধরাছোঁয়ার বাইরে থাকবে?

I. মহেশের নামে থাকা সম্পত্তি
II. মহেশের ব্যাঙ্ক আমানত
III. এমডব্লিউপি আইনের ৬ ধারার আওতায় কেনা মেয়াদী জীবন বীমা পলিসি
IV. মহেশের মালিকানায় থাকা মিউচুয়াল ফান্ড

**প্রশ্ন 6**

এমডব্লিউপি আইনের মামলা সম্পর্কে নিচের বাছাইটি সঠিক?

বিবৃতি I: ম্যাচিওরিটি ক্লেইমের চেক দেওয়া হয় পলিসিহোল্ডারকে
বিবৃতি II: ম্যাচিওরিটির ক্লেইমের চেক দেওয়া হয় ট্রাস্টিকে

I. I সত্য
II. II সত্য
III. I এবং II উভয়ই সত্য
IV. I –ও নয়, II –ও সত্য নয়

**প্রশ্ন 7**

এমডব্লিউপি আইনের মামলা সম্পর্কে নিচের বাছাইটি সঠিক?

বিবৃতি I: মৃত্যুর ক্লেইমের নিষ্পত্তি করা হয় নমিনির পক্ষে
বিবৃতি II: মৃত্যুর ক্লেইমের নিষ্পত্তি করা হয় ট্রাস্টির পক্ষে

I. I সত্য
II. II সত্য
III. I এবং II উভয়ই সত্য
IV. I –ও নয়, II –ও সত্য নয়

**প্রশ্ন 8**

অজয় তাঁর কর্মচারীদের জন্য বীমার প্রিমিয়াম দেন। নিচের কোন বীমা প্রিমিয়ামটা কর্মচারীদের ক্ষতিপূরণ দেওয়ার হিসেবে ছাড়যোগ্য হিসেবে বিবেচিত হবে না?

বাছাই I: কর্মচারীকে প্রদেয় সুবিধা সহ স্বাস্থ্য বীমা
বাছাই II:অজয়কে প্রদেয় সুবিধা সহ কীম্যান জীবন বীমা

I. I সত্য

II. II সত্য
III. I এবং II উভয়ই সত্য
IV. I –ও নয়, II –ও সত্য নয়

**প্রশ্ন 9**

সুদ চাপানোর অভ্যাস সেই ঋণগ্রহীতাদের উপর যাঁরা জামানত হিসেবে সম্পত্তিকে ঘোষণা করেছে কিন্তু সেই সম্পত্তির দখলদারি ছেড়ে দিয়েছে, এটাকে বলে_____________।

I. জামানত
II. বন্ধকী
III. সুদের কারবার
IV. দায়বন্ধন

**প্রশ্ন 10**

নিম্নলিখিতগুলির মধ্যে কোন পলিসি গৃহ ঋণ গ্রহীতাদের সুরক্ষা দিতে পারে।

I. জীবন বীমা
II. অক্ষমতা বীমা
III. মর্টগেজ রিডিম্পশান ইনস্যুরেন্স
IV. সাধারণ বীমা

---

## আত্ম-দর্শন প্রশ্নের উত্তর

**উত্তর 1**

সঠিক বাছাই হলো II
কীম্যান ইনস্যুরেন্স পলিসির আওতায় বীমাকৃত রাশি সাধারনত ব্যবসায়িক মুনাফার সঙ্গে যুক্ত।

**উত্তর 2**

সঠিক বাছাই হলো II

মর্টগেজ রিডিম্পশন ইনস্যুরেন্স বা বন্ধকী পরিশোধ বীমা (এমআরআই)-কে নিম্নগামী শর্তের জীবন বীমার আওতায় শ্রেণীকরণ করা যায়।

**উত্তর 3**

সঠিক বাছাই হলো II

যখন কী পার্সন বা গুরুত্বপূর্ণ ব্যক্তি কাজ করতে পারছেন না সেই পর্বের সঙ্গে সম্পর্কিত লোকসানকে কভার দেয় কীম্যান ইনস্যুরেন্স।

**উত্তর 4**

সঠিক বাছাই হলো II

এমডব্লিউপি আইনের আওতায় একটা পলিসি কার্যকরী। পলিসির আওতায় বেনিফিট বা সুবিধাগুলি নিতে ও সেগুলির ব্যবস্থাপনার জন্য পলিসিহোল্ডার যদি কোনো বিশেষ ট্রাস্টি নিয়োগ না করেন, পলিসির আওতায় সুরক্ষিত রাশি প্রদেয় হবে রাষ্ট্রের সরকারী ট্রাস্টিকে।

**উত্তর 5**

সঠিক বাছাই হলো III

এমডব্লিউপি আইনের ৬ ধারার আওতায় কেনা মেয়াদী জীবন বীমা পলিসি ঋণদাতাদের ধরাছোঁয়ার বাইরে থাকবে

**উত্তর 6**

সঠিক বাছাই হলো II

ম্যাচিওরিটি ক্লেইমের চেক দেওয়া হয় ট্রাস্টিকে।

**উত্তর 7**

সঠিক বাছাই হলো II

মৃত্যুর ক্লেইমের নিষ্পত্তি করা হয় ট্রাস্টির পক্ষে।

**উত্তর 8**

সঠিক বাছাই হলো II
অজয়কে প্রদেয় সুবিধা সহ কীম্যান জীবন বীমাকর্মচারীদের ক্ষতিপূরণ দেওয়ার হিসেবে ছাড়যোগ্য হিসেবে বিবেচিত হবে না।

**উত্তর 9**

সঠিক বাছাই হলো II
সুদ চাপানোর অভ্যাস সেই ঋণগ্রহীতাদের উপর যাঁরা জামানত হিসেবে সম্পত্তিকে ঘোষণা করেছে কিন্তু সেই সম্পত্তির দখলদারি ছেড়ে দিয়েছে, এটাকে বলে বন্ধকী।

**উত্তর 10**

সঠিক বাছাই হলো III

মর্টগেজ রিডিম্পশান ইনস্যুরেন্স গৃহ ঋণ গ্রহীতাদের সুরক্ষা দিতে পারে।

# অধ্যায় 11

# জীবন বীমার মূল্য ও মূল্য নির্ধারণ

**অধ্যায়ের ভূমিকা**

এই অধ্যায়ের লক্ষ্য হলো শিক্ষার্থীকে জীবন বীমা চুক্তির মূল্য নিরুপণ ও সুবিধার সঙ্গে জড়িত মৌলিক উপাদানের সঙ্গে পরিচিত করানো। প্রথমে আলোচনা করবো সেই উপাদানগুলি নিয়ে যা প্রিমিয়ম গঠন করে এবং তারপর আলোচনা করবো উদ্বৃত্ত ও বোনাসের ধারণা নিয়ে।

**শিক্ষার ফলাফল**

A. বীমার মূল্য নিরুপণ – মৌলিক উপাদান
B. উদ্বৃত্ত ও বোনাস

## A. *বীমার মূল্য নিরূপণ - মৌলিক উপাদান*

### 1. প্রিমিয়াম

সাধারণ ভাষায় মেয়াদী প্রিমিয়াম সেই মূল্য উল্লেখ করে যা একটা বীমা পলিসি কেনার জন্য এক বীমাকৃত প্রদান করে থাকে। সাধারণত এটাকে প্রকাশ করা হয় প্রতি হাজার টাকা বীমাকৃত রাশির প্রিমিয়ামের হার হিসেবে। এই প্রিমিয়ামের হারগুলি পাওয়া যায় বীমা কোম্পানির দেওয়া রেট টেবিলের আকারে।

**ডায়াগ্রাম 1: প্রিমিয়াম**




এই টেবিলগুলিতে ছাপানো হারগুলি পরিচিত ''অফিস প্রিমিয়াম'' হিসেবে। সাধারণত এগুলি বার্ষিক প্রিমিয়াম স্তরের হয় যা প্রতি বছরে দিতে হয়। বেশিরভাগ ক্ষেত্রে পুরো মেয়াদ জুড়েই এগুলি একই রকম হয় এবং এগুলিকে একটি বার্ষিক হার হিসেবে প্রকাশ করা হয়।

**উদাহরণ**

***একটা প্রদত্ত বয়সের জন্য একটা কুড়ি বছরের এনডাওমেন্ট পলিসির জন্য প্রিমিয়াম যদি ৪৮০০টাকা হয়, তার মানে কুড়ি বছর ধরে প্রতি বছর ৪,৮০০টাকা করে দিতে হবে।***

কিছু পলিসিতে যদিও এটাও সম্ভব যে শুধুমাত্র প্রথম কয়েক বছরই প্রিমিয়াম দিতে হয়। কোম্পানিগুলির আবার একক প্রিমিয়াম চুক্তিও রয়েছে যেখানে চুক্তি শুরুর সময় মাত্র একটাই প্রিমিয়ম দিতে হয়। এই পলিসিগুলি সাধারণত বিনিয়োগ ভিত্তিক হয়।

### 2. ছাড়সমূহ

জীবন বীমা কোম্পানিগুলি প্রদেয় প্রিমিয়ামের উপর নির্দিষ্ট ধরনের ছাড় দিতে পারে। এই ধরনের দুটো ছাড় হলো:

- ✓ বীমাকৃত রাশির জন্য

✓ প্রিমিয়ামের ধরনের জন্য

**a) বীমাকৃত রাশির জন্য ছাড়**

যাঁরা বেশি বীমাকৃত রাশির পলিসি কেনে **বীমাকৃত রাশির জন্য** তাঁদের ছাড় দেওয়া হয়। বীমাকারক যখন চড়া দামের পলিসি পরিবেশন করেন তখন সেখান থেকে পাওয়া লাভের থেকে এই ছাড়টা ক্রেতাকে দেওয়া হয়। এর জন্য কারণটা খুবই সরল। একজন বীমাকারক যখন ৫০,০০০টাকা বা ৫,০০,০০০টাকার একটা পলিসির কাজ করে, দুটোর জন্যই প্রচেষ্টা একই হবে এবং পরবর্তীকালে এই পলিসিগুলির প্রসেসিংয়ের খরচও সমান হবে। কিন্তু বেশি বীমাকৃত রাশি আরো প্রিমিয়াম আনবে এবং তাই লাভও আরো হবে।

**b) প্রিমিয়ামের ধরনের জন্য ছাড়**

একইভাবে **প্রিমিয়ামের ধরনের জন্যও** একটা ছাড় দেওয়া হতে পারে। জীবন বীমা কোম্পানিগুলি প্রিমিয়াম দিতে দেয় বার্ষিক, অর্ধ-বার্ষিক, তিন মাস অন্তর বা মাসিক ভিত্তিতে। যত ঘন ঘন হবে প্রিমিয়ামের ধরন, ততই পরিষেবার খরচ বাড়বে। বার্ষিক ও অর্ধ-বার্ষিকের ক্ষেত্রে প্রিমিয়াম সংগ্রহ ও তার হিসেবনিকেষ বছরে মাত্র একবারই করতে হয়, আবার তিন মাস অন্তর ও মাসে মাসে প্রিমিয়াম দেওয়া মানে তার প্রকিয়া ঘন ঘন হবে। অর্ধ-বার্ষিক বা বার্ষিক প্রিমিয়াম এইভাবে তিন মাস অন্তর ও মাসে মাসে প্রিমিয়ামের থেকে প্রশাসনিক খরচ কমায়। তার ওপর, বার্ষিক প্রিমিয়ামে বীমাকারক সেই অর্থ সারা বছর ধরে কাজে লাগাতে পারে ফলে তার উপর সুদ পায়। তাই বীমাকারক এগুলির উপর ছাড় দিয়ে বার্ষিক বা অর্ধ-বার্ষিক প্রিমিয়াম প্রদানকে উৎসাহ যোগায়। অতিরিক্ত প্রশাসনিক খরচ সামলাতে তাঁরা মাসিক প্রিমিয়ামে খানিকটা বেশি চার্জ করতে পারে।

### 3. অতিরিক্ত চার্জ

বাড়তি ঝুঁকি রয়েছে, লক্ষ্যণীয় ভাবে যুক্ত নয় এমন বীমাকৃত ব্যক্তিদের একটি গোষ্ঠীর জন্য ট্যাবুলার প্রিমিয়াম চার্জ করা হয়। এই ধরনের ব্যক্তিরা **স্ট্যান্ডার্ড লাইভ্স** হিসেবে পরিচিত এবং চার্জের হার সাধারণ হার হিসেবে পরিচিত।

যা থেকে জীবনের ঝুঁকি রয়েছে, এমনহৃদযন্ত্রের অসুখ বা ডায়াবেটিসের মতো নির্দিষ্ট স্বাস্থ্য সমস্যায় ভুগছেন কোনো ব্যক্তি যদি বীমার প্রস্তাব করেন, তবে এই ধরনের একটা জীবনকে সাব-স্ট্যান্ডার্ড হিসেবে বিবেচনা করা হবে, অন্যান্য স্ট্যান্ডার্ড জীবনের সঙ্গে তুলনায়, বীমাকারক এর জন্য একটা হেল্থ এক্সট্রা হিসেবে অতিরিক্ত প্রিমিয়াম চাপাতে পারেন। একইভাবে যাঁরা সার্কাস অ্যাক্রোবাটের মতো বিপজ্জনক পেশায় যুক্ত তাঁদের উপরও একটা অতিরিক্ত পেশাগত চার্জ বসানো হতে পারে। এই অতিরিক্ত চার্জগুলি প্রিমিয়ামে ঢুকবে যা ট্যাবুলার প্রিমিয়াম থেকে বেশি হবে।

আবার, একজন বীমাকারক একটি পলিসির আওতায় নির্দিষ্ট কিছু অতিরিক্ত সুবিধাও দিতে পারেন, যা একটা অতিরিক্ত প্রিমিয়াম দিয়ে পাওয়া যাবে।

**উদাহরণ**

একজন জীবন বীমাকারক একটা ডাবল অ্যাক্সিডেন্ট বেনিফিট বা ডিএবি (যদি দুর্ঘটনায় মৃত্যু হয় ক্লেইম হিসেবে প্রদেয় বীমাকৃত রাশি দ্বিগুণ হয়)দিতে পারেন। এর জন্য প্রতি হাজার বীমাকৃত রাশি পিছু এক টাকা অতিরিক্ত প্রিমিয়াম চার্জ করা হতে পারে।

*একইভাবে প্রতি হাজার বীমাকৃত রাশি পিছু এক টাকা অতিরিক্ত প্রিমিয়াম চার্জদিয়ে একটা সুবিধা পাওয়া যেতে পারে যা পার্মানেন্ট ডিজাবিলিটি বেনিফিট (পিডিবি) নামে পরিচিত।*

## 4. প্রিমিয়াম নির্ধারণ

আসুন এখন আমরা দেখি জীবন বীমাকারকরা সেই হারে পৌঁছায় যা প্রিমিয়াম টেবলে দেওয়া আছে। এই কাজটা করেন একজন আহিলকারী (অ্যাকচিয়োরী)। মেয়াদী বীমা, পূর্ণ জীবন ও এনডাওমেন্টের মতো প্রচলিত জীবন বীমা পলিসির ক্ষেত্রে প্রিমিয়াম ঠিক করাতে নিম্নলিখিত উপাদানগুলি বিবেচনা করে:

- ✓ মৃত্যুহার
- ✓ সুদ
- ✓ ব্যবস্থাপনার খরচ
- ✓ ভাণ্ডার
- ✓ বোনাস লোডিং

**ডায়াগ্রাম 2: প্রিমিয়ামের উপাদান**




প্রথম দুই উপাদান নিয়ে গঠিত হয় নিট প্রিমিয়াম, সেখানে অন্য উপাদানগুলি গ্রস বা অফিস প্রিমিয়ম তৈরি করতে নিট প্রিমিয়ামে লোড হয়।

### a) মৃত্যুহার ও সুদ

মৃত্যুহার হলো প্রিমিয়ামের প্রথম উপাদান। ‘‘মর্টালিটি টেবল’’ ব্যবহার করে এটা নির্ধারিত হয়, যা বিভিন্ন বয়সের মৃত্যুহারের একটা অনুমান দেয়।

**উদাহরণ**

৩৫বছরের মৃত্যুহার যদি ০.০০৩৫ হয়, এটা বলতে বোঝায় প্রতি ১০০০মানুষ যাঁরা ৩৫বছর বয়সে জীবিত, ৩.৫জন (প্রতি ১০,০০০-এ ৩৫জন) ৩৫ ও ৩৬বছরের মাঝে মারা যেতে পারেন।

বিভিন্ন বয়সের মৃত্যুহার খরচ হিসেব করতে টেবলটা ব্যবহার করা হতে পারে। উদাহরণস্বরূপ ৩৫বছরের জন্য হার ০.০০৩৫ মানে বীমার খরচ ০.০০৩৫x ১০০০ (বীমাকৃত রাশি) = প্রতি হাজার বীমাকৃত রাশি পিছু ৩.৫০টাকা

উপরের খরচটাকে ''রিস্ক প্রিমিয়াম'' বলা হতে পারে। বেশি বয়সের জন্য রিস্ক প্রিমিয়াম বেশি হবে।

---

বিভিন্ন বয়সের জন্য ব্যক্তিগত রিস্ক প্রিমিয়ামগুলি যোগ করে আমরা ক্লেইমের খরচ পেতে পারি যা ৩৫ থেকে ৫৫বছরের একটা গোটা পর্ব বা মেয়াদের জন্য প্রদানযোগ্য। এই ক্লেইমগুলির মোট খরচ একটা পলিসির আওতায় আমাদের ভবিষ্যৎ দায়বদ্ধতা দেয়, অন্যভাবে বললে এটাই আমাদের বলে দেয় ক্লেইম দিতে আমাদের কত টাকা লাগবে যা ভবিষ্যতে বাড়বে।

''নিট প্রিমিয়াম''-এ পৌঁছাতে প্রথম পদক্ষেপ হলো ভবিষ্যতের ক্লেইম মূল্যের বর্তমান মূল্য অনুমান করা। বর্তমান মূল্য অনুমান করার কারণ হলো যে আমরা বের করার চেষ্টা করছি ভবিষ্যতে যেটা ঘটতে পারে সেই ক্লেইম মেটাতে আজকে আমাদের হাতে কত থাকা উচিত। বর্তমান মূল্য অনুমান করার এই প্রক্রিয়া আমাদের প্রিমিয়াম নির্ধারণের পরবর্তী উপাদানে নিয়ে আসে, যাকে বলা হয় ''সুদ''।

সুদ হলো শুধুমাত্র ছাড়ের সেই হার যা ভবিষ্যতের ক্লেইম প্রদান করতে বর্তমান মূল্যের উপর পৌথছাতে হবে।

**উদাহরণ**

পাঁচ বছর পর বীমার খরচ চালাতে আমাদের যদি প্রতি হাজারে ৫টাকা লাগে এবং আমারা যদি সুদের হার ৬% ধরে নিই, পাঁচ বছর বাদে প্রদেয় ৫টা দাঁড়াবে ৫x ১/৯১.০৬)$^{৫}$ = ৩.৭৪

৬%-র বদলে আমরা যদি ১০% ধরি, বর্তমান মূল্য তখন দাঁড়াবে মাত্র ৩.১০। অন্যভাবে বললে সুদের হার বেশি ধরলে বর্তমান মূল্য কম হবে।

---

মৃত্যুহার ও সুদের উপর আমাদের সমীক্ষা থেকে দুটো প্রধান সিদ্ধান্তে আমরা আসতে পারি

- ✓ মৃত্যুহার টেবলে মৃত্যুহার বেশি হলে, প্রিমিয়ামও বেশি হবে
- ✓ অনুমিত সুদের হার বেশি হলে প্রিমিয়াম কম হবে

আহিলকারীদের সতর্ক ও সামান্য পরিমিত হওয়ার ঝোঁক থাকে এবং সাধারণত তাঁরা তাঁদের বাস্তব অভিজ্ঞতার থেকে বেশি হারে মৃত্যুহার ধরেন। তাঁরা তাঁদের বিনিয়োগ যত আয়ের প্রত্যাশা করেন তার চেয়ে কমই সুদের হার অনুমান করেন।

**নিট প্রিমিয়াম**

সমস্ত ভবিষ্য্যৎ ক্লেইমের দায়বদ্ধতার ছাড়যুক্ত বর্তমান মূল্য ‘‘নিট সিঙ্গল প্রিমিবাম’’ দেয়। নিট সিঙ্গল প্রিমিয়াম থেকে আমরা ‘‘নিট লেভেল অ্যানুয়াল প্রিমিয়াম’’ পেতে পারি। এটা হলো নিট সিঙ্গল প্রিমিয়াম যা এমনভাবে লেভেল করা হয় যাতে প্রিমিয়াম দেওয়ার সময়কালে প্রদেয় হয়।

**গ্রস প্রিমিয়াম**

**ডায়াগ্রাম 3 : লোডিংয়ের পরিমাণ নির্ধারণ করতে পথনির্দেশক নীতি**




গ্রস প্রিমিয়াম হলো নেট প্রিমিয়াম ও লোডিং নামে মূল্যের যোগফল। লোডিংয়ের মূল্য নির্ধারণের সময় তিনটি বিবেচনা বা পথনির্দেশক নীতি মাথায় রাখতে হবে:

**i. পর্যাপ্ততা**

সমস্ত পলিসির মোট লোডিং কোম্পানির মোট অপারেটিং খরচের কভার করতে পর্যাপ্ত হতে হবে। এর একটা সুরক্ষা মার্জিন দেওয়া উচিত এবং শেষ পর্যন্ত কোম্পানিকে এর লাভ বা উদ্বৃত্ত দেওয়া উচিত।

**ii. ইকুইটি**

প্ল্যানের ধরন, বয়স ও মেয়াদ ইত্যাদির উপর নির্ভর করে খরচ ও সুরক্ষা মার্জিন প্রভৃতি বিভিন্ন ধরনের পলিসির মধ্যে ন্যায়সঙ্গতভাবে বন্টিত হওয়া উচিত। ধারণাটা হলো প্রত্যেক শ্রেণীর পলিসির তার নিজস্ব খরচের জন্য অর্থ প্রদান করা উচিত যাতে যতটা সম্ভব একটা শ্রেণীর পলিসির অন্যকে সাহায্য করতে না হয়।

**iii. প্রতিযোগিতামূলক**

ফলস্বরূপ গ্রস প্রিমিয়ামগুলি কোম্পানিকে প্রতিযোগিতায় তার অবস্থান উন্নতি করতে সক্ষম করে। লোডিং যদি খুব বেশি হয়, তাহলে পলিসি খুবই দামী হয়ে যাবে এবং লোকে তা কিনবে না।

**b) খরচ ও ভাণ্ডার**

জীবন বীমাকারকদের বিভিন্ন ধরনের অপারেটিং খরচ তোলার দায় থাকে, এর মধ্যে রয়েছে:

- ✓ এজেন্টদের প্রশিক্ষণ ও নিয়োগ
- ✓ এজেন্টদের কমিশন

- ✓ কর্মীদের বেতন
- ✓ অফিসের জায়গা
- ✓ অফিসের স্টেশনারি
- ✓ বিদ্যুৎ মাসুল
- ✓ অন্যান্য বিবিধ প্রভৃতি

এই সবগুলি দিতে হয় বীমাকারকের সংগৃহীত প্রিমিয়াম থেকে। এই খরচগুলিও নিট প্রিমিয়ামকেই বইতে হয়।

একজন জীবন বীমাকারক দুই ধরনের খরচ বহন করে:

i. প্রথমটি চুক্তির প্রারম্ভিক পর্যায়ে বহন করতে হয়, এটা পরিচিত **"নতুন ব্যবসার খরচ"** নামে

ii. দ্বিতীয় ধরনের খরচ পরবর্তী বছরগুলিতে বহন করতে হয়, এটাকে বলে **"রিনিউয়াল খরচ"।**

প্রারম্ভিক বা নতুন ব্যবসার খরচ বিপুল হতে পারে। আইন অনুযায়ীও জীবন বীমাকারককে একটা নির্দিষ্ট মার্জিন ভাণ্ডার হিসেবে ধরে রাখতে হয় যা নিশ্চিত করে যে তারা তাদের বাধ্যবাধকতা পূরণ করতে পারবে, এমনকি যদি তাদের বাস্তব অভিজ্ঞতাও তারা যেমনটা আন্দাজ করেছে তার থেকেও খারাপ হলেও। ভাণ্ডার হিসেবে রাখার জন্য মার্জিনের সঙ্গে প্রারম্ভিক খরচ সাধারণত প্রাপ্ত প্রারম্ভিক প্রিমিয়ামের থেকে বেশি হয়।

এইভাবে কোম্পানি একটা টানাটানির মধ্যে পড়ে, যেটা নতুন ব্যবসার টানাটানি নামে পরিচিত। প্রারম্ভিক খরচগুলি শুধুমাত্র পরবর্তী বার্ষিক প্রিমিয়াম থেকে উদ্ধার করা হয়। একটা উপলক্ষ হলো যে খরচ পুষিয়ে নেওয়ার আগে প্রারম্ভিক বছরগুলিতে বেশি সংখ্যায় তাদের পলিসি বাতিল বা তামাদি হয়ে গেলে জীবন বীমাকারকরা সেই ধাক্কা সামলাতে পারেন না। নতুন ব্যবসার টানাটানির আরেকটা উপলক্ষ হলো মুনাফা করার আগে জীবন বীমা কোম্পানিগুলির কয়েক বছরের একটা জেস্টেশন পিরিয়ড বা গর্ভধারণ পর্ব প্রয়োজন হয়।

খরচের ধরনের উপর নির্ভর করে খরচগুলি বিভিন্ন উপায়ে নির্ধারিত হয়।

i. উদাহরণস্বরূপ, এজেন্সি ম্যানেজার / ডেভেলপমেন্ট অফিসারদের কমিশন ও ইনসেন্টিভগুলি সাধারণত ঠিক করা হয় আয় করা প্রিমিয়ামের একটা অংশ হিসেবে।

ii. অন্যদিকে, মেডিক্যাল পরীক্ষাকারীর ফি ও পলিসি স্ট্যাম্পের মতো খরচগুলি পলিসির বীমাকৃত রাশি বা ফেস ভ্যালুর পরিমাণের উপর অদলবদল হয় এবং বীমাকৃত রাশির সঙ্গে সম্পর্কযুক্ত হয়।

iii. তৃতীয় ক্যাটাগোরির খরচ হলো বেতম বা খরচের মতো আনুষঙ্গিক খরচপত্র যা সাধারণত কার্যকলাপের পরিমাণের উপর অদলবদল হয় যা কত সংখ্যক পিলিসি চলছে তার উপর নির্ভর করে। পলিসির সংখ্যার হিসেবে ব্যবসার পরিমাণ যত বড় হয়, আনুষঙ্গিক খরচপত্রও তত বেশি হয়।

উপরের শ্রেণীবিভাগের ভিত্তিতে একটা নিট প্রিমিয়ামের সাধারণ লোডিংয়ের তিনটি অংশ হবে

i. প্রিমিয়ামের একটা শতাংশ

ii. প্রতি ‘১০০০ বীমাকৃত রাশি’ (বা ফেস অ্যামাউন্ট)–এর জন্য একটা অপরিবর্তনীয় পরিমাণ যা নিট প্রিমিয়ামের সঙ্গে যুক্ত হয়
iii. পলিসি প্রতি একটা অপরিবর্তনশীল পরিমাণ

**তামাদি ও সম্ভাবনা**

নিট প্রিমিয়াম ও খরচের জন্য লোডিংয়ের নকশা করা হয় বেনিফিটের অনুমিত খরচ কভার করতে এবং পলিসির মেয়াদকালীন জীবন বীমাকারকের যে খরচ হয় তা মেটাতে। বীমাকারক লাগাতারভাবে ঝুঁকির মুখে পড়েন যার আসল অভিজ্ঞতা চুক্তির নকশার পর্যায়ের আন্দাজের থেকে আলাদা হতে পারে।

ঝুঁকির একটা উৎস হলো তামাদি ও প্রত্যাহার। একটা তামাদি মানে পলিসিহোল্ডার প্রিমিয়াম প্রদান বন্ধ করে। প্রত্যাহারের ক্ষেত্রে, পলিসিহোল্ডার পলিসি প্রত্যর্পণ করে এবং পলিসির অর্জিত নগদ মূল্য থেকে একটা পরিমাণ পেয়ে যায়।

তামাদি একটা গুরুতর সমস্যা তৈরি করতে পারে কারণ এগুলি সাধারণত হয় প্রথম তিন বছরের মধ্যে, সাধারণত সব থেকে বেশি এই ঘটনা ঘটে চুক্তির প্রথম বছরেই। জীবন বীমাকারকরা একটা লোডিং করে নেয় এই লিকেজের আন্দাজ করে।

জীবন বীমাকারকদের সেই পরিস্থিতির জন্য তৈরি থাকতে হবে যার ভিত্তি হবে একটা আন্দাজ যাতে তারা স্থির করবে আসল অভিজ্ঞতার থেকে তাদের প্রিমিয়াম সংগ্র কত কম হতে পারে। দুটো কারণ থেকে এই ধরনের সম্ভাবনা তৈরি হতে পারে।

i. প্রথমত তাঁদের আন্দাজটাই বেঠিক হতে পারে। যেমন জীবন বীমাকারকরা এমন একটা মৃত্যুহার টেবিল ব্যবহার করলে যা বর্তমান মৃত্যুহারকে প্রতিফলিত করে না অথবা পর্যাপ্তভাবে মূদ্রাস্ফীতিকে বিবেচনা করে না।

ii. দ্বিতীয়ত এলোপাথাড়ি ওঠানামা থাকতে পারে যা অনুমান আশানুরুপ মিলতে নাও পারে।

তিনটি উপায় রয়েছে যেখানে উপরের ঝুঁকিগুলি সামলানো যায়।

i. তারা এটা ক্রেতার ঘাড়ে চাপিয়ে দিতে পারে, উদাহরণস্বরুপ, ইউলিপ–এর মতো বিনিয়োগ–সংযুক্ত পন্যের ক্ষেত্রে কম রিটার্নের ঝুঁকি মেটাতে হয় ক্রেতাকেই।

ii. দ্বিতীয় উপায়টা হলো একজন রিইনসিওরারের কাছে পলিসিটা রিইনসিওর করানো। এক্ষেত্রে মৃত্যুহারের ঝুঁকি সেই রিইনসিওরার বহন করে।

iii. তৃতীয় ও আরো সাধারণ ব্যবহৃত উপায়টা হলো প্রিমিয়ামে একটা লোডিং মার্জিন জুড়ে দেওয়া, যা প্রত্যাশিত ও বাস্তব অভিজ্ঞতার মধ্যে বিচ্যুতিটা শুষে নিতে সাহায্য করে।

**c) মুনাফা পলিসি ও বোনাস লোডিং নিয়ে**

আসুন আমরা শুনি মুনাফা পলিসির উত্থান নিয়ে আহিলকারী ব্রায়ান করবি কী বলছেন।

‘‘প্রায় দুশো বছর আগে, জীবন বীমার শুরুর দিকে, প্রধান অনিশ্চয়তা ছিল মৃত্যুহার। সমাধান হিসেবে বেছে নেওয়া হয়েছিল অত্যধিক প্রিমিয়াম চার্জ করাকে। অবশ্যই তারা জানতো না যে

সেগুলি আগাম অত্যধিক ছিল যাতে স্বচ্ছলতা হবে আন্দাজ করা হয়েছিল, এবং তারপর যখন পর্যাপ্ত অভিজ্ঞতা জমা হলো, প্রিমিয়াম কী হওয়া উচিত তা মূল্যায়ন করতে, তখন পলিসিহোল্ডারদের এই বাড়তিটা বা তার খানিকটা ফেরত দিতে বোনাস যুক্ত করার পথ নেওয়া হলো। আজকাল আমরা যে মুনাফা পলিসি ইস্যু করি সেই প্রথার উৎসটাই হলো এটা...''

মুনাফায় অংশগ্রহণ আরো একটি উপাদানের সূচনা করে যাকে বলা হয় প্রিমিয়ামে **"বোনাস লোডিং"।** এই ধারণাটা হল প্রিমিয়ামের মধ্যে মুনাফার একটা মার্জিন ঢোকানো যাতে তা অভাবিত সম্ভাবনার খারাপ প্রভাব থেকে রাখতে একটা বাড়তি ব্যবস্থা হিসেবে কাজ করে এবং উদ্বৃত্ত বন্টনের পলিসি শেয়ার (বোনাস হিসেবে) প্রদান করা হয়। এই বোনাস লোডিং বৈশিষ্ট্যটা হলো একটা কারণে , যে কারণে জীবন বীমাকারকদের দীর্ঘমেয়াদী স্বচ্ছলতা ও মুলধনের পর্যাপ্ততা নিয়ে আত্মবিশ্বাস থাকে।

অঙ্কের ভাষায় বললে আমরা বলতে পারি যে:

**গ্রস প্রিমিয়াম = নিট প্রিমিয়াম + খরচের জন্য লোডিং + সম্ভাবনার জন্য লোডিং + বোনাস লোডিং**

উপরের সম্মিলিত লোডিংকে আমরা যদি গ্রস প্রিমিয়াম (জিপি)-র কে শতাংশ বলে ধরি, আমরা গ্রস প্রিমিয়াম বের করতে পারি, ধরে নিচ্ছি নেট প্রিমিয়াম (এনপি) হিসেবে

**জিপি = এনপি + কে (জিপি)**

উদাহরণস্বরূপ যদি একটা এনডাওমেন্ট পলিসির জন্য নিট সিঙ্গল প্রিমিয়াম হয় ৩৮০টাকা এবং লোডিং ফ্যাক্টর কে হয় ৫০% তবে গ্রস প্রিমিয়াম হবে ৭৬০টাকা।

*নিজেকে যাচাই ৭*

একটা পলিসি তামাদি বলতে কী বোঝায়?

I. পলিসিহোল্ডার একটা পলিসির জন্য প্রিমিয়াম প্রদান সম্পূর্ন করেছে
II. পলিসিহোল্ডার একটা পলিসির জন্য প্রিমিয়াম প্রদান বন্ধ করেছে
III. পলিসি ম্যাচিওর হয়েছে
IV. পলিসিটি বাজার থেকে প্রত্যাহৃত হয়েছে

## B. *উদ্বৃত্ত ও বোনাস*

### 1. উদ্বৃত্ত ও বোনাস নির্ধারণ

প্রত্যেক জীবন বীমা কোম্পানি তার সম্পদ ও দায়বদ্ধতার একটা পর্যায়ক্রমিক মূল্যায়ন করবে আশা করা যায়। এই ধরনের মূল্যায়নের দুটি উদ্দেশ্য রয়েছে:

i. বীমাকারকের আর্থিক পরিস্থিতি নিরূপণ করতে, অন্যভাবে বললে বীমাকারক ঋণ পরিশোধ করতে সক্ষম না অক্ষম তা নির্ধারণ করতে
ii. পলিসিহোল্ডার / শেয়ারহোল্ডারদের মধ্যে বন্টান করার জন্য উপলব্ধ উদ্বৃত্ত নির্ধারণ করতে

**সংজ্ঞা**

***উদ্বৃত্ত হলো দায়বদ্ধতার উপর সম্পদের অতিরিক্ত মূল্য। যদি সেটা ঋণাত্মক হয় তবে সেটা টানাটানি অবস্থা বলে পরিচিত হয়।***

আসুন এখন আমরা দেখি জীবন বীমায় উদ্বৃত্তের ধারণা কীভাবে একটা ব্যবসায়িক প্রতিষ্ঠানের লাভের থেকে আলাদা।

সাধারণভাবে ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলির লাভ সম্পর্কে দুটো ধারণা থাকে। হিসেবের দিক দিয়ে, লাভ নির্ধারিত হয় প্রদত্ত একটা হিসেব পর্বের জন্য **খরচের উপর আয়ের উদ্বৃত্ত**কে, এটা লাভ ও ক্ষতির হিসেবের অংশ। লাভ আবার ব্যবসায়িক প্রতিষ্ঠানের ব্যালান্স শিটেরও অংশ হয় – এটাকে নির্ধারিত করা হতে পারে **দায়বদ্ধতার উপর সম্পদের উদ্বৃত্ত** হিসেবে। ব্যালান্স শিটে লাভ–ক্ষতির অঙ্কের লাভকেও তুলে ধরে। উভয় ক্ষেত্রেই লাভের স্বীকৃতির জন্য একটা এক্স–পোস্ট অ্যাপ্রোচ নেওয়া হয়।

**উদাহরণ**

২০১৩–র ৩১শে মার্চ XYZ ফার্মের লাভ বা মুনাফাকে ধরা হয় সেই তারিখে তার খরচ বাদ দিয়ে আয়কে বা দায়বদ্ধতা বাদ দিয়ে তার সম্পদকে।

***উভয় ক্ষেত্রেই, মুনাফাটা স্পষ্টভাবে নির্ধারিত ও জানা।***

জীবন বীমা মূল্যায়নের ক্ষেত্রেও কি আমরা একই যুক্তি প্রয়োগ করতে এবং দায়বদ্ধতা ও সম্পদ নির্ধারণ করতে পারি?

এই ধরনের একটি ক্ষেত্রে, উদ্বৃত্তকে নির্ধারিত করা হয় এইভাবে

**উদ্বৃত্ত = সম্পদ – দায়বদ্ধতা**

পলিসিসমূহের একটা ব্লকের জন্য যেখানে দায়বদ্ধতা বাড়তে পারে, সেটা নির্ধারিত হয় ভবিষ্যতের ক্লেইমের বর্তমান মূল্য হিসেবে, এই পলিসিগুলি থেকে নেওয়া প্রিমিয়ামের বর্তমান মূল্য থেকে খরচ ও অন্যান্য প্রত্যাশিত পরিশোধ বাদ দিয়ে।

**ডায়াগ্রাম 4: সম্পদের মূল্যায়নের উপায়**




সম্পদের মূল্যায়ন করা হয় এই তিনটি উপায়ের একটিতে

i. **বুক ভ্যালুতে**

এটা হলো সেই মূল্য যা দিয়ে জীবন বীমাকারক তার সম্পদ কিনেছে বা অর্জন করেছে

ii. **বাজার দর বা মার্কেট ভ্যালুতে**

জীবন বীমাকারকের সম্পদের বাজারে মূল্য

iii. **ছাড়যুক্ত বর্তমান মূল্য**

বিভিন্নসম্পদ থেকে ভবিষ্যতে আয় প্রবাহের আনুমানিক হিসাব ও বর্তমানে সেগুলিকে ছাড় দেওয়া

সমস্যাটা হলো কেউই দায়বদ্ধতার সঠিক মান বসাতে পারে না কারণ ভবিষ্যতে কী হবে কেউই তার অবিকল পূর্বাভাস করতে পারে না। দায়বদ্ধতার মান নির্ভর করে মৃত্যুহার, সুদ, খরচ ও স্থিতিশীলতার মতো বেশ কিছু ফ্যাক্টর সম্পর্কে আন্দাজের উপর যা ভবিষ্যতের দায়বদ্ধতার বর্তমান মূল্যে অনুমান করে করা হয়। এই কারণেই জীবন বীমায় আমরা মুনাফার বদলে উদ্বৃত্ত পরিভাষাটি ব্যবহার করি।

এইভাবেই উদ্বৃত্ত হলো একটা কাজ, কীভাবে সম্পদ ও দায়বদ্ধতার মূল্যায়ন করা হবে।

i. একজন জীবন বীমাকারক মূল্যায়নের ক্ষেত্রে খুবই রক্ষণশীল হলে দায়বদ্ধতাকে অতিরিক্ত মূল্য হিসেবে ধরা হবে, আবার উল্টোদিকে সম্পদের মূল্য কম করে ধরা হবে। ফলস্বরূপ ঘোষিত উদ্বৃত্ত কম হবে। এর মানে বর্তমান পলিসিহোল্ডারদের মধ্যে বন্টনের জন্য উপলব্ধ বোনাস কমে যাবে। কিন্তু এটা বীমাকারককে আর্থিকভাবে বেশ স্বচ্ছলতা দেবে। এর কারণে ঘোষিত উদ্বৃত্তের তুলনায় বাস্তব উদ্বৃত্ত বেশি হবে এবং তাই এই উচ্চ বিধান ভবিষ্যতের জন্য ধরে রাখা হবে। এটা ভবিষ্যতের পলিসিহোল্ডারদের সুবিধা করবে।

ii. অন্যদিকে সম্পদ ও দায়বদ্ধতার মূল্যায়ন যদি খোলা মনে করা হয়, এর ফল উলটো হবে। ভবিষ্যতের পলিসিহোল্ডারদের বিনিময়ে বর্তমান পলিসিহোল্ডাররা সুবিধা পাবেন।

বর্তমান ও ভবিষ্যৎ পলিসিহোল্ডারদের মধ্যে জীবন বীমা কোম্পানিকে সঠিক ভারসাম্য রাখতে হয়।

## 2. উদ্বৃত্ত বণ্টন

আন্দাজের তুলনায় জীবন বীমাকারকের বাস্তব অভিজ্ঞতা ভালো হলে উদ্বৃত্ত তৈরি হয়। মুনাফা চুক্তির আওতায় জীবন বীমাকারক এই অনুকূল ফাঁক (বাস্তব ও প্রত্যাশিত ফলের মধ্যে) –এর সুবিধা পলিসিহোল্ডারদের দিতে বাধ্য কারণ সেই পলিসিহোল্ডাররা চুক্তি করে মুনাফায় ভাগ নিতে সম্মত হয়েছেন এবং মুনাফা পলিসি হিসেবে এগুলি কিনেছেন।

একই সময়ে, উদ্বৃত্তও একটা উৎস যেখান থেকে কোম্পানির মৌলিক মূলধন (এর ইকুইটি বা নিট মূল্য) এর মধ্যে বাড়তে পারে। এই অর্থে একজন জীবন বীমাকারকের উদ্বৃত্ত একটা সাধারণ কোম্পানির মুনাফার সঙ্গে একইরকম, তবে কোম্পানির মুনাফা বন্টন করা হয় না কিন্তু নিজেদের হাতে ধরে রোখা হয়। এগুলি পরিচিত 'ধরে রাখা উপার্জন' হিসেবে। এগুলি কোম্পানিকে আর্থিক স্বচ্ছলতা দেয়।

আসুন এখন আমরা দেখি নির্ধারতি উদ্বৃত্ত কীভাবে বন্টিত হবে

### a) ঋণ পরিশোধ ক্ষমতার প্রয়োজনীয়তা

প্রথমত, দায়বদ্ধতার উপর সম্পদের বাড়তির একটা অংশ ধরে রাখতে হবে যাতে ভবিষ্যতে অভাবিত কোনো প্রতিকূল পরিস্থিতিতে পলিসিহোল্ডারদের রক্ষা করতে। ঋণপরিশোধক্ষমতার মার্জিনকে দায়বদ্ধতার উপর সম্পদের বাড়তির একটা অংশ হিসেবে বলা যেতে পারে বিশেষভাবে যেটা সরিয়ে রাখা হয় প্রত্যাশিত ও বাস্তব অভিজ্ঞতার মধ্যে অভাবিত বিচ্যুতি মেটানো একটা সুরক্ষা হিসেবে।

### b) মুক্ত সম্পদ

বরাদ্দ না হওয়া (বন্টনের জন্য) উদ্বৃত্ত রাখার আরেকটা উদ্দেশ্য হলো মুক্ত সম্পদের স্তর বাড়ানো। মুক্ত সম্পদগুলি ভারমুক্ত হয়। অন্যভাবে বললে দায়বদ্ধতা মেটাতে এগুলির প্রয়োজন নেই। জীবন বীমাকারকরা এইভাবে এগুলিকে স্বাধীনভাবে ব্যবহার করতে পারে। জীবন বীমাকারকদের দুটো কারণে এই ধরনের মুক্ত সম্পদ ধরে রাখা জরুরী।

i. প্রথমত নতুন ব্যবসায় অর্থ যোগান দিতে কোম্পানিগুলির মূলধনের প্রয়োজন হয়। আমরা ইতোমধ্যেই দেখেছি নতুন ব্যবসার সঙ্কটেতাঁদের কীভাবে অর্থের যোগান দেওয়ার প্রয়োজনীয়তা হয়।

ii. মুক্ত সম্পদ জীবন বীমাকারীকে তাঁর বিনিয়োগের কৌশল স্থির করার জন্য উদ্দেশ্য সাধনের উপায় এবং স্বাধীনতা দেয় অনেক বেশি। যে সব কোম্পানির উচ্চ এবং অনেক বেশি প্রতিযোগিতামূলক রিটার্ণ উৎপন্ন করার প্রয়োজনীয়তা এবং দেওয়ার বিষয় আছে তাদের কাছে এটি খুবই গুরুত্বপূর্ণ।

প্রথমত কোম্পানিগুলির নতুন ব্যবসায় অর্থ ঢালার জন্য মূলধন প্রয়োজন। আমরা আগেই দেখেছি নতুন ব্যবসার টানাটানিতে তাদের কীভাবে অর্থের যোগান দিতে হয়। বিভাজ্য উদ্বৃত্ত একবার ঘোষণা হয়ে গেলে, পরবর্তী ইস্যুটা হলো জীবন বীমার পলিসিহোল্ডারদের মধ্যে সেগুলির বিতরণ নির্ধারণ করা (যদি কোনো শেয়ারহোল্ডার থাকে তাহলে একটা অংশ তাদের মদ্যে বিতরণ করার জন্য ছেড়ে দিয়ে)। ভারতে এই উদ্দেশ্যে জনপ্রিয় পদ্ধতিটি হলো ''বোনাস মেকানিজম''–এর মাধ্যমে যেখানে

উদ্বৃত্ত ভাগ করে দেওয়া হয় বোনাসের আকারে। গ্রেট ব্রিটেন, ভারত ও আরো অন্যান্য দেশে এই ব্যবস্থাটাই জনপ্রিয়।

### 3. বোনাস

বোনাস প্রদান করা হয় একটা চুক্তির অধীনে প্রদেয় মৌলিক বেনিফিটের সঙ্গে একটা অতিরিক্ত হিসেবে। সাদারণত এটা মূল বীমাকৃত রাশি বা বার্ষিক মূল পেনশনের সঙ্গে একটা অতিরিক্ত হিসেবে আসে। উদাহরণস্বরূপ এটাকে প্রকাশ করা হয় প্রতি হাজার বীমাকৃত রাশিতে ৬০টাকা করে (বা বীমাকৃত রাশির ৬০%)বলে।

বোনাসের সবচেয়ে সাধারণ ধরণ হল **পূর্বাবস্থা সংক্রান্ত বোনাস।** চুক্তির গোটা মেয়াদ জুড়েই কোম্পানি প্রতি বছর এই ধরনের অতিরিক্ত বোনাস ঘষণা করতে পারে। একবার ঘোষণা হয়ে গেলে সেটা যুক্ত হয়ে যাবে এবং সেটা আর ফিরিয়ে নেওয়া যাবে না। এগুলি কোম্পানির দায়বদ্ধতার অংশ গঠন করে। এগুলিকে বলা হয় 'পূর্বাবস্থা সংক্রান্ত' বোনাস কারণ পলিসিহোল্ডাররা কেবলমাত্র তখনই সেটা পেতে পারেন যখন মৃত্যু হলে বা ম্যাচিওর করলে চুক্তিটা যখন ক্লেইমযোগ্য হয়।

প্রত্যর্পণের ক্ষেত্রেও বোনাস দেওয়া হতে পারে। এই ধরনের ক্ষেত্রে প্রায়শই বোনাস পাওয়ার যোগ্য হতে এটা নির্ধারিত করা থাকে যে চুক্তিটা একটা নির্দিষ্ট মেয়াদ (ধরুন ৫ বছর) ধরে চালু থাকতে হবে।

### পূর্বাবস্থা সংক্রান্ত বোনাসের ধরন

**ডায়াগ্রাম 5: পূর্বাবস্থা সংক্রান্ত বোনাসের ধরন**




#### i. সরল পূর্বাবস্থা সংক্রান্ত বোনাস

এটা হলো একটা বোনাস যা চুক্তির অধীনে মূল নগদ বেনিফিটের একটা শতাংশ দিয়ে প্রকাশ করা হয়। ভারতে এর উদাহরণ, এটা ঘোষণা করা হয় প্রতি হাজার বীমাকৃত রাশি পিছু একটা পরিমাণ হিসেবে।

### ii. চক্রবৃদ্ধি বোনাস

এখানে কোম্পানি মূল বেনিফিট একটা শতাংশ ও ইতোমধ্যে জুড়ে যাওয়া বোনাসকে বোনাস বলে প্রকাশ করে। এইভাবে এটা হলো একটা বোনাসের উপর বোনাস। এটা প্রকাশের উপায় হতে পারে মূল বীমাকৃত রাশির ৮% হারে, সঙ্গে ইতোমধ্যে জুড়ে যাওয়া বোনাস।

### iii. প্রান্তিক বোনাস

নাম থেকেই বোঝা যাচ্ছে, এই বোনাস চুক্তিতে জোড়ে শুধুমাত্র চুক্তি সমাপ্তির সময়েই (মৃত্যু বা ম্যাচিউরিটির মাধ্যমে)। শুধুমাত্র আসন্ন বছরের ক্লেইমের জন্য বোনাস ঘোষিত হয়, পরবর্তী বছরের কোনো প্রতিশ্রুতি ছাড়াই (পূর্বাবস্থা সংক্রান্ত বোনাসের ক্ষেত্রে)। এইভাবে ২০১৩–র ঘোষিত প্রান্তিক বোনাস শুধুমাত্র প্রযোজ্য হবে ২০১৩–২৪সালে করা ক্লেইমের উপরই এবং কোনোভাবেই পরবর্তী বছরগুলির জন্য নয়।

সবশেষে, প্রান্তিক বোনাস নির্ভর করে চুক্তির মেয়াদের উপর, এবং মেয়াদ বাড়লে এটা বাড়ে। এইভাবেই ২৫বছর ধরে চলা একটা চুক্তির জন্য প্রান্তিক বোনাস ২৫বছর ধরে চলা একটা চুক্তির তুলনায় বেশি হবে।

শেয়ার ও সম্পত্তিতে বিনিয়োগ বাড়ার ফলে যে বিপুল পরিমাণ অনাদায়ী বৃদ্ধি নিয়ে কী করা যাই সেই সমস্যার সমাধান হিসেবে প্রান্তিক বোনাসের আবির্ভাব হয়েছিল (গ্রেট ব্রিটেনে)। এগুলিকে দিয়ে দিতে এবং সময়ের সঙ্গে সংযুক্ত করতে জীবন বীমা কোম্পানিগুলি এই বোনাসগুলি ধরে রাখার যে সমস্যা তার সমাধান করেছে। পলিসিহোল্ডারদের মধ্যে ইক্যুইটি অর্জ করার একটা উপায় হয়ে উঠেছে এগুলি।

## 4. অবদান পদ্ধতি

উদ্বৃত্ত বিতরণের আরেকটি পদ্ধতি হলো ''অবদান'' বা ''কন্ট্রিবিউশন'' পদ্ধতি, এটি উত্তর আমেরিকায় গ্রহণ করেছে। এই পদ্ধতিতে বিবেচনা করা হয় উদ্বৃত্তের তিনটি উৎসকে – অতিরিক্ত সুদ, মৃত্যুহার সঞ্চয় এবং খরচ ও অন্যান্য লোডিংয়ের নিরিখে বর্ধিত সঞ্চয়কে।

এইভাবেই মৃত্যুহার, স্বার্থ ও খরচের নিরিখে বছরগুলি ধরে যা হওয়ার প্রত্যাশা ও যা বাস্তবে ঘটেছে তার মাঝের পার্থক্যটাই হয়ে যায় উদ্বৃত্ত।

ঘোষিত ডিভিডেন্টগুলি নিম্নলিখিত চারটি উপায়ের একটি ব্যবহার করে ঘোষিত হয়

i. এটা নগদে ডিভিডেন্ট হিসেবে দেওয়া হতে পারে

ii. এমন আকারে অ্যাডজাস্ট করা যাতে ভবিষ্যতের প্রিমিয়াম কমে যায়

iii. তৃতীয় পদ্ধতিটা হলো অ-খেসারতযোগ্য পরিশোধিত সংযোজন পলিসির সঙ্গে কিনতে দিয়ে

iv. সবশেষে ডিভিডেন্ডগুলি সুদসহ পলিসির জমা টাকার সঙ্গে একত্রিত হয়ে যেতে পারে। পলিসিহোল্ডারের পছন্দ অনুযায়ী বা চুক্তির শেষে এটা তুলে নেওয়া যেতে পারে।

## 5. ইউনিট সংযুক্ত পলিসি

উপরে আলোচিত প্রথাগত 'মুনাফা সহ' পলিসিতে জীবন বীমাকারকের দেওয়া বোনাস ও বিনিয়োগের পারফরমেন্সের মাঝে একটা সংযোগ থাকে। এই সংযোগ যদিও প্রত্যক্ষ নয়। পলিসিহোল্ডারদের বোনাস উদ্বৃত্ত দিয়ে নির্ধারিত হয় যা বীমাকারকের সম্পদ ও দায়বদ্ধতার পর্যায়ক্রমিক মূল্যায়নের সময় ঘোষিত হয়। ফলে বোনাস কাঠামো বীমাকারকের অন্তর্নিহিত সম্পদের মূল্যে প্রতিফলিত হয় না।

আবার, একটা মূল্যায়নের অধীনে বোনাসগুলি সাধারনত বছরে একবারই ঘোষিত হয়। সেগুলি সম্ভবত সম্পদ মূল্যের প্রতিদিনের ওঠানামায় প্রতিফলিত হতে পারে না। উপরে বর্ণিত সীমাবদ্ধগুলির কয়েকটি কাটিয়ে উঠতে নিখুতভাবে নকশা করা হয়েছে ইউনিট যুক্ত পলিসিগুলির।

এগুলিতে পন্য নকশার বিভিন্ন মনোভাব জড়িয়ে থাকে এবং বিভিন্ন নীতি অনুসরণ করে।

### a) ইউনিটাইজিং

এই পলিসিগুলির স্বাতন্ত্র্যসূচক বৈশিষ্ট্য হলো যে এগুলির বেনিফিট পুরোপুরি বা অংশত নির্ধারিত হয় যে তারিখে ক্লেইম পেমেন্ট হওয়ার কথা সেইদিন পলিসিহোল্ডারের অ্যাকাউন্টের জমা ইউনিটগুলির মান দিয়ে। একটা ইউনিট তৈরি হয় বিনিয়োগ তহবিলকে বেশ কিছু সমান অংশে ভাগ করে।

### b) স্বচ্ছ কাঠামো

বীমার সুরক্ষার জন্য চার্জ ও একটা ইউনিট সংযুক্ত পন্যের খরচ উপাদান স্পষ্টভাবে নির্ধারিত। প্রিমিয়াম থেকে এই চার্জগুলি একবার বাদ দেওয়া হয়ে গেলে অ্যাকাউন্টের ব্যালান্স ও এর থেকে আসা আয় ইউনিটে বিনিয়োগ করা হয়। পারফরমেন্সের একটি পূর্ব-নির্ধারিত সূচকের ভিত্তিতে এই ইউনিটগুলির মূল্য নির্দিষ্ট।

এটা নির্ধারিত হয় একটা নিয়ম বা সূত্র দিয়ে, যা আগে থেকেই নির্দিষ্ট করা থাকে। এই সূত্র অনুসরণ করে দুজন নিরপেক্ষ মানুষ বেনিফিটের একই অনুমানে পৌঁছাবেন। অন্যভাবে বললে পলিসি হোল্ডার বেনিফিটগুলি জীবন বীমা কোম্পানির অনুমান বিচক্ষণতার উপর নির্ভর করে না।

### c) মুল্য নির্ধারণ

এনডাওমেন্টের মতো প্রথাগত প্ল্যানে, বীমাকৃত কেনার জন্য বীমাকৃত রাশির পরিমাণের বিষয়ে সিদ্ধান্ত নেয়। বীমাকৃত রাশি গ্যারান্টিকৃত এবং এমনভাবে প্রিমিয়াম সেট করা হয় যে মৃত্যু, সুদ ও খরচ যে কোনো আন্দাজেই এই অর্থ ফেরত দেওয়ার ক্ষেত্রে পর্যাপ্ত হবে। বাস্তব অভিজ্ঞতা যদি প্রিমিয়াম সেট করার সময় আন্দাজের তুলনায় ভালো হয়, বেনিফিটটা বোনাস আকারে দিয়ে দেওয়া হয়।

ইউনিট সংযুক্ত পলিসির অধীনে, বীমাকৃতই ঠিক করেন নিয়মিত অন্তরে তিনি কতটা প্রিমিয়াম দিতে পারবেন। প্রিমিয়াম ওঠানামা করতে পারে, তনে ন্যূনতমটা দেওয়া জরুরী হতে পারে। বীমার কভার হলো প্রদত্ত প্রিমিয়ামের একটা গুনিতক- উদাহরণস্বরূপ এটা বার্ষিক প্রিমিয়ামের দশ গুণ হতে পারে।

প্রিমিয়ামকে তিনটি অংশে ভাগ করা হয়

i. প্রথমত, একটা পলিসি অ্যালোকেশন চার্জ (পিএসি) থাকে যার মধ্যে থাকে এজেন্টের কমিশন, পলিসি সেটআপের খরচ, প্রশাসনিক খরচ ও বিধিবদ্ধ লেভি।

ii. দ্বিতীয় উপাদানটা হলো মরটালিটি চার্জ বা মৃত্যুহার চার্জ যা ঝুঁকি কভারের খরচ যোগায়।

iii. উপরের দুটো দেওবার পর প্রিমিয়ামের বাকিটা বরাদ্দ হয় ইউনিট কেনার জন্য।

প্রথাগত ও ইউলিপ উভয় প্ল্যানের অধীনেই প্রারম্ভিক বছরগুলিতে প্রিমিয়ামের অনুপাতে পিএসি চড়া হয়। প্রথমটির আওতায় এই চার্জগুলি হলো অনুপাতে হয় এবং গোটা পলিসি মেয়াদ জুড়ে থাকে। ইউলিপ-এর ক্ষেত্রে যদিও এগুলি প্রারম্ভিক প্রিমিয়ামগুলি থেকে বাদ দেওয়া হয়। এটা প্রারম্ভিক পর্যায়ে বোঝায়, চার্জগুলি লক্ষ্যণীয়ভাবে বিনিয়োগের বরাদ্দ কমিয়ে দেয়। এই কারণেই বেনিফিটের মূল্যের পাশাপাশি প্রদেয় প্রিমিয়ামও খুব কমে যায়।বাস্তবে চুক্তি প্রথম বছরগুলিতে দেওয়া প্রিমিয়ামের থেকে কম হয়।

### d) বিনিয়োগ ঝুঁকির সম্পর্ক

সবশেষে, যেহেতু ইউনিটগুলির মূল্য জীবন বীমাকারকের বিনিয়োগের মূল্যের উপর নির্ভর করে, তাই এখানে একটা ঝুঁকি থাকে যে এই ইউনিটগুলির মূল্য প্রত্যাশা তুলনায় কম হতে পারে এবং ফলে রিটার্নের কম হতে পারে ও এমনটি ঋণাত্মকও হতে পারে। আশা করা যায় যে জীবন বীমাকারক এই বিনিয়োগগুলি কার্যকরী ও সতর্কভাবে সামলাবেন, তাহলেও বীমাকারক ইউনিট ভ্যালুর ব্যাপারে কোনো গ্যারান্টি দেবে না। অন্যভাবে বললে, বিনিয়োগের ঝুঁকি বহন করবেন পলিসি হোল্ডার / ইউনিট হোল্ডারই। জীবন বীমাকারক যদি মৃত্যুহার ও খরচের ঝুঁকি বহন করতে পারে।

*নিজেকে যাচাই* **2**

ইউলিপ-এর ক্ষেত্রে বিনিয়োগের ঝুঁকি কে বহন করে?

I. বীমাকারক
II. বীমাকারী
III. রাষ্ট্র
IV. আইআরডিএ

---

**রসংক্ষেপ**

- সাধারণ ভাষায়, মেয়াদী প্রিমিয়াম বলতে বোঝায় সেই মূল্য যা একজন বীমাকৃতকে একটা বীমা পলিসি কেনার জন্য দিতে হয়।
- জীবন বীমা পলিসির জন্য প্রিমিয়াম ঠিক করার প্রক্রিয়ার সঙ্গে জড়িত মৃত্যুহার, সুদ, খরচ ব্যবস্থাপনা ও ভাণ্ডারের বিবেচনা।
- গ্রস প্রিমিয়াম হলো নিট প্রিমিয়ামের সঙ্গে লোডিং নামে মূল্যের যোগফল।
- তামাদি মানে হলো পলিসিহোল্ডারের প্রিমিয়াম না দেওয়া। প্রত্যাহারের ক্ষেত্রে পলিসিহোল্ডার পলিসি প্রত্যর্পণ করেন এবং পলিসির অর্জিত নগদ মূল্য থেকে একটা পরিমাণ ফেরত পান।

- জীবন বীমাকারী যা আন্দাজ করেছিলেন তার থেকে বাস্তব অভিজ্ঞতায় ফল ভালো হলে উদ্বৃত্ত তৈরি হয়।
- ঋণপরিশোধক্ষমতার প্রয়োজনীয়তা, মুক্ত সম্পত্তি বেড়ে যাওয়া প্রভৃতি সমালাতে উদ্বৃত্ত বন্টন করা হতে পারে।
- সবচেয়ে সাধারণ ধরনের বোনাস হলো প্রত্যর্পণ বোনাস।

## মূল পরিভাষা

1. প্রিমিয়াম
2. ছাড়
3. বোনাস
4. উদ্বৃত্ত
5. ভাণ্ডার
6. লোডিং
7. প্রত্যার্পণকারী বোনাস

## নিজেকে যাচাইয়ের উত্তর

**উত্তর 1**

সঠিক বাছাই হলো II.

পলিসিহোল্ডার একটা পলিসির জন্য প্রদেয় প্রিমিয়াম জমা না দিলে পলিসিটিকে তামাদি বলা হয়।

**উত্তর 2**

সঠিক বাছাই হলো II.

ইউলিপ-এর ক্ষেত্রে বিনিয়োগের ঝুঁকি বহন করেন বীমাকৃতই।

## আত্ম-দর্শন প্রশ্নসমূহ

**প্রশ্ন 1**

একটা বীমা পলিসির সঙ্গে সম্পর্কে ‘‘প্রিমিয়াম’’ পরিভাষা কী বোঝায়?

I. বীমাকৃতের অর্জিত লাভ
II. পলিসি কেনার জন্য একজন বীমাকৃতের দেওয়া মূল্য
III. একটা পলিসিতে একজন বীমাকারীর মার্জিন
IV. একটি পলিসিতে একজন বীমাকারীর বহন করা খরচ

**প্রশ্ন 2**

নিচের কোনটা জীবন বীমার প্রিমিয়াম নির্ধারণে ফ্যাক্টর নয়?

I. মৃত্যুহার
II. ছাড়
III. ভাণ্ডার
IV. ব্যবস্থাপনা খরচ

**প্রশ্ন 3**

একটা পলিসি প্রত্যার্পণ কী?

I. পলিসিহোল্ডারের প্রিমিয়াম প্রদান বন্ধ করা
II. অর্জিত প্রত্যর্পণ মূল্যের বিনিময়ে পলিসির প্রত্যর্পণ
III. পলিসি আপগ্রেড
IV. পলিসি ডাউনগ্রেড

**প্রশ্ন 4**

নিম্নলিখিতগুলির মধ্যে কোনটি উদ্বৃত্ত নির্ধারণের উপায়?

I. অত্যধিক দায়বদ্ধতা
II. অত্যধিক টার্নওভার
III. সম্পত্তির উপর দায়বদ্ধতার অতিরিক্ত মূল্য
IV. দায়বদ্ধতার উপর সম্পত্তির অতিরিক্ত মূল্য

**প্রশ্ন্ 5**

নিম্নলিখিতগুলির মধ্যে কোনটি ইউলিপ প্রিমিয়ামের উপাদান নয়?

I. পলিসি বন্টনের চার্জ
II. বিনিয়োগ ঝুঁকি প্রিমিয়াম
III. মৃত্যুহারের চার্জ
IV. সামাজিক নিরাপত্তার চার্জ

**প্রশ্ন 6**

জীবন বীমা কোম্পানিগুলি ক্রেতাকে____________ভিত্তিতে প্রদেয় প্রিমিয়ামের উপর ছাড় দিতে পারে।

I. ক্রেতার বেছে নেওয়া বীমাকৃত রাশির
II. ক্রেতার বেছে নেওয়া পলিসির ধরন
III. ক্রেতার বেছে নেওয়া পলিসির শর্ত
IV. ক্রেতার বেছে নেওয়া পেমেন্টের ধরন (নগদ, চেক, কার্ড)

**প্রশ্ন 7**

প্রিমিয়াম নির্ধারণের সময় অন্যঅন্যতম গুরুত্বপূর্ণ উপাদান হলো সুদের হার। সুদের হারের পরিপ্রেক্ষিতে নিচের কোন বিবৃতিটি সঠিক?

I. অনুমিত সুদের হার কম হলে, প্রিমিয়াম কম হয়

II. অনুমিত সুদের হার বেশি হলে, প্রিমিয়াম বেশি হয়
III. অনুমিত সুদের হার বেশি হলে, প্রিমিয়াম কম হয়
IV. সুদের হার প্রিমিয়ামে কোনো প্রভাব ফেলে না

**প্রশ্ন 8**

নিম্নলিখিত বিবৃতিগুলির মধ্যে কোনটি সঠিক?

I. একটা নিট প্রিমিয়ামের সাধারণ লোডিংয়ে ৩টি অংশ থাকে: ক) প্রিমিয়ামের একটা অপরিবর্তনীয় অঙ্ক, খ) প্রতি '১০০০ বীমাকৃত রাশি'র জন্য একটা অপরিবর্তনীয় অঙ্ক এবং গ) পলিসি প্রতি একটা অপরিবর্তনীয় অঙ্ক
II. একটা নিট প্রিমিয়ামের সাধারণ লোডিংয়ে ৩টি অংশ থাকে: ক) প্রিমিয়ামের একটা শতাংশ, খ) প্রতি '১০০০ বীমাকৃত রাশি'র জন্য একটা অপরিবর্তনীয় অঙ্ক এবং গ) পলিসি প্রতি একটা অপরিবর্তনীয় অঙ্ক
III. একটা নিট প্রিমিয়ামের সাধারণ লোডিংয়ে ৩টি অংশ থাকে: ক) প্রিমিয়ামের একটা শতাংশ, খ) প্রতি '১০০০ বীমাকৃত রাশি'র জন্য একটা অপরিবর্তনীয়শতাংশ এবং গ) পলিসি প্রতি একটা অপরিবর্তনীয় অঙ্ক
IV. একটা নিট প্রিমিয়ামের সাধারণ লোডিংয়ে ৩টি অংশ থাকে: ক) প্রিমিয়ামের একটা শতাংশ, খ) প্রতি '১০০০ বীমাকৃত রাশি'র জন্য একটা অপরিবর্তনীয় অঙ্ক এবং গ) পলিসি প্রতি একটা শতাংশ

**প্রশ্ন 9**

বীমা কোম্পানির সম্পদসমূহের মূল্য নির্ধারণ সম্পর্কে, __________ হলো সেই মূল্য যাতে জীবন বীমাকারক তার সম্পত্তি কিনেছে বা অর্জন করেছে।

I. ছাড়যুক্ত ভবিষ্যৎ মূল্য
II. ছাড়যুক্ত বর্তমান মূল্য
III. মার্কেট ভ্যালু বা বাজার মূল্য
IV. বুক ভ্যালু

**প্রশ্ন 10**

__________-র ক্ষেত্রে, একটা কোম্পানি মৌলিক বেনিফিট ও ইতোমধ্যে সংযুক্ত বোনাসের এক অংশ হিসেবে বোনাস প্রকাশ করে।

I. প্রত্যর্পণকারী বোনাস
II. চক্রবৃদ্ধি বোনাস
III. প্রান্তিক বোনাস
IV. অনড় বোনাস

**আত্ম-দর্শন প্রশ্নের উত্তর**

**উত্তর 1**

সঠিক বাছাই হলো II

পলিসি কেনার জন্য একজন বীমাকৃতের দেওয়া মূল্য প্রিমিয়াম নামে পরিচিত।

**উত্তর 2**

সঠিক বাছাই হলো II

ছাড় জীবন বীমার প্রিমিয়াম নির্ধারণে ফ্যাক্টর নয়।

**উত্তর 3**

সঠিক বাছাই হলো II

অর্জিত প্রত্যর্পণ মূল্যের বিনিময়ে পলিসির প্রত্যর্পণকে পলিসি প্রত্যাহার হিসেবে বলা হয়।

**উত্তর 4**

সঠিক বাছাই হলো IV

দায়বদ্ধতার উপর সম্পত্তির অতিরিক্ত মূল্যই হলো উদ্বৃত্ত নির্ধারণের পদ্ধতি।

**উত্তর 5**

সঠিক বাছাই হলো IV

ইউলিপ প্রিমিয়ামের মধ্যে রয়েছে পলিসি বন্টনের চার্জ, বিনিয়োগ ঝুঁকি প্রিমিয়াম এবং মৃত্যুহারের চার্জ।

**উত্তর 6**

সঠিক বাছাই হলো I

জীবন বীমা কোম্পানিগুলি ক্রেতাকে তাঁর বেছে নেওয়া বীমাকৃত রাশির ভিত্তিতে প্রদেয় প্রিমিয়ামের উপর ছাড় দিতে পারে।

**উত্তর 7**

সঠিক বাছাই হলো III

অনুমিত সুদের হার বেশি হলে, প্রিমিয়াম কম হয়।

**উত্তর 8**

সঠিক বাছাই হলো II

একটা নিট প্রিমিয়ামের সাধারণ লোডিংয়ে ৩টি অংশ থাকে: ক) প্রিমিয়ামের একটা শতাংশ, খ) প্রতি '১০০০ বীমাকৃত রাশি'র জন্য একটা অপরিবর্তনীয় অঙ্ক এবং গ) পলিসি প্রতি একটা অপরিবর্তনীয় অঙ্ক

**উত্তর 9**

সঠিক বাছাই হলো IV

বীমা কোম্পানির সম্পদসমূহের মূল্য নির্ধারণ সম্পর্কে, বুক ভ্যালু হলো সেই মূল্য যাতে জীবন বীমাকারক তার সম্পত্তি কিনেছে বা অর্জন করেছে।

**উত্তর 10**

সঠিক বাছাই হলো II

চক্রবৃদ্ধি বোনাসের ক্ষেত্রে, একটা কোম্পানি মৌলিক বোনিফিট ও ইতিমধ্যে সংযুক্ত বোনাসের এক অংশ হিসেবে বোনাস প্রকাশ করে।

# অধ্যায় 12

# ডকুমেন্টেশন - প্রপোজাল স্টেজ

### অধ্যায়ের ভূমিকা

লাইফ ইনসিওরেন্স ইন্ডাস্ট্রীতে আমরা বিপুল সংখ্যক ফর্ম ও ডকুমেন্ট নিয়ে লেনদেন করি। বীমাকৃত ব্যক্তি ও বীমা কোম্পানির সম্পর্কের মধ্যে স্বচ্ছতা আনার উদ্দেশ্যেই এগুলি প্রয়োজন। এই অধ্যায়ে, আমরা এমন সব বিভিন্ন ডকুমেন্ট নিয়ে লেনদেন করব যা পরিকল্পনার পর্যায় ও সেগুলির গুরুত্বের সঙ্গে জড়িত। ডকুমেন্টে আমরা যে বিষয়গুলি নিয়ে আলোচনা করব সেগুলি নীচে অন্তর্ভূক্ত রয়েছে

i. প্রসপেকটাস
ii. প্রপোজাল ফর্ম
iii. এজেন্টদের রিপোর্ট
iv. মেডিকেল পরীক্ষকের রিপোর্ট
v. নৈতিক ঝুঁকির রিপোর্ট
vi. বয়সের প্রমাণ
vii. নো ইউর কাস্টোমার (KYC) ডকুমেন্টস

### শিক্ষার ফলাফল

| |
|---|
| A. লাইফ ইনসিওরেন্স – প্রপোজাল স্টেজের ডকুমেন্টেশন |

## A. *লাইফ ইনসিওরেন্স - প্রপোজাল স্টেজের ডকুমেন্টেশন*

### 1. প্রসপেকটাস

**সংজ্ঞা**

***প্রসপেকটাস হল ইনসিওরেন্স কোম্পানিগুলির ব্যবহৃত একটি বিধিবদ্ধ আইনি ডকুমেন্ট যা পণ্যের খুঁটিনাটি তথ্য প্রদান করে।***

সব কিছু জেনে কোন পলিসি কেনার বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে প্রসপেকটাসের মধ্যে সম্ভাব্য পলিসি ধারকদের জন্য সব তথ্য থাকে।

কোনও লাইফ ইনসিওরেন্স কোম্পানির ব্যবহৃত প্রসপেকটাসের মধ্যে প্রতিটি ইনসিওরেন্স প্ল্যানের অধীনে নিম্নোক্ত বিষয়গুলির বর্ণনা দেওয়া হয়:

i. বিধি এবং শর্তাবলী

ii. সুবিধার মাত্রা - গ্যারান্টিড ও নন-গ্যারান্টিড

iii. অধিকার

iv. ব্যতিক্রম

v. প্ল্যানটি পার্টিসিপেটিভ বা নন-পার্টিসিপেটিভ

প্রসপেকটাস হল একটি প্রস্তাবনামূলক নথির মত যা সম্ভাব্য পলিসি ধারকদের কোম্পানির পণ্যাদির সঙ্গে পরিচিত হতে সহায়তা করে।

### 2. প্রপোজাল ফর্ম

ইনসিওরেন্স পলিসি হল বীমা কোম্পানি ও পলিসি ধারকদের মধ্যে একটি আইনি চুক্তি। যে কোন চুক্তির জন্য এটি প্রয়োজন হয়, এতে প্রস্তাব আছে ও এটি মেনে চলা হয়। প্রস্তাব তৈরির জন্য আবেদন নথি ব্যবহৃত হয় যা সাধারণত 'প্রপোজাল ফর্ম'নামে পরিচিত। প্রপোজাল ফর্মে বর্ণিত সমস্ত তথ্য উভয় পক্ষেরই মানা উচিত এবং এর বিষয়বস্তুর সঠিকভাবে মূল্যায়ন ব্যর্থ হলে সমঝোতা দাবি করার সময় বিরূপ ফলাফল হতে পারে।

**সংজ্ঞা**

IRDA এর অধীনে (পলিসি ধারকের সুবিধার্থে সুরক্ষা) আইন, 2002 -তে এইভাবে প্রপোজাল ফর্মের বর্ণনা দেওয়া হয়েছে:

"***এর অর্থ হল বীমাকৃত কোম্পানি কখন স্বীকার করবে বা প্রত্যাখ্যান করবে, ঝুঁকির দায়িত্বগ্রহণ, ঝুঁকি গ্রহণের পরিণাম, রেট নির্ধারণ, কভারের বিধি ও শর্তাবলী যা মঞ্জুর করা হবে এই বিষয়গুলি বীমাকৃত কোম্পানিগুলি যাতে যথাযথভাবে পালন করে তা সক্ষম করতে ইনসিওরেন্স যা কোনও বিপদের সময়ে কাজে লাগে তার জন্য বীমাকৃত কোম্পানি প্রয়োজনীয় সব গুরুত্বপূর্ণ তথ্য প্রস্তাবকারীর কাছ থেকে সংগ্রহের জন্য বীমাকৃত কোম্পানির প্রস্তাবকারীকে দিয়ে একটি ফর্ম পূরণ করিয়ে নেয়।***"

ঝুঁকির দায়গ্রহণের প্রসঙ্গে যা বীমাকৃত কোম্পানি কভার করবে সেই সমস্ত গুরুত্বপূর্ণ, প্রয়োজনীয় ও প্রাসঙ্গিক তথ্য এই আইনের **"বিষয়বস্তুর"** ভিত হবে ও এতে অন্তর্ভুক্ত হবে।

**গুরুত্বপূর্ণ**

IRDA প্রপোজাল ফর্মের বর্ণনা দেওয়ার সময়ে, ইনসিওরেন্স কোম্পানির বিবেচনা করার জন্য ফর্মের ডিজাইন ও উপাদান বাদিকে খোলা রাখা হয়। পলিসি ধারক, মধ্যস্থতাকারী, ন্যায়পাল ও ইনসিওরেন্স কোম্পানির কাছ থেকে পাওয়া প্রতিক্রিয়ার উপর ভিত্তি করে, IRDA অনুভব করেছে যে ফর্ম ও প্রপোজাল ফর্ম কে নির্দিষ্ট মানের সঙ্গে সংগতিপূর্ণ করা জরুরী।

IRDA 2013 সালে IRDA (লাইফ ইনসিওরেন্সের জন্য স্ট্যান্ডার্ড প্রপোজাল ফর্ম) আইন জারি করেছে। IRDA ডিজাইন ও সামগ্রী নির্ধারণের সময়ে, অতিরিক্ত তথ্য খোঁজার জন্য ইনসিওরেন্স কোম্পানিগুলিকে নমনীয়তা প্রদান করেছে। প্রপোজাল ফর্ম শুধু প্রস্তাবকারী বা প্রস্তাবিত জীবন বিমা করার খুঁটিনাটি নির্দেশ প্রদান করে না তাছাড়াও এটি মধ্যস্থতা করে কে পলিসির আবেদন করেছে এবং ফর্ম পূরণে সহায়তা করে।

---

### 3. এজেন্ট রিপোর্ট

এজেন্ট হলেন প্রাথমিক বীমাকর্তা। পলিসি ধারকের সমস্ত উপাদানের তথ্য ও বিবরণ, ঝুঁকির মূল্যায়নের প্রাসঙ্গিক তথ্য এজেন্টের রিপোর্টে প্রকাশ করতে হবে। স্বাস্থ্য, অভ্যাস, পেশা, আয় ও পরিবারের খুঁটিনাটি সংক্রান্ত বিষয়গুলিকে রিপোর্টে উল্লেখ করতে হবে।

### 4. মেডিকেল পরীক্ষকের রিপোর্ট

বহু ক্ষেত্রে, ইনসিওরেন্স কোম্পানির তালিকাভুক্ত চিকিত্সক বীমাকৃত ব্যক্তির মেডিকেল পরীক্ষা করেন। শারীরিক বৈশিষ্ট্য সংক্রান্ত বিবরণ যেমন উচ্চতা, ওজন, রক্তচাপ, কার্ডিয়াক অবস্থা ইত্যাদি রেকর্ড করা হয় এবং ডাক্তার তাঁর রিপোর্টে এগুলি উল্লেখ করেন এটি মেডিকেল পরীক্ষকের রিপোর্ট নামে পরিচিত।

আমাদের অবশ্যই লক্ষ্য করা উচিত যে অনেক প্রপোজাল লিখে রাখা হয় এবং কোনও মেডিকেল পরীক্ষা ছাড়াই সেগুলি ইনসিওরেন্সের জন্য গৃহীত হয়। এগুলি নন-মেডিকেল কেস নামে পরিচিত। সাধারণত মেডিকেল পরীক্ষকের রিপোর্ট তখনই নেওয়া হয় যখন নন-মেডিকেল লেখার মধ্যে প্রপোজাল বিবেচনা করা যায় না কারণ প্রস্তাবিত অর্থরাশি বা প্রস্তাবিত বয়স বেশী হলে সেখানে কিছু বৈশিষ্ট্য থাকে যা প্রপোজালে প্রকাশ করা হয়, যাকে পরীক্ষা ও কোনও মেডিকেল পরীক্ষকের রিপোর্ট বলা হয়।

ইনসিওরেন্স কোম্পানির বীমাকর্তা জীবনের বর্তমান স্বাস্থ্যের অবস্থার উপরে একটি অ্যাকাউন্ট পায় যাতে সে বীমা করতে পারে।

### 5. নৈতিক ঝুঁকির রিপোর্ট

লাইফ ইনসিওরেন্স হল কোন ব্যক্তি ও একটি ইনসিওরেন্স কোম্পানির মধ্যে চুক্তি যা পলিসির মেয়াদ থাকাকালীন ব্যক্তির মৃত্যু হলে বর্ণিত অর্থ প্রদান করে। আপনি যখন লাইফ ইনসিওরেন্স ক্রয় করেন তখন আপনাকে আবেদন পূরণ করা ও শারীরিক পরীক্ষার রিপোর্ট জমা দেওয়ার সঙ্গে বিভিন্ন লিখিত

পদ্ধতি পালন করতে হয়। ঝুঁকি প্রভাবিত একটি বিষয়, যা বীমাকর্তারা খোঁজেন, তাকে নৈতিক বিপত্তি বলা হয়।

**সংজ্ঞা**

***নৈতিক বিপত্তির সম্ভাবনা যে কোনও লাইফ ইসিওরেন্স পলিসি ক্রয়ের পরিণামে ক্লায়েন্টের ব্যবহার বদলাতে পারে ও এই ধরনের পরিবর্তনে ক্ষতির সম্ভাবনা বাড়তে পারে।***

**উদাহরণ**

***জন ডো সম্প্রতি একটি লাইফ ইনসিওরেন্স পলিসি ক্রয় করেছে। তারপর সে একটি সাইটে স্কিইং অভিযানে যাওয়ার সিদ্ধান্ত নেয় যা বিশ্বের মধ্যে সবচেয়ে বেশী বিপদজ্জনক স্কিইং স্থান হিসেবে পরিচিত। অতীতে সে এই ধরনের অভিযানে যাওয়ার উদ্যোগ নিতে অস্বীকার করেছে।***

লাইফ ইনসিওরেন্স কোম্পানি প্রত্যেক ব্যক্তিকে নিজের জীবন শেষ করা বা অন্যের জীবন শেষ করার মাধ্যমে লাইফ ইনসিওরেন্স ক্রয়ের লাভ পাওয়ার থেকে রক্ষা করার চেষ্টা করে। লাইফ ইনসিওরেন্সের বীমাকর্তাদের কোনও বিষয়ে এই ধরনের দৃষ্টিভঙ্গি থাকলে বিপত্তি হিসাবে প্রস্তাবিত হতে পারে।

এই উদ্দেশ্যে, কোম্পানির নৈতিক ঝুঁকির রিপোর্টের প্রয়োজন হতে পারে যা ইনসিওরেন্স কোম্পানির একজন আধিকারিক জমা দেন। রিপোর্ট সম্পন্ন হবার আগে প্রস্তাবকারীর পরিচিতি বিষয়ে যার কাছে রিপোর্ট করা হয়েছে সেই আধিকারিকের সন্তুষ্টি থাকা উচিত। রিপোর্ট সম্পন্ন হবার আগে তাঁকে সেঈ ব্যক্তির সঙ্গে তাঁর বাড়িতে গিয়ে সাক্ষাত করা দরকার। রিপোটিং আধিকারিক পৃথক ভাবে বীমাকারীর স্বাস্থ্য ও অভ্যাস, পেশা, আয়, সামাজিক পটভূমি ও আর্থিক অবস্থা ইত্যাদি সম্পর্কে অনুসন্ধান করেন।

**6. বয়সের প্রমাণ**

আমরা ইতিমধ্যেই দেখেছি যে বয়সের সঙ্গে লাইফ ইনসিওরেন্সে মৃত্যুর ঝুঁকি বেড়েছে। তাই বয়স হল একটি ফ্যাক্টর যা ইনসিওরেন্স কোম্পানিগুলি বীমাকারী ব্যক্তির জীবনের ঝুঁকি প্রোফাইল নির্ধারণে ব্যবহার করে। সেই অনুসারে প্রতিটি বয়সের গ্রুপে একটি প্রিমিয়াম ধার্য করা হয়। বয়সের প্রমাণের সঠিক নথি পরীক্ষার দ্বারা সঠিক বয়সের যাচাইকরণ করে লাইফ ইনসিওরেন্সের তাত্পর্য অনুমান করা হয়।

বৈধ বয়সের প্রমান স্ট্যান্ডার্ড বা নন-স্ট্যান্ডার্ড হতে পারে।

**a) স্ট্যান্ডার্ড বয়সের প্রমান**

কিছু নথিকে স্ট্যান্ডার্ড বয়সের প্রমান হিসেবে বিবেচনা করা হয় সেগুলি হল:

i. স্কুল বা কলেজের সার্টিফিকেট
ii. মিউনিসিপ্যাল রেকর্ড থেকে আহরণ করা জন্মের সার্টিফিকেট
iii. পাসপোর্ট
iv. প্যান কার্ড
v. সার্ভিস রেজিস্টার
vi. ব্যাপ্টিজমের সার্টিফিকেট

vii. যদি এতে জন্মের তারিখ থাকে তাহলে পরিবারের বাইবেল থেকে আহরণ করে অনুমোদিত
viii. প্রতিরক্ষা কর্মীদের ক্ষেত্রে পরিচয়পত্র
ix. কোনও রোমান ক্যাথলিক চার্চের জারি করা ম্যারেজ সার্টিফিকেট

**b) নন-স্ট্যান্ডার্ড বয়সের প্রমান**

উপরের মত স্ট্যান্ডার্ড বয়সের প্রমান উপলভ্য না হলে, সেক্ষেত্রে জীবন বীমাকারীকে নন-স্ট্যান্ডার্ড বয়সের প্রমান জমা দেওয়ার অনুমতি দেওয়া হতে পারে। নথিকে নন-স্ট্যান্ডার্ড বয়সের প্রমান হিসেবে বিবেচনা করা হয় সেগুলি হল:

i. জন্মপত্রিকা
ii. রেশন কার্ড
iii. স্বয়ং-ঘোষণার মাধ্যমে একটি শপথপত্র
iv. গ্রাম পঞ্চায়েতের সার্টিফিকেট

**চিত্র 1 :** বৈধ বয়সের প্রমান




## 7. অ্যান্টি-মানি লন্ডারিং (AML)

**সংজ্ঞা**

***মানি লন্ডারিং হল অবৈধ অর্থকে এর অবৈধ উত্স লুকিয়ে অর্থনীতিতে নিয়ে আসার একটি পদ্ধতি যাতে এটিকে বৈধ ভাবে অর্জন করা হয়েছে বলে মনে হয়। ভারত সরকার 2002 সালে মানি লন্ডারিং ক্রিয়া নিয়ন্ত্রণের জন্য PMLA লঞ্চ করেছে।***

প্রিভেনশন অফ মানি লন্ডারিং অ্যাক্ট (PMLA), 2002 মানি লন্ডারিং ক্রিয়া নিয়ন্ত্রণের জন্য এবং অর্থ পাচার থেকে সম্পত্তি বাজেয়াপ্তকরণের জন্য 2005 সালে কার্যকর হয়েছে। এতে উল্লেখ হয়েছে যে

অর্থ পাচার হল একটি অপরাধ যাতে সশ্রম কারাদণ্ডের শাস্তি দেওয়া হয় তিন থেকে সাত বছর ও 5 লাখ টাকা পর্যন্ত জরিমানা করা হয়।

প্রতিটি বীমাকারীর একটি AML পলিসি থাকা প্রয়োজন এবং সেই অনুসারে IRDA সহ একটি কপি দায়ের করা দরকার। AML কর্মসূচিতে এগুলি অন্তর্ভুক্ত থাকে:

i. অভ্যন্তরীণ নীতি, পদ্ধতি এবং নিয়ন্ত্রণ

ii. একজন মুখ্য কমপ্লিয়ান্স অফিসার নিয়োগ

iii. AML ব্যবস্থায় এজেন্ট নিয়োগ ও তাদের প্রশিক্ষণ দেওয়া

iv. অভ্যন্তরীণ অডিট/নিয়ন্ত্রণ

## 8. নো ইউর কাস্টোমার (KYC)

ব্যবসার ক্ষেত্রে ব্যবসায়ীরা তাদের ক্লায়েন্টদের পরিচয় যাচাই করার জন্য নো ইউর কাস্টোমার এই পদ্ধতিটি ব্যবহার করে। ব্যাঙ্ক ও বীমা কোম্পানিগুলি তাদের গ্রাহকদের পরিচয় চুরি আটকাতে, আর্থিক প্রতারণা ও অর্থ পাচার রক্ষার্থে খুঁটিনাটি তথ্য প্রদানের বিষয়ে তাদের দাবি বাড়িয়েছে।
KYC নির্দেশিকার উদ্দেশ্য হল অথ পাচার কার্য রোধে আর্থিক প্রতিষ্ঠানগুলোতে অপরাধমূলক উপাদানের ব্যবহার আটকানো।

বীমাকৃত কোম্পানির, তবে গ্রাহকদের সত্য পরিচয় নির্ধারণ করা দরকার। প্রস্তাবকারী প্রপোজাল ফর্মের সঙ্গে KYC প্রক্রিয়ার অংশ হিসেবে নিম্নোক্ত জমা দিয়েছে এজেন্টদের এই বিষয়টি নিশ্চিত করা উচিত:

i. ফটোগ্রাফ

ii. বয়সের প্রমান

iii. ঠিকানার প্রমান – ড্রাইভিং লাইসেন্স, পাসপোর্ট, টেলিফোন বিল, ইলেকট্রিসিটি বিল, ব্যাঙ্ক পাসবুক ইত্যাদি।

iv. পরিচয়ের প্রমান – ড্রাইভিং লাইসেন্স, পাসপোর্ট, ভোটার ID কার্ড, প্যান কার্ড, ইত্যাদি।

v. উচ্চ–মানের লেনদেনের ক্ষেত্রে আয়ের প্রমানের নথি

## 9. ফ্রি–লুক প্রিরিয়ড

যদি কোন ব্যক্তি লাইফ ইনসিওরেন্স পলিসি ক্রয় করেন এবং তিনি যদি পলিসির নথি পান এবং, একই বিষয়গুলি পরীক্ষা করান সেক্ষেত্রে সেই শর্তাবলী খুঁজুন যা তিনি চান না।

সে কি করতে পারে?

IRDA এর নিয়ম তৈরি করেছে এটি একটি উপভোক্তা-বন্ধুত্বপূর্ণ বিধান যা সমস্যার উপরে নজর রাখে। "ফ্রি লুক প্রিরিয়ড' বা "কুলিং প্রিরিয়ড" হিসেবে এটি প্রদান করা হয়েছে।

এই সময়ে, যদি কোনও পলিসি ধারক পলিসি কেনেন এবং এটি না চান, সেক্ষেত্রে সে এটি ফিরত দিতে পারেন ও নিম্নোক্ত শর্তে পুনরায় টাকা ফেরত পেতে পারেন:

i. সে পলিসি নথি পাওয়ার 15 দিনের মধ্যে এই বিকল্পটি প্রয়োগ করতে পারেন

ii. সে লেখার মাধ্যমে কোম্পানির সঙ্গে যোগাযোগ করতে পারেন

iii. যে সময়ে কভার করা হয়েছে, মেডিকেল পরীক্ষার খরচ এবং স্ট্যাম্প ডিউটি চার্জ নিয়ে ঝুঁকি প্রিমিয়ামের সঙ্গে সমানুপাতিক হারে সমন্বয়ের মাধ্যমে, প্রিমিয়ামের টাকা ফেরত দেওয়া হবে

এই ফ্রি লুক প্রিরিয়ড লাইফ ইনসিওরেন্স পলিসি ধারকদের কাছে বিশেষ সুবিধা হিসেবে উপলভ্য হয়। পলিসি ধারক পলিসি নথি পাওয়ার তারিখ থেকে পনেরো দিনের মেয়াদে এই বিকল্পটি প্রয়োগ করতে পারেন।

*নিজেকে পরীক্ষা করুন* **1**

__________ এই মেয়াদে যদি কোন পলিসি ধারক কোনও পলিসি কেনেন এবং তিনি যদি এটি না চান, সেক্ষেত্রে তিনি এটি ফেরত দিয়ে ও পুনরায় টাকা ফেরত পেতে পারেন।

I. বিনামূল্যে মূল্যায়ন
II. বিনামূল্যে বর্ণন
III. বাতিলকরণ
IV. ***বিনামূল্যে ট্রায়াল***

**সারাংশ**

- প্রসপেকটাস হল ইনসিওরেন্স কোম্পানিগুলির ব্যবহৃত একটি বিধিবদ্ধ আইনি নথি যা পণ্যের বিস্তারিত তথ্য প্রদান করে।
- প্রপোজাল তৈরির জন্য ব্যবহৃত অ্যাপ্লিকেশন ডকুমেন্ট সাধারণত 'প্রপোজাল ফর্ম' হিসেবে পরিচিত।
- স্বাস্থ্য, অভ্যাস ও পেশা, আয় ও পরিবারের বিস্তারিত তথ্যের বিষয়গুলিকে এজেন্টকে এজেন্টের রিপোর্টে উল্লেখ করতে হবে।
- শারীরিক বৈশিষ্ট্য সংক্রান্ত খুঁটিনাটি তথ্য যেমন উচ্চতা, ওজন, রক্তচাপ, কার্ডিয়াক অবস্থা ইত্যাদি রেকর্ড করা হয় ও ডাক্তারের রিপোর্টে উল্লেখ করা হয়, এটি মেডিকেল পরীক্ষকের রিপোর্ট নামে পরিচিত।
- নৈতিক বিপত্তিতে এর সম্ভাবনা থাকে যে কোন লাইফ ইনসিওরেন্স পলিসি কেনার পরিণামে ক্লায়েন্টের ব্যবহার বদলাতে পারে এবং এই ধরনের্ পরিবর্তনে ক্ষতির সম্ভাবনা বাড়তে পারে।
- স্কুল বা কলেজের স্সার্টিফিকেট সব, মিউনিসিপ্যাল রেকর্ড থেকে বার্থ সার্টিফিকেট আহরণ ইত্যাদি এরকম কিছু নথি স্ট্যান্ডার্ড বয়সের প্রমান হিসেবে বিবেচিত হয়।

- প্রতিটি বীমাকারীর একটি AML পলিসি প্রয়োজন এবং সেই অনুসারে IRDA সহ একটি কপি দায়ের করা দরকার। AML কর্মসূচিতে অভ্যন্তরীণ পলিসি, প্রক্রিয়া ও নিয়ন্ত্রণ এবং একজন মুখ্য কমপ্লিয়ান্স অফিসার নিয়োগ অন্তর্ভুক্ত আছে।
- বীমাকারী কোম্পানিকে তাঁর গ্রাহকদের সত্য পরিচয় নির্ধারন করতে হবে। KYC নথি যেমন ঠিকানার প্রমান, প্যান কার্ড ও ফটোগ্রাফ ইত্যাদি KYC প্রক্রিয়ার অংশ হিসেবে সংগ্রহ করতে হবে।

**মূল শর্তাবলী**

1. প্রসপেকটাস
2. প্রপোজাল ফর্ম
3. নৈতিক বিপত্তি
4. স্ট্যান্ডার্ড এবং নন-স্ট্যান্ডার্ড বয়সের প্রমান
5. অ্যান্টি-মানি লন্ডারিং
6. নো ইউর কাস্টোমার (KYC)
7. ***ফ্রি-লুক প্রিরিয়ড***

---

**নিজেকে পরীক্ষা করতে উত্তর দিন**

**উত্তর 1**

সঠিক বিকল্পটি হল II

একইভাবে কিছু কিছু ক্ষেত্রে ঝুঁকি গ্রহণ স্থগিত করা সমীচীন হতে পারে যে সময় পর্যন্ত যখন পরিস্থিতি উন্নত এবং আরো অনুকূল পরিণত হতে পারে।

**উদাহরণ**

একজন ভদ্রমহিলা যার হিস্টেরেক্টমি অপারেশন হয়েছে তার জীবন বীমা মঞ্জুর করার আগে কয়েক মাস অপেক্ষা করতে বলা হতে পারে, কোনো পোস্ট অপারেশন জটিলতা যেটি হয়ত অদৃশ্য হওয়ার জন্য দেখা দেয় তার জন্য অনুমতি দেয়।

*আত্ম পরীক্ষা* **1**

নিম্নলিখিত কোন ক্ষেত্রে বীমাকারী দ্বারা সাধারণত বাতিল বা মুলতুবি করা হয়?

I. সুস্থ ১৮ বছর বয়স্ক
II. একজন মেদবহুল ব্যক্তি
III. একজন ব্যক্তি যিনি এইডস-এ ভুগছেন
IV. গৃহিণী যার নিজস্ব কোনো আয় নেই

## B. *স্বাস্থ্য পরীক্ষা ব্যতীত দায়গ্রহণ*

### 1. স্বাস্থ্য পরীক্ষা ব্যতীত দায়গ্রহণ

একটি বড় সংখ্যার জীবন বীমা প্রস্তাব সাধারণত বীমাকৃতের বীমাযোগ্যতা কোনো স্বাস্থ্য পরীক্ষা পরিচালনা না করে বীমা জন্য নির্বাচিত হতে পারে। এই সব ক্ষেত্রকে স্বাস্থ্য-ব্যতীত প্রস্তাব বলা হয়।

স্বাস্থ্য পরীক্ষা ব্যতীত দায়গ্রহণের ক্ষেত্রে চিকিৎসা পরীক্ষায় শুধুমাত্র একটি ছোট অনুপাতে ক্ষেত্রে (বলা যায় এক দশমাংশে) প্রতিকূল বৈশিষ্ট্য সন্ধানের আনা সবচেয়ে গুরত্বপূর্ণ। বাকিটা প্রস্তাবনায় দেওয়া উত্তর বা প্রস্তাবকের রেকর্ড এবং অন্যান্য নথি থেকে পাওয়া যেতে পারে।

একজন যোগ্যতাসম্পন্ন ডাক্তার দ্বারা একটি স্বাস্থ্য পরীক্ষার সম্পাদনে ডাক্তারকে পারিশ্রমিক প্রদান করা প্রয়োজন। এই ধরনের পরীক্ষা না করিয়ে যে খরচটি বাঁচানো হয় সেটি স্বাস্থ্য পরীক্ষা উপেক্ষার ফলস্বরূপ মৃত্যুর ক্ষেত্রে অতিরিক্ত সুবিধা দাবি জানানোর সময় যে ক্ষতি হয় তার থেকে অনেক বেশী। জীবন বীমাকারী তাই স্বাস্থ্য পরীক্ষার জন্য জোড় করা ছাড়াই বীমা মঞ্জুরের অভ্যেস অবলম্বন করেন।

## 2. স্বাস্থ্য পরীক্ষা ব্যতীত দায়গ্রহণের শর্তাবলী

তবে নির্দিষ্ট স্বাস্থ্য-ব্যতীত দায়গ্রহণ জন্য নির্দিষ্ট শর্ত অনুসরণ করা হবে।

i. প্রথমত **শুধুমাত্র নির্দিষ্ট শ্রেণীর মহিলা**, যেমন কর্মরত মহিলা, হয়তো যোগ্য।

ii. **আশ্বস্ত অর্থের উপর উচ্চ সীমা** আরোপ করা যেতে পারে। উদাহরণস্বরূপ, পাঁচ লাখের বেশী আশ্বস্ত অর্থের ক্ষেত্রে স্বাস্থ্য পরীক্ষা করা প্রয়োজনীয়।

iii. **প্রবেশের সময় বয়স** আরোপিত হতে পারে- যেমন, কেউ ৪০ ঊর্দ্ধ বা ৪৫ বছর বয়স্ক সেক্ষেত্রে স্বাস্থ্য পরীক্ষা আবশ্যক।

iv. **নির্দিষ্ট বীমা পরিকল্পনায়** সীমাবদ্ধতা আরোপিত হতে পারে-টার্ম বীমা যেমন স্বাস্থ্য পরীক্ষা ব্যতীত প্রকারে নাও আসতে পারে।

v. **বীমার সর্বোচ্চ শর্ত** কুড়ি বছর/৬০ বছর বয়স পর্যন্ত সীমাবদ্ধ।

vi. **সামাজিক মর্যাদার শ্রেণীভেদ:** স্বাস্থ্য পরীক্ষা ব্যতীত বীমা নির্দিষ্ট শ্রেণীর মানুষের ক্ষেত্রে অনুমোদিত, উদাহরণস্বরূপ, স্বাস্থ্য ব্যতীত বিশেষ প্রদান করা হয় তথাকথিত সংস্থার কর্মচারীদের, - এক বছর কর্মরত। এই কোম্পানীগুলোতে ছুটির সঠিক রেকর্ড থাকে এবং পর্যায়বৃত্ত স্বাস্থ্য পরীক্ষণও থাকতে পারে যার জন্য কর্মচারীর স্বাস্থ অবস্থা সহজেই যাচাই করা যেতে পারে।

## 3. দায়গ্রহণ মধ্যে নির্ধারিত কারণ

নির্ধারিত কারণ আর্থিক অবস্থা, জীবন শৈলী, অভ্যাস, পারিবারিক ইতিহাস, নিজস্ব স্বাস্থ্য সম্পর্কিত ইতিহাস এবং বীমাকৃতের জীবনের অন্যান্য ব্যক্তিগত পরিস্থিতি যেটি বিপদ জাহির করে এবং ঝুঁকি বাড়াতে পারে সেই সব অংশ বোঝায়। দায়গ্রহণে এই বিপদ এবং তাদের সম্ভাব্য প্রভাব চিহ্নিত এবং সেই অনুযায়ী ঝুঁকি শ্রেণীবিভাগ করা জড়িত থাকে।

আমাদের বুঝতে হবে একজন ব্যক্তির জীবনের বৈশিষ্ট কিভাবে ঝুঁকরি উপর প্রভাব বিস্তার করে। বিস্তারিতভাবে এটি দু-ভাগে ভাগ করা যেতে পারে-তারা যাদের মানসিক বিপদে অবদান থাকে এবং তারা যাদের শারীরিক [স্বাস্থ্য সম্পর্কিত] বিপদে অবদান থাকে। এই অনুসারে জীবন বীমা কোম্পানী বেশীরভাগ সময় তাদের দায়গ্রহণ ভাগ করে। পরিস্থিতি যেমন আয়, জীবিকা, জীবন শৈলী এবং অভ্যেস, যেগুলি মানসিক বিপদে অবদান করতে পারে, **আর্থিক দায়গ্রহণে**র অংশ হিসেবে নির্ধারিত হয়, যেখানে স্বাস্থ-সম্পর্কিত দিকগুলো **স্বাস্থ-সম্পর্কিত দায়গ্রহণের** অংশ হিসেবে মূল্যায়ন করা হয়।

### a) মহিলা বীমা

মহিলাদের আয়ু পুরুষদের তুলনায় বেশী হয়। তবে মানসিক বিপদের ক্ষেত্রে তারা কিছু সমস্যার সম্মুখীন হতে পারেন। এর কারণ হল ভারতীয় সমাজে অনেক মহিলা এখনও পুরুষ আধিপত্যে অসুরক্ষিত এবং সামাজিক শোষণের যৌতুকের কারণে মৃত্যু আজও প্রভাবশালী। আরেকটি কারণ যা মহিলাদের আয়ুর ক্ষেত্রে সমস্যা তৈরী করে তা গর্ভধারণের সঙ্গে জড়িত।

মহিলাদের বীমাযোগ্যতা বীমার প্রয়োজন এবং প্রিমিয়াম দেবার ক্ষমতার দ্বারা নিয়ন্ত্রিত হয়। বীমা কোম্পানি এইভাবে শুধুমাত্র যারা নিজস্ব আয় অর্জন করেছেন তাদের পূর্ণ বীমা প্রদান করার

সিদ্ধান্ত নিতে পারেন এবং অন্যান্য মহিলা বিভাগে সীমা আরোপ করতে পারে। একইভাবে গর্ভবতী মহিলাদের উপর কিছু শর্ত ধার্য করা হতে পারে।

**b) নাবালক/নাবালিকা**

নাবালক/নাবালিকাদের নিজস্ব চুক্তি করার ক্ষমতা থাকে না। তাই নাবালক/নাবালিকা জীবনের প্রস্তাব নাবালক/নাবালিকার সঙ্গে সম্পর্কিত মাতা-পিতা বা আইনত অবিভাবকের দ্বারা উপস্থাপিত হতে হবে। যেহেতু নাবালক/নাবালিকার নিজস্ব কোনো আয় নেই তাই বীমা করার প্রয়োজনও নিরূপণ করাও আবশ্যিক।

বীমার ক্ষেত্রে অপ্রাপ্তবয়স্কদের জন্য সাধারণত তিনটি শর্ত বিবেচনা করা হয় :

i. **তাদের সঠিকভাবে বিকশিত দেহ আছে কিনা**
খারাপ শারীরিক বৃদ্ধি অপুষ্টি বা অন্যান্য স্বাস্থ্য সমস্যার ফলে গুরুতর ঝুঁকির সৃষ্টি করতে পারে।

ii. **সঠিক পারিবারিক ইতিহাস এবং ব্যক্তিগত ইতিহাস**
যদি এরা বিরোধী সূচক হয়, তাহলে ঝুঁকির সৃষ্টি হতে পারে।

iii. **পরিবারের পর্যাপ্তরূপে বীমা করা হয়েছে কিনা**
অপ্রাপ্তবয়স্কদের বীমা সাধারণত বীমা সংস্কৃত আছে এমন পরিবার কর্তৃত অনুসৃত হয়। যখন শিশুর জীবনের জন্য প্রস্তাব পান যেখানে মাতা-পিতা বীমাকৃত নন সেক্ষেত্রে একজনকে সতর্ক হতে হবে। দায়গ্রহণকারীকে নিশ্চত হওয়া প্রয়োজন কেন এই ধরনের বীমা গ্রহণ করা হয় নি। বীমা পরিমাণও মাতা-পিতার সঙ্গে সংযুক্ত করা হয়।

**c) বড় মূল্য আশ্বস্ত**

প্রস্তাবিত বীমাকৃতের বার্ষিক আয় বীমাকৃত পরিমাণের চেয়ে অপেক্ষাকৃত বেশি হলে দায়গ্রহণ কারীকে সতর্ক করা প্রয়োজন। সাধারণত আশ্বস্ত অর্থের পরিমাণ বার্ষিক আয়ের দশ থেকে বারো গুণ হয়। যদি এটি অনুপাতের তুলনায় অনেক বেশী হয়, তাহলে এটি বিমা বিরুদ্ধে নির্বাচন সম্ভাবনা উত্থাপন করে।

**উদাহরণ**

***যদি একজন ব্যক্তির বার্ষিক আয় ৫ লাখ টাকা হয় এবং প্রস্তাবিত জীবন বীমা ৩ কোটি টাকা কভার করে, তাহলে এটি উদ্বেগ উত্থাপনের কারণ হতে পারে।***

সাধারণত এই সমস্তক্ষেত্রে উদ্বেগ উদ্ভুত হতে পারে কারণ এই বৃহৎ মূল্যের বীমা আত্মহত্যা সম্ভাবনা বলে বা স্বাস্থ্য ক্ষয়ের আশার ফলে, তাই প্রস্তাবিত হচ্ছে। এই প্রকার বড় অঙ্কের জন্য একটি তৃতীয় কারণ হল বিক্রয়কারী ব্যক্তি দ্বারা অত্যধিক ভুল- বিক্রয় হতে পারে।

আশ্বস্ত বড় অঙ্কের আনুপাতিক বড় প্রিমিয়ামের আভাস দেয় এবং একটি প্রশ্ন উত্থিত হয় যে এই ধরনের প্রিমিয়াম পরিশোধ অব্যাহত করা হবে কিনা। সাধারণত তাই বীমা পরিমাণের সীমা সতর্কভাবে করতে হবে যাতে প্রদেয় প্রিমিয়াম সর্বাধিক হয় ধরা যাক একজন ব্যক্তির বার্ষিক আয় এক তৃতীয়াংশ।

## d) বয়স

এই কোর্সের অন্যত্র যেমন আমরা দেখেছি মৃত্যু ঝুঁকি বয়েসের সঙ্গে সম্পর্কিত। বেশী বয়সের ব্যক্তিদের বীমা বিবেচনার সময় দায়গ্রহণকারীকে সতর্ক হওয়া প্রয়োজন।

### উদাহরণ

***যদি বীমা প্রথমবার ৫০ বছরের পর প্রস্তাবিত হয়, তাহলে মানসিক বিপদের সন্দেহ করা প্রয়োজন এবং এই ধরনের বীমা কেন আগে গ্রহণ করা হয় নি সে সম্পর্কে তদন্ত করা দরকার।***

আমাদের মনে রাখা দরকার বয়সের সঙ্গে ক্ষয়রোগের আবির্ভাবের প্রবণতা বেড়ে যায় যেমন হার্ট বা কিডনি ব্যর্থতা বৃদ্ধি পায় এবং বার্দ্ধক্যে উচ্চ হয়।

জীবন বীমা এছাড়াও কিছু বিশেষ রিপোর্ট চাইতে পারে যখন  প্রস্তাব আশ্বস্ত উচ্চ অঙ্কে / উন্নত বয়সের অথবা উভয়ের জন্য একটি জমা দেওয়া হয়।

### উদাহরণ

এই ধরনের রিপোর্টের উদাহরণ হল ইসিজি; ইইজি; বুকের এক্স-রে এবং ব্লাড সুগার পরীক্ষা। এই পরীক্ষাগুলো প্রস্তাবে দেওয়া উত্তর বা একটি সাধারণ মেডিকেল পরীক্ষার তুলনায় বীমাকৃতের স্বাস্থ্য সম্পর্কে গভীর অর্ন্তদৃষ্টি প্রকাশ করা হতে পারে।

---

দায়গ্রহণ পদ্ধতির একটি গুরুত্বপূর্ণ অংশ হল বয়সের প্রমাণ যাচাই করে বয়স ভর্তি। দু-ধরনের বয়সের প্রমাণ হয়

- ✓ প্রমিত
- ✓ অ-প্রমিত

**বয়সের প্রমিত প্রমাণ** সাধারণত একটি সরকারী কর্তৃপক্ষ দ্বারা জারি করা হয়। দৃষ্টান্ত হল

- ✓ পৌরসভা বা অন্যান্য সরকারী প্রতির্ষ্ঠান দ্বারা জারি করা জন্ম শংসাপত্র;
- ✓ স্কুল ছাড়ার শংসাপত্র;
- ✓ পাসপোর্ট; এবং
- ✓ নিয়োগকর্তার শংসাপত্র

যেখানে এই সমস্ত প্রমাণ উপলভ্য নয়, সেখানে প্রস্তাবকে বয়সের **অ-প্রমিত প্রমাণ** তা আনতে বলা হতে পারে। পরেরটি উদাহরণ হল জন্মপত্রিকা; স্ব-ঘোষণা।

যখন বয়সের প্রমিত প্রমাণ পাওয়া যায় না, তখন অ-প্রমিত বয়স প্রমাণ সহজেই গ্রহণ করা উচিত নয়। প্রায়শই, জীবন বীমাকারী বীমা পরিকল্পনার ক্ষেত্রে কিছু নিষেধাজ্ঞা আরোপ করে, বিমার মেয়াদ, সর্বোচ্চ পূর্ণতার বয়স এবং সর্বোচ্চ আশ্বাস্ত সমষ্টি।

## e) নৈতিক বিপত্তি

বলা হয় নৈতিক বিপত্তি তখনই ঘটে যখন নির্দিষ্ট পরিস্থিতি বা একজন্ ব্যক্তির আর্থিক অবস্থার প্রকৃতি, জীবন শৈলী এবং স্বভাব, মর্যাদা এবং মানসিক স্বাস্থ্য নির্দেশ করে যে তিনি ইচ্ছে করে কোনো কাজে জড়িত আছেন যা ঝুঁকি বৃদ্ধি করে। এমন অনেক কারণ থাকতে পারে যেগুলি নৈতিক বিপত্তির ইঙ্গিত দিতে পারে।

**উদাহরণ**

বীমাকৃতের বসবাসের জায়গা থেকে দূরের কোনো শাখায় যখন প্রস্তাব জমা করা হয়

স্বাস্থ্য পরীক্ষা অন্য কোথাও করা হয় যখন একজনের বাড়ির কাছে যোগ্যতা সম্পন্ন স্বাস্থ্য পরীক্ষক থাকেন।

***তৃতীয় ক্ষেত্রে যখন কোনো স্পষ্ট বীমাযোগ্য আগ্রহ ছাড়াই অন্য আরেকজনের জীবনের জন্য প্রস্তাব করা হয়, বা মনোনীত বীমাকৃতের নিকটবর্তী নির্ভরশীল হয় না।***

এই প্রতিটি ক্ষেত্রে একটি তদন্ত করা যেতে পারে। শেষ পর্যন্ত, যখন এজেন্ট বীমাকৃতের সঙ্গে সম্পর্কিত তখন শাখা অধিকারি যেমন রিপোর্ট এজেন্সি ম্যানেজার/ডেভেলপমেন্ট অফিসার দ্বারা একটি নৈতিক বিপত্তির রিপোর্ট আনতে বলা হয়

**f) পেশা বা জীবিকা**

পেশাগত বিপদ তিনটি সূত্রের কোনো নির্গত উদ্ভুত হতে পারে:

- ✓ দুর্ঘটনা
- ✓ স্বাস্থ্য সংক্রান্ত বিপদ
- ✓ নৈতিক বিপত্তি

**রেখাচিত্র 5 : পেশাগত বিপত্তির সূত্র**




i. **দুর্ঘটনাজনিত বিপত্তি** উদ্ভুত হতে পারে কারণ নির্দিষ্ট ধরণের কাজ একজনকে দুর্ঘটনা ঝুঁকির সম্মুখীন করে। এই শ্রেণীতে অনেক প্রকার কাজ আছে – সার্কাস শিল্পী, ভারা শ্রমিক, ধ্বংস বিশেষজ্ঞ এবং ফিল্মে চমকবাজ।

ii. **স্বাস্থ্য সম্পর্কিত বিপত্তি** উদ্ভুত হয় যখন কাজের প্রকৃতিই স্বাস্থ্যহানির কারণ তৈরী করতে পারে। বিভিন্ন ধরনের স্বাস্থ্য সম্পর্কিত বিপত্তি আছে।

✓ কিছু কাজ যেমন **রিক্সাচালকদের** অসম্ভব শারীরিক ক্ষমতা এবং শ্বাসযন্ত্র জড়িত।

- ✓ দ্বিতীয় পরিস্থিতি যেখানে একজনকে রাসায়নিক এবং পারমাণবিক বিকিরণ মত খনির ধুলো বা ক্যান্সারজনক পদার্থ (ক্যান্সারের কারণ) মত **বিষাক্ত পদার্থে** উন্মুক্ত হতে হয়।
- ✓ বিপত্তির তৃতীয় ধরনটি **তীব্র উষ্চ চাপ পরিবেশে** যেমন যা ভূগর্ভস্থ টানেল বা গভীর সমুদ্রের মত যা ডেকোম্পেস অসুস্থতার কারণ হতে পারে।
- ✓ অবশেষে, **বেশি আলোকসম্পাদমূলক** নির্দিষ্ট কাজের পরিস্থিতি (যেমন পেশী সংকোচন করে বসে থাকা এবং KPO-তে কম্পিউটারের সঙ্গে লেগে থাকা বা একটি উষ্চ শব্দযুক্ত অবস্থায় কাজ করা) পরবর্তীকালে নির্দিষ্ট শরীরের অংশ কার্যকরী ক্ষতিসাধন করতে পারে।

iii. **নৈতিক বিপত্তি** যখন একটি কাজে নৈকট্য বা অপরাধমূলক উপাদানের প্রতি বা ড্রাগ এবং মদ প্রবণতা সৃষ্টি করার সাথে জড়িত থাকে তখন উদ্ভুত হতে পারে। একটি উদাহরণ হল যে একটি নাইটক্লাবের একজন নর্তকী বা একটি মদের বারে বলপ্রয়োগকারী বা সন্দেহভাজন অপরাধের সঙ্গে সংযুক্ত একজন ব্যবসায়ী 'দেহরক্ষী'। আবার মহাতারকা চিত্তবিনোদনকারী মত নির্দিষ্ট ব্যক্তি কাজের প্রোফাইল কখনও কখনও তাদের প্রচণ্ড মাদকপূর্ণ জীবনধারার দিকে নিয়ে যায় যেখানে কোনও সময় তার দুঃখজনক শেষ হতে পারে।

যখনই কোনো পেশা বিপত্তিমূলক কাজ তালিকায় কোনো একটি শ্রেণীতে পরে, বীমার জন্য আবেদনকারীকে পেশাগত প্রশ্নাবলী যেটি পেশা ক্ষেত্রে বিশেষ বিবরণ, দায়িত্ব জড়িত এবং ঝুঁকি উন্মুক্ত বিষয়ে জিজ্ঞেস করে তা সম্পূর্ণ করা প্রয়োজন। সমানভাবে অতিরিক্ত আকারের (যেমন আশ্বস্ত হাজারে দুটাকা) পেশায় রেটিংও আরোপ করা হতে পারে। এই ধরনের অতিরিক্ত কমানো বা অপসারণ করা হয় যখন বীমাকৃত তার পেশার পরিবর্তন করে।

### g) জীবনশৈলী এবং স্বভাব

জীবনশৈলী এবং স্বভাব একজনের চরিত্রের অনেকটাই কভার করে। সাধারণত যদি একজনের জীবনশৈলীতে এমন কিছু বৈশিষ্ট্য থাকে যা ঝুঁকি উন্মুক্ত করতে পারে তাহলে এজেন্টের গোপনীয় রিপোর্ট এবং মানসিক বিপত্তির রিপোর্ট সেটি উল্লেখ করা প্রত্যাশিত। বিশেষত তিনটি বৈশিষ্ট্য গুরুত্বপূর্ণ:

i. **ধুমপান এবং তামাকের ব্যবহার:** এটা এখন স্বীকৃত যে তামাক ব্যবহার শুধুমাত্র নিজেই একটি ঝুঁকি হয় না উপরন্ত অন্যান্যদের স্বাস্থ্য সম্পর্কিত ঝুঁকি বৃদ্ধি ঘটাতে সাহায্য করে। কোম্পানি আজ ধূমপায়ীদের এবং অ ধূমপায়ীদের ভিন্নতর হার পরেরটিকে অনেক বেশী প্রিমিয়াম পরিশোধ জন্য চার্জ করে। অন্যভাবে তামাকের ব্যবহার যেমন গুটখা এবং পান মশলা মৃত্যুহার বৃদ্ধি করে।

ii. **মদ:** মাঝে মাঝে এবং পরিমিত মদ খাওয়া বিপত্তি নয়। এটি বিভিন্ন দেশের সামাজিক জীবনের একটি অংশ হিসেবে গ্রাহ্য হয়। তবে যখন এটিকে অনেক সময় ধরে রোজ সেবন করা হয় তখন সেটি মৃত্যু ঝুঁকিতে উল্লেখযোগ্য প্রভাব ফেলবে। দীর্ঘ সময় ব্যাপীব্যাপক মদ্যপান লিভারের জন্য হানিকারক এবং পাচনতন্ত্রেও প্রভাব ফেলে।

দুর্ঘটনা, সহিংসতা ও পরিবার অপমান, বিষণ্নতা এবং আত্মহত্যার সঙ্গে মদ্যপান সম্পর্কিত। যেখানে প্রস্তাব ফর্মে মদের ব্যবহার ইঙ্গিত করা হয়, সেখানে দায়গ্রহণকারী আরও বিস্তারিতভাবে জিজ্ঞাসা করতে পারেন মদ ব্যবহারের পরিমাণের উপর নির্ভর করে মামলার সিদ্ধান্ত নেওয়া এবং কোনো জটিলতা এর ফলে সৃষ্ট হয়েছে এবং যা নির্দেশিত হয়েছে।

iii. **পদার্থের অপব্যবহার**: পদার্থের অপব্যবহার ড্রাগ বা মাদক, স্নায়বিক উত্তেজনা প্রশমিত করে এমন পদার্থএবং অন্যান্য অনুরূপ উত্তেজক পদার্থ মত বিভিন্ন ধরণের পদার্থ ব্যবহার বোঝায়। এমনকি এর মধ্যে কিছু অবৈধ এবং তাদের ব্যবহার অপরাধমূলক স্বভাব এবং মানসিক বিপত্তির নির্দেশ করে। যেখানে পদার্থের ব্যবহার সন্দেহ করা হয়, দায়গ্রহণকারীর এই অপব্যবহার পরীক্ষণের জন্য একাধিক পরীক্ষার প্রয়োজন হতে পারে। এক্ষেত্রে বীমা প্রত্যাখ্যাত হয় অনেক সময়।

*আত্ম পরীক্ষা* **2**

নীচের কোনটি নৈতিক বিপত্তির উদাহরণ?

I. চমকবাজের চমকবাজি দেখাতে গিয়ে মৃত্যু
II. একজন ব্যক্তি মানিয়ে নেওয়ার জন্য অঢেল পরিমাণ মদ খান
III. বীমাকৃত প্রমিয়াম পরিশোধের অভাব
IV. পলিসি নথিতে প্রস্তাবক মিথ্যা বলেছেন

## C. *স্বাস্থ্য সম্পর্কিত দায়গ্রহণ*

### 1. স্বাস্থ্য সম্পর্কিত দায়গ্রহণ

দায়গ্রহণকারীর সিদ্ধান্তে প্রভাব ফেলতে পারে এমন কিছু স্বাস্থ্য সম্পর্কিত কারণ আমরা এখন দেখব। এগুলো সাধারণত স্বাস্থ্য সম্পর্কিত দায়গ্রহণের মাধ্যমে মূল্যায়ন করা হয়। তারা কখন স্বাস্থ্য পরীক্ষক এর রিপোর্ট জন্য বলতে পারেন। আমরা কতগুলো কারণ দেখব যেগুলো পরীক্ষা করা প্রয়োজন।

**রেখাচিত্র 6 : স্বাস্থ্য সম্পর্কিত কারণ যেগুলো দায়গ্রহণকারীর সিদ্ধান্তকে প্রভাবিত করে**




### a) পারিবারিক ইতিহাস

মৃত্যুর ঝুঁকিতে পারিবারিক ইতিহাসের প্রভাব তিনটি দৃষ্টিকোণ থেকে গবেষণা করা হয়েছে।

i. **ক. বংশগত:** কিছু রোগ একটি প্রজন্ম থেকে আরেকটি প্রজন্মে প্রেরিত হতে পারে, বলা যায় পিতা-মাতা থেকে সন্তানদের।

ii. **খ. পরিবারের গড় আয়ু:** যখন বাবা-মা হৃদয় কষ্ট বা ক্যান্সার মত নির্দিষ্ট কিছু রোগের কারণে প্রথম দিকে মারা যান, এটা তাদের সন্তান হয়তো বেশীদিন বাঁচবে না সেই ইঙ্গিত হতে পারে।

iii. **গ. পারিবারিক পরিবেশ:** তৃতীয়ত, পরিবেশ যেখানে পারিবার বাস করে সেটি সংক্রমণ এবং অন্যান্য ঝুঁকি উদ্ঘাটনের কারণ হতে পারে।

জীবন বীমাকারীদের তাই প্রতিকূল পারিবারিক ইতিহাস ব্যপার নিয়ে কাজ করেন তখন সতর্কতা অবলম্বন করা আবশ্যক। তারা অন্যান্য রিপোর্ট চাইতে পারেন এবং এই ক্ষেত্রে একটি অতিরিক্ত মৃত্যুহার ধার্য করতে পারে ।

### b) ব্যক্তিগত ইতিহাস

ব্যক্তিগত জীবনের ইতিহাস বলতে বোঝায় বীমাকৃতের ভোগ করা মানব শরীরের বিভিন্ন যন্ত্রের হানি। জীবন বীমার প্রস্তাব ফর্মে সাধারণত একটি প্রশ্নের সংকলন থাকে যেগুলো তদন্ত করে যে বীমাকৃত এমন কিছুর চিকিৎসাধীন আছেন কিনা।

এই সমস্যা স্বাস্থ্য পরীক্ষকের রিপোর্ট বা কোনো বিশেষ রিপোর্ট যা দিতে বলা হয়েছে সেখান থেকে ইঙ্গিত পাওয়া যেতে পারে। প্রধান প্রকারের অসুস্থতা যেগুলো হত্যাকারী রোগ-এর অন্তর্ভুক্ত সেগুলো হল

i. **হৃদযন্ত্র ঘটিত রোগ** যেগুলো হৃদযন্ত্র এবং রক্ততন্ত্রকে প্রভাবিত করে – যেমন হার্ট অ্যাটাক, স্ট্রোক এবং রক্তক্ষরণ

ii. **শ্বাসযন্ত্রের** রোগ যেমন যক্ষ্মারোগ

iii. **কোষের অতিরিক্ত উত্পাদন এবং প্রজনন** যেটি ম্যালিগন্যান্ট টিউমারের, ক্যান্সার হিসেবেও পরিচিত, দিকে নিয়ে যায়।

iv. **মুত্রাশয় সম্পর্কিত রোগ**, যেটি কিডনি এবং অন্যান্য মূত্রঘটিত অংশ, যা কিডনির ব্যর্থতা এবং মৃত্যুর দিকে নিয়ে যেতে পারে।

v. **অন্তঃ স্রাবী গ্রন্থীর ক্ষয়**, যা ডায়াবেটিস নামে সবচেয়ে সুপরিচিত। এটি শরীরের রক্ত প্রবাহে চিনি (বা গ্লুকোজ) বিপাক যথেষ্ট ইনসুলিন উৎপাদনের অক্ষমতা থেকে দেখা দেয়।

vi. **পাচনতন্ত্রের রোগ** যেমন গ্যাস্ট্রিক আলসার এবং লিভার সিরোসিস

vii. **স্নায়ুতন্ত্রের** রোগ

**c) ব্যক্তিগত বৈশিষ্ট্য**

এটি রোগের প্রবণতার একটি গুরুত্বপূর্ণ নির্দেশক।

**i. গঠন**

উদাহরণস্বরূপ একজন ব্যক্তির গঠন তার উচ্চতা, ওজন, বুক এবং মাপ নিয়ে গঠিত। প্রদত্ত বয়স এবং উচ্চতায়, একটি প্রমিত ওজন সেটি সজ্ঞায়িত করা প্রয়োজন এবং যদি ওজন প্রমিত ওজনের তুলনায় খুব বেশী বা কম হয়, তাহলে আমরা বলতে পারি ব্যক্তিটি মাত্রাধিক ওজন বিশিষ্ট বা যথার্থ ওজনের চেয়ে কম ওজনের।

একইভাবে, এটা স্বাভাবিক ব্যক্তির বুকে ছাতি অন্তত চার সেন্টিমিটার প্রসারিত করা উচিত এবং পেটের মাপ প্রসারিত বুকে চেয়ে বেশি হবে না বলে আশা করা হয়।

**ii. রক্ত চাপ**

আরেকটি সংকেত হল মানুষের রক্ত চাপ। এটির দুটি মাপ আছে

- ✓ সংকোচন
- ✓ প্রসারণ

অভিজ্ঞতা ও অনুশীলনের পর প্রতিষ্ঠিত পদ্ধতি অনুসারে প্রদত্ত বয়সে সাধারণ রক্ত চাপ হবে
**সংকোচনের জন্য:** এটি ১১৫ + বয়সের ২/৫ অংশ।
**প্রসারণের জন্য:** এটি ৭৫ + বয়সের ১/৫ অংশ

তাই যদি বয়স ৪০ বছর হয়, স্বাভাবিক রক্তচাপ হওয়া উচিত সংকোচন ১৩১: এবং প্রসারণ ৮৩।

যখন আসল পাঠ উপরোক্ত মান থেকে বেশী হয়, আমরা বলতে পারে ব্যক্তিটির উচ্চ রক্তচাপ বা হাইপারটেনশন আছে। যখন এটি খুব কম হয় তাকে হাইপোটেনশন বলা হয়। পরবর্তীটি গুরুতর পরিণাম হতে পারে।

তন্ত্রে প্রবাহিত রক্তের চাপ ধমনীর স্পন্দন হার দিয়ে সূচিত করা হয়। স্পন্দন হার প্রতি মিনিটে ৫০ থেকে ৯০ ঘাতে গড়ে ৭২-এ পরিবর্তিত হতে পারে।

### iii. মুত্র- নির্দিষ্ট আপেক্ষিক গুরুত্ব

অবশেষে, একজনের মুত্র নির্দিষ্ট আপেক্ষিক গুরুত্ব মুত্রতন্ত্রে বিভিন্ন সল্টের ভারসাম্য নির্দেশ করে। এটি তন্ত্রে যেকোনো ব্যর্থতাকে নির্দেশ করে।

*আত্ম পরীক্ষা* **3**

কেন স্বাস্থ্য সম্পর্কিত দায়গ্রহণে বংশগত ইতিহাস গুরুত্বপূর্ণ?

I. ধনী বাবা-মায়ের সুস্থ শিশু হয়
II. নির্দিষ্ট রোগ বাবা-থেকে বাচ্চাদের মধ্যে আসে
III. গরীব বাবা-মায়ের অপুষ্টি-আক্রান্ত বাচ্চা হয়
IV. পারিবারিক পরিবেশ একটি গুরুত্বপূর্ণ কারণ

---

**সারাংশ**

- সরকারী ন্যায়বিচারে, দায়গ্রহণকারী ঝুঁকি শ্রেণীর নির্ধারণে জড়িত যেখানে ব্যক্তির জীবন শ্রেণীবিভাগ করা হবে এবং তাদের জাহির ঝুঁকির উপর নির্ভর করে তাদের বিভিন্ন ঝুঁকি শ্রেণীতে নিযুক্ত করা হবে।
- দায়গ্রহণ বা নির্বাচন প্রক্রিয়া দুটি স্তরে ঘটতে পারে:
  - ✓ নিম্ন স্তরে এবং
  - ✓ দায়গ্রহণের বিভাগ স্তরে
- দায়গ্রহণের সিদ্ধান্তমূলক বা সংখ্যাগত পদ্ধতি বীমা প্রস্তাবের দায়গ্রহণের জন্য বিপুলভাবে প্রচলিত
- দায়গ্রহণকারী দ্বারা তৈরি দায়গ্রহণ সিদ্ধান্তে প্রমিত হারে প্রমিত ঝুঁকি গ্রহণ বা অ-প্রমিত ঝুঁকি জন্য অতিরিক্ত চার্জ গ্রহণ অন্তর্ভুক্ত। কখন আশ্বস্ত অর্থের জন্য বন্ধক গ্রহণ করা হয় বা নিয়ন্ত্রণমূলক ধারায় গ্রহণ নির্ভর করে। যেখানে ঝুণকি প্রস্তাবের চেয়ে বেশি হলে প্রত্যাখ্যান বা স্থগিত করা হবে।
- একটি বড় সংখ্যার জীবন বীমা প্রস্তাব সাধারণত বীমাকৃতের বীমাযোগ্যতার স্বাস্থ্য পরীক্ষা সম্পাদন না করেই বীমা জন্য নির্বাচিত হয়। এই সমস্ত ক্ষেত্রকে স্বাস্থ্য পরীক্ষা ব্যতীত দায়গ্রহণ বলা হয়।
- স্বাস্থ্য পরীক্ষা ব্যতীত দায়গ্রহণ কিছু পরিচিত কারণ হল
  - ✓ বয়স
  - ✓ বড় পরিমাণ আশ্বস্ত
  - ✓ নৈতিক বিপত্তি ইত্যাদি
- স্বাস্থ্য সম্পর্কিত দায়গ্রহণ বিবেচনার কারণের মধ্যে উল্লেখযোগ্য হল
  - ✓ পারিবারিক ইতিহাস,
  - ✓ বংশগত এবং ব্যক্তিগত ইতিহাস ইত্যাদি।

---

**প্রধান বিষয়সমূহ**

1. দায়গ্রহণ
2. স্বাভাবিক জীবন
3. স্বাস্থ্য পরীক্ষা ব্যতীত দায়গ্রহণ
4. নির্ধারণের কারণ
5. স্বাস্থ্য সম্পর্কিত দায়গ্রহণ
6. বিরোধ-নির্বাচন

## আত্ম পরীক্ষার উত্তর

**উত্তর 1**

সঠিক বিকল্পটি হল III.

একজন ব্যক্তি যিনি এইডস-এ ভুগছেন তাকে জীবনবীমা কভার থেকে বাতিল করা হয়।

**উত্তর 2**

সঠিক বিকল্পটি হল II.

একজন ব্যক্তি অঢেল পরিমাণ মদ খান কারণ তিনি মানিয়ে নিতে চান এটা হল একটি নৈতিক বিপত্তির উদাহরণ।

**উত্তর 3**

সঠিক বিকল্পটি হল II.

***নির্দিষ্ট রোগ বাবা-মা থেকে বাচ্চাদের মধ্যে আসে এবং তাই স্বাস্থ্য সম্পর্কিত দায়গ্রহণে বংশগত ইতিহাস গুরুত্বপূর্ণ।***

## আত্ম-পরীক্ষণ প্রশ্নাবলী

**প্রশ্ন 1**

নীচের কোনটি বীমা কোম্পানী দ্বারা দায়গ্রহণ চরিত্র সূচিত করে?

I. দাবি প্রক্রিয়া
II. ঝুঁকির গ্রহণযোগ্যতা স্থির
III. পণ্য নকশা করার স্থপতি
IV. গ্রাহকের সঙ্গে সম্পর্ক পরিচালক

**প্রশ্ন 2**

নিচের কোনটি দায়গ্রহণকারীর সিদ্ধান্ত নয়?

I. প্রণিত হারে ঝুঁকি গ্রহণ

II. নিম্নাভিমুখী ঝুঁকি
III. ঝুঁকি মুলতুবি
IV. দাবি প্রত্যাখ্যান

**প্রশ্ন 3**

নিচের কোনটি প্রণিত বয়সের প্রমাণ নয়?

I. পাসপোর্ট
II. স্কুল ছাড়ার শংসাপত্র
III. জন্মপঞ্জি
IV. জন্ম শংসাপত্র

**প্রশ্ন 4**

নিম্নলিখিত কোন অবস্থারটি একজনব্যক্তির বীমাযোগ্যতাকে নেতিবাচকভাবে প্রভাবিত করবে?

I. দৈনন্দিন দৌড়ানো
II. নিষিদ্ধ পদার্থ অপব্যবহার
III. অলস প্রকৃতি
IV. দীর্ঘসূত্রিতা

**প্রশ্ন 5**

দায়গ্রহণের কি পদ্ধতির অধীনে একজন দায়গ্রহণকারী সব নেতিবাচক বা প্রতিকূল কারণের জন্য ইতিবাচক রেটিং পয়েন্ট(যে কোনো ইতিবাচক বা অনুকূল কারণের জন্য নেতিবাচক পয়েন্ট) অর্পণ করে?

I. সিদ্ধান্তমূলক
II. অযৌক্তিক
III. সংখ্যাগত রেটিং
IV. একক পদক্ষেপ

**প্রশ্ন 6**

ঝুঁকি শ্রেণীবিভাগ অনুযায়ী, ___________ গঠিত হয় তাদের নিয়ে যাদের প্রত্যাশিত মৃত্যুহার মৃত্যু-সারণী প্রকাশিত সাধারণ জীবন অনুরূপ।

I. সাধারণ জীবন
II. পছন্দসই ঝুঁকি
III. সাধারণের চেয়ে নিম্ন জীবন
IV. ক্ষীণতর জীবন

**প্রশ্ন 7**

অশ্রুতা গর্ভবতী। সে টার্ম বীমা কভারের জন্য আবেদন করে। নীচের বিকল্পের কোনটি একজন দায়গ্রহণকারীর কাছে সবচেয়ে ভাল বিকল্প হবে অশ্রুতাকে বীমা প্রস্তাব দেওয়ার জন্য? সঠিক বিকল্পটি চয়ন করুন।

I. সাধারণ হারে গ্রহণ
II. অতিরিক্ত প্রিমিয়ামে গ্রহণ
III. প্রস্তাব প্রত্যাখ্যান
IV. সীমাবদ্ধ ধারা সঙ্গে গ্রহণ

**প্রশ্ন 8**

নিচের কোন বীমা প্রস্তাবটি স্বাস্থ পরীক্ষা ব্যতীত দায়গ্রহণের অধীনে যোগ্যতা লাভ করে?

I. সবিতা, বয়স ২৬ বছর, সফ্টওয়্যার ইন্জিনিয়ার হিসেবে আইটি কোম্পানিতে চাকরি করে
II. মহেশ, বয়স ৫০ বছর কয়লা খনিতে কাজ করে
III. সতীশ, বয়স ২৮ বছৎ, ব্যাঙ্কে কর্মরত এবং ১ কোটি টাকা বীমা কভারের জন্য আবেদন করেছে
IV. প্রবীন, বয়স ৩০ বছর, ডিপার্টমেন্টার স্টোরে কাজ করে এবং ১০ বছর মেয়াদে একটি মেয়াদি বীমা পরিকল্পনা জন্য আবেদন করেছে

**প্রশ্ন 9**

শিনা ডায়বেটিস তীব্র রোগে ভুগছেন। তিনি একটি বীমা পরিকল্পনার জন্য আবেদন করেছেন। এক্ষেত্রে দায়গ্রহণকারী ___________ ব্যবহার করবেন দায়গ্রহণের জন্য। সবচেয়ে সঠিক বিকল্পটি চয়ন করুন।

I. সিদ্ধান্তমূলক পদ্ধতি
II. সংখ্যাগত পদ্ধতি
III. উপরের যেকোনো একটি পদ্ধতি যেহেতু দায়গ্রহণের জন্য ডায়বেটিসের মত অসুস্থতা প্রধান ভূমিকা অর্জন করে না
IV. উপরোক্ত কোনো পদ্ধতিই নয় কারণ ডায়াবেটিস ক্ষেত্রে সরাসরি বাতিল করা হয়

**প্রশ্ন 10**

সন্তোষ টার্ম বীমা পলিসির জন্য আবেদন করেছে। তার মৃত্যুহার সাধারণ জীবনের থেকে বিশেষভাবে কম তাই তাকে কম প্রিমিয়াম চার্জ করা হয়। ঝুঁকি শ্রেণীবিভাগে, সন্তোষ___________অধীনে শ্রেণীকৃত হবেন।

I. সাধারণ জীবন
II. পছন্দসই ঝুঁকি
III. নিকৃষ্ট মানের জীবন
IV. ক্ষীণতর জীবন

---

**আত্ম-পরীক্ষণ প্রশ্নের উত্তর**

**উত্তর 1**

সঠিক বিকল্পটি হল II.

দায়গ্রহণকারী গ্রহণযোগ্যতা ঝুঁকি সিদ্ধান্ত নেন।

**উত্তর 2**

সঠিক বিকল্পটি হল IV.

দাবি প্রত্যাহর দায়গ্রহণকারীর সিদ্ধান্ত নয়।

**উত্তর 3**

সঠিক বিকল্পটি হল III.

জন্মপঞ্জি প্রণিত বয়স প্রমাণ নয়।

**উত্তর 4**

সঠিক বিকল্পটি হল II.

নিষিদ্ধ পদার্থ অপব্যবহার অবস্থারটি একজনব্যক্তির বীমাযোগ্যতাকে নেতিবাচকভাবে প্রভাবিত করবে।

**উত্তর 5**

সঠিক বিকল্পটি হল III.

দায়গ্রহণের সংখ্যাগত পদ্ধতির অধীনে একজন দায়গ্রহণকারী সব নেতিবাচক বা প্রতিকূল কারণের জন্য ইতিবাচক রেটিং পয়েন্ট(যে কোনো ইতিবাচক বা অনুকূল কারণের জন্য নেতিবাচক পয়েন্ট) অর্পণ করে।

**উত্তর 6**

সঠিক বিকল্পটি হল I.

ঝুঁকি শ্রেণীবিভাগ অনুযায়ী, সাধারণ জীবন গঠিত হয় তাদের নিয়ে যাদের প্রত্যাশিত মৃত্যুহার মৃত্যু-সারণী প্রকাশিত সাধারণ জীবন অনুরূপ।

**উত্তর 7**

সঠিক বিকল্পটি হল IV.

অঙ্গুতা গর্ভবতী তা বিবেচনা করে সবচেয়ে ভাল যে বিকল্পটি দায়গ্রহণকারী অঙ্গুতাকে বীমা দেওয়ার সময় বাছাই করে সেটি হল সীমাবদ্ধ ধারা। এই সীমাবদ্ধ ধারাটি গর্ভধারণ সংক্রান্ত তিন মাসের মধ্যে মৃত্যুর জন্য বীমা পরিশোধ সীমিত করে।

**উত্তর 8**

সঠিক বিকল্পটি হল II.

মহশের বীমা প্রস্তাবটি স্বাস্থ্য পরীক্ষা ব্যতীত দায়গ্রহণের যোগ্যতা লাভ করে না কারণ তার বয়স বেশী (৫০উর্দ্ধ) এবং তার পেশা অন্যান্য পেশা সফ্টওয়্যার, ব্যাঙ্ক সংস্থা ইত্যাদির তুলনায় অনেক ঝুঁকিপূর্ণ।

**উত্তর 9**

সঠিক বিকল্পটি হল I.

যখন শিনা, যিনি তীব্র ডায়াবেটিসে ভুগছেন, সেই পরিস্থিতিতে দায়গ্রহণকারী দায়গ্রহণের সিদ্ধান্তমূলক পদ্ধতি ব্যবহার করে।

**উত্তর 10**

সঠিক বিকল্পটি হল II.

ঝুঁকি শ্রেণীবিভাগে, সন্তোষ পছন্দসই ঝুঁকিতে শ্রেণীবদ্ধ হবেন।

# অধ্যায় 16
# জীবন বিমা পলিসি অধীনে পরিশোধ

### অধ্যায় ভূমিকা

এই অধ্যায়ে দাবি ধারণা এবং দাবি কিভাবে নির্ণীত হয় তা ব্যাখ্যা করা হয়েছে। তারপর অধ্যায়টি দাবি ধরনের ব্যাখ্যা শেষ পর্যন্ত আপনি একটি মৃত্যু ক্ষেত্রে দাবি জন্য ফর্ম জমা দিতে হবে ও বীমাকারী দ্বারা সুবিধাভোগীকে সুরক্ষার (অবিতর্কনীয় ধারা এবং পলিসিধারকদের স্বার্থ নিয়ন্ত্রণের সুরক্ষা) জন্য, ধরা যায় বীমাকৃত দ্বারা কোনো তথ্য চাপা রাখা হয় নি।

### শিক্ষণের ফলাফল

| | |
|---|---|
| A. | দাবির প্রকার এবং দাবির প্রক্রিয়া |

## A. *দাবির প্রকার এবং দাবির প্রক্রিয়া*

### 1. দাবির ধারণা

একটি বীমা কোম্পানীর বাস্তব পরীক্ষা এবং বিমা পলিসি যখন পলিসি দাবিতে পরিণত হয়। জীবন বীমার সঠিক মূল্য দাবি নিষ্পত্তি এবং সুবিধা পরিশোধের মাধ্যমে গণ্য করা হয়।

**সংজ্ঞা**

***দাবি হল একটি চাহিদা যেটি বীমাকারী একটি চুক্তিতে উল্লেখিত ভাল প্রতিশ্রুতি করবেন।***

জীবন বীমা চুক্তির অধীনে দাবি বীমা চুক্তি আওতায় এক অথবা অধিক ঘটনা দ্বারা আলোড়ন সৃষ্টি করে। যেখানে কিছু দাবিতে চুক্তি বহাল থাকে, অন্যদের ক্ষেত্রে চুক্তি সমাপ্ত হয়ে যায়।

**রেখাচিত্র 1 : ঝুঁকি ঘটনা এবং দাবি**



দাবি দু-প্রকারের হতে পারে:

i. জীবদ্দশায় প্রদত্ত দাবি এমনকি যখন বীমাকৃত বেঁচে থাকেন
ii. মৃত্যুর ক্ষেত্রে দাবি

**রেখাচিত্র 2 : দাবির প্রকার**




যেখান বীমাকৃতের মৃত্যু পর **মৃত্যুর ক্ষেত্রে দাবি** উদ্ভুত হয়, **জীবদ্দশায় দাবি** এক বা একাধিক ঘটনার করণে হতে পারে।

### উদাহরণ

জীবদ্দশায় দাবির সূত্রপাত করা ঘটনার উদাহরণ:

i. পলিসির পূরণ;
ii. টাকা-ফেরত পলিসির গুরুত্বপূর্ণ পর্যায়ে পৌঁছানোর পর প্রদেয় কিস্তি;

iii. পলিসির রাইডার সুবিধায় গুরুতর অসুস্থতা কভার করা হয়;
iv. পলিসিধারী বা স্বত্বনিয়োগী দ্বারা পলিসি সমর্পণ;

**2. দাবির ঘটনা ঘটেছে কিনা তা নির্ণয়**

i. **জীবদ্দশায় দাবি** পরিশোধের জন্য, বিমাকারীকে নীতি নির্ধারিত শর্ত অনুযায়ী ঘটনা যে ঘটেছে তা নিরুপণ করতে হবে।

ii. **পরিপূরণ দাবি এবং টাকা ফিরত কিস্তি দাবি** সহজে প্রতিষ্ঠিত হয় যেহেতু তারা চুক্তি শুরুতে নির্ধারিত তারিখগুলি উপর ভিত্তি করে করা হয়।

উদাহরণস্বরূপ, মেয়াদপূর্তির তারিখ এবং তারিখগুলি যখন জীবদ্দশার দাবি কিস্তি টাকা ফেরত পলিসির অধীনে দেওয়া হতে পারে পরিষ্কারভাবে চুক্তি প্রস্তুতির সময় পরিকল্পনা করা হয়।

iii. প্রত্যর্পণ মূল্য পরিশোধ অন্যান্য দাবি পরিশোধ থেকে ভিন্ন। অন্যান্য দাবির মত নয়, এখানে ঘটনা পলিসিধারক বা স্বত্বনিয়োগীর পলিসি প্রত্যাহর এবং চুক্তির অধীনে তার যা বাকি আছে সেই সিদ্ধান্ত সূত্রপাত হয়। সমর্পণ পরিশোধ সাধারণত অকাল প্রত্যাহারের জন্য শাস্তি জড়িত এবং সম্পূর্ণ দাবি প্রদান করা হলে যা দেওয়া হত তার থেকে কম হবে।

iv. **গুরুতর অসুস্থতার** জন্য দাবি নিরুপন করা হয় স্বাস্থ্য সম্পর্কিত এবং পলিসিধারির তার দাবি সমর্থনে প্রদত্ত অন্যান্য রিপোর্টের উপর নির্ভর করে।

এই পলিসির ক্ষেত্রে জটিলতা দেখা দেয় যেটিতে গুরুতর অসুস্থতা দাবি রাইডার আছে এবং এই ধরনের পলিসি নির্ধারিত হয়েছে। গুরুতর অসুস্থতা সুবিধার উদ্দেশ্য হল পলিসিধারীকে অসুস্থতার ঘটনায় তার খরচ বহন করার জন্য সক্ষম। যদি এই পলিসি নির্ধারিত করা হয়, সব সুবিধা স্বত্বনিয়োগীকে প্রদেয় হবে। এটি আইনত সঠিক হলেও, এটি উদ্দেশ্যে উদ্দেশ্য পূরণ হতে পারে না। এই ধরনের পরিস্থিতি এড়ানোর জন্য এটি গুরুত্বপূর্ণ যে পলিসিধারীকে বিস্তৃত সুবিধা সম্পর্কে শিক্ষিত করা যেগুলো তারা নিযুক্ত করতে পারে, **শর্তাধীন নিয়োগের** মাধ্যমে।

**পূর্ণতা বা মৃত্যু ক্ষেত্রে দাবি** বা সমর্পণ বীমা চুক্তির কভার অবসান করা হয় এবং আরও কোনো বীমা কভার পাওয়া যাবে না। এটি আসলে দাবি দেওয়া হয় কিনা বা না নির্বিশেষে। দাবির অ-পরিশোধনের জন্য চুক্তির অধীনে কভার বহালের আশ্বাস দেয় না।

**3. দাবির প্রকার**

নিম্নলিখিত পরিশোধ পলিসি মেয়াদ সময়ে ঘটতে পারে:

**a) জীবদ্দশায় সুবিধা পরিশোধ**

বীমাকারী দ্বারা বীমাকৃতকে নির্দিষ্ট সময়ে পলিসি মেয়াদে পর্যাবৃত্ত করা হয়। প্রতিটি জীবদ্দশা সুবিধা কিস্তি দেওয়ার পরে পেমেন্টের সত্যায়নের পর পলিসিধারককে পলিসি বন্ড ফিরিয়ে দেওয়া হয় ।

**b) পলিসি সমর্পণ**

পলিসিধারক তার পলিসি অকালে বন্ধ করার মনস্থির করতে পারেন। এটি পলিসি চুক্তির একটি স্বেচ্ছামূলক সমাপ্ত হয় একটি পলিসি শুধুমাত্র পরিশোধিত মূল্য অর্জনের পর আত্মসমর্পণ করা যেতে পারে বীমাকৃতকে যে টাকা পরিশোধ করা হয় সেটি **সমর্পণ মূল্য** যেটি সাধারণত প্রদত্ত প্রিমিয়ামের একটি শতাংশ। এটি সবচেয়ে কম সমর্পণ মূল্য (জিএসভি), কিন্তু বীমাকৃতকে পরিশোধিত আসল সমর্পণ মূল্য জিএসভি থেকে বেশী।

### c) রাইডার সুবিধা

বিধি এবং শর্তাবলী অনুযায়ী নির্দিষ্ট ঘটনার পরিপ্রেক্ষিতে বীমা কোম্পানী দ্বারা রাইডারের অধীনে পেমেন্ট দেওয়া হয়।

**গুরুতর অসুস্থতা রাইডারের** অধীনে, একটি গুরুতর অসুস্থতা নির্ণয়ে টার্ম অনুযায়ী একটি নির্দিষ্ট মূল্য দেওয়া হয়। বীমা কোম্পানী দ্বারা নির্দিষ্ট গুরুতর অসুস্থতার তালিকা মধ্যে অসুস্থতাটি কভার করা উচিত।

**হাসপাতালে যত্ন রাইডার** অনুযায়ী, বিমাকারী বীমাকৃত হাসপাতালে ভর্তির ঘটনায় চিকিৎসা খরচ বহন করে, এটি বিধি এবং শর্ত সাপেক্ষে

রাইডার পেমেন্ট পরিশোধের পরও পলিসি চুক্তু বহাল থাকে।

বীমাচুক্তিতে উল্লেখিত পলিসি মেয়াদ শেষে নিম্নলিখিত দাবি পরিশোধ করা হয়।

### d) সম্পূর্ণতা দাবি

এই ধরনের দাবিতে, বীমাকারী বীমাকৃতকে মেয়াদ শেষে একটি নির্দিষ্ট অর্থ প্রদানের প্রতিশ্রুতি দেয়, যদি বীমাকারী পরিকল্পনা শেষ হওয়া পর্যন্ত জীবত থাকেন। এটি **সম্পূর্ণতা দাবি** হিসেবে পরিচিত।

i. **অংশগ্রহণকারী পরিকল্পনা:** সম্পূর্ণতা দাবিতে পরিশোধিত মূল্য, যদি অংশগ্রহন করে, আশ্বস্ত অর্থ সহ সঞ্চিত বোনাস বাকি অর্থের যেমন অ-পরিশোধিত প্রিমিয়াম এবং পলিসি লোন এবং তার উপর সুদের চেয়ে কম।

ii. **প্রিমিয়াম ফিরত (আরওপি) পরিকল্পনা:** কিছু ক্ষেত্রে মেয়াদ সময়ে পরিশোধিত প্রিমিয়াম পলিসি সম্পূর্ণ হবার পর ফিরত দেওয়া হয়।

iii. **ইউনিট লিঙ্কড ইনসুরেন্স প্লান (ইলিপ):** ইউলিপের ক্ষেত্রে, বীমাকারী পুঁজি মূল্য সম্পূর্ণতা দাবি হিসেবে পরিশোধ করেন।

iv. **Money-back Planটাকা ফিরত পরিকল্পনা:** টাকা ফিরত পলিসিতে বীমাকারী পলিসি মেয়াদে জীবদ্দশা সুবিধা রেখে সম্পূর্ণতা দাবি পরিশোধ করেন।

দাবি পরিশোধের পর বীমা চুক্তি স্থগিত করা হয়।

### e) মৃত্যুর দাবি

যদি বীমাকৃত ঘটনাক্রমে বা অন্য ভাবে তার পলিসির মেয়াদ শেষের আগে মারা যান, বীমাকারী সঞ্চিত বোনাস, যদি থাকে সহ আশ্বস্ত অর্থ দেন, যথাক্রমে কম পরিশোধিত অর্থ যেমন বাকি থাকা পলিসি ঋণ এবং সুদসহ প্রিমিয়াম। এটি **মৃত্যু ক্ষেত্রে সুবিধা**, যেটি মনোনীত

বা স্বত্বনিয়োগী বা আইনত যা পরিস্থিতি থাকবে তাকে পরিশোধ করা হয়। মৃত্যু ক্ষেত্রে দাবি মৃত্যুর ফলে চুক্তি সমাপ্তকে সূচিত করে।

মৃত্যু ক্ষেত্রে দাবি হয়তো:

- ✓ শীঘ্র (তিন বছরের কম পলিসি সময়কাল) বা
- ✓ বিলম্ব (তিন বছরের বেশী)

মনোনীত ব্যক্তি বা স্বত্বনিয়োগী বা আইনগত উত্তরাধিকারীকে বীমাকৃতের মৃত্যুর কারণ, তারিখ এবং মৃত্যুর জায়গা অবগত করতে হবে।

### i. মৃত্যুর জন্য দাবির ক্ষেত্রে উপস্থাপিত ফর্ম



দাবির নথি

নিম্নলিখিত ফর্ম দাবি প্রক্রিয়াকরণের সুবিধার্থে সঙ্গে বিমা সুবিধাভোগীকে জমা দিতে হবে:

- ✓ স্বত্বনিয়োগীর দ্বারা দাবি ফর্ম
- ✓ কবর বা শবদাহ সার্টিফিকেট
- ✓ চিকিৎসাধীন চিকিৎসকের শংসাপত্র
- ✓ হাসপাতালের শংসাপত্র
- ✓ নিয়োগকর্তার শংসাপত্র
- ✓ দুর্ঘটনাজনিত মৃত্যুর ক্ষেত্রে প্রয়োজন হয়, প্রথম তথ্য প্রতিবেদন (এফআইআর), তল্লাস প্রতিবেদন, ময়নাতদন্ত প্রতিবেদন, অন্তিম প্রতিবেদনের মত পুলিশ প্রতিবেদনের আদালত প্রত্যায়িত প্রতিলিপি।
- ✓ পৌরসভা কতৃপক্ষ ইত্যাতি দ্বারা প্রদত্ত মৃত্যু শংসাপত্র মৃত্যুর প্রমান হিসেবে

**রেখাচিত্র 3 : মৃত্যু ক্ষেত্রে দাবির জন্য উপস্থাপিত ফর্ম**




**ii. মৃত্যুর দাবি অস্বীকৃতি**

মৃত্যু দাবি পরিশোধ বা অস্বীকৃত হতে পারে। দাবি প্রক্রিয়াকরণের সময়, যদি বিমাকারী সনাক্ত করেন যে উপস্থাপক কোন ভুল বিবৃতি তৈরি করেছেন বা পলিসি প্রাসঙ্গিক বস্তুগত ঘটনা চাপা রেখেছেন, সেক্ষেত্রে চুক্তি অকার্যকর হয়ে যাবে। পলিসির অধীনে সব সুবিধা বাজেয়াপ্ত করা হবে।

**iii. অনুচ্ছেদ 45: অবিতর্কনীয় ধারা**

তবে এই শাস্তি বীমা আইন, ১৯৩৮- এর **অনুচ্ছেদ ৪৫-এর** নিয়মাধীন।

**গুরুত্বপূর্ণ**

**অনুচ্ছেদ 45 বিবৃত করে:**

কোনো জীবন বীমা যে তারিখে এটি শুরু হওয়ার দু বছর পর মেয়াদ শেষের পর বীমাকারী দ্বারা যে পটভূমিতে প্রস্তাব তৈরী করা হয়েছে সে সম্পর্কি প্রশ্ন উত্থাপন করেন বা স্বাস্থ পরীক্ষণকারী অফিসারের প্রতিবেদন, বা বিচারক, বা বীমাকৃতের বন্ধু, বা কোনো নথি যা পলিসি প্রচলনের দিকে নিয়ে যায়, তা ভুল বা অসত্য ছিল, বীমাকারী না দেখানো পর্যন্ত এই ধরনের বিবৃতিতে গুরুত্বপূর্ণ বিষয় বা অপ্রকাশিত সত্য যেগুলো প্রকাশ করা গুরুত্বপূর্ণ এবং পলিসিধারী দ্বারা এটি প্রতারণার জন্য তৈরী করা হয়েছে এবং বিবৃতি তৈরী করার সময় পলিসিধারী জানতেন যে এটি মিথ্যা বা এটি একটি অপ্রকাশিত সত্য যেটি প্রকাশ করা গুরুত্বপূর্ণ।

**ব্যাখ্যা:**

যদি একজন পলিসিধারী পলিসি প্রদানের ২ বছর পর্যন্ত যে কোনো সময় গুরুত্বপূর্ণ ঘটনা অপ্রকাশিত রাখেন, বীমাকারী দ্বারা অস্বীকৃত  সম্পন্ন হতে পারে যদি প্রস্তাবিত গুরুত্বপূর্ণ ঘটনা মিথ্যা হয়।

২ – বছর গ্রাহকের জন্য অপেক্ষা এবং লক্ষ্যের সময়। এই সময়ের পর, বীমাকারীকে প্রমাণ করতে হবে যে পলিসিধারী একটি প্রতারণামূলক বিবৃতি দিয়েছেন এবং গুরুত্বপূর্ণ ঘটনা অপ্রকাশিত রেখেছেন এবং তিনি জানতেন যে প্রদত্ত বিবৃতিটি মিথ্যা। শুধু প্রমাণ পাওয়ার পর ২ বছর সময়ের পরে একটি পলিসি পরিত্যাগ করতে পারেন।

**iv. মৃত্যু অনুমান**

কখনও কখনও একজন ব্যক্তির হদিস সম্পর্কে কোনো তথ্য না পাওয়ায় তাকে নিরুদ্দিষ্ট বলে রিপোর্ট করা হয়। এই ক্ষেত্রে সাত বছর তার  খোজঁ না পেলে ভারতীয় প্রমাণ আইন মৃত্যু অনুমানের ব্যবস্থা নেয়। যদি মনোনীত বা উত্তরাধিকারীরা দাবি করে যে বীমাকৃত নিখোঁজ এবং অবশ্যই মৃত বলে গণ্য করতে হবে, বীমাকারী আদালতের ডিক্রির জন্য জোর করেন। এটি প্রয়োজনীয় যে আদালত মৃত্যু অনুমানের ডক্রি না দেওয়া পর্যন্ত প্রিমিয়াম পরিশোধ করতে হবে। বীমাকারী হয়তে ছাড়ের বিষয় হিসেবে সাত বছরের প্রিমিয়াম পরিত্যাগ করতে পারেন।

## 4. জীবন বীমা পলিসির সম্পর্কে দাবি পদ্ধতি

আইআরডিএ (পলিসিধারীর স্বার্থের  সুরক্ষা) আইন, ২০০২ নিম্নলিখিত উপলব্ধ করে:

### বিধি 8: একটি জীবন বীমা পলিসি সম্পর্কে দাবি পদ্ধতি

i. একটি জীবন বীমা পলিসি সাধারণত দাবিদারের দাবি সমর্থনে যা যা **প্রাথমিক নথি** জমা করার প্রয়োজন তা বিবৃত করে।

ii. জীবন বীমা কোম্পানি দাবি গ্রহণের পর **অবিলম্বে দাবি প্রক্রিয়াভুক্ত** করেন। যদি কোন প্রশ্নের বা অতিরিক্ত নথির প্রয়োজন হয় যতটা সম্ভব, **দাবি প্রাপ্তির 15 দিনের মধ্যে**, একবারে এবং আংশিক ভাবে নয়, উত্থাপিত হবে।

iii. সমস্ত প্রাসঙ্গিক কাগজপত্র এবং ব্যাখ্যা প্রাপ্তি তারিখের **৩০ দিনের মধ্যে** বীমা পলিসির দাবি পূরণ করা হবে বা প্রাসঙ্গিক কারণে প্রতিরোধ করা হবে। যাইহোক, যেখানে দাবি পরিস্থিতিতে বীমা কোম্পানির মতে একটি তদন্ত পরোয়ানা দেওয়া হয়েছে, সেখানে এটা শুরু এবং যত শীঘ্র সম্ভব তদন্ত সম্পন্ন করা হবে। যেখানে বীমা কোম্পানির মতে একটি দাবি পরিস্থিতিতে একটি তদন্ত পরোয়ানা জরুরী,  এই ধরনের তদন্ত শুরু এবং যত শীঘ্র সম্ভব সম্পন্ন করতে হবে, যেকোনো ক্ষেত্রে দাবি প্রদানের ৬ মাস বেশী নয়।

iv. আইনের ৪৭ অনুচ্ছেদ অনুযায়ী, যেখানে দাবী পরিশোধের জন্য তৈরী কিন্তু প্রদত্ত ব্যক্তির সঠিক সনাক্তকরণের অভাবে পরিশোধ করা যাচ্ছে না, জীবন বীমাকারী প্রদত্ত ব্যক্তির সুবিধার্থে পরিমাণটি রেখে দিতে পারেন এবং এই ধরনের পরিমাণ নির্ধারিত ব্যাঙ্কের সেভিংস

অ্যাকাউন্টে প্রযোজ্য সুদের হার উপার্জন করবে (সমস্ত কাগজ এবং তথ্য জমা করার ৩০ দিন পর কার্যকরী হবে)

v. যেখানে সাব-রেগুলেশন (৪) ছাড়া অন্য কোনো কারণে বীমাকারী দ্বারা দাবি প্রক্রিয়ার বিলম্ব হলে, জীবন বীমা কোম্পানী **দাবি পরিমাণের উপর সুদ প্রদান করবে সেই হারে যেটি ব্যাঙ্কের হারের উপর ২%,** আর্থিক বছরের শুরুতে প্রচলিত যখন দাবি পর্যালোচনা করা হয়।

## 5. এজেন্টের ভূমিকা

একজন এজেন্ট সঠিকভাবে দাবি ফর্ম ভর্তি এবং বিমাকারীর অফিসে এই জমা দেওয়া সাহায্যে মনোনীত ব্যক্তি / আইনগত উত্তরাধিকারী বা সুবিধাভোগীক যথাসম্ভব সেবা প্রদান করবে।

দায়িত্ব পালনের ছাড়া , এরকম পরিস্থিতি থেকে উৎপন্ন সুনামের সাহায্য মৃত পরিবার থেকে ভবিষ্যতে ব্যবসা বা সুপারিশ ঘটার জন্য এজেন্টের প্রচুর সুযোগ বিদ্যমান থাকে।

*আত্ম পরীক্ষা* **1**

নিম্নোক্ত বিবৃতির কোনটি দাবি ধারাকে সবচেয়ে ভাল ব্যাখ্যা করে? সবচেয়ে উপযুক্ত বিকল্পটি চয়ন করুন।

I. দাবি হল একটি অনুরোধ যেটি চুক্তি অনুযায়ী প্রতিশ্রুতি পূর্ণ করা যা বীমাকারীর করা উচিত
II. দাবি হল একটি চাহিদা যেটি চুক্তি অনুযায়ী প্রতিশ্রুতি পূর্ণ করা যা বীমাকারীর করা উচিত
III. দাবি হল একটি চাহিদা যেটি চুক্তি অনুযায়ী দায়িত্ব পূর্ণ করা যা বীমাকারীর করা উচিত
IV. দাবি হল একটি চাহিদা যেটি চুক্তি অনুযায়ী দায়িত্ব পূর্ণ করা যা বীমাকৃত করা উচিত

---

***সারাংশ***

- দাবি হল একটি চাহিদা যেটি চুক্তি অনুযায়ী প্রতিশ্রুতি পূর্ণ করা যা বীমাকারীর করা উচিত
- দাবি জীবদ্দশায় দাবি বা মৃত্যুর ক্ষেত্রে দাবি হতে পারে। যেখানে বীমাকৃতের মৃত্যুর পর মৃত্যুর ক্ষেত্রে দাবি উত্থাপিত হয়, জীবদ্দশায় দাবি যেকোনো এক বা একাধিক ঘটনায় ঘটতে পারে।
- জীবদ্দশা দাবি পরিশোধের জন্য, বিমাকারীকে নিরুপণ করতে হবে যে পলিসি নির্ধারিত শর্ত অনুযায়ী ঘটনাটি ঘটেছে।
- নিম্নলিখিত পরিশোধ পলিসি মেয়াদ সময় ঘটতে পারে:
  - ✓ জীবদ্দশায় সুবিধা পরিশোধ
  - ✓ পলিসি সমর্পণ
  - ✓ রাইডার সুবিধা
  - ✓ সম্পূর্ণতা দাবি
  - ✓ মৃত্যুর ক্ষেত্রে দাবি
- বীমা আইনের অনুচ্ছেদ ৪৫ (অবিতর্কনীয় ধারা) বীমাকৃতকে বীমাকারী দ্বারা দাবি প্রত্যাখ্যান থেকে সুরক্ষা প্রদান করে, এই শর্তে যে বীমাটি দু-বছর সম্পূর্ণ করেছে এবং বীমাকৃত কোনো গুরুত্বপূর্ণ তথ্য গোপন রাখেন নি।

- আইআরডিএ (পলিসিধারীর স্বার্থ সুরক্ষা) আইন, ২০০২ এর অধীনে, আইআরডিএ বীমাকৃত বা সুবিধাভোগী দাবির সুরক্ষা / রক্ষার ক্ষেত্রে প্রবিধান দেয়।

**আত্ম পরীক্ষার উত্তর**

**উত্তর 1**

সঠিক বিকল্পটি হল **II.**

দাবি হল একটি চাহিদা যেটি চুক্তি অনুযায়ী প্রতিশ্রুতি পূর্ণ করা যা বীমাকারীর করা উচিত।

**আত্ম-পরীক্ষণ প্রশ্নাবলী**

**প্রশ্ন 1**

নিচে পিলিসির তালিকা দেওয়া হল। কোন ধরনের পলিসির অধীন, দাবি পরিশোধ পর্যায়ক্রমিক পরিশোধের আকারে তৈরি করা হয় তা সনাক্ত করুন?

I. টাকা-ফেরত পলিসি
II. ইউনিট লিঙ্ক ইনসুরেন্স পলিসি
III. প্রমিয়াম ফেরত পলিসি
IV. টার্ম বীমা পলিসি

**প্রশ্ন 2**

মহেশ গুরুতর অসুস্থতা রাইডার সহ জীবন বীমা পলিসি কিনেছেন। তিনি করনের সম্পূর্ণ স্বার্থে স্বত্বনিয়োগ করেছেন। মহেশ হার্ট অ্যাটাকে ভুগছেন এবং গুরুতর অসুস্থতা রাইডারের অধীনে ৫০,০০০ টাকা দাবি করেছেন। এই ক্ষেত্রে কাকে পরিশোধ দেওয়া হবে?

I. মহেশ
II. করন
III. পরিশোধ সমান ভাবে মহেশ এবং করনকে ভাগ করে দেওয়া হবে
IV. দুটোর কোনোটাই নয় কারণ মহেশ হার্ট অ্যাটাকে ভুগছেন এবং করনের স্বার্থে পলিসি স্বত্বনিয়োগ করা হয়েছে

**প্রশ্ন 3**

প্রবীনের গাড়ি দুর্ঘটনায় মৃত্যু হয়েছিল। মৃত্যুর ক্ষেত্রে দাবির জন্য নির্ভরশীলরা নথি উপস্থাপন করে। নিচের নথির কোনটি অতিরিক্ত নথি হিসেবে স্বাভাবিক মৃত্যু তুলনায় দুর্ঘটনাজনিত মৃত্যুর ক্ষেত্রে জমা দেওয়া প্রয়োজন।

I. কবর বা শবদাহের শংসাপত্র
II. চিকিৎসাধীন চিকিৎসকের শংসাপত্র
III. নিয়োগকর্তার শংসাপত্র
IV. অনুসন্ধান প্রতিবেদন

**প্রশ্ন 4**

নীচের মৃত্যুর ক্ষেত্রে দাবি ক্ষেত্রে কোনটি প্রাথমিক মৃত্যু ক্ষেত্রে দাবি হিসাবে গণ্য করা হবে?

I. পলিসি সময়ের তিন বছরের মধ্যে যদি বীমাকৃতের মৃত্যু হয়
II. পলিসি সময়ের পাঁচ বছরের মধ্যে যদি বীমাকৃতের মৃত্যু হয়
III. পলিসি সময়ের সাত বছরের মধ্যে বীমাকৃতের মৃত্যু হয়
IV. পলিসি সময়ের দশ বছরের মধ্যে বীমাকৃতের মৃত্যু হয়

**প্রশ্ন 5**

নীচে দেওয়া জীবদ্দশার দাবি সূত্রপাত হবার কিছু ঘটনা। নীচের কোন বিবৃতিটি ঠিক নয়?

I. দাবি টার্ম বীমা পলিসির সম্পূর্ণতায় পরিশোধিত হয়েছে
II. টাকা-ফিরত পলিসির গুরুত্বপূর্ণ পর্যায়ে পৌঁছানোর পর প্রদেয় কিস্তি
III. পলিসিতে রাইডার সুবিধা হসেবে গুরুতর অসুস্থতায় দাবি পরিশোধ করা হয়
IV. পলিসিধারী দ্বারা প্রত্যার্পণ মূল্য মেয়াদি পলিসি প্রত্যার্পণের পর পরিশোধ করা হয়

**প্রশ্ন 6**

টাকা-ফিরত পলিসিতে পরিশোধ করা হয় গুরুত্বপূর্ণ পর্যায় শ্রেণীবদ্ধ করা হবে কোন ধরনের দাবির অধীনে?

I. মৃত্যুর ক্ষেত্রে দাবি
II. সম্পূর্ণতা দাবি
III. জীবদ্দশায় পর্যায়বৃত্ত দাবি
IV. প্রত্যার্পণ দাবি

**প্রশ্ন 7**

শঙ্কর ১০ বছরের ইউনিট লিঙ্কড ইনসুরেন্স পরিকল্পনা কেনে। যদি সে পলিসি সম্পূর্ণতায় মারা যায় নিচের কোনটি পরিশোধ করা হবে?

I. আশ্বস্ত কম মূল্য বা পুঁজি মূল্য
II. আশ্বস্ত বেশী মূল্য বা পুঁজি মূল্য
III. ব্যাঙ্কের গচ্ছিত সঞ্চিয়ের চেয়ে ২% বেশী সুদসহ প্রিমিয়াম পরিশোধ করা হবে
IV. প্রত্যার্পণ মূল্য

**প্রশ্ন 8**

দাবির শ্রেণীবিভাগ(শীঘ্র বা  বিলম্ব) উপর ভিত্তি করে, বিষমটি বাছাই করুন?

I. রম্যা টার্ম বীমা পরিকল্পনা ক্রয়ের ৬ মাস পর মারা যায়
II. মনোজ টার্ম বীমা পরিকল্পনা ক্রয়ের দেড় বছর পর মারা যায়
III. ডেভিড টার্ম বীমা পরিকল্পনা ক্রয়ের আড়াই বছর পর মারা যায়
IV. প্রবীন টার্ম বীমা পরিকল্পনা ক্রয়ের সাড়ে পাঁচ বছর পর মারা যায়

**প্রশ্ন 9**

বীমাকৃতের মৃত্যুর ঘটনায় সব নির্ভরশীলকে সাধারণ মৃত্যুর ক্ষেত্রে দাবির জন্য নিচের তালিকাভুক্ত তথ্য জমা করতে হবে। বিষমটি বাছাই করুন যেটি দুর্ঘটনায় মৃত্যুর জন্য অতিরিক্তভাবে জমা করা প্রয়োজন।

I. তদন্ত প্রতিবেদন
II. দাবি ফর্ম
III. কবর বা শবদাহের শংসাপত্র
IV. হাসপাতালের শংসাপত্র

**প্রশ্ন 10**

আইআরডিএ (পলিসিধারকের স্বার্থ সুরক্ষা) আইন, ২০০২ অনুযায়ী, জীবন বীমা পলিসির অধীনে দাবি পরিশোধ বা প্রতিরোধ করা হবে, সমস্ত দরকারী কাগজ প্রাপ্তি এবং প্রয়োজনীয় ব্যাখ্যার তারিখের ৩০ দিনের মধ্যে।

I. ৭দিন
II. ১৫ দিন
III. ৩০ দিন
IV. ৪৫ দিন

---

**আত্ম-পরীক্ষণ প্রশ্নাবলী**

**উত্তর 1**

সঠিক বিকল্পটি হল I.

টাকা-ফেরত পলিসির ক্ষেত্রে পরিশোধ পর্যায়ক্রমিক পরিশোধ আকারে তৈরি করা হয়।

**উত্তর 2**

সঠিক বিকল্পটি হল II.

এই ক্ষেত্রে পুরো ৫০,০০০ টাকা করনকে দেওয়া হবে কারণ সম্পূর্ণ ভিত্তিতে করনের স্বার্থে স্বত্বনিয়োগ করা হয়েছে।

**উত্তর 3**

সঠিক বিকল্পটি হল IV.

স্বাভাবিক মৃত্যু বা দুর্ঘটনাজনিত মৃত্যুর ক্ষেত্রে স্বত্বনিয়োগীর দ্বারা দাবি ফর্ম, কবর বা শবদাহের শংসাপত্র, চিকিৎসাধীন চিকিৎসকের শংসাপত্র, হাসপাতাল শংসাপত্র, নিয়োগকর্তার শংসাপত্র ইত্যাদি নথি জমা করা প্রয়োজন।

প্রথম তথ্য প্রতিবেদন (এফআইআর), তদন্ত প্রতিবেদন,য পোস্ট-মর্টেম প্রতিবেদন, অন্তিম প্রতিবেদন ইত্যাদি অতিরিক্ত নথি স্বাভাবিক মৃত্যুর তুলনায় দূর্ঘটনাজনিত মৃত্যুর ক্ষেত্রে প্রদান করা হয়।

**উত্তর 4**

সঠিক বিকল্পটি হল I.

যদি বীমাকৃত পলিসি মেয়াদের তিন বছরের মধ্যে মারা যায় তাহলে মৃত্যুর ক্ষেত্রে দাবি মৃত্যুর ক্ষেত্রে শীঘ্র দাবি হিসেবে আচরণ করা হবে।

**উত্তর 5**

সঠিক বিকল্পটি হল I.

বিকল্প ক-টি ঠিক নয়। টার্ম বীমা পলিসির সম্পূর্ণতায় কোনো দাবি পরিশোধ করা হয় না।

**উত্তর 6**

সঠিক বিকল্পটি হল III.

টাকা-ফিরত পলিসিতে গুরুত্বপূর্ণ পর্যায়ে পৌঁছানোর পর পরিশোধকে জীবদ্দশায় পর্যায়বৃত্ত দাবি অধীনে শ্রেণীবদ্ধ করা যায়।

**উত্তর 7**

সঠিক বিকল্পটি হল II.

যদি শঙ্কর ইউলিপ পলিসির সম্পূর্ণতার আগে মারা যায়, আশ্বস্ত পরিমাণের বেশী বা পুঁজি মূল্য পরিশোধ করা হবে।

**উত্তর 8**

সঠিক বিকল্পটি হল IV.

বিকল্প ঘ হল অদ্ভুত বাছাই কারণ এটি বিলম্ব দাবি হিসেবে গ্রাহ্য হবে। বিকল্প ক, খ এবং গ শীঘ্র দাবি হিসেবে গ্রাহ্য হবে।

**উত্তর 9**

সঠিক বিকল্পটি হল I.

তদন্ত প্রতিবেদন দুর্ঘটনায় মৃত্যুর জন্য অতিরিক্ত ভাবে জমা করা প্রয়োজন। অন্যান্য নথি যেমন দাবি ফর্ম, কবর বা শবদাহের শংসাপত্র, হাসপাতাল শংসাপত্র বীমাকৃতের মৃত্যুর ঘটনায় সব নির্ভরশালীকে জমা করতে হবে।

**উত্তর 10**

সঠিক বিকল্পটি হল III.

***আইআরডিএ (পলিসিধারকের স্বার্থ সুরক্ষা) আইন, ২০০২ অনুযায়ী, জীবন বীমা পলিসির অধীনে দাবি পরিশোধ বা প্রতিরোধ করা হবে, সমস্ত দরকারী কাগজ প্রাপ্তি এবং প্রয়োজনীয় ব্যাখ্যার তারিখের ৩০ দিনের মধ্যে।***

# অধ্যায় 3
# স্বাস্থ্য বীমা

# অধ্যায় 17

# স্বাস্থ্য বীমার ভূমিকা

অধ্যায়ের ভূমিকা

যত সময় যাচ্ছে বীমার কীভাবে বিবর্তন হচ্ছে সেই সম্পর্কে এই অধ্যায়ে আপনাকে বলা হবে। স্বাস্থ্য পরিষেবা কী, স্বাস্থ্য পরিষেবার স্তর ও স্বাস্থ্য পরিষেবার ধরন সম্পর্কেও আপনাকে বুঝিয়ে দেওয়া হবে। ভারতের স্বাস্থ্য পরিষেবা ব্যবস্থা ও কোন কোন বিষয়গুলি তাকে প্রভাবিত করে সে সম্পর্কে আপনি জানতে পারবেন। পরিশেষে, এই অধ্যায়ে আপনাকে ব্যাখ্যা করে বুঝিয়ে দেবে ভারতে কীভাবে স্বাস্থ্য বীমা বিকশিত হচ্ছে এবং ভারতে স্বাস্থ্য বীমা বাজারের বিভিন্ন কোম্পানি সম্পর্কেও আপনাকে জানানো হবে।

**শিক্ষার ফলাফল**

A. স্বাস্থ্য পরিষেবা কী
B. স্বাস্থ্য পরিষেবার স্তর
C. স্বাস্থ্য পরিষেবার ধরন
D. ভারতের স্বাস্থ্য ব্যবস্থায় প্রভাবকারী বিষয়গুলি
E. স্বাস্থ্য পরিষেবা-স্বাধীনতার সময় থেকে অগ্রগতি
F. স্বাস্থ্য বীমার বাজার

এই অধ্যায় পড়ার পর, আপনি সক্ষম হবে:

1. বীমার কীভাবে বিকাশ হচ্ছে, তা বুঝতে।
2. স্বাস্থ্য পরিষেবার ধারণা এবং স্বাস্থ্য পরিষেবার ধরন ও স্তর ব্যাখ্যা করতে।
3. ভারতে স্বাস্থ্য পরিষেবায় প্রভাবকারী বিষয়গুলি ও স্বাধীনতার পর যা অগ্রগতি হয়েছে তা উপলব্ধি করতে।
4. ভারতে স্বাস্থ্য বীমার বিবর্তন নিয়ে আলোচনা করতে।
5. ভারতের স্বাস্থ্য বীমার বাজার জানতে।

## A. স্বাস্থ্য পরিষেবা কী

''স্বাস্থ্যই সম্পদ'', এই কথা আপনারা শুনেছেন। কিন্তু কখনও কি জানার চেষ্টা করেছেন স্বাস্থ্য বলতে বাস্তবে কী বোঝায়? 'স্বাস্থ্য' বা 'হেল্থ' শব্দটি এসেছে 'হোয়েল্থ' শব্দ থেকে, যার মানে হলো 'শরীরের সুস্থতা'।

প্রাচীন কালে স্বাস্থ্যকে 'স্বর্গীয় উপহার' বলে বিবেচনা করা হতো এবং বিশ্বাস করা হতো, অসুস্থতা হলো সংশ্লিষ্ট ব্যক্তির কৃত পাপের ফল। হিপোক্র্যাটস (460 থেকে 370 খ্রীষ্ট-পূর্বাব্দ)-ই প্রথম অসুস্থতার পেছনের কারণগুলি সামনে নিয়ে আসেন। তাঁর কথা অনুযায়ী, অসুখ নানা কারণে হতে পারে, তারসঙ্গে পরিবেশ, নিকাশী, ব্যক্তিগত পরিষ্কার-পরিচ্ছন্নতা ও খাদ্যাভ্যাসের সম্পর্ক থাকতে পারে।

হিপোক্র্যাটসের আগে বহু শতাব্দী ধরেই চালু ছিল ভারতীয় আয়ুর্বেদ ব্যবস্থা, আয়ুর্বেদে স্বাস্থ্যকে চারটি তরল: রক্ত, হলুদ পিত্ত, কালো পিত্ত ও শ্লেষ্মার একটা সূক্ষ্ম ভারসাম্য হিসেবে বিবেচনা করা হয় এবং মনে করা হয় এই তরল পদার্থগুলির মধ্যে ভারসাম্যহীনতার কারণেই অসুখ হয়। ভারতীয় চিকিৎসার জনক সুশ্রুতের জটিল অস্ত্রোপচারের কৃতিত্ব রয়েছে, সেইসময়ে পাশ্চাত্যে এই অস্ত্রোপচারের ধারণা একেবারেই অজানা ছিল।

সময়ের সাথে সাথে আধুনিক চিকিৎসাবিজ্ঞান এক জটিল বিজ্ঞানে বিবর্তিত হয়েছে এবং আধুনিক চিকিৎসা কেবলমাত্র আর অসুস্থতার চিকিৎসাতেই থেমে না থেকে বরং তার মধ্যে অন্তর্ভুক্ত হয়েছে রোগ প্রতিরোধ ও জীবনের মানোন্নয়নও। **1948** সালে বিশ্ব স্বাস্থ্য সংস্থা স্বাস্থ্যের যে সংজ্ঞা দিয়েছে সেটাই একটি সর্বজনগ্রাহ্য সংজ্ঞা; এতে বলা হয়েছে, ''স্বাস্থ্য হলো পূর্ণাঙ্গ শারীরিক, মানসিক, ও সামাজিক কল্যাণের একটি পরিস্থিতি এবং তা নিছকই রোগের অনুপস্থিতি নয়।'' এটাই লক্ষ্য করার যে আয়ুর্বেদের মতো ভারতীয় চিকিৎসা ব্যবস্থা প্রাচীন কাল থেকেই স্বাস্থ্যের এই পূর্ণাঙ্গ রূপকেই একত্রীভূত করেছে।

সংজ্ঞা

বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু): স্বাস্থ্য হলো পূর্ণাঙ্গ শারীরিক, মানসিক, ও সামাজিক কল্যাণের একটি পরিস্থিতি এবং তা নিছকই রোগের অনুপস্থিতি নয়।

### স্বাস্থ্যের নির্ধারক

সাধারণভাবে মনে করা হয়ে থাকে নিম্নলিখিত বিষয়গুলিই কোনো স্বতন্ত্র ব্যক্তির স্বাস্থ্য নির্ধারণ করে:

**a) লাইফস্টাইল সংক্রান্ত বিষয়**

লাইফস্টাইল সংক্রান্ত বিষয়গুলির মধ্যে সেগুলিই পড়ে যার বেশিরভাগেরই নিয়ন্ত্রণ থাকে সংশ্লিষ্ট ব্যক্তির হাতে যেমন সীমার মধ্যে ব্যায়াম করা ও খাওয়াদাওয়া, দুশ্চিন্তা দূর করা ও সুস্বাস্থ্যকর বিষয় পছন্দ করা; এবং ধূমপান, মাদক সেবন, অসুরক্ষিত যৌন সম্পর্ক ও শুধু বসে থাকার মতো লাইফস্টাইল (ব্যায়াম ছাড়া)-এর মতো কু-অভ্যাস ও খারাপ লাইফস্টাইল থেকে ক্যান্সার, এইডস, হাইপারটেনশন ও ডায়াবেটিসের মতো রোগের ঝুঁকি থাকে।

এই ধরনের আচরণ নিয়ন্ত্রণ করতে (যেমন মাদক সেবনের জন্য জামিন-অযোগ্য কারাবাসের দণ্ড দিয়ে, তামাকজাত পণ্যে চড়া হারে কর চাপিয়ে) সরকার যদিও গুরুত্বপূর্ণ ভূমিকা নেয়, কিন্তু লাইফস্টাইল সংক্রান্ত বিষয় থেকে আসা রোগগুলি নিয়ন্ত্রণ করে সিদ্ধান্তকারী ভূমিকা পালন করা একজন ব্যক্তিগত দায়িত্বই।

**b) পরিবেশগত বিষয়**

স্বাস্থ্যের জন্য নিরাপদ পানীয় জল, নিকাশী ও পুষ্টি হলো অত্যন্ত গুরুত্বপূর্ণ, এগুলির অভাবে বিশ্বজুড়েই, বিশেষ করে উন্নয়নশীল দেশগুলিতেই স্বাস্থ্য সংক্রান্ত গুরুতর সমস্যা তৈরি হচ্ছে। ইনফ্লুয়েঞ্জা, চিকেন পক্স প্রভৃতির মতো সংক্রামক ব্যাধি ছড়িয়ে পড়ে অপরিষ্কার ও অপরিচ্ছন্নতার কারণে, ম্যালেরিয়া ও ডেঙ্গুর মতো রোগ ছড়ায় খারাপ নিকাশী পরিবেশের জন্য, কিছু রোগের কারণ আবার একেবারের পরিবেশগত বিষয় যেমন, কারখানায় কাজ করেন যে শ্রমিকরা তাঁদের পেশাগত ঝুঁকির কারণে রোগের সম্ভাবনা বেশি থাকে, যেমন অ্যাসবেস্টস তৈরির কারখানায় কর্মরত শ্রমিক। আবারকয়লা খনির শ্রমিকদের থাকে ফুসফুসের রোগ হওয়ার সম্ভাবনা।

**c) জিনগত বিষয়**

জিনের মাধ্যমে বাবা-মা'র থেকে সন্তানদের মধ্যে রোগ চলে যেতে পারে। এই ধরনের জিনগত কারণ থেকে দুনিয়াজুড়ে মানুষের মধ্যে জাতি, ভৌগোলিক অবস্থান ও এমনকি সম্প্রদায়ের ভিত্তিতেও ভিন্ন ভিন্ন রোগের প্রবনতা দেখা যায়।

স্পষ্টতই একটা দেশের সামাজিক ও অর্থনৈতিক সেই দেশের মানুষের স্বাস্থ্যের উপর নির্ভর করে। একটা সুস্থ জনগণ শুধুমাত্র অর্থনৈতিক কার্যকলাপে উৎপাদনশীল শ্রমশক্তিরই যোগান দেয়, তাই নয়, তাছাড়াও ভারতের মতো উন্নয়নশীল দেশের পক্ষে যে সব অতি গুরুত্বপূর্ণ তেমন মূল্যবান সম্পদ বাঁচায়। একটা ব্যক্তিগত স্তরে, অসুস্থ শরীরের কারণ্ রুটিরুজির লোকসান হতে পারে, দৈনন্দিন আবশ্যিক কাজগুলি করতে অসুবিধা হতে পারে এবং মানুষকে দারিদ্র্যের দিকে ঠেলে দেয়, এমনকি আত্মহত্যার দিকেও ঠেলে দেয়।

তাই বিশ্বজুড়েই সরকার তার দেশের মানুষের সুস্থতা ও স্বাস্থ্য পরিষেবায় বেশ কিছু পদক্ষেপ নেয় এবং এটাই নিশ্চিত করে যাতে সমস্ত নাগরিকের কাছে স্বাস্থ্য পরিবারের সুযোগ পৌঁছাতে পারে ও তা নাগালের মধ্যে থাকে।

এতে একটাই প্রশ্ন উঠে আসে যে বিভিন্ন পরিস্থিতির জন্য কি ভিন্ন ভিন্ন ধরনের স্বাস্থ্য পরিষেবার প্রয়োজন।

## B. স্বাস্থ্য পরিষেবার স্তর

স্বাস্থ্য পরিষেবা আর কিছুই নয়, এটা হলো মানুষের স্বাস্থের উন্নতি, তা বজায় রাখা, তাতে নজর দেওয়া বা সেই স্বাস্থ্যের পুনরুদ্ধার করতে সরকার সহ বিভিন্ন এজেন্সি ও প্রদানকারীর দেওয়া একগুচ্ছ পরিষেবা। স্বাস্থ্য পরিষেবাকে কার্যকরী হতে হলে অবশ্যই তা হতে হবে

- মানুষের চাহিদার উপযুক্ত
- সমন্বিত
- পর্যাপ্ত
- সহজলভ্য
- সামর্থ্যের মধ্যে

মানুষের স্বাস্থ্য জনে জনে আলাদা হয়। সব ধরনের স্বাস্থ্য সমস্যার জন্য একই ধরনের পরিকাঠামো বানানো সম্ভবও নয় আবার তার প্রয়োজনও নেই। স্বাস্থ্য পরিচর্যার সুবিধা হওয়া উচিত জনসংখ্যা যে যে রোগগুলি বেশি ঘটছে বা যার সম্ভাবনা বেশি সেই অনুযায়ী। যেমন, এক বছরে একজন মানুষের অনেকবার জ্বর হতে পারে, ঠাণ্ডা লাগতে পারে, সর্দি হতে পারে, ত্বকে অ্যালার্জি হতে পারে, তবে ঠাণ্ডা লাগা বা সর্দি কাশি হওয়ার তুলনায় তাঁর হেপাটাইটিস বি-তে ভোগার সম্ভবান কম।

একইভাবে, ওই একই ব্যক্তির হেপাটাইটিস বি-এর তুলনায় ক্যানসার বা হৃদরোগের মতো জটিল অসুখে ভোগার সম্ভাবনাও কম। তাই যে কোনো জায়গায় তা সে গ্রাম হোক, বা জেলা কিংবা একটা রাজ্য, সেখানে স্বাস্থ্য পরিষেবার সুবিধাগুলি সেই এলাকার বিভিন্ন স্বাস্থ্য পরিষেবা বিষয় যাকে সূচক বলা হয় তার ভিত্তিতে হওয়া উচিত, যেমন:

- ✓ জনসংখ্যার পরিমাণ
- ✓ মৃত্যু হার
- ✓ অসুস্থতার হার
- ✓ অক্ষমতার হার
- ✓ মানুষের সামাজিক ও মানসিক স্বাস্থ্য
- ✓ পরিবেশগত বিষয় যেমন যদি সেই জায়গাটা একটা খনি এলাকা হয় অথবা এক শিল্পাঞ্চল
- ✓ সম্ভাব্য স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারী ব্যবস্থা যেমন হার্টের ডাক্তার হয়তো একটা গ্রামে পাওয়া যাবে না কিন্তু জেলা সদরে থাকতে পারে
- ✓ কতটা স্বাস্থ্য পরিচর্যা ব্যবস্থা ব্যবহৃত হতে পারে
- ✓ আর্থ-সামাজিক বিষয় যেমন সামর্থ্য

উপরের বিষয়গুলির ভিত্তিতে সরকার প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্তরের স্বাস্থ্য পরিচার্যা কেন্দ্র বানানো ও অন্যান্য পদক্ষেপ নেওয়ার সিদ্ধান্ত নেয় যাতে জনগণের কাছে উপযুক্ত স্বাস্থ্য পরিষেবা উপলব্ধ হয় এবং তা সামর্থ্যের মধ্যে থাকে।

## C. *স্বাস্থ্য পরিষেবার ধরন*

স্বাস্থ্য পরিষেবাকে বিস্তৃতভাবে নিম্নরূপে ভাগ করা যায়:

### 1. প্রথম স্বাস্থ্য পরিষেবা

প্রাথমিক স্বাস্থ্য পরিষেবা বলতে সেই পরিষেবাগুলিকে বোঝায় যা ডাক্তার, নার্স ও অন্যান্য ছোট ক্লিনিক দিয়ে থাকে, অসুখ করলে রোগীরা প্রথমে এখানেই যোগাযোগ করেন। এই কারণেই এটাকে প্রথম স্বাস্থ্য পরিষেবা প্রদানকারী বলা হয় কারণ একটা স্বাস্থ্য ব্যবস্থার মধ্যে সমস্ত রোগীর প্রথম যোগাযোগ কেন্দ্র এটাই।

উন্নত দেশে, এই প্রথম স্বাস্থ্য পরিষেবাতেই আরো নজর দেওয়া হয় যাতে স্বাস্থ্য সমস্যাটা আরো ছড়িয়ে পড়া, জটিল হওয়া ও দীর্ঘস্থায়ী বা তীব্র হওয়ার আগেই তা সামাল দেওয়া যায়। প্রথম স্বাস্থ্য পরিচর্যা প্রতিষ্ঠান সুরক্ষামূলক স্বাস্থ্য পরিষেবা, টীকাকরণ, সচেতনতা, মেডিক্যাল পরামর্শ প্রভৃতির উপরও নজর দেয় এবং যখন দরকার পড়ে তখন পরবর্তী পর্যায়ের বিশেষজ্ঞের কাছে রোগীকে পাঠায়।

উদাহরণস্বরূপ, যদি একজন জ্বরের জন্য একজন ডাক্তারের কাছে যান এবং প্রথম রোগনির্ণয়েই ডেঙ্গু জ্বরের ইঙ্গিত থাকে, সেই প্রথম স্বাস্থ্য পরিষেবা প্রদানকারী তাঁকে কিছু ওষুধ প্রেসক্রাইব করবেন তবে বিশেষ চিকিৎসার জন্য সেই রোগীকে একটা হাসপাতালে ভর্তির জন্য পাঠাতেও পারেন। বেশিরভাগ প্রথম পরিচর্যার ক্ষেত্রে চিকিৎসক একজন 'পারিবারিক চিকিৎসকের' মতো কাজ করেন, যাঁর কাছে ছোটখাটো যে কোনো অসুখবিসুখের জন্য পরিবারের সকলেই গিয়ে থাকেন।

এই পদ্ধতিটি চিকিৎসককে জিনগত বিষয়ের ভিত্তিতে উপসর্গের জন্য পরামর্শ দিতেও সাহায্য করে এবং তাঁকে উপযুক্ত মেডিক্যাল পরামর্শ দিতে সুবিধা করে দেয়। উদাহরণস্বরূপ, বাবা-মা'র ডায়াবেটিস থাকলে চিকিৎসক একজন রোগীকে অল্প বয়স থেকেই যতটা সম্ভব ডায়াবেটিস এড়ানোর মত লাইফস্টাইলের প্রতি নজর দিতে বলবেন।

একটা দেশের স্তরে, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা কেন্দ্র সরকারী ও বেসরকারী কেউ বানিয়ে থাকে। সরকারী প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা কেন্দ্র তৈরি হয় জনসংখ্যার ভিত্তিতে এবং কোনো না কোনো আকারে তা গ্রাম স্তর পর্জন্ত থাকে।

### 2. দ্বিতীয় স্বাস্থ্য পরিষেবা

দ্বিতীয় স্বাস্থ্য পরিষেবা বলতে বোঝায় কোনো মেডিক্যাল বিশেষজ্ঞ বা অন্য কোনো স্বাস্থ্য পেশাজীবীর দেওয়া স্বাস্থ্য পরিষেবা যাঁর সাধারণত রোগীর সঙ্গে প্রথম সাক্ষাৎ নয়। এর মধ্যে একটা গুরুতর অসুখের জন্য একটা স্বল্প সময়ের জন্য তীক্ষ্ণ চিকিৎসার প্রয়োজনীয়তাও রয়েছে, প্রায়শই (তবে অপরিহার্য নয়) ইন-পেশেন্ট হিসেবে থাকতে হয়, এর মধ্যে ইন্টেন্সিভ কেয়ার সার্ভিস, অ্যাম্বুলেন্সের সুবিধা, প্যাথলজি, ডায়াগনোসিস ও অন্যান্য মেডিক্যাল পরিষেবা অন্তর্ভুক্ত।

বেশিরভাগ সময়েই প্রথম স্বাস্থ্য পরিষেবা প্রদানকারী / প্রাথমিক চিকিৎসকই দ্বিতীয় পরিচার্যাকারীর কাছে রোগীকে পাঠান। কিছু ক্ষেত্রে এই দ্বিতীয় পরিচার্যাকারী সমন্বিত পরিষেবা দেওয়ার জন্য একটা 'ইন-হাউস' প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা কেন্দ্র চালিয়ে থাকেন।

বেশিরভাগ ক্ষেত্রেই, জনসংখ্যার মাপ অনুসারে দ্বিতীয় পরিচার্যাকারী তালুক / ব্লক স্তরে হাজির থাকে।

### 3. তৃতীয় স্বাস্থ্য পরিষেবা

তৃতীয় স্বাস্থ্য পরিষেবা হলো বিশেষ পরামর্শমূলক স্বাস্থ্য পরিষেবা, সাধারণত এটা হলো ইনপেশেন্টদের জন্য এবং প্রথম বা দ্বিতীয় পরিচর্যাকারীদের পাঠানো রোগীদের জন্য। তৃতীয় স্বাস্থ্য পরিষেবা প্রদানকারীরা থাকে মূলত রাজ্য রাজধানী ও কিছু জেলা সদরে।

তৃতীয় স্বাস্থ্য পরিষেবা প্রদানকারীর উদাহরণ হলো যাঁদের কাছে দ্বিতীয় স্বাস্থ্য পরিষেবা প্রদানকারীর সুযোগের থেকেও উন্নত মেডিক্যাল সুবিধা ও মেডিক্যাল পেশাজীবী রয়েছে। যেমন অঙ্কোলজি (ক্যানসারের চিকিৎসা), অঙ্গ প্রতিস্থাপনের সুবিধা, অতি ঝুঁকির প্রসবের জন্য বিশেষজ্ঞ প্রভৃতি।

এটা লক্ষ্য করতে হবে যে পরিচর্যার স্তর বেড়ে যাওয়ার ফলে পরিচর্যার সঙ্গে জড়িত খরচও বেড়ে যায়। মানুষ যেখানে প্রথম পরিচর্যার জন্য আপেক্ষিকভাবে সহজেই খরচ বহন করতে পারেন, দ্বিতীয় পর্যায়ে গেলে সেই খরচ বহন তাঁদের পক্ষে কষ্টের হয় এবং যখন সেটা তৃতীয় পর্যায়ে আসে সেই খরচ বহন আরও বেশি কঠিন হয়ে পড়ে। এক দেশ থেকে আরেক দেশ, গ্রাম থেকে শহরে পরিচর্যার বিভিন্ন স্তরের জন্য পরিকাঠামোও ভিন্ন ভিন্ন হয়, সেখানে এর উপর আর্থ-সামাজিক প্রভাবও কাজ করে।

## D. *ভারতের স্বাস্থ্য ব্যবস্থায় প্রভাবকারী বিষয়গুলি*

ভারতীয় স্বাস্থ্য ব্যবস্থা বহু সমস্যা ও চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছে এবং লাগাতার সেই সমস্যা চলেছে। এগুলি স্বাস্থ্য পরিষেবা ব্যবস্থার চৌহদ্দি ও প্রকৃতিতে প্রভাবিত করেছে এবং ব্যক্তিগত স্তর ও কাঠামোগত স্তরে স্বাস্থ্য পরিষেবা সংস্থার চাহিদাতেও প্রভাব ফেলেছে। নিচে এগুলি নিয়েই আলোচনা করা হলো:

**1. ডেমোগ্রাফিক বা জনসংখ্যা সম্পর্কিত প্রবনতা**

a) বিশ্বে দ্বিতীয় বৃহত্তম জনসংখ্যার দেশ হলো ভারত।

b) এটা আমাদের জনসংখ্যার বৃদ্ধির সঙ্গে সম্পর্কিত সমস্যার মুখোমুখি দাঁড় করিয়েছে।

c) দারিদ্র্যের স্তরও চিকিৎসার জন্য মানুষের খরচ করার ক্ষমতায় প্রভাব ফেলেছে।

**2. সামাজিক প্রবনতা**

a) নগরায়ন বৃদ্ধি বা গ্রাম থেকে মানুষ শহর এলাকায় চলে আসায় স্বাস্থ্য পরিষেবা দেওয়ার ক্ষেত্রে চ্যালেঞ্জ হিসেবে দেখা দিয়েছে।

b) মূলত চিকিৎসার সুবিধার অভাবের পাশপাশি তার জন্য সাধ্যের অভাবের কারণে গ্রামীণ এলাকায় স্বাস্থ্য একটা সমস্যা।

c) আরো বসে থাকার মতো লাইফস্টাইলের দিকে চলে যাওয়ায় নিজেদের ব্যায়ামের চাহিদা কমে গিয়ে ডায়াবেটিস ও উচ্চ রক্ত চাপের মতো নতুন ধরনের রোগের প্রবনতা বেড়ে চলেছে।

**3. আয়ু**

a) আয়ু বলতে বোঝায় আজকে যে শিশু জন্মাচ্ছে তার কত বছর বেঁচে থাকার আশা রয়েছে, সেটাই।

b) স্বাধীনতার সময় এই আয়ু ছিল 30বছর, এখন সেটাই বেড়ে হয়েছে 60বছর, তবে দীর্ঘ আয়ুর  গুণমান সম্পর্কিত বিষয়গুলিতে নজর দেওয়া হয়নি।

c) এটাই 'সুস্থ আয়ু'র একটা নতুন ধারণ নিয়ে এসেছে।

d) এর জন্য প্রয়োজন 'বয়স্ক' (বৃদ্ধ বয়স সম্পর্কিত) অসুখের জন্য পরিকাঠামো তৈরি।

## E. স্বাস্থ্য পরিষেবা-স্বাধীনতার সময় থেকে অগ্রগতি

স্বাস্থ্য পরিষেবার নীতি সংক্রান্ত সিদ্ধান্ত নেওয়ার ব্যস্ততার মধ্যেও সরকার স্বাস্থ্য বীমা প্রকল্প নিয়ে এসেছে। কেবলমাত্র তারপরই বীমা কোম্পানিগুলি তাদের নিজস্ব স্বাস্থ্য বীমা পলিসি নিয়ে এসেছে। এখানে ব্যাখ্যা করা হলো ভারতে কীভাবে স্বাস্থ্য বীমার বিকাশ ঘটেছে:

### a) এমপ্লয়িজ স্টেট ইনসুরেন্স স্কিম

ভারতে আনুষ্ঠানিকভাবে স্বাস্থ্য বীমা চালু হয়েছিল এমপ্লয়িজ স্টেট ইনসুরেন্স স্কিম শুরুর মাধ্যমে, 1947-এ দেশ স্বাধীন হওয়ার পরপরই ইএসআই অ্যাক্ট 1948 চালু হয়ে। এই প্রকল্পটির প্রচলন হয়েছিল সংগঠিত বেসরকারী ক্ষেত্রে কর্মরত শ্রমিকদের জন্য এবং নিজস্ব ডিস্পেন্সরি ও হাসপাতালে একটা নেটওয়ার্কের মাধ্যমে সর্বাঙ্গীণ স্বাস্থ্য পরিষেবার যোগান দিয়ে।

ইএসআইসি (এমপ্লয়িজ স্টেট ইনসুরেন্স কর্পোরেশন) হলো রুপায়নকারী সংস্থা যারা নিজেদের হাসপাতাল ও ডিস্পেন্সরি চালায় এবং যেখানে নিজস্ব ব্যবস্থা পর্যাপ্ত নয় সেখানে সরকারী/বেসরকারী পরিষেবা প্রদানকারীর সঙ্গে বন্দোবস্তও করে রাখে।

15,000 টাকা পর্যন্ত উপার্জন এমন সমস্ত শ্রমিকই এই সাহায্যকারী প্রকল্পের আওতায় পড়েন যেখানে কর্মচারী ও নিয়োগকর্তা বেতনের উপর যথাক্রমে 1.75% ও 4.75% দিয়ে থাকে; মেডিক্যাল খরচের 12.5% দেয় রাজ্য সরকার।

এর মধ্যে অন্তর্ভুক্ত সুবিধাগুলি হলো:

a) ইএসআইএস কেন্দ্রে নিখরচায় সর্বাঙ্গীন স্বাস্থ্য পরিষেবা

b) মাতৃত্বকালীন সুবিধা

c) বিকলাঙ্গতা জনিত সুবিধা

d) অসুস্থতা ও সন্তান জন্মের জন্য মজুরির লোকসান পোষাতে নগদ ক্ষতিপূরণ

e) কর্মীর মৃত্যুর ক্ষেত্রে শেষকৃত্যের খরচ।

এর সঙ্গে অতিরিক্ত হিসেবে জুড়ে যায় স্বীকৃত মেডিক্যাল অ্যাটেন্ডেন্ট ও বেসরকারী হাসপাতাল থেকে নেওয়া পরিষেবাও। 2012-র মার্চ পর্যন্ত ইএসআইএস 6 কোটি 55লক্ষেরও বেশি সুবিধাভোগীকে সুবিধা দিয়েছে।

### b) সেন্ট্রাল গভর্নমেন্ট হেল্থ স্কিম

ইএসআইএস-এর পরই আসে সেন্ট্রাল গভর্নমেন্ট হেল্থ স্কিম (সিজিএইচএস), অবসরপ্রাপ্ত ও পরিবারের সদস্য সহ সরকারী কাজে কর্মরত কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের জন্য এটি চালু হয় 1954সালে। এর উদ্দেশ্য ছিল কর্মচারী ও তাঁদের পরিবারকে সমন্বিত চিকিৎসা পরিষেবা দেওয়া এবং এর আংশিক খরচ কর্মচারীরা নিজেই বহন করেন তবে অধিকাংশটাই করে নিয়োগকর্তা (কেন্দ্রীয় সরকার)।

সিজিএইচএস-এর নিজস্ব ডিস্পেন্সরি, পলিক্লিনিক ও প্যানেলভুক্ত বেসরকারী হাসপাতালের মাধ্যমে এই পরিষেবা দেওয়া হয়ে থাকে।

এতে কভার করা হয় সব ধরনের ওষুধ, অ্যালোপ্যাথি ব্যবস্থায় ইমার্জেন্সি পরিষেবা, বিনে পয়সার ওষুধ, প্যাথোলজি ও রেডিওলজি, সঙ্কটজনক রোগীর বাড়িতে গিয়ে রোগী পরীক্ষা, বিশেষজ্ঞের পরামর্শ প্রভৃতি।

করমচারীর অবদান একেবারে নামমাত্র, যা বেতন কাঠামোর সঙ্গে যুক্ত- প্রতি মাসে 15 থেকে 150টাকার মধ্যে।

2010 সালে সিজিএইচএস-এর সদস্য সংখ্য ছিল 8লক্ষ পরিবারেরও বেশি, মোট সুবিধাভোগী[1]-র সংখ্যা ছিল 30লক্ষেরও বেশি।

**c) বাণিজ্যিক স্বাস্থ্য বীমা**

বীমা শিল্পের রাষ্ট্রীয়করণের পরে ও আগেও কিছু নন-লাইফ বীমাকারী বাণিজ্যিক স্বাস্থ্য বীমা দিত। তবে শুরুতে এটা বীমাকারীর পক্ষে বেশিরভাগই লোকসানের ছিল, তাদের বড় বড় কর্পোরেট ক্লায়েন্ট পাওয়ার সম্ভাবনা খুবই সীমিত ছিল।

1986-সালেই ভারতীয় বাজারে ব্যক্তি ও তার পরিবারের জন্য প্রথম মনোপযোগী স্বাস্থ্য বীমা পণ্যটি চালু করে রাষ্ট্রীয় চার নন-লাইফ বীমা কোম্পানিই (এগুলি তখন জেনারেল ইনস্যুরেন্স কর্পোরেশন অব ইন্ডিয়ার সহায়ক সংস্থা ছিল) **মেডিক্লেইম** নামের এই পণ্যটি আনা হয়েছিল বার্ষিক একটা নির্দিষ্ট পরিমাণের হাসাপাতাল খরচ পরিশোধের জন্য, এতে সন্তান প্রসব, আগে থেকে থাকা রোগ প্রভৃতির মতো নির্দিষ্ট কিছু ব্যতিক্রম থাকতো।

তবে, বারংবার পুনর্বিবেচনার পর হাসপাতালে ভর্তি ক্ষতিপূরণ ভিত্তিক বার্ষিক চুক্তিই আজকেও ভারতে বেসরকারী স্বাস্থ্য বীমার সবচেয়ে জনপ্রিয় আকার, এখনও মেডিক্লেইমের বর্তমান সংস্করণই এগিয়ে রয়েছে। এই পণ্যটি এতই জনপ্রিয় যে বেসরকারী স্বাস্থ্য বীমা পণ্যগুলিকেও প্রায় সময়েই বেশিরভাগ লোক 'মেডিক্লেইম কভার' বলে ভুল করে থাকে, যদিও বীমাকারীর এই পণ্যের অন্য নাম থাকে।

2001সালে বীমাক্ষেত্রে বেসরকারী ক্ষেত্র এসেছে, স্বাস্থ্য বীমার অতিদ্রুত গতিতে বিকাশ হয়েছে তবে আজও একটা বিশাল চাহিদা বজায় রয়ে গেছে। কভারের ক্ষেত্রে যথেষ্ট বৈচিত্র্য, ব্যতিক্রম ও নতুন নতুন অ্যাড-অন কভার চালু হয়েছে, যেগুলি নিয়ে পরবর্তী অধ্যায়ে আলোচনা করা হবে।

ভারতীয় বাজারে আজ 300-রও বেশি স্বাস্থ্য বীমা পণ্য উপলব্ধ রয়েছে।

## F. স্বাস্থ্য বীমার বাজার

আজকের স্বাস্থ্য বীমা বাজারে অসংখ্য পক্ষ রয়েছে যাদের কেউ স্বাস্থ্য পরিষেবার সুযোগ দিয়ে থাকে এদের বলা হয় পরিষেবা দাতা, অন্যরা বীমা পরিষেবা দেয় আবার বিভিন্ন মধ্যস্থতাকারীও রয়েছে। কেউ যেমন মৌলিক পরিকাঠামো তৈরি করে আবার অন্যরা সহায়তা সুবিধা প্রদান করে। এধের কেউ সরকারী ক্ষেত্রে রয়েছে, আবার অন্যরা রয়েছে বেসরকারী ক্ষেত্রে। নিচে এগুলিরই বিস্তারিত বর্ণনা দেওয়া হলো :

**A. পরিকাঠামো :**

**1. জনস্বাস্থ্য ক্ষেত্র**

জনস্বাস্থ্য ব্যবস্থা কাজ করে জাতীয়, রাজ্য, জেলা স্তরে ও খানিকটা পর্যন্ত গ্রাম স্তরেও। গ্রামে যেখানে জাতীয় স্বাস্থ্য নীতি রূপায়ন করতে হয় সেখানে কাজ করে এই ব্যবস্থা। গ্রাম সমাজ এবং সরকারী পরিকাঠামোর মধ্যে যোগসূত্র হিসেবে কাজ করে কমিউনিটি স্বেচ্ছাসেবকরা। এগুলির মধ্যে রয়েছেন:

a) **অঙ্গনওয়াড়ি কর্মী** (1000জনসংখ্যা পিছু 1জন), এঁরা মানব সম্পদ উন্নয়ন মন্ত্রকের সুসংহত শিশু বিকাশ পরিষেবা প্রকল্প (আইসিডিএস) ও পুষ্টি সম্পূরক কর্মসূচীর অধীনে নথিভুক্ত হন।

b) **প্রশিক্ষিত ধাই (টিবিএ)** এবং **গ্রাম স্বাস্থ্য গাইড** (রাজ্যগুলির স্বাস্থ্য বিভাগের আগের প্রকল্প)

c) **আশা (**অ্যাক্রিডিটেড সোসাল হেল্থ অ্যাক্টিভিস্ট) স্বেচ্ছসেবক, এনআরএইচএম (জাতীয় গ্রামীণ স্বাস্থ্য মিশন) কর্মসূচীর অধীনে কমিউনিটিই এই আশা কর্মীদের বাছাই করে। গ্রাম-স্তরে নতুন, স্বেচ্ছা স্বাস্থ্য কর্মীকে প্রশিক্ষণ দিয়ে গ্রামীণ এলাকায় স্বাস্থ্য ক্ষেত্রের সঙ্গে যুক্ত করানো হয়।

**সাব-সেন্টারগুলি** তৈরি করা হয়েছে প্রতি 5000জনসংখ্যা পিছু একটি করে (পার্বত্য এলাকা, আদিবাসী ও অনগ্রসর এলাকায় 3000জনসংখ্যা পিছু) এবং সেখানে একজন মহিলা স্বাস্থ্য কর্মী ও একজন পুরুষ স্বাস্থ্য কর্মী থাকেন, মহিলা স্বাস্থ্য কর্মীদের অক্সিলিয়ারি নার্স মিড-ওয়াইফ (এএনএম) বলা হয়ে থাকে।

**প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র,** 30000 জনসংখ্যা পিছু, অন্তত ছটা সাব-সেন্টারের রেফারেল ইউনিট হিসেবে এগুলি কাজ করে (পার্বত্য এলাকা, আদিবাসী ও অনগ্রসর এলাকায় 20000জনসংখ্যা পিছু)। সমস্ত পিএইচসি-তে আউটপেশেন্ট পরিষেবা দেওয়া হয়ে থাকে, এবং এগুলির বেশিরভাগেরই চার থেকে ছটি ইন-পেশেন্ট বেড থাকে। এখানে কর্মীদের মধ্য একজন মেডিক্যাল অফিসার ও 14জন প্যারা-মেডিক্যাল কর্মী থাকেন (যার মধ্যে রয়েছে একজন পুরুষ ও একজন মহিলা স্বাস্থ্য সহায়ক, একজন নার্স-মিডওয়াইফ, একজন ল্যাবোরেটরি টেকনিসিয়ান, একজন ফার্মাসিস্ট ও অন্যান্য সহায়ক কর্মী)।

**কমিউনিটি হেল্থ সেন্টার** হলো চারটি পিএইচসি-র প্রথম রেফারেল ইউনিট ও এখান থেকে বিশেষজ্ঞ পরিচর্যাও দেওয়া হয়ে থাকে। নিয়ম অনুযায়ী (প্রতি 1লক্ষ জনসংখ্যার জন্য) প্রত্যেক সিএইচসি-তে অন্তত 30টা বেড থাকতে হয়, একটা অপারেশন থিয়েটার, এক্স-রে মেশিন, লেবার

রুম ও ল্যাবোরেটরির সুবিধা থাকা উচিত এবং সেখানে অন্তত চারজন বিশেষজ্ঞ থাকা জরুরী যেমম, একজন সার্জন, একজন ফিজিশিয়ান, একজন গায়নোকলজিস্ট ও একজন শিশুরোগ বিশেষজ্ঞ, এদের সহায়তা করতে 21জন প্যারা-মেডিক্যাল ও অন্যন্য কর্মী থাকতে হবে।

**গ্রামীণ হাসপাতালও** তৈরি করা হয়েছে এবং এগুলির মধ্যে রয়েছে সাব-ডিস্ট্রিক্ট হাসপাতাল যাদের বলা হয় সাব-ডিভিশনাল / তালুক হাসপাতাল / স্পেশালিটি হাসপাতাল (মোটামুটি গোটা দেশে এমন হাসপাতালের সংখ্যা প্রায় 2000),

**স্পেশালিটি অ্যান্ড টিচিং হসপিটালের** সংখ্যা কম এবং এতে রয়েছে মেডিক্যাল কলেজ (বর্তমানে সংখ্যায় প্রায় 300) এবং অন্যান্য তৃতীয় পর্যায়ের রেফারেল সেন্টার। এগুলির বেশিরভাগই থাকে জেলা সদর ও শহর এলাকায় তবে এদের কয়েকটি অতি উচ্চ বিশেষজ্ঞ ও উন্নত মেডিক্যাল পরিষেবা দিয়ে থাকে।

সরকারের **অন্যান্য সংস্থা,** যেমন রেল, প্রতিরক্ষা ও একইরকমের বড় ডিপার্টমেন্ট (বন্দর/খনি প্রভৃতি) হাসপাতাল ও ডিস্পেন্সারিও স্বাস্থ্য পরিষেবা দেওয়ার ক্ষেত্রে বড় ভূমিকা পালন করে। যদিও এগুলির পরিষেবা সীমাবদ্ধ থাকে সংশ্লিষ্ট সংস্থার কর্মচারী ও তাঁদের উপর নির্ভরশীলদের মধ্যেই।

### 2. বেসরকারী পরিষেবা দাতা

ভারতে একটা বিশাল বড় বেসরকারী স্বাস্থ্য ক্ষেত্র রয়েছে, যারা তিন ধরনের স্বাস্থ্য পরিষেবাই জুগিয়ে থাকে- তৃতীয় পর্যায়ের পাশপাশি প্রথম, দ্বিতীয় পর্যায়ও।এগুলির মধ্যে রয়েছে স্বেচ্ছসেবী থেকে শুরু করে নট-ফর-প্রফিট সংস্থা ও ব্যাক্তি থেকে মুনাফার জন্য কর্পোরেট, ট্রাস্ট, সোলো প্র্যাক্টিশনার, স্বতন্ত্র বিশেষজ্ঞ পরিষেবা, ডায়াগনোস্টিক ল্যাবোরেটরি, ফার্মাসির দোকান ও স্বীকৃতিবিহীন পরিষেবাদাতা (কোয়াক ডাক্তার)। ভারতে প্রায় 77% অ্যালোপ্যাথিক (এমবিবিএস ও তার বেশি ডিগ্রিধারী) চিকিৎসক বেসরকারী ক্ষেত্রে প্র্যাক্টিস করছেন। ভারতে স্বাস্থ্য খাতে মোট যা ব্যয় হয় তার 75%-রও বেশি হলো বেসরকারী স্বাস্থ্য ব্যয়। সর্বভারতীয় স্তরে[2] সমস্ত আউটপেশেন্টের 82% এবং হাসপাতালে ভর্তি 52%-ই রয়েছে বেসরকারী ক্ষেত্রের দখলে।

ভারতেই সবচেয়ে বেশি সংখ্যক অন্যান্য মেডিসিন ব্যবস্থা (আয়ুর্বেদ / সিদ্ধা / ইউনানি / হোমিওপ্যাথি)-র স্বীকৃত প্র্যাক্টিশনার রয়েছেন, যার সংখ্যা 7লক্ষেরও বেশি। এগুলি বেসরকারী ক্ষেত্রের পাশাপাশি সরকারী ক্ষেত্রে দেখা যায়।

স্বাস্থ্য পরিষেবার লাভের জন্য আসা বেসরকারী পরিষেবা দাতা ছাড়াও এনজিও এ স্বেচ্ছাসেবী ক্ষেত্রে সমাজকে স্বাস্থ্য পরিচর্যা পরিষেবা যোগাতে যুক্ত রয়েছে।

অনুমান করা যায় 7000-এরও বেশি স্বেচ্ছাসেবী সংস্থা স্বাস্থ্য সম্পর্কিত কার্যকলাপে যুক্ত রয়েছে। বড় সংখ্যার দ্বিতীয় ও তৃতীয় পর্যায়ের হাসপাতালও নন-প্রফিট সোসাইটি অথবা ট্রাস্ট হিসেবে নথিবদ্ধ রয়েছে এবং বীমাকৃত ব্যক্তিকে ইনপেশেন্ট পরিষেবা দিয়ে উল্লেখযোগ্য অবদান রাখে।

### 3. ফার্মাসিউটিক্যাল শিল্প

এবার আসা যাক ওষুধ ও স্বাস্থ্য সম্পর্কিত পণ্যের প্রদানকারীর বিষয়ে, ভারতে এক বিশাল ফার্মাসিউটিক্যাল শিল্প রয়েছে, 1950-এর 10কোটি টাকার সেই শিল্প আজ বেড়ে 55,000কোটি টাকার ব্যবসায় (রপ্তানি সহ) দাঁড়িয়েছে। এতে প্রায় 50লক্ষ মানুষেত কর্মসংস্থান জুড়ে রয়েছে এবং দেশে 6000-রও বেশি কারখানায় ওষুধ উৎপাদন হয়।

ফার্মা ক্ষেত্রটি যেহেতু রাসায়নিক মন্ত্রকের অধীন, কেন্দ্রীয় স্তরে তাই এই শিল্পে মূল্য নিয়ন্ত্রক হলো **ন্যাশনাল ফার্মাসিউটিক্যালস প্রাইসিং অথরিটি (এনপিপিএ)।** ওষুধের মধ্যে একটা সামান্য সংখ্যক (500বা তার বেশি ওষুধের মধ্যে 76) ওষুধের দাম নিয়ন্ত্রণে রয়েছে, বাকি ওষুধগুলির দাম ও উৎপাদন সেখানে ফ্রি-প্রাইসিং ব্যবস্থার অধীনে রয়েছে, তবে মূল্য নিয়ন্ত্রক এর ওপর সতর্ক নজর রাখে। রাজ্যের ড্রাগ কন্ট্রোলার একটা ফিল্ড বাহিনী সামলান, যাঁদের দিয়ে সংশ্লিষ্ট অঞ্চলে ওষুধের গুণমান ও দামের উপর নজরদারি করা হয়।

**B. বীমা দাতা :**

**বীমা কোম্পানিগুলি** বিশেষ করে সাধারণ বীমা ক্ষেত্র বড় মাপের স্বাস্থ্য বীমা পরিষেবার জোগান দেয়। আগেই এগুলির তালিকা দেওবা হয়েছে। সবচেয়ে উৎসাহব্যঞ্জক হলো স্বতন্ত্র স্বাস্থ্য বীমা কোম্পানির উপস্থিতি - আজ পর্যন্ত তেমন পাঁচটি সংস্থা রয়েছে- স্বাস্থ্য বীমা দাতা নেটওয়ার্ক বাড়াতে আগামী দিনে আরো কিছু আসছে।

**C. মধ্যস্থতাকারী :**

বীমা শিল্পের অংশ হিসেবে পরিষেবা দিচ্ছে এমন বহু মানুষ ও সংগঠনও স্বাস্থ্য বীমা বাজারের অংশ। এই ধরনের সমস্ত মধ্যস্থতাকারীই আইআরডিএ-র মাধ্যমে পরিচালিত হয়। এগুলির মধ্যে রয়েছে:

1. **ইনসুরেন্স ব্রোকার** এরা কোনো ব্যক্তি হতে পারেন অথবা করপোরেট সংস্থা। এই ব্রোকাররা স্বাধীনভাবে বীমা কোম্পানির কাজ করেন। তাঁরা সেই মানুষের কাছে প্রতিনিধি হয়ে যান যাঁরা বীমা চান এবং সম্ভাব্য সবচেয়ে ভালো প্রিমিয়ামের হারে সম্ভাব্য সবচেয়ে ভালো বীমা কভার সম্পর্কে এই ব্রোকাররাই তাঁদের বীমা কোম্পানির সঙ্গে যোগযোগ করিয়ে দেন। ক্ষতির সময় তাঁরা বীমাকৃত ব্যক্তিকে সহায়তা করে এবং বীমা ক্লেইম করিয়ে দেন। ব্রোকাররা এই ধরনের ব্যবসার কারবার করে এমন যে কোনো বীমা কোম্পানির সঙ্গেই বীমা ব্যবসা করতে পারেন। বীমা কমিশন হিসেবে বীমা কোম্পানিগুলি তাঁদের পুরস্কৃত করে।
2. **বীমা এজেন্টরা** সাধারণত কোনো ব্যক্তিই হন তবে কেউ কেউ কর্পোরেট এজেন্টও হতে পারেন। ব্রোকারদের মতো এজেন্টরা যে কোনো বীমা কোম্পানির বীমা নিয়ে কাজ করতে পারেন না তবে কেবলমাত্র সেই কোম্পানির হয়েই তাঁরা কাজ করতে পারেন যারা তাঁর এজেন্সি মঞ্জুর করেছেন। বর্তমান বিধি অনুযায়ী, একজন এজেন্ট শুধুমাত্র একটি সাধারণ বীমা কোম্পানি ও একটি জীবন বীমা কোম্পানির হয়েই কাজ করতে পারেন। তাঁদেরও বীমা কোম্পানিগুলি বীমা কমিশনের মাধ্যমে পারিশ্রমিক দেয়।
3. **থার্ড পার্টি অ্যাডমিনিস্ট্রেটর** হলো একটা নতুন ধরনের পরিষেবা প্রদানকারী, 2001 সাল থেকে এরা এই ব্যবসায় এসেছে। এদের বীমা বিক্রির অনুমোদন নেই তবে বীমা কোম্পানিগুলিকে এরা প্রশাসনিক পরিষেবা দিয়ে থাকে। একবার একটা বীমা পলিসি বিক্রি হয়ে গেলে বীমাকৃত ব্যক্তির বিস্তারিত বিবরণ নিযুক্ত একটি টিপিএ-র সঙ্গে শেয়ার করা হয় যারা তারপর ডেটাবেস তৈরি করে এবং বীমাকৃত ব্যক্তিকে হেল্থ কার্ড ইস্যু করে। এই হেল্থ কার্ড বীমাকৃত ব্যক্তিকে হাসপাতাল ও ক্লিনিকে ক্যাশলেস মেডিক্যাল ফেসিলিটি (তৎক্ষণাৎ নগদ টাকা না দিয়ে চিকিৎসা) পেতে সক্ষম করে। বীমাকৃত ব্যক্তি যদি ক্যাশলেস মেডিক্যাল ফেসিলিটি না ব্যবহার করেন, তাহলে তিনি বিল অনুযায়ী টাকা দেবেন এবং নিযুক্ত টিপিএ-র কাছ থেকে সেই টাকা পরিশোধ

চাইবেন। বীমা কোম্পানিগুলি তাদের সংশ্লিষ্ট ক্লেইমের জন্য টিপিএ-কে অর্থ দেয় এবং টিপিএ-গুলিকে ওই বীমা কোম্পানিই পারিশ্রমিক হিসেবে প্রিমিয়ামের একটা শতাংশ দিয়ে থাকে।

4. আইআরডিএ বিধি দ্বারা নিয়ন্ত্রিত একেবারেই নতুন ধরনের পরিষেবা প্রদানকারীর অন্যতম হলো ইনসুরেন্স ওয়েব এগ্রিগেটর বা বীমা ওয়েব সংযোগকারী। সম্ভাব্য ক্রেতার মুখোমুখি না হয়েই তাদের ওয়েবসাইট এবং/অথবা টেলিমার্কেটিংয়ের মাধ্যমে বীমাকারীর সঙ্গে চুক্তিবদ্ধ এই সংযোগকারী দূরনিয়ন্ত্রিত বিপণন বা ডিস্টেন্স মার্কেটিংয়ের মাধ্যমে বীমা ব্যবসার জন্য আবেদন করেন এবং বীমা নেওয়ার জন্য সম্ভাব্য ক্রেতার মধ্যে আগ্রহ তৈরি করে। এগুলি তুলনার জন্য সেই ধরনের বীমা কোম্পানিগুলির পণ্যগুলি তুলে ধরে। অনলাইন পোর্টালের মাধ্যমে প্রিমিয়াম সংগ্রহ, প্রিমিয়াম দেওয়ার সময় মনে করিয়ে দেওয়া এবং পলিসি সংক্রান্ত বিভিন্ন ধরনের পরিষেবার মতো বীমাকারীর জন্য টেলিমার্কেটিং ও আউটসোর্সিংয়ের কাজ করার জন্য এরা আইআরডিএআই-র অনুমোদন চাইতে পারে। তাদের দেওয়া আউটসোর্সিংয়ের কাজের পাশাপাশি যত সংখ্যক লিডকে তারা ব্যবসায় পরিণত করতে পারে এবং বীমা পণ্যের প্রদর্শনের ভিত্তিতে বীমা কোম্পানিগুলি এদের পারিশ্রমিক দিয়ে থাকে।

5. বীমা বিপণন সংস্থাগুলি হলো আইআরডিএআই দ্বারা পরিচালিত মধ্যস্থতাকারীর সাম্প্রতিকতম উদাহরণ। এই ধরনের পণ্যের বিপণন, বিতরণ ও পরিষেবা দেওয়ার লাইসেন্সপ্রাপ্ত নিযুক্ত ব্যক্তিদের মাধ্যমে এরা নিম্নলিখিত কাজগুলি করতে পারে :

বীমা বিক্রয় কার্যকলাপ: কর্তৃপক্ষকে অবগত করে যে কোনো সময়ে দুটি জীবন, দুটি সাধারণ এবং দুটি স্বাস্থ্য বীমা কোম্পানির বীমাপণ্য ইনসুরেন্স সেলস পার্সন (আইএসপি)-কে দিয়ে বিক্রি করা। সাধারণ বীমার ক্ষেত্রে, আইএমএফ কেবলমাত্র খুচরো লাইনে বীমা পণ্যের আবেদন ও সংগ্রহ করার অনুমোদন পেয়েছে, তা করতে হয় প্রদত্ত ফাইল অ্যান্ড ইউজ গাইডলাইন অনুযায়ী যেমন মোটর, স্বাস্থ্য, ব্যক্তিগত দুর্ঘটনা, পরিবার, দোকানদার ও সময়ে সময়ে কর্তৃপক্ষের অনুমোদিত অন্য বীমা পণ্য। বীমা কোম্পানীর সঙ্গে লিখিত অঙ্গীকারের কোন রকম পরিবর্তন করা যেতে পারে কেবলমাত্র কর্তৃপক্ষের আগাম অনুমোদনের ভিত্তিতে এবং বর্তমান পলিসিহোল্ডারকে পরিষেবা দেওয়ার উপযুক্ত ব্যবস্থার মাধ্যমেই।

বীমা পরিষেবা কার্যকলাপ: এই পরিষেবা কার্যকলাপগুলি হবে কেবলমাত্র সেই বীমা কোম্পানির জন্য যার সঙ্গে বীমা পণ্যের অনুরোধ ও সংগ্রহের একটা চুক্তি থাকবে এবং নিম্নোক্তভাবে এক এক করে নামোল্লেখ করা থাকবে:

a. বীমা কোম্পানির ব্যাক অফিসের কাজের দায়িত্ব নিয়ে, যেগুলি কর্তৃপক্ষের ইস্যু করা বীমা কোম্পানির আউটসোর্সিং কার্যকলাপ সম্পর্কে নির্দেশিকায় অনুমোদিত;

b. ইনসুরেন্স রিপোজিটারির অনুমোদিত ব্যক্তি হয়ে;

c. লাইসেন্সপ্রাপ্ত সার্ভেয়ার বা সমীক্ষক ও লোকসান মূল্যায়নকারীর ভূমিকা কাজে লাগিয়ে সমীক্ষা ও লোকসান মূল্যায়নের দায়িত্ব নেওয়া ;

d. সময়ে সময়ে কর্তৃপক্ষের অনুমোদিত বীমা সংক্রান্ত অন্যান্য কার্যকলাপ।

**আর্থিক পণ্য বিতরণ :** ফিনান্সিয়াল সার্ভিস এক্সিকিউটিভ (এফএসই)=কে দিয়ে বিতরণ করতে, যারা আর্থিক আর্থিক পন্যের বিপণন, বিতরণ ও পরিষেবা দেওয়ার লাইসেন্সপ্রাপ্ত যেমন:

a. সেবি নিয়ন্ত্রিত মিউচুয়াল ফান্ড কোম্পানির মিউচুয়াল ফান্ড;

b. পিএফআরডিএ দ্বারা নিয়ন্ত্রিত পেনশন পণ্য;

c. সেবি লাইসেন্সপ্রাপ্ত বিনিয়োগ উপদেষ্টাদের মাধ্যমে বিতরিত অন্যান্য আর্থিক পণ্যগুলি;

d. আরবিআই নিয়ন্ত্রিত ব্যাঙ্ক/এনবিএফসি-র ব্যাঙ্কিং/আর্থিক পণ্য;

e. ভারত সরকারের ডাক বিভাগের নন-ইনসুরেন্স পণ্য;

f. সময়ে সময়ে কর্তৃপক্ষের অনুমোদিত অন্যান্য আর্থিক পণ্য বা কার্যকলাপ।

**D. অন্যান্য গুরুত্বপূর্ণ সংগঠন**

আরো কিছু সত্তা রয়েছে যাদের নিয়ে স্বাস্থ্য বীমা বাজারের অংশ তৈরি হয়, এবং সেগুলির মধ্যে রয়েছে:

1. **ইনসুরেন্স রেগুলেটারি অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি অব ইন্ডিয়া (আইআরডিএআই)** এটা হলো সংসদে আইন পাস করে তৈরি করা বীমা নিয়ন্ত্রক যা বীমা বাজারের সমস্ত ব্যবসা ও পক্ষকে নিয়ন্ত্রণ করে। এটা 2000 সালে এসেছে এবং এদের উপর শুধুমাত্র বীমা ব্যবসাকে নিয়ন্ত্রণের কাজই ন্যাস্ত হয়নি, পাশাপাশি এঁদের দেওয়া হয়েছে এই ব্যবসার বিকাশের কাজও।

2. **জেনারেল ইনসুরেন্স অ্যান্ড লাইফ ইনসুরেন্স কাউন্সিল,** এরা আইআরডিএআই-কে সুপারিশ করে তাদের সংশ্লিষ্ট জীবন ও সাধারণ বীমা ব্যবসা নিয়ন্ত্রণের জন্য।

3. আইআরডিএ 2009সালে স্থাপন করে ইনসুরেন্স ইনফর্মেশন ব্যুরো অব ইন্ডিয়া এবং এটি হলো 20সদস্যের পরিচালন পরিষদ সহ একটি রেজিস্ট্রিকৃত সোসাইটি, যার বেশিরভাগ সদস্যই বীমা ক্ষেত্র থেকে আসা। বীমা ক্ষেত্রের জন্য এরা সংগ্রহ করে বিশ্লেষণ করে বিভিন্ন ক্ষেত্র-স্তরের রিপোর্ট তৈরি করে যাতে ব্যবসায়িক কৌশল তৈরি করতে ও মূল্য নির্ধারণ সহ বিভিন্ন সিদ্ধান্ত বৈজ্ঞানিক ও তথ্য নির্ভরভাবে নেওয়া সম্ভব হয়। পলিসি বা নীতি তৈরি করার জন্যও এরা নিয়ন্ত্রক ও সরকারকে গুরুত্বপূর্ণ তথ্য যুগিয়ে থাকে। বীমা শিল্পের উপকারের জন্য এই ব্যুরো পাক্ষিক ও এককালীন বহু রিপোর্ট তৈরি করেছে।

   আইআইবি সেন্ট্রাল ইন্ডেক্স সার্ভার পরিচালনা করে, এই সার্ভারটি বিভিন্ন বীমা রিপোজিটারদের মধ্যে একটা নোডাল পয়েন্ট হিসেবে কাজ করে এবং একটা নতুন অ্যাকাউন্ট তৈরির পর্যায়ে ডিম্যাট অ্যাকাউন্টের ডি-ডুপ্লিকেশনে বা প্রতিলিপি ঠেকাতে সাহায্য করে। প্রত্যেকটি পলিসির লেনদেন সম্পর্কিত তথ্য একজন বীমাকারী ও বীমা রিপোজিটারির মধ্যে ট্রান্সমিশন/রাউটিংয়ের জন্য একটা এক্সচেঞ্জ হিসেবেও কাজ করে এই সেন্ট্রাল ইন্ডেক্স সার্ভার।

   স্বাস্থ্য বীমা ক্ষেত্রে পরিষেবাদানকারী 'দ্য প্রেফার্ড প্রোভাইডার নেটওয়ার্কে' হাসপাতালগুলির নাম তালিকাবদ্ধ করে ইতিমধ্যেই আইআইবি তার হসপিটাল ইউনিক আইডি মাস্টার প্রোগ্রাম চালু করেছে।

আইআইবি-র সর্বশেষ উদ্যোগটা হলো টিপিএ, বীমাকারী ও হাসপাতালগুলির সংযোগকারী একটা স্বাস্থ্য বীমা গ্রিড রক্ষণাবেক্ষণ করা। এই উদ্যোগের উদ্দেশ্য হলো স্বাস্থ্য বীমা ক্ষেত্রকে এমন একটা ব্যবস্থা নিয়ে হাজির করা যেখানে চিকিৎসার খরচ ও স্বাস্থ্য বীমা পণ্যের কার্যকরী মূল্য নির্ধারণে স্বচ্ছতার মাধ্যমে একটা বীমা ক্লেইমের ব্যবস্থাপনার সুযগ থাকে।

4. **শিক্ষা প্রতিষ্ঠান** যেমন ইনসুরেন্স ইনস্টিটিউট অব ইন্ডিয়া এবং ন্যাশনাল ইনসুরেন্স অ্যাকাডেমি, এরা বিভিন্ন ধরনের বীমা ও ম্যানেজমেন্ট সম্পর্কিত প্রশিক্ষণ দিয়ে থাকে এবং হবু এজেন্টদের প্রশিক্ষণ দিতে বেসরকারী প্রশিক্ষণ প্রতিষ্ঠানের ব্যবস্থা করে।
5. **মেডিক্যাল প্র্যাক্টিশনাররাও** বীমা কোম্পানি ও টিপিএ-গুলিকে ঝুঁকি গ্রহণের সময় সহায়তা করে সম্ভাব্য ক্লায়েন্টের স্বাস্থ্য বীমা ঝুঁকির মূল্যায়ন করে এবং জটিল ক্লেইমের ক্ষেত্রে বীমা কোম্পানিগুলিকে পরামর্শ দিয়ে।
6. **আইনী সত্বা** যেমন ইনসুরেন্স ওমবাডসম্যান, ক্রেতা আদালতের পাশাপাশি দায়রা আদালতও স্বাস্থ্য বীমা বাজারে একটা ভূমিকা পালন করে যখন ক্রেতার অভিযোগ প্রতিবিধানের সময় আসে তখন এগুলিই দায়িত্ব পালন করে।

---

**সারাংশ**

a) বহু শতাব্দী আগে থেকেই কোনো না কোনো আকারে বীমা ছিলই, তবে এর আধুনিকা আকারটা শুধুমাত্র কয়েক শতাব্দীর পুরোনো। ভারতের বীমা সরকারী নিয়ন্ত্রণের বিভিন্ন পর্যায়ের মধ্যে দিয়ে গেছে।

b) নাগরিকদের স্বাস্থ্য খুবই গুরুত্বপূর্ণ বিষয় হওয়ায় সরকার একটা উপযুক্ত স্বাস্থ্য পরিষেবা ব্যবস্থা তৈরি করতে মুখ্য ভূমিকা পালন করে।

c) প্রদত্ত স্বাস্থ্য পরিষেবার স্তর দেশের জনসংখ্যার সঙ্গে সম্পর্কিত বিভিন্ন বিষয়ের উপর নির্ভর করে।

d) যে স্তরের মেডিক্যাল মনোযোগ জরুরী তার ভিত্তিতে তিন ধরনের স্বাস্থ্য পরিষেবা রয়েছে, সেগুলি হলো প্রথম, দ্বিতীব ও তৃতীয় পর্যায়। প্রত্যেক স্তরে স্বাস্থ্য পরিষেবার খরচ বাড়তে থাকে, তাই তৃতীয় স্তরই হলো সবচেয়ে বেশি খরচের।

e) ভারতে সামনে নিজস্ব অদ্ভুত কিছু চ্যালেঞ্জ রয়েছে যেমন জনসংখ্যা বৃদ্ধি ও নগরায়ন যার জন্য উপযুক্ত স্বাস্থ্য পরিষেবা জরুরী।

f) সরকারই প্রথম স্বাস্থ্য বীমার প্রকল্প নিয়ে এসেছিল, পরে বেসরকারী বীমা কোম্পানিগুলি তার বাণিজ্যিকীকরণ করেছে।

g) স্বাস্থ্য বীমার বাজারটা তৈরি হয়েছে অনেকগুলি পক্ষ নিয়ে, কেউ পরিকাঠামো দেয়, কেউ আবার বীমা পরিষেবার যোগান দেয়, মধ্যবর্তী যেমন ব্রোকার, এজেন্ট ও থার্ড পার্টি অ্যাডমিনিস্ট্রেটর, এরাও স্বাস্থ্য বীমা ব্যবসায় পরিষেবা দিয়ে থাকে এবং এছাড়াও রয়েছে অন্য নিয়ন্ত্রক, শিক্ষামূলকের পাশাপাশি কিছু আইনী সত্বা, তারাও তাদের ভূমিকা পালন করে।

---

**মূল পরিভাষা**

a) স্বাস্থ্য পরিষেবা
b) বাণিজ্যিক বীমা
c) রাষ্ট্রীয়করণ
d) প্রথম, দ্বিতীয় ও তৃতীয় পর্যায়ের স্বাস্থ্য পরিষেবা
e) মেডিক্লেইম
f) ব্রোকার
g) এজেন্ট
h) থার্ড পার্টি অ্যাডমিনিস্ট্রেশন
i) আইআরডিএ
j) ওমবাডসম্যান

# অধ্যায় 18

## বীমা দলিল রচনা

**অধ্যায়ের ভূমিকা**

বীমা শিল্পে, আমরা অসংখ্য ফর্ম, নথি প্রভৃতি নিয়ে নাড়াচাড়া করি। এই অধ্যায় একটা বীমা চুক্তিতে বিভিন্ন নথি ও তার গুরুত্ব সম্পর্কে আমাদের জানাবে। এই অধ্যায়টি প্রতিটি ফর্মের সঠিক প্রকৃতি সম্পর্কেও একটা সম্যক জ্ঞান দেবে, কীভাবে সেটা পূরণ করতে হয় এবং নির্দিষ্ট তথ্য চাওয়ার পেছনে কারণগুলি কী কী সেই সম্পর্কে।

**শিক্ষার ফলাফল**

A. প্রোপোজাল ফর্ম
B. প্রস্তাব স্বীকার (আন্ডাররাইটিং)
C. প্রস্পেক্টাস
D. প্রিমিয়াম প্রাপ্তি
E. পলিসি নথি
F. শর্ত ও ওয়ারান্টি
G. এনডোর্সমেন্ট বা সত্যায়ন
H. পলিসির ব্যাখ্যা
I. রিনিউয়াল নোটিস
J. মানি লন্ডারিং বিরোধী এবং 'নো ইওর কাস্টোমার' বা 'আপনার গ্রাহককে জানুন' নির্দেশিকা

এই অধ্যায় অধ্যয়নের পর আপনার সক্ষম হওয়া উচিত:

a) প্রোপোজাল ফর্মের বিষয়বস্তু ব্যাখ্যা করতে।
b) প্রস্পেক্টাসের গুরুত্ব বর্ণনা করতে।
c) প্রিমিয়াম প্রাপ্তি ও বীমা আইন, 1938-এর 64B ধারা ব্যাখ্যা করতে।
d) বীমা পলিসি নথির বয়ান ও শর্ত ব্যাখ্যা করতে।
e) পলিসির শর্ত, ওয়ারান্টি ও এন্ডোর্সমেন্ট বা সত্যায়ন নিয়ে আলোচনা করতে।
f) এন্ডোর্সমেন্ট বা সত্যায়ন কেন ইস্যু করা হয় তা উপলব্ধি করতে।
g) আইনী আদালতে পলিসির বয়ানকে কীভাবে দেখা হয় তা বুঝতে।
h) রিনিউয়াল নোটিস কেন ইস্যু করা হয় তা উপলব্ধি করতে।
i) মানি লন্ডারিং কী এবং নো ইওর কাস্টোমার নির্দেশিকা সম্পর্কে একজন এজেন্টকে কী করতে হয় তা জানতে।

## A. *প্রোপোজাল ফর্ম*

আগেই যেমন বলা হয়েছে, বীমা হলো একটি চুক্তি যাকে একটি লেখায় পর্যবসিত করে পলিসিতে নিয়ে আসা হয়। বীমার নথিপত্রকরণ পলিসিটি চালু করার মধ্যেই সীমাবদ্ধ নয়। যেহেতু তার মধ্যে অনেক মধ্যস্থতাকারী যেমন দালাল এবং এজেন্ট যাঁরা সেগুলি চালনা করেন তাঁরা আছেন, এটি সম্ভব যে একজন বীমাকৃত এবং তাঁর বীমাকারীর মধ্যে কোনোদিনই দেখা নাও হতে পারে।

একটি বীমা কোম্পানি তাঁর ক্রেতা এবং সেই পুরুষ/মহিলার বীমার চাহিদা সম্পর্কে জানতে পারেন একমাত্র সেই ক্রেতা যে নথিপত্র জমা দিয়েছেন তার মাধ্যমে। এমন নথিপত্র বীমাকারীকে তাঁর ঝুঁকিটি সম্পর্কেও ভালো করে জানতে সাহায্য করে। সেই কারণে, বীমাকৃত এবং বীমাকারীর মধ্যে বোঝাপড়া এবং স্বচ্ছতা নিয়ে আসার উদ্দেশ্যে নথিপত্রকরণ প্রয়োজনীয়। এখানে নির্দিষ্ট কিছু নথিপত্র আছে যা বীমা ব্যবসায় রীতিমাফিক ব্যবহার করা হয়।

বীমার এজেন্ট, যিনি ক্রেতার সবচেয়ে কাছের ব্যক্তি হন, তাঁকে ক্রেতার সামনাসামনি হতেই হয় এবং এর সঙ্গে জড়িত সব নথিপত্র সম্পর্কে সবরকম সন্দেহ দূর করার জন্য ব্যাখ্যা করতে হয় এবং সেগুলি পুরণে সেই পুরুষ/মহিলাকে সাহায্য করতে হয়। বীমার সঙ্গে জড়িত সব নথিপত্রের উদ্দেশ্য এবং বীমায় ব্যবহৃত নথিপত্রে থাকা তথ্যের গুরুত্ব এবং প্রাসঙ্গিকতা এজেন্টকে অবশ্যই বুঝতে হবে।

### 1. প্রোপোজাল ফর্ম

নথিপত্রকরণের প্রাথমিক পর্যায় সাধারণত হলো প্রস্তাব ফরমটি যার মাধ্যমে বীমাকৃত জানান:

- ✓ সেই পুরুষ/মহিলা কে
- ✓ সেই পুরুষ/মহিলার কোন ধরণের বীমার চাহিদা রয়েছে
- ✓ সেই পুরুষ/মহিলা কোনটির বীমা করতে চাইছেন তার বিস্তারিত এবং
- ✓ কত সময়ের জন্য তা চাইছেন

বিস্তারিতের অর্থ হলো বীমার বিষয় বস্তুর আর্থিক মূল্য এবং প্রস্তাবিত বীমার সঙ্গে সম্পর্কিত **উপাদানগত বিষয়ক তথ্য।**

#### a) বীমাকারীর দ্বারা ঝুঁকির মূল্যায়ন

**i.** ঝুঁকির পরিপ্রেক্ষিতে বীমাকারীর যাবতীয় যে আবশ্যিক তথ্যের প্রয়োজন তা জানানোর জন্য প্রস্তাবককেই প্রস্তাবের ফরমটি পুরণ করে দিতে হবে, সেটি করে দিতে হবে যাতে বীমাকারী সিদ্ধান্ত নিতে পারেন :

- ✓ বীমাটি গ্রহণ অথবা খারিজের অনুমোদন করা হবে কী না এবং
- ✓ ঝুঁকিটি গ্রহণ করার ঘটনার ক্ষেত্রে, যে কভারের অনুমতি দেওয়া হবে তার হার, শর্ত এবং শর্তাবলী নিশ্চিত করতে

প্রস্তাবের ফরমটির মধ্যে থাকে বীমার জন্য যে ঝুঁকির প্রস্তাব করা হয়েছে তা গ্রহণ করতে বীমা কোম্পানির জন্য কার্যকরী তথ্য। সবচেয়ে সরল বিশ্বাসের নীতি এবং আবশ্যিক তথ্য প্রকাশের কর্তব্যের শুরু হয় বীমার জন্য দেওয়া প্রস্তাব ফরমটি থেকে।

আবশ্যিক তথ্য প্রকাশের কর্তব্য পলিসিটির ধারণার আগে থেকেই দেখা দেয়, এবং বীমা চলাকালীন পুরো সময় পর্বটি ধরে তা চলে এবং এমনকী চুক্তিটি সম্পূর্ণ হয়ে যাওয়ার পরেও সেটি চলে।

**উদাহরণ**

ব্যক্তিগত দূর্ঘটনা পলিসির ক্ষেত্রে, যদি বীমাকৃত প্রস্তাবের ফরমটিতে ঘোষণা করেন যে তিনি গাড়ি সংক্রান্ত খেলা অথবা ঘোড়ায় চড়ার সঙ্গে যুক্ত নন, তবে তাঁকে চেষ্টা চালিয়ে যেতে হবে পলিসিটির গোটা সময় পর্ব ধরে এমন কোনো অভিযানের সঙ্গে নিজেকে যুক্ত না করতে। এটি হলো বীমাকারীর কাছে আবশ্যিক তথ্য কারণ এই তথ্যের উপর ভিত্তি করেই তিনি প্রস্তাবটি গ্রহণ করছেন এবং সেই অনুযায়ী ঝুঁকিটির মূল্য নির্ধারণ করছেন।

---

প্রস্তাব ফরমগুলি সাধারণত বীমা কোম্পানির নাম, লোগো, ঠিকানা এবং বীমা/পণ্যের শ্রেণী/ধরণ যা ব্যবহার করা হবে সেইসব সহ বীমাকারীই ছাপিয়ে দেন। প্রস্তাব ফরমটিতে একটি ছাপানো টীকা যুক্ত করা বীমা কোম্পানিগুলির জন্য বাধ্যতামূলক, যদিও এই সংক্রান্ত কোনো মাপকাঠি করা আকার বা অনুশীলন নেই।

**উদাহরণ**

এই ধরনের নোটের কয়েকটি উদাহরণ:

'ঝুঁকির মূল্যায়নের সময় বীমাকৃত যদি অত্যাবশ্যকীয় তথ্য অ-প্রকাশ করে রাখেন, বিভ্রান্তিমূলক তথ্য দেন, জালিয়াতি অথবা অসহযোগিতা করেন তাহলে পলিসির অধীনে যে কভার চালু করা হয়েছে সেটি খারিজ হয়ে যাবে',

'যতক্ষণ না প্রস্তাবটি কোম্পানি গ্রহণ করবে এবং পুরো প্রিমিয়াম না দেওয়া হয়ে যাবে সেই সময় পর্যন্ত কোম্পানি ঝুঁকিতে থাকবে না'।

---

**প্রস্তাব ফর্ম ঘোষণা**: বীমা কোম্পানিগুলি সাধারণত প্রস্তাব ফর্মের শেষে একটি ঘোষণা যুক্ত করেন যা প্রস্তাবককে স্বাক্ষর করতে হয়। এটি বীমাকৃত যাতে ফরমটি সঠিকভাবে পূরণ করেন এবং যা তথ্য সেখানে দেওয়া হয়েছে সেটি বুঝে নিতে পারেন সেই কষ্টটি সুনিশ্চিত করার জন্য করা হয়, যাতে ক্লেইম করার সময় কোনোরকম তথ্যের ভুল প্রতিনিধিত্বের ভিত্তিতে মতনৈক্য হওয়ার সুযোগ না থাকে।

এটি একইসঙ্গে বীমাকৃতের প্রতি সর্বাধিক সরল বিশ্বাস এবং যাবতীয় আবশ্যিক তথ্য প্রকাশ করার মূল নীতির উপর জোর দেওয়ার কাজও করে।

এই ঘোষণাটি সর্বাধিক সরল বিশ্বাসের নীতির সাধারণ আইনটিকে সর্বাধিক সরল বিশ্বাসের চুক্তিগত কর্তব্যে পরিণত করে।

**ঘোষণার স্ট্যান্ডার্ড ফর্ম**

আইআরডিএআই স্বাস্থ্য বীমার প্রস্তাবের জন্য ঘোষণার যে স্ট্যান্ডার্ড ফর্মটি নির্দিষ্ট করে দিয়েছে তা নিম্নরূপ:

1. আমি/আমরা এখানে ঘোষণা করছি, আমার পক্ষ হয়ে এবং বাকি সকল বীমাকৃত হতে চান প্রস্তাবকের পক্ষ হয়ে, যে উপরে দেওয়া বিবৃতি, উত্তর এবং/অথবা বিবরণ যা আমি দিয়েছি তা সত্য এবং আমার জানা সবরকম তথ্যের পরিপ্রেক্ষিতে তা সম্পূর্ণ এবং আমি/আমরা আরো যাঁরা ব্যক্তি আছেন তাঁদের পক্ষ হয়ে প্রস্তাব করার জন্য অনুমোদিত।

2. আমি জানি যে তথ্য আমি দিয়েছি সেটিই বীমা পলিসির ভিতটি গঠন করবে, যা বীমা কোম্পানির বোর্ডের অনুমোদিত আন্ডাররাইটিং নীতির বিষয়াধীন এবং ধার্য করা প্রিমিয়ামটি দেওয়া সম্পূর্ণ হলে তবেই পলিসিটি কার্যকরী হয়ে উঠবে।

3. আমি/আমরা আরো ঘোষণা করছি যে প্রস্তাবটি জমা দেওয়ার পর যদি বীমাকৃত/প্রস্তাবকের পেশায় অথবা সাধারণ স্বাস্থ্যে কোনো পরিবর্তন দেখা দেয় আমি/আমরা সেটি লিখিতভাবে নোটিস দিয়ে জানাবো এবং সেটি জানাবো কোম্পানির দ্বারা ঝুঁকিটি গ্রহণ করার কথা জানানোর আগেই।

4. আমি/আমরা ঘোষণা করছি এবং অনুমতি দিচ্ছি যে কোম্পানি যে কোনো চিকিৎসক অথবা হাসপাতাল যারা কখনো বীমাকৃত/প্রস্তাবকের জীবনে একবারও চিকিৎসা করেছে তাদের কাছ থেকে চিকিৎসাগত তথ্য জানতে চাইতে পারে অথবা পূর্ববর্তী বা বর্তমান নিয়োগকর্তার থেকে জানতে চাইতে পারে অ্যাসুয়োর্ড/প্রস্তাবকের জীবনে শারীরিক বা মানসিক প্রভাব ফেলতে পারে এমন কোনো বিষয় থাকলে তা এবং অ্যাসুয়োর্ড/প্রস্তাবকের জীবনে বীমার একটা আবেদন যা প্রস্তাব আন্ডাররাইটিং এবং/অথবা ক্লেইম নিষ্পত্তির জন্য ব্যবহৃত হয়েছে এমন কিছু যে কোনো বীমা কোম্পানির থেকে জানতে চাইতে পারে।

5. আমি/আমরা মেডিক্যাল রেকর্ড সহ আমার প্রস্তাবনা সংক্রান্ত তথ্যগুলি কেবলমাত্র প্রস্তাব আন্ডাররাইটিংয়ের উদ্দেশ্যে এবং/অথবা ক্লেইম মীমাংসার জন্য এবং কোনো সরকারী এবং/অথবা বিধিবদ্ধ সংস্থার সঙ্গে আদান প্রদানের ক্ষমতা দিলাম কোম্পানিকে।

### b) একটা প্রোপোজাল ফর্মে প্রশ্নাবলীর প্রকৃতি

নির্দিষ্ট বীমাটির শ্রেণীর পরিপ্রেক্ষিতে একটি প্রোপোজাল ফর্মে প্রশ্নের সংখ্যা এবং প্রকৃতি ভিন্ন ভিন্ন হয়।

স্বাস্থ্য, ব্যক্তিগত দূর্ঘটনা এবং ভ্রমণ বীমার মতো **ব্যক্তিগত লাইনে**, প্রস্তাব ফরমটি এমনভাবে নকশা করা হয় যাতে প্রস্তাবকের স্বাস্থ্য, জীবনযাত্রা এবং অভ্যাস, স্বাস্থ্যের পূর্ব-উপস্থিত অবস্থা, চিকিৎসাগত ইতিহাস, উত্তরাধিকারের লক্ষণ, অতীতের বীমা অভিজ্ঞতা ইত্যাদি তথ্য জানা যায়।

### একটা প্রস্তাবের উপাদান

### i. প্রস্তাবকের পুরো নাম

কোনোরকম আড়াল না রেখেই প্রস্তাবকের উচিত তাঁর নিজেকে চিহ্নিত করা। বীমাকারীর কাছে এটি জানা খুবই গুরুত্বপূর্ণ যে কার সঙ্গে সে চুক্তিতে প্রবেশ করছে, যাতে পলিসির অধীনে থাকা সুবিধাগুলি শুধুমাত্র বীমাকৃতই পেতে পারেন। নিজের পরিচিতি প্রতিষ্ঠা করা আরো একটি কারণে গুরুত্বপূর্ণ যেখানে অপর কেউ (যেমন মৃত্যুর ক্ষেত্রে আইনী উত্তরাধিকারী) বীমাকৃত ঝুঁকিটির উপর তাঁর স্বার্থ অর্জন করেছেন এবং যাঁকে ক্লেইম করতেই হবে।

**ii. প্রস্তাবকের ঠিকানা ও যোগাযোগের বিবরণ**

উপরে বর্ণিত কারণগুলি প্রস্তাবকের ঠিকানা এবং একইসঙ্গে যোগাযোগের বিস্তারিত সংগ্রহ করার জন্য প্রযোজ্য।

**iii. প্রস্তাবকের পেশা, বৃত্তি বা ব্যবসা**

স্বাস্থ্য এবং ব্যক্তিগত দূর্ঘটনার মতো কিছু বীমার ক্ষেত্রে , প্রস্তাবকের পেশা, জীবিকা অথবা ব্যবসাও গুরুত্বপূর্ণ কারণ যেহেতু ঝুঁকির উপর তাদের তথ্যগত প্রভাব আছে।

**উদাহরণ**

***একটি ফাস্ট-ফুড রেস্তোঁরার একজন ডেলিভারি ম্যান, যাঁকে ক্রেতাদের কাছে খাবার পৌঁছে দেওয়ার জন্য ঘন ঘন উচ্চ গতিতে মোটর বাইকে করে ভ্রমণ করতে হবে, তিনি ঐ একই রেস্তোঁরায় কর্মরত অ্যাকাউন্ট্যান্টের থেকে হয়তো দূর্ঘটনার ক্ষেত্রে আরো বেশি উন্মুক্ত।***

**iv. বীমার বস্তুগত বিষয়ের বিবরণ ও পরিচয়**

বীমার জন্য প্রস্তাবিত বিষয় বস্তু সম্পর্কে প্রস্তাবকের প্রয়োজন স্পষ্ট করে জানানো।

**উদাহরণ**

প্রস্তাবকের জানানো প্রয়োজন যদি:

i. একটি বিদেশ ভ্রমণ হয় (কে, কখন, কোন দেশে, কী উদ্দেশ্যে) অথবা
ii. ঘটনার উপর ভিত্তি করে একজন ব্যক্তির স্বাস্থ্য (ব্যক্তির নাম, ঠিকানা এবং পরিচিতি সহ) ইত্যাদি

---

v. **বীমাকৃত রাশি** পলিসির অধীনে বীমাকারীর দায়বদ্ধতার সীমা নির্দেশ করে এবং প্রতিটি প্রস্তাবকের ফর্মে তার উল্লেখ থাকতে হবে।

**উদাহরণ**

স্বাস্থ্য বীমার ক্ষেত্রে, এটি হাসপাতালে চিকিৎসার খরচ হতে পারে, আবার ব্যক্তিগত দূর্ঘটনা বীমার ক্ষেত্রে এটি জীবনহানির জন্য, অঙ্গহানির জন্য অথবা দূর্ঘটনার কারণে দৃষ্টিশক্তি চলে যাওয়ার জন্য একটি নির্দিষ্ট পরিমাণ হতে পারে।

---

**vi. পূর্ববর্তী ও বর্তমান বীমা**

বীমাকারীর কাছে তাঁর পূর্ববর্তী বীমা সম্পর্কে বিস্তারিতভাবে প্রস্তাবকের জানানো প্রয়োজন। তাঁর বীমার ইতিহাস বোঝার জন্যই এটি প্রয়োজন।কিছু বাজার আছে যেখানে এমন ব্যবস্থা আছে যে যার মাধ্যমে বীমাকারীরা গোপনে বীমাকৃত সম্পর্কে তথ্য ভাগ করে নেন।

প্রস্তাবকের এও জানানো প্রয়োজন যে কোনো বীমাকারী তাঁর প্রস্তাবটি খারিজ করেছে কী না, বিশেষ শর্ত আরোপ করেছেন কী না, পুনর্নবীকরণের সময় বাড়তি প্রিমিয়ামের প্রয়োজন ছিল কী না অথবা পুনর্নবী করতে অস্বীকার করেছে কী না অথবা পলিসিটি বাতিল করে দিয়েছে কী না।

বীমাকারীদের নাম সহ অপর কোনো বীমাকারীর সঙ্গে বর্তমান বীমার বিস্তারিত প্রকাশ করার প্রয়োজন আছে। বিশেষত সম্পত্তির বীমায়, বীমাকৃতের বিভিন্ন বীমাকারীর কাছ থেকে পলিসি করানোর সম্ভাবনা থাকে এবং যখন কোনো ক্ষতি হয়, একের বেশি বীমাকারীর কাছে ক্লেইম দাবি করেন। এই তথ্যটির প্রয়োজন হয় যাতে অবদানের নীতি প্রযোজ্য হয় যাতে বীমাকৃত নিরাপত্তার প্রতিবিধান পান তা সুনিশ্চিত করতে এবং একই ঝুঁকির জন্য যাতে বহু বীমার পলিসির কারণে লাভ/মুনাফা না করতে পারেন।

আরো, ব্যক্তিগত দূর্ঘটনা বীমায় একজন বীমাকারী কভারেজের (বীমাকৃত রাশি) পরিমাণটি স্থির করে দিতে চান। সেটি নির্ভর করে একই বীমাকৃত অন্য পিএ পলিসির অধীনে নেওয়া বীমাকৃত রাশির উপর।

**vii. লোকসানের অভিজ্ঞতা**

প্রস্তাবককে বলা হয় তাঁর যা কিছু ক্ষতি হয়েছে, সেটি বীমাকৃত করা থাকুক আর নাই থাকুক, তার বিস্তারিত ঘোষণা করতে। এটি বীমাকারীকে বীমার বিষয় বস্তু সম্পর্কে তথ্য দেবে এবং বীমাকৃত কীভাবে অতীতে ঝুঁকিটি সামলেছেন সে বিষয়েও তথ্য দেবে। এমন উত্তরগুলি থেকে আন্ডাররাইটাররা ঝুঁকিটি আরো ভালো করে বুঝতে পারেন এবং চিকিৎসাগত পরীক্ষা করানোর ব্যাপারে সিদ্ধান্ত নিতে পারেন অথবা আরো বিস্তারিত তথ্য সংগ্রহ সম্পর্কে সিদ্ধান্ত নিতে পারেন।

**viii. বীমাকৃতের ঘোষণা**

যেহেতু প্রস্তাব ফর্মটির উদ্দেশ্য হলো বীমাকারীকে যাবতীয় অত্যাবশ্যকীয় তথ্য জানানো, ফর্মটির মধ্যে বীমাকৃতের একটি ঘোষণা থাকে যে উত্তরগুলি সত্য এবং যথাযথ এবং ফর্মটি যে বীমা চুক্তির ভিত্তি হবে সেটি মেনে নিতে তিনি রাজি আছেন। প্রতিটি প্রস্তাব ফর্মের অন্য যে সব প্রচলিত বিষয় যেমন, স্বাক্ষর, তারিখ এবং কিছু ক্ষেত্রে এজেন্টের সুপারিশের মতো বিষয়ও থাকে।

**ix.** যেখানে প্রস্তাব ফর্মটি ব্যবহৃত হয় না, বীমাকারীকে সেখানে যে তথ্য পেয়েছেন সেগুলি মৌখিকভাবে অথবা লিখিতভাবে রেকর্ড করে রাখবেন, এবং ১৫দিনের মধ্যে সেটি তিনি প্রস্তাবকের কাছ থেকে নিশ্চিত করবেন এবং সেই পলিসির মধ্যে সেটিকে অন্তর্ভুক্ত করবেন। যেখানে বীমাকারী পরে দাবি করবেন যে প্রস্তাবক কোনো অত্যাবশ্যকীয় তথ্য প্রকাশ করেননি অথবা কভারের অনুমোদনের জন্য যে কোনো বিষয়ের তথ্য সম্পর্কে বিভ্রান্তিমূলক অথবা মিথ্যা তথ্য দিয়েছেন, এমনটি দেওয়ার বোঝা এসে পড়ে বীমাকারীর উপর।

তার মানে হলো **মৌখিকভাবে পাওয়া গেলেও সমস্ত তথ্যের রেকর্ড রাখা বীমা কোম্পানির কর্তব্য, যা ফলো আপ করার মাধ্যমে এজেন্টকে মনে রাখতে হবে।**

**গুরুত্বপূর্ণ**

একটা স্বাস্থ্য বীমা পলিসির জন্য প্রোপাজাল ফর্মের বিস্তারিত বিবরণের কিছু নিচে দেওয়া হলো:

1. প্রোপোজাল ফর্মে একটা প্রস্পেক্টাসও অন্তর্ভুক্ত থাকে যাতে কভারের বিস্তারিত বিবরণ দেওয়া হয় যেমন কভারেজ, বর্জন, ধারা প্রভৃতি। প্রস্পেক্টাস প্রোপোজাল ফর্মেরই একটা অংশ ও প্রস্তাবককে তাতে তার বিষয়বস্তু নজর করেছেন বলে স্বাক্ষর করতে হয়।

2. নাম, ঠিকানা। পেশা, জন্ম তারিখ, লিঙ্গ এবং প্রস্তাবকের কাছ থেকে প্রত্যেক বীমাকৃত ব্যক্তির সম্পর্ক নিয়ে তথ্যগুলি প্রোপোজাল ফর্মে সংগৃহীত হয়, সেখানে গড় মাসিক আয় ও আয়কর প্যান নম্বর, চিকিৎসকের নাম ও ঠিকানা, তাঁর যোগ্যতা ও রেজিস্ট্রেশন নম্বরও অন্তর্ভুক্ত থাকে। আজকাল ক্লেইমের টাকা ব্যাঙ্ক ট্রান্সফারের মাধ্যমে সরাসরি দিয়ে দেওয়ার জন্য বীমাকৃত ব্যক্তির ব্যাঙ্ক বিবরণও আজকাল সংগ্রহ করা হয়।

3. উপরন্তু, এখানে বীমাকৃত ব্যক্তির মেডিক্যাল অবস্থা সম্পর্কিত প্রশ্নও থাকে। ফর্মের এই বিস্তারিত প্রশ্নগুলি অতীত ক্লেইমের অভিজ্ঞতার ভিত্তিতে হয় এবং ঝুঁকির যথার্থ আন্ডাররাইটিং পেতে করা হয়।

4. বীমাকৃত ব্যক্তি যদি ফর্মে উল্লেখিত রোগের কোনো একটিতে ভোগেন তাহলে তাঁকে তার পূর্ণাঙ্গ বিবরণ দিতে হবে।

5. এর উপর, আগে ভোগা অন্য যে কোনো অসুখ বা রোগ অথবা দুর্ঘটনার বিবরণও নিম্নোক্তভাবে চাওয়া হয়:

    a. রোগ/আঘাতের প্রকৃতি ও চিকিৎসা
    b. প্রথম চিকিৎসার তারিখ
    c. চিকিৎসাকারী ডাক্তারের নাম ও ঠিকানা
    d. পুরোপুরি সেরে গেছে কিনা

6. বীমাকৃত ব্যক্তিকে যে কোনো অতিরিক্ত ঘটনাও জানাতে হয় যা বীমাকারীকে জানানো উচিত এবং তাঁর কাছে এমন কোনো রোগ বা চোট থাকার খবর থাকে যার জন্য চিকিৎসা করার প্রয়োজন পড়তে পারে, সেখবরও বীমাকৃতের বীমাকারীকে জানানো উচিত।

7. ফর্মের মধ্যে অতীতের বীমা ও ক্লেইম ইতিহাস ও অন্য কোনো বীমাকারীর কাছে কোনো বীমা করা থাকলে সে সম্পর্কিত প্রশ্নও অন্তর্ভুক্ত থাকে।

8. প্রস্তাবের স্বাক্ষর করার জন্য ঘোষণাপত্রে বিশেষ বৈশিষ্ট্যও উল্লেখ করতে হবে।

9. বীমাকৃত ব্যক্তি সম্মত হন এবং বীমাকারীকে কোনো হাসপাতাল বা চিকিৎসকের কাছ থেকে মেডিক্যাল তথ্য চাওয়ার অনুমতি দেন, যিনি কোনো না কোনো সময় বীমাকৃতকে শারীরিক বা মানসিক ভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে এমন রোগের জন্য চিকিৎসা করেছেন।

10. বীমাকৃত ব্যক্তিকে নিশ্চিত করতে হবে যে তিনি ফর্মের অংশ হিসেবে প্রস্পেক্টাস পড়েছেন এবং শর্তাবলী মেনে নিতে আগ্রহী।

11. ঘোষণাপত্রে অন্তর্ভুক্ত থাকে বিবৃতির সত্যতা ও চুক্তির ভিত্তি হিসেবে প্রোপোজাল ফর্মের সত্যতা সম্পর্কে।

**মেডিক্যাল প্রশ্নাবলী**

প্রোপোজাল ফর্মে প্রতিকূল মেডিক্যাল ইতিহাসের ক্ষেত্রে বীমাকৃত ব্যক্তিতে সেই রোগ সম্পর্কিত বিস্তারিত প্রশ্নাবলী পূরণ করতে হয় যেমন ডায়াবেটিস, হাইপারটেনশন, বুকে ব্যথা বা করোনারি অপ্রতুলতা বা মায়োকার্ডিয়াল ইনফার্কশন।

এগুলি একজন কনসাল্টিং ফিজিশিয়ানের পূরণ করা একটা ফর্ম দিয়ে সহায়তা করা হয়। এই ফর্মটি পরীক্ষা করে দেখেন কোম্পানির প্যানেল ডাক্তার, যাঁর মতামতের ভিত্তিতে স্বীকৃতি, বর্জন প্রভৃতির বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়।

আইআরডিএআই প্রোপোজাল ফর্ম ও তার সংযোজনীর এক কপিকে উপস্থাপন করে যা পলিসি বথির সঙ্গে জুড়তে হয় এবং সেটা বীমাকৃতকে তাঁর রেকর্ডের জন্য পাঠানো উচিত।

### 2. মধ্যস্থতাকারীর ভূমিকা

মধ্যস্থতাকারীর উভয়ের প্রতিই একটা দায়িত্ব থাকে অর্থাৎ বীমাকৃত ও বীমাকারী

একজন এজেন্ট বা একজন ব্রোকার, যিনি বীমা কোম্পানি ও বীমাকৃতর মধ্যে মধ্যস্থতাকারী হিসেবে কাজ করেন তাঁর দায়িত্ব হলো ঝুঁকি সম্পর্কে বীমাকৃতের দেওয়া যাবতীয় বস্তুগত তথ্য বীমাকারীকে জানানো নিশ্চিত করা।

আইআরডিএআই বিধি মধ্যস্থতাকারীকে ক্লায়েন্টের প্রতিও দায়িত্ব দিয়েছে।

**গুরুত্বপূর্ণ**

**সম্ভাব্য (ক্লায়েন্টের) প্রতি একজন মধ্যস্থতাকারীর কর্তব্য**

আইআরডিএআই বিধিতে বলা হয়েছে যে ''একজন বীমাকারী বা তার এজেন্ট বা অন্য মধ্যস্থতাকারী সম্ভাব্যের প্রস্তাবিত কভার সম্পর্কে সমস্ত বস্তুগত তথ্যের যোগান দেবে যাতে সম্ভাব্য ক্রেতাকে তাঁর স্বার্থের পক্ষে সবচেয়ে ভালো কভার সম্পর্কে সিদ্ধান্ত নিতে সক্ষম করে।

যেখানে সম্ভাব্য ক্রেতা বীমাকারী বা তার এজেন্ট বা একজন বীমা মধ্যস্থতাকারীর পরামর্শের উপর নির্ভর করে, এই ধরনের একজন লোককে অবশ্যই ন্যায্য পরামর্শ দিতে হবে।

কোনো কারণে যেখানে ক্রেতা প্রস্তাব ও অন্যান্য সংশ্লিষ্ট কাগজপত্র পূরণ করেন না, ক্রেতার প্রোপোজাল ফর্মের সঙ্গে সেক্ষেত্রে একটা সার্টিফিকেট জুড়ে দেওয়া জএতে পারে যেখানে জানাতে হয় যে ফর্ম ও নথিপত্রের বিষয়বস্তু তাঁকে পুরোপুরি বুঝিয়ে দেওয়া হয়েছে এবং তিনি প্রস্তাবিত চুক্তির গুরুত্ব পুরোপুরি বুঝেছেন।''

## B. *প্রস্তাব স্বীকার (আন্ডাররাইটিং)*

### *প্রস্তাব স্বীকার (আন্ডাররাইটিং)*

আমরা একটা পূরণ করা প্রোপোজাল ফর্ম দেখেছি যা নিম্নলিখিত তথ্যগুলি দেয়:

- ✓ বীমাকৃতের বিবরণ
- ✓ বস্তুগত বিষয়ের বিবরণ
- ✓ প্রয়োজনীয় কভারের ধরন
- ✓ ইতিবাচক ও নেতিবাচক উভয় বাস্তব বৈশিষ্ট্যের বিবরণ
- ✓ বীমা ও লোকসানের পূর্ববর্তী ইতিহাস

একটা স্বাস্থ্য বীমার প্রস্তাবের ক্ষেত্রে বীমাকারী সম্ভাব্য ক্রেতাকে একজন ডাক্তারের কাছে এবং/অথবা মেডিক্যাল চেকআপে পাঠাতে পারেন যেমন তাঁর বয়স যদি 45বছরের বেশি হয়। প্রস্তাবে পাওয়া তথ্য এবং যেখানে মেডিক্যাল চেক-আপের পরামর্শ দেওয়া হয়েছে, মেডিক্যাল রিপোর্ট ও ডাক্তারের সুপারিশের ভিত্তিতে বীমাকারী সিদ্ধান্ত নেন। কোনো কোনো সময় যেখানে মেডিক্যাল হিস্ট্রি সন্তোষজনক থাকে না, সম্ভাব্য ক্লায়েন্টের থেকে আরো তথ্য জানতে একটা অতিরিক্ত প্রশ্নাবলীর দরকার হতে পারে। বীমাকারী তারপরই সিদ্ধান্ত নেন ঝুঁকির জন্য কোন হার প্রযোজ্য হবে এবং বিভিন্ন ফ্যাক্টরের ভিত্তিতে প্রিমিয়াম গণনা করা হয়, তারপর তা বুমাকৃতকে জানিয়ে দেওয়া হয়।

দ্রুততা ও দক্ষতার সাথে বীমাকারী প্রস্তাবগুলির প্রসেস করেন এবং তারপর সমস্ত সিদ্ধান্ত একটা যুক্তিসঙ্গত সময়ের মধ্যে লিখিতভাবে জানিয়ে দেওয়া হয়।

**আন্ডাররাইটিং ও প্রস্তাবের প্রসেসিং সম্পর্কে নোট**

আইআরডিএআই নির্দেশিকা অনুসারে, বীমাকারীকে 15দিন সময়ের মধ্যে প্রস্তাবের প্রক্রিয়া করতে হয়। এজেন্ট এই সময়সীমার উপর নজর রাখেন, অভ্যন্তরীণভাবে ফলো-আপ করেন এবং সেইমতো সম্ভাব্য ক্রেতা / বীমাকৃতকে জানান এবং যখন দরকার পড়ে কাস্টোমার সার্ভিসের মাধ্যমে তাঁদের খবর দেন। প্রস্তাব স্ক্রুটিনি ও তা স্বীকার করার বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার এই গোটা প্রক্রিয়াটিকে বলা হয় আন্ডাররাইটিং।

---

**নিজেকে যাচাই 4**

নির্দেশিকা অনুযায়ী, একটা বীমা কোম্পানিকে ___________-এর মধ্যে একটা বীমার প্রস্তাবের প্রসেস করতে হয়।

I. 7 দিন
II. 15 দিন
III.30 দিন
IV. 45 দিন

## C. *প্রস্পেক্টাস*

প্রস্পেক্টাস হলো বীমাকারী বা তার তরফে বীমার সম্ভাব্য ক্রেতাকে ইস্যু করা একটা নথি। সাধারণত এটা একটা ব্রোসিওর বা লিফলেটের আকারে হয় এবং ওই সম্ভাব্য ক্রেতার কাছে পণ্যটিকে পরিচিত করানোর কাজে লাগে। প্রোটেকশন অব পলিসিহোল্ডারস ইন্টারেস্ট রেগুলেশন, 2002 এবং আইআরডিএআই-র হেল্থ ইনসুরেন্স রেগুলেশনস 2013-র পাশাপাসি বীমা আইন, 1938 দ্বারাও প্রস্পেক্টাস ইস্যুর কাজ পরিচালিত হয়।

যে কোনো বীমাপণ্যের প্রস্পেক্টাসে স্পষ্টভাবে বেনিফিটগুলির সুযোগ, বীমার কভারের প্রসার উল্লেখ থাকা উচিত এবং এতে পরিষ্কার ভাবে বীমা কভারের ওয়ারান্টি, ব্যতিক্রম ও শর্তগুলির ব্যাখ্যা থাকা উচিত।

পণ্যের উপর অনুমোদনযোগ্য রাইডার (একে অ্যাড-অন কভারও বলা হয়ে থাকে) গুলিও বেনিফিটগুলির সুযোগ সম্পর্কে স্পষ্টভাবে উল্লেখ থাকা উচিত। এছাড়াও, সমস্ত রাইডার সংক্রান্ত প্রিমিয়াম একযোগে মূল পণ্যের প্রিমিয়ামের 30%-র বেশি হওয়া উচিত নয়।

অন্য গুরুত্বপূর্ণ তথ্য যা একটা প্রস্পেক্টাসে প্রকাশিত হওয়া উচিত তার মধ্যে রয়েছে:

1. বিভিন্ন বয়স গোষ্ঠী বা বিভিন্ন প্রবেশিকা বয়সের জন্য কভার ও প্রিমিয়ামে কোনো ফারাক থাকলে সেগুলি
2. পলিসির রিনিউয়াল বা পুনর্নবীকরণ শর্ত
3. কোনো নির্দিষ্ট পরিস্থিতিতে পলিসি বাতিলের শর্ত
4. বিভিন্ন পরিস্থিতিতে প্রযোজ্য কোনো ছাড় বা লোডিংয়ের বিবরণ
5. প্রিমিয়াম সহ পলিসির কোনো শর্তের সংশোধন বা পরিমার্জনের সম্ভাবনা
6. একই বীমাকারী কাছে গোড়ায় এন্ট্রি, রিনিউয়াল অব্যাহত রাখা, অনুকূল ক্লেইমের অভিজ্ঞতা প্রভৃতির জন্য পলিসিহোল্ডার পুরস্কার হিসেবে কোনো ইনসেনটিভ
7. একটা ঘোষণা বা প্রজ্ঞাপন যে সমস্ত স্বাস্থ্য বীমা পলিসিগুলিই হলো বহনযোগ্য যার মানে এই পলিসিগুলি অন্য যে কোনো বীমাকারীর কাছে রিনিউ করা যেতে পারে যারা একই রকম বেনিফিট সহ একই কভারের প্রস্তাব দেয়, যা তিনি বর্তমান বীমাকারীর কাছে রাখলেও পেতে পারেন।

**স্বাস্থ্য পলিসির বীমাকারীরা সাধারণত তাদের স্বাস্থ্য বীমা পণ্য সম্পর্কে প্রস্পেক্টাস প্রকাশ করে থাকে। এই সব ক্ষেত্রে প্রোপোজাল ফর্মে একটা ঘোষণাপত্র থাকে, প্রস্পেক্টাস পড়ে ক্রেতাকে তাতে সম্মতি জানাতে হয়।**

## D. *প্রিমিয়াম প্রাপ্তি*

ক্রেতা প্রিমিয়াম হিসেবে বীমাকারীকে প্রিমিয়াম জমা দিলেই বীমাকারী একটা রিসিপ্ট বা রসিদ ইস্যু করতে বাধ্য। আগাম প্রিমিয়াম জমা দেওয়ার ক্ষেত্রেও রিসিপ্ট ইস্যু করতে হয়।

**সংজ্ঞা**

**প্রিমিয়াম** হলো পারিশ্রমিক বা অর্থ যা একটা বীমা চুক্তির অধীনে বীমাকৃত বীমাকারীকে দেন বীমার বস্তুগত বিষয় বীমা করার জন্য।

---

**1. আগাম প্রিমিয়াম প্রদান (বীমা আইন, 1938-এর 64 VB ধারা)**

বীমা আইন অনুযায়ী, **বীমার কভার শুরুর আগে অগ্রিম প্রিমিয়াম জমা দিতে হয়।** এটা হলো একটা গুরুত্বপূর্ণ ধারা, যা নিশ্চিত করে যে কেবলমাত্র বীমা কোম্পানি প্রিমিয়াম পেয়ে গেলে তবেই একটা বৈধ বীমা চুক্তি সম্পূর্ণ হতে পারে এবং বীমা কোম্পানি ঝুঁকির দায়িত্ব নিতে পারে। এই ধারাটি ভারতের নন-লাইফ বীমা শিল্পের বিশেষ বৈশিষ্ট্য।

**গুরুত্বপূর্ণ**

a) বীমা আইন-1938-এর 64 VB ধারায় বলা হয়েছে যে আগাম প্রিমিয়াম জমা না দেওয়া পর্যন্ত বা জমা দেওয়ার গ্যারান্টি বা নির্ধারিত উপায়ে অগ্রিম ডিপোজিট না করা পর্যন্ত কোনো বীমাকারী কোনো ঝুঁকির দায়িত্বই গ্রহণ করবে না।

b) যেখানে একজন বীমা এজেন্ট বীমা কোম্পানির হয়ে একটা বীমা পলিসির প্রিমিয়াম সংগ্রহ করেন, ব্যাঙ্ক ও ডাকঘরের ছুটি ছাড়া সেই সংগ্রহের চব্বিশ ঘন্টার মধ্যে তাঁকে সেই সংগৃহীত তাঁর কমিশন হিসেবে কিছু বাদ না দিয়েই পুরোটাই বীমাকারীর কাছে জমা করতে হবে অথবা পোস্টে পাঠাতে হবে।

c) প্রিমিয়াম নগদে বা চেকে জমা পড়ার তারিখ থেকেই কেবলমাত্র ঝুঁকির দায়িত্ব নেওয়া হয়।

d) প্রিমিয়াম যেখানে পোস্টাল বা মানি অর্ডার অথবা চেকে ডাক মারফত পাঠানো হয়, যেদিন মানি অর্ডার বুক করা হয় অথবা চেক পোস্ট করা হয় সেই তারিখ থেকেই ঝুঁকির দায়িত্ব নেওয়া হতে পারে।

e) পলিসি বাতিল বা শর্তাবলীর পরিবর্তন বা অন্য কোনো কারণে প্রিমিয়াম ফেরত দেওয়ার থাকলে বীমাকারী তা সরাসরি বীমাকৃতকে একটা ক্রশড বা অর্ডার চেক বা পোস্টাল/মানি অর্ডার মারফত ফেরত দেবেন এবং বীমাকৃতর কাছ থেকে এর জন্য বীমাকারী একটা উপযুক্ত রশিদ নেবেন। আজকাল অবশ্য বীমাকৃতর ব্যাঙ্ক অ্যাকাউন্টে সরাসরি ওই ক্রেডিট করে দেওয়ার চল হয়েছে। এই ধরনের ফেরত অবশ্য কোনোভাবেই এজেন্টের অ্যাকাউন্টে ক্রেডিট করা হবে না।

উপরের প্রিমিয়াম প্রদানের পূর্ব-শর্তের ব্যতিক্রমের সুযোগ বীমা নিয়ম 58 এবং 59-এ দেওয়া হয়েছে। একটা হলো 12মাসের বেশি ধরে চালু পলিসিগুলির ক্ষেত্রে কিস্তিতে প্রদান যেমন জীবন বীমা পলিসির ক্ষেত্রে। অন্যগুলির মধ্যে রয়েছে নির্ধারিত ক্ষেত্রে একটা ব্যাঙ্ক গ্যারান্টির মাধ্যমে প্রিমিয়াম

দেওয়া যেখানে সঠিক প্রিমিয়াম আগাম নির্ধারণ করা যায় না অথবা ক্লায়েন্টের ক্যাশ ডিপোজিট অ্যাকাউন্টে ডেবিট করে।

**2. প্রিমিয়াম প্রদানের পদ্ধতি**

**গুরুত্বপূর্ণ**

একটা বীমা পলিসি নিতে প্রস্তাবকারী কোনো একজন অথবা পলিসি হোল্ডার বীমাকারীকে প্রদেয় প্রিমিয়াম নিম্নলিখিত পদ্ধতিগুলির কোনো একটি বা একাধিক উপায়ে দিতে পারে:

a) নগদে

b) কোনো স্বীকৃত ব্যাঙ্কিং বিনিময় দলিল যেমন চেক, ডিমান্ড ড্রাফ্ট, পে অর্ডার, ভারতের কোনো তফসিলভুক্ত ব্যাঙ্ক থেকে তোলা ব্যাঙ্কার্স চেক দিয়ে;

c) পোস্টাল মানি অর্ডার;

d) ক্রেডিট বা ডেবিট কার্ড দিয়ে;

e) ব্যাঙ্ক গ্যারান্টি বা নগদ জমা দিয়ে;

f) ইন্টারনেটের মাধ্যমে;

g) ই-ট্রান্সফার করে

h) প্রস্তাবক বা পলিসি হোল্ডার বা জীবন বীমাকৃতে স্থায়ী সিদ্ধান্তের মাধ্যে ডাইরেক্ট ক্রেডিটের ব্যাঙ্ক ট্রান্সফার করে;

i) বিভিন্ন সময়ে কর্তৃপক্ষের অনুমোদিত অন্য যে কোনো পদ্ধতিতে;

আইআরডিএআই বিধি অনুসারে, প্রস্তাবক / পলিসিহোল্ডার যদি নেট ব্যাঙ্কিং বা ক্রেডিট / ডেবিট কার্ডের প্রিমিয়াম প্রদানের পছন্দ বাছাই করে থাকেন, তাহলে সেই পেমেন্ট কেবলমাত্র নেট ব্যাঙ্কিং বা সেই প্রস্তাব / পলিসিহোল্ডারের নামে ইস্যু করা ক্রেডিট / ডেবিট কার্ডের মাধ্যমেই করতে হবে।

**নিজেকে যাচাই 3**

প্রিমিয়াম চেকে দেওয়ার ক্ষেত্রে নিচের বিবৃতিগুলির কোনটি সত্য?

I. যে তারিখে চেক পোস্ট করা হয় সেদিনই ঝুঁকির দায়িত্ব গৃহীত হতে পারে

II. যে তারিখে চেকটি বীমা কোম্পানি জমা দেয় সেদিনই ঝুঁকির দায়িত্ব গৃহীত হতে পারে

III. বীমা কোম্পানি যে তারিখে চেকটি হাতে পায় সেদিনই ঝুঁকির দায়িত্ব গৃহীত হতে পারে

IV. যে তারিখে বীমাকৃত চেকটি ইস্যু করে সেদিনই ঝুঁকির দায়িত্ব গৃহীত হতে পারে

## E. *পলিসি নথি*

পলিসি হলো একটা আনুষ্ঠানিক নথি যা বীমার চুক্তির একটা প্রমাণপত্র। ভারতীয় স্ট্যাম্প আইন, 1899-র বিধান অনুযায়ী এই নথিটি স্ট্যাম্পকৃত হতেই হবে।

পলিসি হোল্ডারের স্বার্থ রক্ষার জন্য আইআরডিএআই বিধিতে যা অবশ্যই একটা স্বাস্থ্য বীমা পলিসিতে থাকা উচিত বলে নির্ধারিত হয়েছে তা হলো:

a) বীমাকৃত ও বস্তুগত বিষয়ে বীমাযোগ্য স্বার্থ রয়েছে এমন অন্য যে কোনো ব্যক্তির নাম (গুলি) ও ঠিকানা (গুলি)
b) বীমাকৃত স্বার্থ বা ব্যক্তির পূর্ণাঙ্গ বিবরণ
c) পলিসির অধীনে ব্যক্তি এবং/অথবা বিপদ ওয়াড়ি বীমাকৃত রাশি
d) বীমার মেয়াদ
e) কভারকৃত ও বহিষ্কৃত বিপদগুলি
f) প্রযোজ্য কোনো অতিরিক্ত / ছাড়যোগ্য
g) প্রদেয় প্রিমিয়াম এবং যেখানে প্রিমিয়াম সমন্বয়যোগ্য, প্রিমিয়াম সমন্বয়ের ভিত্তি
h) পলিসির শর্তবলী, পরিস্থিতি ও ওয়ারান্টি
i) আকস্মিক কোনো ঘটনা ঘটলে যা থেকে বীমার আওতায় ক্লেইম করা করা যেতে সে ব্যাপারে বীমাকৃতর নেওয়া ব্যবস্থা
j) যে ঘটনা ঘটার ভিত্তিতে ক্লেইম হতে পার তার বীমার বস্তুগত বিষয় সম্পর্কে বীমাকৃতের বাধ্যবাধকতা এবং সেই পরিস্থিতিতে বীমাকারীর অধিকারগুলি
k) যে কোনো বিশেষ পরিস্থিতি
l) মিথ্যা বর্ণনা, জালিয়াতি, বস্তুগত ঘটনা প্রকাশ না করা বা বীমাকৃতের তরফে অসহযোগিতার কারণে পলিসি বাতিলের সংস্থান
m) বীমাকৃতের ঠিকানাগুলি যেখানে পলিসি সংক্রান্ত বার্তা পাঠানো উচিত
n) যদি কোনো রাইডার থাকে তার বিবরণ
o) অভিযোগ প্রতিবিধান ব্যবস্থা ও ওমবাডসম্যানের ঠিকানার বিস্তারিত বিবরণ

পলিসির শর্ত অনুযায়ী একটা ক্লেইম দাখিল সম্পর্কে এবং বীমাকারী যাতে দ্রুত একটা ক্লেইমের মীমাংসা করতে পারেন তার জন্য অনুসৃত পদ্ধতি অনুসারে বীমাকৃতকে যে সমস্ত প্রয়োজন মেটাতে হবে তা পর্যায়ক্রমে বীমাকৃতকে অবশ্যই বীমাকারীকে জানাতে হবে এবং তাঁকে জ্ঞাত রাখতে হবে।

## **নিজেকে যাচাই 4**

এখানে কোন প্রশ্ন

## F. *শর্ত ও ওয়ারান্টি*

এখানে, পলিসির বয়ানে ব্যবহৃত দুটি গুরুত্বপূর্ণ পরিভাষা ব্যাখ্যা করা গুরুত্বপূর্ণ। এইগুলি হলো শর্ত ও ওয়ারান্টি।

### 1. শর্ত

চুক্তির হলো বীমা চুক্তির সেই সংস্থান যা চুক্তির ভিত্তি গঠন করে।

**উদাহরণসমূহ :**

a. বেশিরভাগ বীমা পলিসির অন্যতম স্ট্যান্ডার্ড শর্তে বলা হয়েছে :

জালিয়াতি করে কোনো ক্লেইম করা হলে, অথবা ক্লেইমের সমর্থনে কোনো মিথ্যা ঘোষণা করা হয়ে থাকলে অথবা বীমাকৃত জালিয়াতির কোনো উপায় বা যন্ত্র ব্যবহার করে থাকলে অথবা তাঁর হয়ে কেউ পলিসির অধীনে সুবিধা পেতে চাইলে অথবা ইচ্ছাকৃত কোনো কার্যকলাপ থেকে বা বীমাকৃতের সঙ্গে যোগসাজশে যদি কোনো লোকসান বা ক্ষতি হয়ে থাকে, এই পলিসির অধীনে সমস্ত সুবিধা বাজেয়াপ্ত হবে।

b. একটা স্বাস্থ্য পলিসিতে ক্লেইম ইন্টিমেশন শর্তে বলা হতে পারে :

হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার নির্দিষ্ট দিনের মধ্যে ক্লেইম দাখিল করতেই হবে। যদিও, কোনো জটিল ক্ষেত্রে বা সমস্যার ক্ষেত্রে এই শর্তে ছাড় পাওয়া যেতে পারে যেখানে কোম্পানি যদি সেই যুক্তিতে সন্তুষ্ট হয় যে এই পরিস্থিতিতে বীমাকৃতের পক্ষে বা অন্য কাউকে দিয়ে নির্ধারিত সময়ের মধ্যে ক্লেইম দাখিল করা সম্ভব ছিল না।

এই শর্ত লঙ্ঘনের ক্ষেত্রে বীমাকারীর মত সাপেক্ষে পলিসিটি বাতিলযোগ্য হবে।

### 2. ওয়ারান্টি

নির্দিষ্ট পরিস্থিতিতে বীমাকারীর দায়বদ্ধতায় লাগাম টানতে একটা বীমা চুক্তিতে ওয়ারান্টি ব্যবহৃত হয়। বিপদ কমাতেও বীমাকারীরা একটা পলিসিতে ওয়ারান্টির ব্যবহার করেন। একটা ওয়ারান্টির মাধ্যমে বীমাকৃত নির্দিষ্ট কিছু বাধ্যবাধকতা মেনে নেয় যা তাঁদের একটা নির্দিষ্ট সময়ের মধ্যে মেনে চলা জরুরী এবং বীমাকারীর বাধ্যবাধকতাও নির্ভর করে বীমাকৃতের এই বাধ্যবাধকতাগুলি মেনে চলার উপরেই। ঝুঁকি সামলানো ও তার উন্নয়নে ওয়ারান্টিগুলি একটা অপরিহার্য ভূমিকা পালন করে।

ওয়ারান্টি হলো পলিসিতে স্পষ্টভাবে উল্লেখিত একটা শর্ত যা চুক্তির বৈধতার জন্য আক্ষরিকভাবে মেনে চলতে হবে। ওয়ারান্টি কোনো পৃথক নথি নয়। এটা পলিসি নথিরই অংশ। এটা হলো চুক্তির পূর্বশর্ত (যা অন্য শর্তের আগে কাজ করে)। ঝুঁকির উপাদান হোক বা না হোক এটা পালন করা এবং কঠোরভাবে এবং আক্ষরিক মেনে চলা আবশ্যিক।

যদি একটা ওয়ারান্টি পূরণ না হয়, তাহলে বীমাকারীর মত অনুযায়ী পলিসিটা বাতিলযোগ্য হয়ে যাবে, এমনকি যখন স্পষ্টভাবে এও প্রমাণিত হয় যে এই ওয়ারান্টি লঙ্ঘন কোনো একটি নির্দিষ্ট লোকসানের কারণে হয়নি। বাস্তবে যদিও ওয়ারান্টির লঙ্ঘন একেবারেই একটা কৌশলগত প্রকৃতির এবং কোনোভাবেই লোকসান বাড়াতে এর কোনো ভূমিকা নেই, বীমা কোম্পানীর নীতি অনুযায়ী

নিয়ম ও নির্দেশাবলী অনুযায়ী বীমাকারীরা ক্লেইমের প্রক্রিয়া করতে পারেন। এই ধরনের ক্ষেত্রে লোকসানকে সমঝোতা ক্লেইম হিসেবে বিবেচনা করা হয় এবং ক্লেইমের অধিকাংশ সাধারণত মীমাংসা করা হয় তবে 100শতাংশই নয়।

**একটা ব্যক্তিগত দুর্ঘটনা পলিসিতে নিম্নোক্ত ওয়ারান্টি থাকতে পারে:**

ওয়ারান্টি দেওয়া হয়েছে যে পাঁচজনের বেশি বীমাকৃত ব্যক্তির একসঙ্গে একই সময়ে একই বিমানে সফর করা উচিত নয়। এই ওয়ারান্টি লঙ্ঘিত হলে ক্লেইমগুলি কীভাবে বিবেচনা করা হবে ওয়ারান্টি তা বলতে পারে।

**নিজেকে যাচাই 5**

একটা ওয়ারান্টি সম্পর্কে নিচের বিবৃতির কোনটি সঠিক?

I. ওয়ারান্টি হলো একটা শর্ত যা পলিসিতে উল্লেখ না করেই প্রযোজ্য হয়
II. ওয়ারান্টি হলো একটা শর্ত যা পলিসিতে স্পষ্টভাবেই উল্লেখিত হয়
III. ওয়ারান্টি হলো একটা শর্ত যা পলিসিতে স্পষ্টভাবেই উল্লেখিত হয় এবং পলিসি নথির অংশ হিসেবে নয়, আলাদাভাবেই বীমাকৃতকে জানিয়ে দেওয়া হয়
IV. ওয়ারান্টি লঙ্ঘিত হলেও ক্লেইম প্রদান করা যায় যদি তা ঝুঁকির কোনো উপাদান না হয়

## G. *এন্ডোর্সমেন্ট বা সত্যায়ন*

এ হলো নির্দিষ্ট বিপদগুলি কভার করে এবং অন্যগুলিকে বাইরে রেখে একটা স্ট্যান্ডার্ড ফর্মে পলিসিগুলি ইস্যু করা বীমাকারীর রীতি।

**সংজ্ঞা**

ইস্যু করার সময় যদি পলিসির নির্দিষ্ট কোনো শর্তাবলী পরিবর্তন করার দরকার পড়ে, একটা নথির মাধ্যমে সেই সংশোধন / পরিবর্তনগুলি করতে হয় যাকে বলা হয় এন্ডোর্সমেন্ট বা সত্যায়ন।

এটা পলিসির সঙ্গে সংযুক্ত থাকে এবং এটা এর অংশ হয়। পলিসি এবং এন্ডোর্সমেন্ট একযোগে চুক্তি গঠন করে। পলিসি চালুর সময় পরিবর্তন / সংশোধনগুলি রেকর্ড করার জন্য এন্ডোর্সমেন্ট ইস্যু করা যেতে পারে।

যেখানে বস্তুগত তথ্য পরিবর্তিত হয়, বীমাকৃতকেই বীমা কোম্পানিকে তা জানাতে হয় যাতে তিনি সেটার নোট নিতে পারেন এবং এন্ডোর্সমেন্টের মাধ্যমে বীমা চুক্তির অংশ হিসেবে সেটাকে অন্তর্ভুক্ত করতে পারেন।

একটা পলিসির অধীনে সাধারণভাবে যে সম্পর্কে এন্ডোর্সমেন্ট প্রয়োজন হয় সেগুলি হলো:

a) বীমাকৃত রাশির হেরফের / পরিবর্তন
b) একটা ঋণ নিয়ে ও ব্যাঙ্কে পলিসি জমা রাখার মাধ্যমে বীমাকৃত স্বার্থের পরিবর্তন।
c) অতিরিক্ত বিপদ কভার করতে / পলিসির মেয়াদ বাড়াতে বীমার সম্প্রসারণ
ব্যক্তিগত স্বাস্থ্য বীমার জন্য স্বাস্থ্যের অবস্থা ও বয়স বিবেচনা করা আন্ডাররাইটিংয়ে গুরুত্বপূর্ণ। বর্তমান স্বাস্থ্যের হাল, ব্যক্তিগত ও পারিবারিক মেডিক্যাল ইতিহাসও আগে থেকে কোনো রোগ রয়েছে কিনা বা ভবিষ্যতে সম্ভাব্য স্বাস্থ্য সমস্যা ও অবস্থা যার জন্য হাসপাতালে ভর্তি হওয়ার প্রয়োজন পড়তে পারে বা অস্ত্রোপচারের দরকার হতে পারে সেব্যাপারে আন্ডাররাইটার আন্দাজ করতে সক্ষম হন।

তাছাড়াও প্রোপোজাল ফর্মটার ডিজাইন করা হয়েছে এমনভাবে যাতে অতীতে কোনো চিকিৎসা হয়ে থাকলে, হাসপাতালে ভর্তি হতে হলে ও কোনো অস্ত্রোপচার হয়ে থাকলে তার খবর টেনে বের করাযায়। আগের অসুখ আবার হতে পারে কিনা তার সম্ভাবনা, বর্তমান ও ভবিষ্যতে স্বাস্থ্যের উপর তার প্রভাব বা ভবিষ্যৎ জটিলতা সম্পর্কে মূল্যায়ণ করতে এটা আন্ডাররাইটারকে সাহায্য করে। কিছু রোগ যার জন্য প্রস্তাবক ওষুধ নিচ্ছেন শীঘ্রই যে কোনো সময়ে তার জন্য তাকে হাসপাতালে ভর্তি হতে পারে কিনা তাও খাতিয়ে দেখা যায়।

**উদাহরণ**

হাইপারটেনশন, অতিরিক্ত ওজন/স্থূলকায় ও শর্করার হার বেশি, এই ধরনের মেডিক্যাল অবস্থা হার্ট, কিডনি ও নার্ভাস সিস্টেমের জন্য ভবিষ্যতে হাসপাতালে ভর্তির খুব বেশি সম্ভাবনা থাকে। তাই মেডিক্যাল আন্ডাররাইটিংয়ে ঝুঁকি মূল্যায়ণের সময় এই অবস্থাগুলি সতর্কতার সঙ্গে বিবেচনা করা উচিত।

---

40 বছরের পর থেকেই সাধারণত স্বাস্থ্যের অবস্থার প্রতিকূল পরিবর্তন হয়, এটা হয় মূলত স্বাভাবিক বয়স বাড়ার কারণে, 45 বছরের আগে প্রস্তাবকের কোনো মেডিক্যাল পরীক্ষা করানোর

প্রয়োজন নেই (কোনো কোনো বীমাকারী আবার চাহিদাটাকে 50 অথবা 55 বছরও করে দিতে পারে)। মেডিক্যাল আন্ডাররাইটিং নির্দেশিকায় অবশ্য প্রস্তাবকের স্বাস্থ্যের অবস্থা সম্পর্কে তাঁর পারিবারিক ডাক্তারের স্বাক্ষরিত একটা ঘোষণাপত্র চাওবা হতে পারে।

ভারতীয় স্বাস্থ্য বীমার বাজারে ব্যক্তিগত স্বাস্থ্য বীমার জন্য মূল মেডিক্যাল আন্ডাররাইটিং বিষয় হলো ব্যক্তির বয়স। 45–50 বছরের বেশি বয়সী যখন প্রথম বারের জন্য নাম নথিভুক্ত করাবেন তখন তাঁর স্বাস্থ্য সংক্রান্ত ঝুঁকি অনুমান করতে সাধারণত তাঁর নির্ধারিত প্যাথলজিকাল পরীক্ষা করানো দরকার, তাঁর বর্তমান স্বাস্থ্য অবস্থা সম্পর্কেও নির্দিষ্ট তথ্য পাওয়া দরকার। আগে থেকে কোনো রোগ থাকলে এই ধরনের পরীক্ষাগুলি তারও ইঙ্গিত দেবে।

**উদাহরণ**

মাদক, অ্যালকোহল বা তামাক সেবন সনাক্ত করা বেশ কঠিন এবং প্রোপোজাল ফর্মে প্রস্তাবক হয়তো জানান যে মাঝেমধ্যে তিনি এগুলি সেবন করে থাকেন। এগুলি সঠিকভাবে না জানালে স্বাস্থ্য বীমার জন্য আন্ডাররাইটিংয়ের কাজটা বেশ চ্যালেঞ্জিং। অতিস্থূলতা আরেকটা সমস্যা যা জনস্বাস্থ্যের একটা বড় বিপদ হয়ে দেখা দিচ্ছে এবং এর থেকে তৈরি হওয়া জটিলতার জন্য পর্যাপ্ত মূল্য নির্ধারন করতে আন্ডাররাইটিং সরঞ্জাম তৈরি করা দরকার।

2. **নন-মেডিক্যাল আন্ডারারাইটিং**

স্বাস্থ্য বীমার জন্য আবেদনকারী বেশিরভাগ প্রস্তাবকেরই কোনো মেডিক্যাল পরীক্ষার দরকার নেই। যদি নির্ভুলতার স্তর খতিয়ে দেখা যায় তবে লক্ষ্য করা যাবে এই ধরনের কেসের মাত্র এক-দশমাংশ বা তারও কমের মেডিক্যাল পরীক্ষায় খারাপ ফল আসবে, বীমাকারী কেসগুলির বেশিরভাগ ক্ষেত্রে মেডিক্যাল পরীক্ষা এড়িয়েই যেতে পারেন।

প্রস্তাবক যদি সমস্ত তথ্য সম্পূর্ণভাবে ও সততার সঙ্গে জানিয়েও থাকেন এবং সেগুলি এজেন্ট সতর্কতার সঙ্গে যাচাইও করে থাকেন তাহলেও মেডিক্যাল পরীক্ষার প্রয়োজনীয়তা কম হতে পারে। বাস্তবে ক্লেইমের হার সামান্য বাড়লে তা মেনে নেওয়া যেতে পারে যদি মেডিক্যাল চেকআপ বাবদ খরচ ও অন্যান্য খরচ বাঁচানো যায় এবং এতে প্রস্তাবকের অসুবিধাও খানিকটা কমবে।

বীমা কোম্পানিগুলি তাই এমন বেশ কিছু মেডিক্যাল পলিসি নিয়ে আসছে যেখানে প্রস্তাবককে কোন মেডিক্যাল পরীক্ষা করাতে হয় না। এই ধরনের ঘটনায়, কোম্পানিগুলি সাধারনত একটা 'মেডিক্যাল গ্রিড' তৈরি করে এটা চিহ্নিত করতে যে কোন বয়সে বা পর্যায়ে মেডিক্যাল আন্ডাররাইটিং করাতে হবে, এবং এই নন-মেডিক্যাল সীমাগুলি সতর্কতার সঙ্গে ডিজাইন করা হয় যাতে ব্যবস্থা ও ঝুঁকির মধ্যে একটা যথার্থ ভারসাম্য রাখা যায়।

**উদাহরণ**

মেডিক্যাল পরীক্ষার কোনো দীর্ঘ প্রক্রিয়ার মধ্যে না গিয়ে, অপেক্ষায় না থেকে ও প্রক্রিয়ার বিলম্ব এড়িয়ে এক ব্যক্তির দ্রুত একটা স্বাস্থ্য কভারেজ নেওয়ার দরকার ছিল, তাই তিনি একটা নন-মেডিক্যাল আন্ডাররাইটিং পলিসি বেছে নিয়েছেন। একটা নন-মেডিক্যাল আন্ডাররাইটিং পলিসিতে প্রিমিয়ামের হার ও বীমাকৃত রাশি ঠিক করা হয় স্বাস্থ্য সম্পর্কে কতগুলি প্রশ্নের জবাবের ভিত্তিতে, যার বেশিরভাগটাই বয়স, লিঙ্গ, ধূমপানের শ্রেণী, গড়ন প্রভৃতি। প্রক্রিয়াটা খুবই দ্রুত তবে প্রিমিয়ামটা আপেক্ষিকভাবে বেশি।

### 3. সংখ্যাসূচক রেটিং পদ্ধতি

আন্ডাররাইটিংয়ে এই প্রক্রিয়াটি অবলম্বন করা হয়, যেখানে ঝুঁকির প্রত্যেকটি উপাদানের উপর সংখ্যাসূচক বা শতাংশে মূল্যায়ন করা হয়।

বয়স, লিঙ্গ, জাতি, বৃত্তি, বাসভবন, পরিবেশ, শারীরিক গড়ন, অভ্যাস, পারিবারিকএবংব্যক্তিগতইতিহাসের মতো বিষয়গুলি যাচাই করা হয় এবং পূর্ব-নির্ধারিত মাপকাঠির ভিত্তিতে সংখ্যাসূচক ভিত্তিতে স্কোর দেওয়া হয়।

### 4. আন্ডাররাইটিং সিদ্ধান্ত

প্রাপ্ত তথ্য সতর্কতার সঙ্গে মূল্যায়ন করে যথাযথভাবে ঝুঁকির শ্রেনীবিভাগ করা হলে তবেই আন্ডারারাইটিং প্রক্রিয়া সম্পূর্ণ হয়। উপরের সরঞ্জাম এবং তাঁর বিবেচনার ভিত্তিতে আন্ডাররাইটার ঝুঁকিকে নিম্নলিখিত ক্যাটাগোরিগুলিতে শ্রেণীবিভাগ করে:

a) স্ট্যান্ডার্ড হারে ঝুঁকি গ্রহণ
b) অতিরিক্ত প্রিমিয়াম (লোডিং) -এর বিনিময়ে ঝুঁকি গ্রহণ, যদিও সব কোম্পানি এটা নাও করতে পারে
c) একটা শর্তাধীন মেয়াদ/শর্তের জন্য কভার খারিজ
d) কভার অস্বীকার
e) কাউন্টার অফার (বিধিনিষেধ অথবা কভারের অংশ অগ্রাহ্য)
f) উচ্চতর ডিডাক্টিবল অথবা কো-পে প্রয়োগ করা
g) পলিসির অধীনে লেভি স্থায়ী বর্জন

কোনো রোগকে স্থায়ীভাবে বর্জন করা হলে, পলিসি শংসাপত্রে তা অনুমোদিত হতে হবে। স্ট্যান্ডার্ড পলিসি বর্জনের থেকে এটা একটা অতিরিক্ত বর্জন হয় এবং চুক্তিতে এটাও একটা অংশ হয়।

আন্ডাররাইটারের বিশেষজ্ঞ ব্যক্তিগত ঝুঁকি মূল্যায়ন বীমা কোম্পানির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ কারণ এটা বীমা ব্যবস্থায় ভারসাম্য রক্ষা করে। আন্ডাররাইটিং বীমাকারীদের একসঙ্গে নিয়ে গোষ্ঠী বানিয়ে প্রস্তাবিত ঝুঁকিগুলির জন্য একই স্তর ও যা তাঁরা সুরক্ষা দেওয়ার জন্য বাছবেন সেগুলির জন্য একই ধরনের প্রিমিয়াম ধার্য করে। পলিসিহোল্ডারদের কাছে এর সুবিধা হলো তাঁরা একটা মেলার মতো জায়গায় বীমার উপলব্ধতা দেখতে পান এবং প্রতিযোগিতামূলক দামে সেগুলি পান যেখানে একজন বীমাকারীর সুবিধা হয় রোগ সম্ভাবনার আন্দাজ দিয়ে তাদের পোর্টফোলিও রক্ষা করতে।

### 5. সাধারণ বা স্ট্যান্ডার্ড বর্জনের (এক্সক্লুশন) ব্যবহার

যা তাদের সমস্ত সদস্যের উপর প্রযোজ্য, অধিকাংশ পলিসি সেই বর্জনগুলি আরোপ করে। এগুলি স্ট্যান্ডার্ড বর্জন হিসেবে পরিচিত অথবা কখনও কখনও এগুলিকে সাধারণ বর্জন বলেও উল্লেখ করা হয়। স্ট্যান্ডার্ড বর্জন রূপায়ন করে বীমাকারীরা তাদের প্রয়োগে রাশ টানে।

আগের অধ্যায়ে এই একই বিষয় আলোচনা করা হয়েছে।

**নিজেকে যাচাই 4**

মেডিক্যাল আন্ডাররাইটিং সম্পর্কে নিচের কোন বিবৃতিটি বেঠিক?

I. মেডিক্যাল রিপোর্ট সংগ্রহ ও মূল্যায়নে প্রচুর খরচ যুক্ত।
II. স্বাস্থ্য বীমার জন্য মেডিক্যাল আন্ডাররাইটিংয়ে মূল বিষয়গুলি হলো বর্তমানে স্বাস্থ্যের হাল ও বয়স।
III. স্বাস্থ্য ঝুঁকির মূল্যায়নের জন্য প্রস্তাবককে মেডিক্যাল ও প্যাথলজিক্যাল পরীক্ষা করাতে হয়।
IV. ঝুঁকির প্রত্যেকটি উপাদানের উপর শতাংশ মূল্যায়ন করা হয়।

**Diagram 1: আন্ডাররাইটিং প্রক্রিয়া**



## G. *গ্রুপ স্বাস্থ্য বীমা*

### 1. গ্রুপ স্বাস্থ্য বীমা

মূলত গড় সূত্র প্রয়োগ করে গ্রুপ বীমার আন্ডাররাইটিং হয়, গ্রুপ বীমা বলতে বোঝায় একটা স্ট্যান্ডার্ড গ্রুপের সকল সদস্য একটা গ্রুপ স্বাস্থ্য বীমা পলিসির আওতায় কভার পান, গ্রুপের ব্যক্তিরা বীমাকারীর কাছে বিরুদ্ধ-বাছাই হতে পারেন না। তাই একটা গ্রুপকে স্বাস্থ্য বীমার জন্য স্বীকার করার সময় বীমাকারীদের এটা বিবেচনার মধ্যে রাখতেই হয় যে গ্রুপের কিছু সদস্যের মারাত্মক ও ঘন ঘন স্বাস্থ্যের সমস্যা হতে পারে।

গ্রুপ স্বাস্থ্য বীমার আন্ডাররাইটিংয়ে গ্রুপের বৈশিষ্ট্য বিশ্লেষণ প্রয়োজন যাতে মূল্যায়ন করা যায় যে এই গ্রুপটা বীমা কোম্পানির আন্ডাররাইটিং নির্দেশিকার মধ্যে পড়ছে কিনা পাশাপাশি গ্রুপ বীমা সম্পর্কে বীমা নিয়ন্ত্রকের দেওয়া নির্দেশিকা মেনে হচ্ছে কিনা।

গ্রুপ স্বাস্থ্য বীমার জন্য স্ট্যান্ডার্ড আন্ডাররাইটিং প্রক্রিয়া নিমনলিখিত বিষয়গুলির ভিত্তিতে প্রস্তাবিত গ্রুপের মূল্যায়ন জরুরী:

a) গ্রুপের ধরন

b) গ্রুপের মাপ

c) শিল্পের ধরন

d) কভারেজের জন্য যোগ্য ব্যক্তি

e) গোটা গ্রুপটাকেই কভার করাহচ্ছে কিনা অথবা সদস্যদের কভার না করার কোনো সুযোগ রয়েছে কিনা

f) কভারেজের স্তর - সকলের একইরকম কিনা বা আলাদা আলাদা

g) লিঙ্গ, বয়স, একক বা বহু অবস্থান, গ্রুপ সদস্যদের আয়ের স্তর, সদস্যদের টার্নওভারের হার, প্রিমিয়াম কি গোটাটাই গ্রুপ হোল্ডার দেবেন নাকি সদস্যদেরই প্রিমিয়াম প্রদান করতে হবে, এই সমস্ত বিষয়ের ভিত্তিতে গ্রুপ রচনা

h) বিভিন্ন ভৌগোলিক অবস্থানের মধ্যে ছড়িয়ে থাকা বিভিন্ন জায়গার ক্ষেত্রে স্বাস্থ্য পরিষেবার জন্য খরচের পার্থক্য

i) গ্রুপ বীমা পরিচালনায় একটি থার্ড পার্টি অ্যাডমিনিস্ট্রেটর (তাঁর নিজের পছন্দের বা বীমাকারীর বেছে দেওয়া একজন) থাকবে নাকি বীমাকারী নিজেই থাকবে সে ব্যাপারে গ্রুপ হোল্ডারের পছন্দ

j) প্রস্তাবিত গ্রুপের অতীত ক্লেইমের অভিজ্ঞতা

**উদাহরণ**

শীততাপনিয়ন্ত্রিত অফিসে কর্মরত সদস্যদের তুলনায় খনি বা কারখানায় কর্মরত শ্রমিকদের একটা গ্রুপের স্বাস্থ্যের ঝুঁকি বেশি। উভয় গ্রুপের রোগের ধরনও (যার জন্য ক্লেইম করা হয়) একেবারেই আলাদা। তাই উভয় ক্ষেত্র অনুযায়ীই বীমাকারী গ্রুপ বীমা পলিসির জন্য মূল্য ধার্য করবে।

একইভাবে তথ্য প্রযুক্তি কোম্পানিগুলির মতো হাই টার্নওভারের গ্রুপগুলির ক্ষেত্রে প্রতিকূল নির্বাচন এড়াতে বীমাকারীরা সতর্কতামূলক মাপকাঠি চালু করতে পারেন যেখানে বীমার উপযুক্ত হওয়ার জন্য কর্মচারীদের নির্দিষ্ট শিক্ষানবিসি সময়ের জন্য কাজ সম্পন্ন করতে হবে।

---

গ্রুপ স্বাস্থ্য বীমা ব্যবসার অতি প্রতিযোগিতামূলক চরিত্রের ফলে বীমাকারীরা গ্রুপ বীমা প্ল্যানের সুবিধায় টেকসই নমনীয়তা ও স্বনির্ধারণ মঞ্জুর করে। নিয়োগকর্তা-কর্মচারী গ্রুপ বীমা প্ল্যানে সময়ের সাথে সাথে সুবিধার ধরণগুলি বদলানো হয় এবং মানব সম্পদ বিভাগ এটাকেই কর্মচারী ধরে রাখার একটা সরঞ্জাম হিসেবে ব্যবহার করে। বেশিরভাগ সময়েই নমনীয়তাটা আসে বীমাকারীদের মধ্যে প্রতিযোগিতার ফলে, অন্য বীমাকারী বর্তমানের গ্রুপ বীমা প্ল্যানে যে সুযোগ-সুবিধা দিচ্ছে তার সঙ্গে খাপ খাওয়াতে বা তার থেকে আরও সুবিধা দিয়ে ব্যবসায় করায়ত্ত করে নিজেদের দিকে টেনে নিতে এই নমনীয়তা।

## 2. নিয়োগকর্তা-কর্মচারী গ্রুপের থেকে আলাদা আন্ডাররাইটিং

প্রথাগতভাবে নিয়োগকর্তা-কর্মচারী গ্রুপই গ্রুপ স্বাস্থ্য বীমা দেওয়ার জন্য সবচেয়ে সাধারণ গ্রুপ। স্বাস্থ্য পরিষেবার খরচ যোগাতে যদিও স্বাস্থ্য বীমা গ্রহন একটা কার্যকরী মাধ্যম হয়ে উঠেছে, তাই এখন বিভিন্ন ধরনের গ্রুপ তৈরি হচ্ছে। এই ধরনের পরিস্থিতিতে গ্রুপের আন্ডাররাইটিংয়ের সময় গ্রুপ রচনার চরিত্রটা বিবেচনা করা গ্রুপ স্বাস্থ্য বীমা আন্ডাররাইটারের পক্ষে খুবই গুরুত্বপূর্ণ।

নিয়োগকর্তা-কর্মচারী গ্রুপ ছাড়াও বীমাকারীরা বিভিন্ন ধরনের গ্রুপকে গ্রুপ স্বাস্থ্য বীমা কভারেজ দিয়ে থাকেন যেমন: শ্রমিক সংগঠন, ট্রাস্ট ও সোসাইটি, মাল্টিপল-এমপ্লয়ার গ্রুপ, ফ্র্যাঞ্চাইসি ডিলার, পেশাদার সমিতি, ক্লাব ও অন্য ভ্রাতৃপ্রতিম সংগঠন।

বিভিন্ন দেশের সরকার সমাজের গরিব অংশের জন্য গ্রুপ স্বাস্থ্য বীমার কভারেজের ক্রেতা হয়ে থাকে। ভারতে কেন্দ্রীয় ও রাজ্য উভয় স্তরের সরকারই গরিবদের জন্য জোরালোভাবেই গ্রুপ স্বাস্থ্য বীমা প্রকল্পের পৃষ্ঠপোষকতা করে যেমন আরএসবিওয়াই, যশস্বীনি প্রভৃতি।

এই ধরনের বিভিন্ন গ্রুপের ক্ষেত্রে মৌলিক আন্ডাররাইটিং বিবেচ্যগুলি সাধারণভাবে স্বীকৃত গ্রুপ আন্ডাররাইটিং বিষয়, অন্তর্ভুক্ত অতিরিক্ত বিষয়গুলির সঙ্গে একইরকম:

a) গ্রুপের মাপ (ছোট আকারের গ্রুপে মাঝে মধ্যেই পরিবর্তন হতে পারে)
b) বিভিন্ন ভৌগোলিক অঞ্চলে স্বাস্থ্য পরিষেবার খরচের স্তর বিভিন্ন
c) সমস্ত গ্রুপ শরিকই যদি গ্রুপ স্বাস্থ্য বীমা পরিকল্পনায় অংশ না নেন সেক্ষেত্রে প্রতিকূল বাছাইয়ের ঝুঁকি
d) পলিসিতে গ্রুপের সদস্যদের ধারাবাহিকতা

সস্তা দামে এই ধরনের গ্রুপ স্বাস্থ্য বীমার সুবিধা নিতে এলোমেলো গ্রুপ তৈরি খুব বেড়ে গেছে, একে বলা হয় 'সুবিধাবাদী গ্রুপ'। বীমা নিয়ন্ত্রক আইআরডিএ তাই গ্রুপ বীমার নির্দেশিকা জারি করেছে, বিভিন্ন ধরনের গ্রুপ সামলানোয় বীমাকারীর অবলম্বন করা মনোভাবকে নিয়ন্ত্রণ করতে। এই ধরনের নন-এমপ্লয়ার গ্রুপের মধ্যে রয়েছে:

a) কর্মচারী কল্যান সমিতি
b) একটা নির্দিষ্ট কোম্পানির ইস্যু করা ক্রেডিট কার্ড হোল্ডার
c) একটা নির্দিষ্ট ব্যবসার ক্রেতারা যেখানে বীমাটা অ্যাড-অন সুবিধা হিসেবে দেওয়া হয়ে থাকে

d) একটা ব্যাঙ্ক ও পেশাদার সমিতি বা সোসাইটির ঋণগ্রহীতারা

গ্রুপ বীমা নির্দেশিকার মূলনীতি হলো ব্যক্তিগত পলিসিতে যে সুবিধার কভারেজ পাওয়া যায় না কেবলমাত্র সেই নমনীয় ডিজাইন-এর সুবিধা পেতে ও খরচ কমাতে গ্রুপ তৈরি ঠেকানো। লক্ষ্য করা গেছে যে এই ধরনের 'সুবিধাবাদী গ্রুপ' প্রায়শই বীমাকারীর পক্ষে প্রতিকুল বাছাই হয়ে দাঁড়ায় এবং অবশেষে ক্লেইমের অনুপাত বেশি হয়। নিয়ন্ত্রক কর্তৃপক্ষের গ্রুপ বীমা নির্দেশিকা বীমাকারীকে দায়িত্বশীল বাজার আচরণ পালন করতে সাহায্য করে। এগুলিই বীমা কোম্পানির আন্ডাররাইটিংয়ে শৃঙ্খলা আরোপ করে এবং গ্রুপ প্রকেপর জন্য পরিচালন মাপকাঠি তৈরিতে গ্রুপ বীমা প্রকল্পের প্রচারেও নিয়মানুবর্তিতা নিয়ে আসে।

## H. বিদেশ সফর বীমার আন্ডাররাইটিং

বিদেশ সফর বীমার অধীনে মূল কভারটা যেহেতু স্বাস্থ্য কভার, আন্ডাররাইটিংয়ে তাই সাধারণভাবে স্বাস্থ্য বীমার রীতিই অনুসরণ করা হয়।

প্রিমিয়ামের হার নির্ণয় ও ঝুঁকি গ্রহণ করা হবে কোম্পানির নিজস্ব নির্দেশিকা মেনেই তবে নিচে কিছু গুরুত্বপূর্ণ বিবেচ্য বিষয় দেওয়া হলো :

1. প্রস্তাবকের বয়স ও বিদেশ সফরের মেয়াদকালের উপর প্রিমিয়ামের হার নির্ভর করবে।
2. বিদেশে যেহেতু চিকিৎসা বেশ খরচসাপেক্ষ, তাই দেশীয় স্বাস্থ্য বীমা পলিসির তুলনায় স্বাভাবিকভাবেই প্রিমিয়ামের হার বেশি হয়।
3. বিদেশের মধ্যেও এমনকি মার্কিন যুক্তরাষ্ট্র ও কানাডার প্রিমিয়াম সর্বোচ্চ।
4. পলিসি ব্যবহার করে একজন প্রস্তাবকের বিদেশে চিকিৎসা করিয়ে নেওয়ার সম্ভাবনা দূর করতে সতর্কতা নেওয়া উচিত এবং তাই প্রস্তাবের পর্যায়েই পূর্ব-বিদ্যমান রোগের অস্তিত্ব সতর্কতার সঙ্গে বিবেচনা করতেই হবে।

## I. ব্যক্তিগত দুর্ঘটনা বীমার অন্ডাররাইটিং

ব্যক্তিগত দুর্ঘটনা বীমার জন্য অন্ডাররাইটিংয়ে বিবেচ্য বিষয়গুলি নিম্নরূপ :

### রেটিং বা হার নির্ধারণ

ব্যক্তিগত দুর্ঘটনা বীমায়, প্রধান যে বিষয়টি বিবেচ্য তা হলো বীমাকৃতর পেশা। সাধারণভাবে বললে ঘরে, রাস্তায় প্রভৃতি জায়গায় ব্যক্তিগত দুর্ঘটনার সম্ভাবনা অনাবৃত অবস্থা সমস্ত মানুষের ক্ষেত্রে একই। তবে পেশার সঙ্গে সম্পর্কিত ঝুঁকিগুলি কাজের প্রকৃতির সঙ্গে হেরফের করে। উদাহরণস্বরুপ, একজন অফিস ম্যানেজারের কাজে ঝুঁকির সম্ভাবনা একটা বিল্ডিং তৈরি হচ্ছে সেই সাইটে কর্মরত সিভিল ইঞ্জিনিয়ারের থেকে অবশ্যই কম।

প্রত্যেক পেশা বা চাকরির জন্য হার নির্দিষ্ট করে দেওয়া মোটেই ব্যবহারিক নয়। তাই পেশাগুলিকে কয়েকটি গ্রুপে ভাগ করা হয়েছে, প্রত্যেক গ্রুপ কম বা বেশী একই ধরনের ঝুঁকির অনাবৃত অবস্থাকে তুলে ধরে। শ্রেণীবিভাগের নিম্নলিখিত পদ্ধতি খুবই সরল এবং ব্যবহারিকভাবে যুক্তিসঙ্গত বলে দেখা গেছে। ভিন্ন ভিন্ন কোম্পানির শ্রেণীবিভাগের নিজস্ব ভিত্তি থাকতেই পারে।

### ঝুঁকির শ্রেণীবিভাগ

পেশার ভিত্তিতে বীমাকৃত ব্যক্তির সঙ্গে ঝুঁকিগুলিকে তিনটি গ্রুপে ভাগ করা যেতে পারে:

- **ঝুঁকি গ্রুপ** I

  অ্যাকাউন্ট্যান্ট, ডাক্তার, আইনজীবী, স্থপতি, কনসাল্টিং ইঞ্জিনিয়ার, শিক্ষক, ব্যাঙ্কার, প্রশাসনিক কাজকর্মে যুক্ত ব্যক্তি, প্রাথমিকভাবে একই ধরনের বিপদের পেশায় যুক্ত ব্যক্তিরা।

- **ঝুঁকি গ্রুপ** II

  কেবলমাত্র তত্বাবধানের কাজে যুক্ত বিল্ডার, কন্ট্রাক্টর ও ইঞ্জিনিয়ার, পশু চিকিৎসক, মোটরগাড়ি ও হালকা মোটর গাড়ির বেতনভুক্ত চালক এবং একই ধরনের বিপদের পেশায় যুক্ত ব্যক্তিরা।

  কায়িক শ্রমে যুক্ত সমস্ত ব্যক্তি (শুধু যাঁরা গ্রুপ III-তে পড়ছেন তাঁরা বাদে), নগদ টাকা বহনকারী কর্মচারী, গ্যারেজ ও মোটর মেকানিক, মেশিন চালক, ট্রাক বা লরি ও অন্যান্য ভারী গাড়ির চালক, পেশাদার অ্যাথলিট ও স্পোর্টসমেন, কাঠের মিস্ত্রি ও একই ধরনের বিপদের পেশায় যুক্ত ব্যক্তিরা।

- **ঝুঁকি গ্রুপ** III

  মাটির নিচে খনিতে কর্মরত ব্যক্তি, বিস্ফোরক ম্যাগাজিন, হাই টেনশন সাপ্লাই সহ বৈদ্যুতিক ইনস্টলেশনে যে শ্রমিকরা কাজ করেন, জকি, সার্কাস কর্মী, চাকা বা ঘোড়ার পিঠে রেস, শিকার, পর্বতারোহণ, উইন্টার স্পোর্টস, স্কিয়িং, আইস হকি, বেলুনিং, হ্যাং গ্লাইডিং, রিভার র‍্যাফটিং, পোলোর মতো কাজে যুক্ত ব্যক্তিরা এবং একই ধরনের বিপদের পেশা/কার্যকলাপে যুক্ত ব্যক্তিরা।

  ঝুঁকির গ্রুপগুলি যথাক্রমে 'স্বাভাবিক', 'মাঝারি' ও 'উচ্চ' হিসেবেও পরিচিত।

**বয়স সীমা**

কভারকৃত হওয়া ও পুনর্নবীকৃত হওয়ার জন্য সর্বোচ্চ ও সর্বনিম্ন বয়স সীমা একেকটা কোম্পানির ক্ষেত্রে একেক রকম। সাধারণত আদর্শ মাপকাঠিটা হলো 5 বছর থেকে 70বছরের সময়। তবে কোনো ব্যক্তির যদি ইতিমধ্যেই একটা কভার থাকে, তাঁর 70বছর পূরণ করার পরও পলিসি পুনর্নবীকরণ হতে পারে তবে 80বছর বয়স পর্যন্তই, এর জন্য একটা রিনিউয়াল প্রিমিয়াম বহন করতে হয়।

পুনর্নবীকরণ বা নতুন কভারের জন্য সাধারণত কোনো মেডিক্যাল পরীক্ষার দরকার হয় না।

**মেডিক্যাল খরচ**

মেডিক্যাল খরচ কভার হলো নিম্নরূপ:

- অতিরিক্ত প্রিমিয়াম দিয়ে দুর্ঘটনাজনিত শারীরিক আঘাতের সঙ্গে সম্পর্কিত মেডিক্যাল খরচের কভার পেতে এন্ডোর্সমেন্ট দিয়ে একটা ব্যক্তিগত দুর্ঘটনা পলিসিকে বাড়ানো যায়।
- পলিসির অধীনে অন্যান্য সুবিধার সঙ্গে এই সুবিধাগুলিও যুক্ত থাকে।
- এটা জরুরী নয় যে ব্যক্তিকে হাসপাতালে ভর্তি হতেই হবে।

**যুদ্ধ ও সম্বন্ধযুক্ত ঝুঁকি**

অতিরিক্ত প্রিমিয়াম দিয়ে বিদেশে অসামরিক দায়িত্বে কর্মরত ভারতীয় সেনা / বিশেষজ্ঞদের যুদ্ধের ঝুঁকি কভার দেওয়া হতে পারে।

- শান্তিপূর্ণ সময় বা স্বাভাবিক পর্বে ব্যক্তিগত দুর্ঘটনা পলিসি স্বাভাবিক হারের থেকে 50শতাংশ অতিরিক্ত হয় (অর্থাৎ স্বাভাবিক হারের 150 শতাংশ)
- সাধারণ হারের উপর 150শতাংশ অতিরিক্ত হিসেবে (অর্থাৎ স্বাভাবিক হারের 250শতাংশ হারে) ব্যক্তিগত দুর্ঘটনা পলিসি ইস্যু করা হয় অস্বাভাবিক/শঙ্কিত সময়কালে (অর্থাৎ এমন একটা সময়কাল যখন বিদেশে ইতিমধ্যেই যুদ্ধের মতো পরিস্থিতি হয়েছে বা হওয়া অবশ্যসম্ভাবী হয়ে গেছে অর্থাৎ যেখানে অসামরিক কর্তব্য পালনে ভারতীয় সেনাদের কাজ করতে হচ্ছে)

**প্রোপোজাল ফর্ম**

ফর্ম নিম্নলিখিতগুলি সম্পর্কে তথ্য প্রকাশ করে:

- ব্যক্তিগত বিবরণ
- শারীরিক অবস্থা
- অভ্যাস ও অবসর বিনোদন
- অন্যান্য বা পূর্ববর্তী বীমা
- পূর্ববর্তী দুর্ঘটনা বা অসুস্থতা
- উপকার ও বীমাকৃত রাশি নির্বাচন
- ঘোষণা

উপরে বর্ণিত চাহিদাগুলি নিম্নোক্তভাবে ব্যাখ্যা করা যেতে পারে:

- প্রসঙ্গত, বয়স, উচ্চতা এবং ওজন, পেশা পূর্ণ বিবরণ এবং গড় মাসিক আয়ের সঙ্গে সম্পর্কযুক্ত ব্যক্তিগত বিবরণ।
- বয়স এটাই দেখিয়ে দেয় যে কাঙ্খিত পলিসিতে প্রবেশের বয়সসীমার মধ্যে প্রস্তাবক রয়েছেন কিনা। ওজন ও উচ্চতা তুলনা করা উচিত লিঙ্গ, উচ্চতা ও বয়স অনুযায়ী গড় ওজনের টেবিলের সঙ্গে এবং প্রস্তাবক যদি গড়ের 15শতাংশ বেশি বা কম জানিয়ে থাকেন তাহলে আরো অনুসন্ধান করতে হবে।
- কোনো শারীরিক অপূর্ণতা বা খুঁত, দূরারোগ্য রোগ প্রভৃতি সম্পর্কিত শারীরিক অবস্থার বিবরণ
- যাঁর একটা অঙ্গ হানি হয়েছে বা একটা চোখের দৃষ্টিশক্তি চলে গেছে এমন প্রস্তাবকদেরই কেবলমাত্র অনুমোদিত কেসে বিশেষ শর্তে স্বীকার করা হয়। এরা অস্বাভাবিক ঝুকি গঠন করেন কারণ তাঁরা 'নির্দিষ্ট ধরনের দুর্ঘটনা এড়াতে কম সক্ষম এবং যদি অন্য হাত বা পা চোটগ্রস্ত হয় বা আরেকটা চোখের দৃষ্টিশক্তি প্রভাবিত হয় তাহলে নিষ্ক্রিয়তার স্তর ও মেয়াদ স্বাভাবিক তুলনায় আরো বেশি হবে।
- ডায়াবেটিস পুনরুদ্ধারকে মন্দীভূত করতে পারে কারণ ক্ষত দ্রুত নাও সারতে পারে এবং নিষ্ক্রিয়তা অসঙ্গতভাবে দীর্ঘায়িত হতে পারে। প্রস্তাবকের মেডিক্যাল হিস্ট্রি পরীক্ষা করতেই হবে এটা নির্ধারণ করার জন্য যে ক্ষত বা অসুস্থতা তাঁর ভবিষ্যতের দুর্ঘটনার ঝুঁকিকে প্রভাবিত করবে কিনা এবং কতটা করবে। এই ধরনের অবশ্যসম্ভাবী গুরুতর প্রকৃতির বহু অভিযোগ রয়েছে যা ঝুঁকিটাকে বীমার অযোগ্য করে দেয় যেমন হার্টের ভালভের অসুখ।
- পর্বতারোহণ, পোলো, মোটর রেসিং, অ্যাক্রোবেটিক্স প্রভৃতির মতো বিপজ্জনক অবসর বিনোদনে অতিরিক্ত প্রমিয়াম লাগে।

## বীমাকৃত রাশি

একটা ব্যক্তিগত দুর্ঘটনা বীমা বীমাকৃত রাশি সতর্কতার সঙ্গে নির্দিষ্ট করতে হয় যাতে সেগুলি উপকারী পলিসি হয় এবং কঠোর খেসারতের মধ্যে আটকে না থাকে। 'বৈতনিক কর্মসংস্থান'-এর মাধ্যমে উপার্জিত আয় বিবেচনায় সতর্কতা নেওয়া উচিত। অন্যভাবে বললে, বীমাকৃত রাশি নির্ধারণের সময় সেই আয়কে বিবেচনা করা উচিত নয় যা দুর্ঘটনার ফলে প্রস্তাবককে প্রভাবিত করবে।

বীমাকারী/আন্ডাররাইটারদের বীমাকৃত রাশি নির্দিষ্ট করার রীতি অনুযায়ী, যার জন্য কভার মঞ্জুর করা হবে সেই সঠিক অর্থ নির্ভর করে আন্ডাররাইটারের উপর। তবে সাধারণ অভ্যাসটা হলো মঞ্জুরকৃত কভার কোনোভাবেই বীমাকৃতের 72মাস/6বছরের উপার্জনের বেশি হওয়া উচিত নয়।

পলিসিটা যদি শুধুমাত্র মূলধনী সুবিধার জন্য হয় তবে বিধিনিষেধ কঠোরভাবে প্রযোজ্য হয় না। তবে অস্থায়ী মোট নিষ্ক্রিয় কভারের জন্য এটা হওয়া উচিত নয় যে প্রদেয় ক্ষতিপূরণের ক্ষেত্রে সেটা সেই মেয়াদকালে তাঁর উপার্জনের সঙ্গে অনুপাতহীন হবে। কভারটা যদি টিটিডি-র জন্য সাপ্তাহিক ক্ষতিপূরণ হয়, বীমাকৃত রাশি সাধারণত তাঁর বার্ষিক উপার্জনের দ্বিগুণ ছাড়াবে না।

বৈতনিক কর্মে নিযুক্ত নন এমন কোনো ব্যক্তিকে কভার দেওয়ার সময় যেমন গৃহবধূ, ছাত্র প্রভৃতি ক্ষেত্রে বীমাকারীকে নিশ্চিত হতে হয় যে তাঁরা এটা দিচ্ছেন শুধুমাত্র মূলধনী সুবিধার জন্য এবং এর জন্য কোনো সাপ্তাহিক ক্ষতিপূরণ দেওয়া হয় না।

**ফ্যামিলি প্যাকেজ কভার**

শিশু ও রোজগেরে নন এমন স্বামী বা স্ত্রীর জন্য কভার সীমাবদ্ধ থাকে মৃত্যু ও স্থায়ী বিকলাঙ্গতায় (আংশিক বা সম্পূর্ণ)। যদিও কোম্পানির নিজস্ব নিয়মের ভিত্তিতে সুবিধার টেবিল বিবেচনা করা যেতে পারে। কিছু কোম্পানি একটা নির্দিষ্ট সীমা পর্যন্ত রোজগেরে নন এমন স্বামী বা স্ত্রীর জন্য টিটিডি কভার অনুমোদন করে থাকে।

মোট প্রিমিয়ামের উপর সাধারণভাবে 5শতাংশ হারে একটা ছাড় মঞ্জুর করা হয়।

**গ্রুপ পলিসি**

বীমাকৃত ব্যক্তির সংখ্যা যদি নির্দিষ্ট সংখ্যা ছাড়িয়ে যায়, যেমন 100 তাহলে প্রিমিয়ামে একটা গ্রুপ ছাড় দেওয়া হয়। সংখ্যা কম হলেও যেমন 25হলেও গ্রুপ পলিসি ইস্যু করা হয় তবে কোনো ছাড় ছাড়া।

সাধারণভাবে নামবিহীন ভিত্তিতে পলিসি ইস্যু করা হয় কেবলমাত্র খুবই মূল্যবান ক্লায়েন্টকে, যেখানে সদস্যের পরিচিতি সন্দেহাতীতভাবে স্পষ্টতই প্রতিপাদ্য হয়।

**গ্রুপ ডিসকাউন্ট মাপকাঠি**

গ্রুপের নাম পাওয়ার নিরিখেই গ্রুপ পলিসি ইস্যু করা উচিত। গ্রুপ ছাড় ও অন্যান্য সুবিধা পাওয়ার জন্য প্রস্তাবিত ''গ্রুপ''কে স্পষ্টভাবেই নিম্নলিখিত ক্যাটাগোরির যে কোনো একটির আওতায় পড়া উচিত:

- কর্মচারীর উপর নির্ভরশীল ব্যক্তি সহ নিয়োগকর্তা – কর্মচারী সম্পর্ক
- প্রাক চিহ্নিত সেগমেন্ট / গ্রুপ যেখানে রাজ্য / কেন্দ্রীয় সরকারকে প্রিমিয়াম দিতে হয়
- একটা রেজিস্টার্ড কো-অপারেটিভ সোসাইটির সদস্যরা
- রেজিস্টার্ড পরিষেবা ক্লাবের সদস্যরা
- ব্যাঙ্ক/ডাইনার/মাস্টার/ভিসা ক্রেডিট কার্ড হোল্ডাররা
- ব্যাঙ্ক/এনবিএফসি-র ইস্যু করা ডিপোজিট সার্টিফিকেট হোল্ডাররা
- ব্যাঙ্ক/রাষ্ট্রায়ত্ত কোম্পানির শেয়ারহোল্ডার

উপরের ক্যাটাগোরিগুলি থেকে আলদা অন্য আরো ক্যাটাগোরির সঙ্গে সম্পর্কিত প্রস্তাবগুলির ক্ষেত্রে তাঁরা বিবেচিত হতে পারেন এবং সংশ্লিষ্ট বীমাকারীর টেকনিকাল ডিপার্টমেন্টের মাধ্যমে সিদ্ধান্ত নেবেন।

'আনুমানিক' গ্রুপ মাপের উপর কোনো গ্রুপ ছাড় দেওবা যায় না। পলিসি নেওয়ার সময় গ্রুপের রেজিস্ট্রিকৃত সদস্যে প্রকৃত সংখ্যার ভিত্তিতেই কেবলমাত্র গ্রুপ ছাড় বিবেচনা করতে হবে এবং তার হিসেব করতে হবে। পুনর্নবীকরণের সময় এটা পুনর্বিবেচনা করা যেতে পারে।

**বীমাকৃত রাশি**

বীমাকৃত রাশি প্রতিটি বীমাকৃত ব্যক্তির জন্য আলাদাভাবে নির্দিষ্ট পরিমাণ অর্থে জন্য নির্দিষ্ট করা যেতে পারে অথবা এটা বীমাকৃত ব্যক্তিকে প্রদেয় সুবিধার সঙ্গে যুক্ত করা যেতে পারে।

একটা গ্রুপ বীমায় 'সকলেই অথবা কেউ নয়' নীতি প্রযোজ্য হয়। অতিরিক্ত প্রিমিয়াম বা রিফান্ডের হার অনুসারে তারপর সংযোজন ও বিয়োজন হয়।

**প্রিমিয়াম**

প্রিমিয়ামের তারতম্য হার যাদের নাম পলিসিতে আছে সেই কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য হয় ঝুঁকির শ্রেনীবিভাগ ও নির্বাচিত সুবিধা অনুযায়ী। এই হারগুলি কভারকৃত ব্যক্তির পেশা অনুযায়ী হেরফের হবে।

**উদাহরণ**

কর্মাচারীদের সুনির্দিষ্ট গ্রুপের সকলের ক্ষেত্রে একই হার প্রযোজ্য হবে, বিস্তৃতভাবে বললে, একই ধরনের পেশার ক্ষেত্রে।

নাম না থাকা কর্মচারীদের ক্ষেত্রে নিয়োগকর্তাকে তাঁর দ্বারা রক্ষিত প্রকৃত রেকর্ডের ভিত্তিতে প্রত্যেক শ্রেণীবিভাগের কর্মচারীর সংখ্যা ঘোষণা করতে হবে।

একটা সমিতি, ক্লাব প্রভৃতি নাম উল্লেখিত সদস্যের জন্য প্রিমিয়ামের হার প্রযোজ্য হবে ঝুঁকির শ্রেণীবিভাগ অনুযায়ী।

সদস্যপদটা যখন একটা সাধারণ প্রকৃতির হয় এবং কোনো নির্দিষ্ট পেশায় সীমাবদ্ধ থাকে না, আন্ডাররাইটাররা হার প্রয়োগ করার জন্য তাঁদের বিচক্ষণতাকে কাজে লাগান।

**অন-ডিউটি কভার**

অন-ডিউটি সময়ে দেওয়া কভার হলো নিম্নরূপ:

- ব্যক্তিগত দুর্ঘটনা কভার যদি ডিউটি সময়ের মধ্যেই সীমাবদ্ধ থাকে (এবং দিনের 24ঘন্টার জন্য না হয়), একটা হ্রাসপ্রাপ্ত প্রিমিয়াম ধরুন যথার্থ প্রিমিয়ামের 75শতাংশ ধার্য করা হয়।
- কর্মচারীদের দুর্ঘটনার কভার শুধুমাত্র প্রযোজ্য হয় কাজের থাকাকালীন সময়েই।

**অফ-ডিউটি কভার**

কভারটা যদি কেবলমাত্র সেই সময়ের মধ্যেই সীমাবদ্ধ থাকে যখন কর্মচারীটি কাজ করেন না এবং/অথবা সরকারী কাজে থাকেন না, একটা হ্রাসপ্রাপ্ত প্রিমিয়াম ধরুন যথার্থ প্রিমিয়ামের 50শতাংশ ধার্য করা হয়।

**মৃত্যু কভারের বর্জন**

কোম্পানির নিজস্ব নির্দেশিকা অনুযায়ী মৃত্যু কভার বর্জন করে গ্রুপ ব্যক্তিগত দুর্ঘটনা পলিসি ইস্যু করা সম্ভব।

**গ্রুপ ছাড় এবং বোনাস/ম্যালাস**

একটা পলিসির অধীনেই যেহেতু অনেকগুলি মানুষকে কভার দেওয়া হয়, তাই এর জন্য প্রশাসনিক কাজ ও খরচ কম হয়। তাছাড়াও, সাধারণত গ্রুপের সমস্ত সদস্যই বীমাকৃত হবেন এবং বীমাকারীর জন্য সেখানে কোনো বিরূপ বাছাই থাকবে না। তাই একটা স্কেল অনুযায়ী প্রিমিয়ামে একটা ছাড় অনুমোদন করা হয়।

গ্রুপ পলিসির পুনর্নবীকরণ জন্য নির্ধারণ ক্লেইম অভিজ্ঞতার নিরিখে নির্ধারিত হয়।

- অনুকূল অভিজ্ঞতাকে নবীকরণের প্রিমিয়ামে একটি ডিসকাউন্ট বা ছাড় (বোনাস) দিয়ে পুরস্কৃত করা হয়
- প্রতিকূল অভিজ্ঞতাকে একটি স্কেল অনুযায়ী, নবীকরণের প্রিমিয়াম লোড চাপিয়ে (ম্যালাস) জরিমানা করা হয়
- ক্লেইম অভিজ্ঞতা যদি 70শতাংশ হয় তাহলে নবীকরণে স্বাভাবিক হারই প্রযোজ্য হবে।

**প্রোপোজাল ফর্ম**

- নিয়মমাফিক সদস্যদের দিয়ে ফর্ম পূরণ করা ও বীমাকৃতের দ্বারা পূরণ করা একটাই নথি থাকা প্রযোজ্য।
- তাঁর একটা ঘোষণা করা জরুরী যে কোনো সদস্য এমন কোনো শারীরিক রোগ বা অপূর্ণতায় ভুগছেন না যা তাঁর অংশগ্রহণকে অগ্রহণযোগ্য করে দিতে পারে।
- এমনকি কখনো কখনো এই সতর্কতা অস্বীকার করা হয়, এটা বোঝা যায় এবং/অথবা এন্ডোর্সমেন্ট দিয়ে স্পষ্ট হয়ে যায় যে কভার শুরুর আগেই কোনো অক্ষমতা থাকে এবং এই ধরনের অক্ষমতার কারণে যে কোনো ক্রমবর্ধমান প্রভাব বর্জিত হবে।

কোম্পানিগুলির মধ্যে যদিও এই রীতির হেরফের হতে পারে।

**নিজেকে যাচাই 5**

1) একটা গ্রুপ স্বাস্থ্য বীমায় গ্রুপের কোনো এক ব্যক্তি বীমাকারী বিপক্ষে বিরুদ্ধ-বাছাই হতে পারেন।
2) গ্রুপ স্বাস্থ্য বীমা কোবলমাত্র নিয়োগকর্তা-কর্মচারী গ্রুপকেই কভারেজ দেয়।

I. বিবৃতি 1 সত্য এবংবিবৃতি 2 মিথ্যা
II. বিবৃতি 2 সত্য এবংবিবৃতি 1 মিথ্যা
III. বিবৃতি 1 এবংবিবৃতি 2 সত্য
IV. বিবৃতি 1 এবংবিবৃতি 2 মিথ্যা

**তথ্য**

ঝুঁকি পরিচালনা প্রক্রিয়ার অংশ হিসেবে আন্ডাররাইটার বিশেষ করে বড় গ্রুপ পলিসির জন্য হস্তান্তরের দুটো পদ্ধতি ব্যবহার করে:

**কোইনসুরেন্স** : এটা বলতে বোঝায় একাধিক বীমাকারীর কোনো একটি ঝুঁকি গ্রহণ করাকে। সাধারণত এটা করা হয় ঝুঁকি একটা শতাংশ প্রত্যেক বীমাকারীর মধ্যে বন্টন করে। এইভাবে পলিসিটা দুজন বীমাকারী গ্রহণ করতে পারে। যেমন ধরুন বীমাকারী A-এর কাছে 60% এবং বীমাকারী B-র কাছে 40%। এক্ষেত্রে সাধারনত পলিসি ইস্যু করা ও ক্লেইমের নিষ্পত্তি সহ পলিসি সংক্রান্ত বিষয়গুলি সামলানোর জন্য বীমাকারী A-ই হবে লিড বীমাকারী। যে ক্লেইম প্রদান করা হবে বীমাকারী B তার 40%বীমাকারী A-কে পরিশোধ করবে।

**রিইনসুরেন্স** : বীমাকারী বিভিন্ন ধরনের ও বিভিন্ন মাপের ঝুঁকি গ্রহণ করে থাকে। কীভাবে তিনি তাঁর ভিন্ন ঝুঁকিকে সুরক্ষা দেবেন? এই কাজটা তিনি করেন, তাঁর ঝুঁকিগুলিকে অন্য বীমা কোম্পানিতে পুনরায় বীমা করিয়ে এবং একেই বলা হয় রিইনসুরেন্স বা পুনর্বীমাকরণ। তাই রিইনসুরার বা পুনর্বীমাকারীরা বীমাকারীর ঝুঁকি গ্রহণ করা হয় একটা স্থায়ী ব্যবস্থার মাধ্যমে যাকে চুক্তি বা ট্রিটি বলে, অথবা এক একটা কেসের ভিত্তিতে, যাকে বলা হয় ফ্যাকাল্টিভ রিইনসুরেন্স বা ঐচ্ছিক পুনর্বীমাকরণ। পুনর্বীমাকরণ সম্পন্ন করা হয় শব্দ-ব্যাপী এবং সেইজন্য সেটা ঝুঁকিকে ছড়িয়ে দেয় দূর-দূরান্তে।

**সারাংশ**

a) স্বাস্থ্য বীমা দাঁড়িয়ে আছে রোগহারের ধারণার উপর ভিত্তি করেই যা দিয়ে একজন ব্যক্তির অসুস্থ হওয়ার ঝুঁকি নির্ধারিত হয়।

b) আন্ডাররাইটিং হলো ঝুঁকি নির্বাচন ও ঝুঁকির জন্য মূল্য নির্ধারণ।

c) ঝুঁকি ও ব্যবসার মধ্যে একটা সঠিক ভারসাম্য রক্ষা করতে আন্ডাররাইটিং জরুরী, এর মাধ্যমে সংস্থার প্রতিযোগিতামূলক ভূমিকা যেমন বজায় রাখা যায় তেমনও মুনাফাও ধরে রাখা যায়।

d) একজন ব্যক্তির রোগহার প্রভাবিত করতে পারে এমন কিছু বিষয় হলো বয়স, লিঙ্গ, অভ্যাস, পেশা, শরীরের গড়ন, পারিবারিক ইতিহাস, অতীতের অসুখ বা অস্ত্রোপচার, বর্তমান স্বাস্থ্য অবস্থা ও বাসস্থানের জায়গা।

e) বীমাকারীর বিরুদ্ধে প্রতিকূল বাছাই আটকানোই আন্ডাররাইটিংয়ের উদ্দেশ্য এবং ঝুঁকিগুলির সঠিক শ্রেণীবিভাগ ও সেগুলির মধ্যে সুবিচার নিশ্চিত করাও এর উদ্দেশ্য।

f) এজেন্ট হলেন প্রথম স্তরের আন্ডাররাইটার কারণ বীমাকৃত হতে চলেছেন এমন সম্ভাব্য ক্লায়েন্টকে জানার জন্য তিনিই সবচেয়ে ভালো জায়গায় থাকেন।

g) বীমার মূল নীতিগুলি হলো: পরম বিশ্বাস, বীমাযোগ্য স্বার্থ, ক্ষতিপূরণ, অবদান, প্রতিস্থাপন ও নিকটতম কারণ।

h) আন্ডাররাইটিংয়ের জন্য মূল সরঞ্জামগুলি হলো: প্রোপোজাল ফর্ম, বয়সের প্রমাণপত্র, আর্থিক নথি, মেডিক্যাল রিপোর্ট ও সেলস রিপোর্ট

i) মেডিক্যাল আন্ডাররাইটিং হলো এমন একটি প্রক্রিয়া বীমা কোম্পানিগুলি যেটা ব্যবহার করে স্বাস্থ্য বীমা পলিসির জন্য আবেদনকারী একজ ব্যক্তির স্বাস্থ্যের অবস্থা নির্ধারণ করতে।

j) নন-মেডিক্যাল আন্ডারারাইটিং হলো সেই প্রক্রিয়া যেখানে প্রস্তাবককে কোনো মেডিক্যাল পরীক্ষা করাতে হয় না।

k) সংখ্যাসূচক রেটিং পদ্ধতি হলো আন্ডাররাইটিংয়ে অবলম্বন করা একটা প্রক্রিয়া যেখানে ঝুঁকির প্রত্যেকটা দিকের উপর সংখ্যাসূচক ও শতাংশের মূল্যায়ন করা হয়।

l) প্রাপ্ত তথ্য সতর্কতার সঙ্গে মূল্যায়ন করে যথাযথভাবে ঝুঁকির শ্রেনীবিভাগ করা হলে তবেই আন্ডারারাইটিং প্রক্রিয়া সম্পূর্ণ হয়।

m) মূলত গড় সূত্র প্রয়োগ করে গ্রুপ বীমার আন্ডাররাইটিং হয়, গ্রুপ বীমা বলতে বোঝায় একটা স্ট্যান্ডার্ড গ্রুপের সকল সদস্য একটা গ্রুপ স্বাস্থ্য বীমা পলিসির আওতায় কভার পান, গ্রুপের ব্যক্তিরা বীমাকারীর কাছে বিরুদ্ধ-বাছাই হতে পারেন না।

## নিজেকে পরীক্ষার উত্তরসমূহ

**উত্তর 1**

সঠিক উত্তরটি হলো III

আন্ডাররাইটিং হলো ঝুঁকি নির্বাচন ও ঝুঁকির জন্য মূল্য নির্ধারণ।

**উত্তর 2**

সঠিক উত্তরটি হলো III

বীমাকারী ও বীমাকৃত উভয়কেই আন্ডাররাইটিংয়ে পরম বিশ্বাসের নীতি মেনে চলতে হয়।

**উত্তর 3**

সঠিক উত্তরটি হলো I

বীমাযোগ্য স্বার্থ বলতে বোঝায় এক ব্যক্তি যে সম্পত্তি বীমা করতে চলেছেন তার টাকা কড়ি সংক্রান্ত বা আর্থিক স্বার্থ এবং এই ধরনের সম্পত্তি কোনোভাবে নষ্ট হলে তাঁর যে আর্থিক লোকসান হতে পারে সেটাই।

**উত্তর 4**

সঠিক উত্তরটি হলো IV

সংখ্যাসূচক রেটিং পদ্ধতিতে ঝুঁকির প্রত্যেকটি উপাদানের সংখ্যাসূচক ও শতাংশের মূল্যায়ন হয়, তবে মেডিক্যাল আন্ডাররাইটিং পদ্ধতিতে এমনটা হয় না।

**উত্তর 5**

সঠিক উত্তরটি হলো IV

একটা গ্রুপ স্বাস্থ্য বীমায় যখন একটা গ্রুপের সমস্ত সদস্যকে একটা গ্রুপ স্বাস্থ্য বীমা পলিসির আওতায় কভার করা হয়, তখন গ্রুপের কেউই বীমাকারীর বিরুদ্ধ-বাছাই হতে পারেন না।

একইসঙ্গে কর্মচারী-নিয়োগকর্তা গ্রুপে বীমাকারী বিভিন্ন ধরনের গ্রুপকে গ্রুপ স্বাস্থ্য বীমার কভারেজ দিয়ে থাকে যেমন: শ্রমিক ইউনিয়ন, ট্রাস্ট ও সোসাইটি, পেশাদার সমিতি, ক্লাব ও অন্যান্য ভ্রাতৃত্বমূলক সংগঠন।

## নিজেকে পরীক্ষার প্রশ্ন

**প্রশ্ন 1**

নিম্নলিখিত বিষয়গুলির মধ্যে কোনটি একজন ব্যক্তির রোগহারকে প্রভাবিত করে না?

I. লিঙ্গ

II. পতি বা পত্নীর চাকরি

III.অভ্যাস

IV. বাসস্থানের জায়গা

**প্রশ্ন 2**

ক্ষতিপূরণের নীতি অনুযায়ী বীমাকৃতকে পয়সা দেওয়া হয় ___________-এর জন্য।

I. বীমাকৃত রাশি পর্যন্ত প্রকৃত লোকসান

II. প্রকৃতপক্ষে কত খরচ হয়েছে তা নির্বিশেষেই বীমাকৃত রাশি

III. উভয় পক্ষের মধ্যে চুক্তিবদ্ধ একটা নির্দিষ্ট পরিমাণ অর্থ

IV. বীমাকৃত রাশি নির্বিশেষে প্রকৃত লোকসান

**প্রশ্ন 3**

আন্ডারারাইটারের জন্য একজন আবেদনকারী সম্পর্কে তথ্যের প্রথম ও প্রাথমিক উৎস হলো তাঁর ___________________

I. বয়সের প্রমাণপত্র

II. আর্থিক নথিপত্র

III. আগের মেডিক্যাল রেকর্ড

IV. প্রোপোজাল ফর্ম

**প্রশ্ন 4**

______________________তবেই আন্ডারারাইটিং প্রক্রিয়া সম্পূর্ণ হয়।

I. প্রোপোজাল ফর্মের মাধ্যমে প্রস্তাবকের স্বাস্থ্য সম্পর্কিত ও ব্যক্তিগত বিবরণ সম্পর্কে সমস্ত গুরুত্বপূর্ণ তথ্য সংগৃহীত হলে

II. প্রস্তাবকের সমস্ত মেডিক্যাল পরীক্ষা সম্পূর্ণ হলে

III. প্রাপ্ত তথ্য সতর্কতার সঙ্গে মূল্যায়ন করে যথাযথভাবে ঝুঁকির শ্রেনীবিভাগ করা হলে

IV. ঝুঁকি নির্বাচন ও ঝুঁকির মূল্য নির্ধারণের পর প্রস্তাবককে পলিসি ইস্যু করা হয়।

**প্রশ্ন 5**

সংখ্যাসূচক রেটিং পদ্ধতি সম্পর্কে কোন বিবৃতিটি বেঠিক?

I. প্রশিক্ষিত কর্মীর সাহায্যে একটা বড় ব্যবসা সামলাতে দ্রুত গতি এনে দেয় সংখ্যাসূচক রেটিং পদ্ধতি

II. মেডিক্যাল বিশেষজ্ঞ ছাড়া সংখ্যাসূচক পয়েন্টের ভিত্তিতে কঠিন ও সন্দেহজনক কেসের আরো সতর্ক বিশ্লেষণ সম্ভব নয়

III. মেডিক্যাল সায়েন্সের নির্দিষ্ট জ্ঞান ছাড়াও কেউ এই পদ্ধতি ব্যবহার করতে পারেন।

IV. বিভিন্ন আন্ডাররাইটারে সিদ্ধান্তের মধ্যে এটাই সামঞ্জস্য রক্ষা করে।

## নিজেকে পরীক্ষার উত্তরসমূহ

**উত্তর 1**

সঠিক উত্তরটি হলো II

তার পতি বা পত্নীর চাকরি কোনো ব্যক্তির রোগহারকে প্রভাবিত করে না, যদিও তাঁদের নিজের পেশা একটা গুরুত্বপূর্ণ বিষয় যা তাঁদের রোগহারকে প্রভাবিত করতে পারে।

**উত্তর 2**

সঠিক উত্তরটি হলো I

ক্ষতিপূরণের নীতি অনুযায়ী বীমাকৃত পয়সা দেওয়া হয় তাঁরপ্রকৃত লোকসান বা খরচের জন্য, তবে বীমাকৃত রাশি পর্যন্তই।

**উত্তর 3**

সঠিক উত্তরটি হলো IV

আন্ডারারাইটারের জন্য একজন আবেদনকারী সম্পর্কে তথ্যের প্রথম ও প্রাথমিক উৎস হলো তাঁর প্রোপোজাল ফর্ম বা আবেদন পত্র, যেখানে প্রস্তাবকের স্বাস্থ্য সম্পর্কিত ও ব্যক্তিগত বিবরণ সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য সংগৃহীত থাকে।

**উত্তর 4**

সঠিক উত্তরটি হলো III

প্রাপ্ত তথ্য সতর্কতার সঙ্গে মূল্যায়ন করে যথাযথভাবে ঝুঁকির শ্রেনীবিভাগ করা হলে তবেই আন্ডারারাইটিং প্রক্রিয়া সম্পূর্ণ হয়।

**উত্তর 5**

সঠিক উত্তরটি হলো II

কঠিন বা সন্দেহজনক কেসের আরো সতর্ক বিশ্লেষণ সম্ভব হয় সংখ্যাসূচক রেটিং পদ্ধতির মাধ্যমে কারণ সন্দেহজনক পয়েন্টের সঙ্গে অতীতের অভিজ্ঞতা একটা জ্ঞাত স্ট্যান্ডার্ড ও শেডিংয়ের পরিভাষায় সংখ্যাসূচকভাবে প্রকাশ করা হয়।

# অধ্যায় 21

## স্বাস্থ্য বীমার ক্লেইম

**অধ্যায়ের ভুমিকা**

এই অধ্যায়ে আমরা স্বাস্থ্য বীমায় ক্লেইম ব্যবস্থাপনা প্রক্রিয়া, প্রয়োজনীয় নথিপত্র ও ক্লেইম আটকে রাখার প্রক্রিয়া নিয়ে আলোচনা করবো। এছাড়াও এখানে আমরা ব্যক্তিগত দুর্ঘটনা বীমার অধীনে ক্লেইম ব্যবস্থাপনার দিকটাও দেখবো এবং টিপিএ-র ভূমিকাও বুঝবো।

**শিক্ষার ফলাফল**

A. বীমায় ক্লেইম ব্যবস্থাপনা
B. স্বাস্থ্য বীমার ক্লেইমের ব্যবস্থাপনা
C. স্বাস্থ্য বীমা ক্লেইমের দলিল রচনা
D. ক্লেইম আটকে রাখা
E. ক্লেইম ব্যবস্থাপনা: ব্যক্তিগত দুর্ঘটনা
F. থার্ড পার্টি অ্যাডমিনিস্ট্রেটরের ভূমিকা (টিপিএ)
G. ক্লেইম ব্যবস্থাপনা – বিদেশ সফর বীমা

এই অদ্যায় পড়ার পর আপনি সক্ষম হবেন:

a) বীমা ক্লেইমে বিভিন্ন স্টেকহোল্ডার সম্পর্কে ব্যাখ্যা দিতে
b) স্বাস্থ্য বীমার ক্লেইমের কীভাবে ব্যবস্থাপনা হবে তার ব্যাখ্যা দিতে
c) স্বাস্থ্য বীমার ক্লেইমের নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় বিভিন্ন নথিপত্র নিয়ে আলোচনা করতে
d) বীমাকারী কীভাবে ক্লেইম আটকে রাখেন তা আলোচনা করতে
e) ব্যক্তিগত দুর্ঘটনা ক্লেইম নিয়ে আলোচনা করতে
f) টিপিএ-র ভূমিকা ও ধারণা বুঝতে

## A. *বীমায় ক্লেইমের ব্যবস্থাপনা*

বীমা যে একটা **'প্রতিশ্রুতি'** এবং পলিসি হলো একটা সেই প্রতিশ্রুতির **'সাক্ষী'** একথাটা খুব ভালোভাবেই বোঝা যায়। কোনো বীমাকৃত ঘটনা ঘটে যাওয়ার ফলে পলিসির অধীনে ক্লেইমটাই হলো সেই প্রতিশ্রুতির প্রকৃত পরীক্ষা। একজন বীমাকারীর কত ভালো কার্যকর, তার মূল্যায়ন করা হয় তিনি তার ক্লেইমের প্রতিশ্রুতি কতটা ভালোভাবে রেখেছেন তার উপর। বীমায় রেটিংয়ে অন্যতম মূল বিষয় হলো বীমা কোম্পানির ক্লেইম পরিশোধের ক্ষমতা।

### 1. ক্লেইম প্রক্রিয়ায় স্টেকহোল্ডাররা

ক্লেইমের ব্যবস্থাপনা করা হয় তা দেখার আগে আমাদের বোঝা দরকার ক্লেইম প্রক্রিয়ায় আগ্রহী পক্ষ কারা।

**Diagram 1: ক্লেইম প্রক্রিয়ায় স্টেকহোল্ডার**




| | |
|---|---|
| **ক্রেতা** | বীমাটা যিনি কেনেন তিনিই হলেন প্রথম স্টেকহোল্ডার এবং 'ক্লেইমের প্রাপক'। |
| **মালিক** | 'ক্লেইমের প্রদাতা' হিসেবে বীমা কোম্পানির মালিকদের একটা বড় স্টেক থাকে। বেশিরভাগ ক্ষেত্রেই পলিসি হোল্ডারদের তহবিল থেকেই যদি ক্লেইমগুলি মেটানো হয়ে থাকে তাহলে তারাই প্রতিশ্রুতি রক্ষা করতে দায়বদ্ধ থাকে। |
| **আন্ডাররাইটার** | একটা বীমা কোম্পানি ও সমস্ত বীমাকারীর আন্ডাররাইটারদেরই দায়িত্ব থাকে ক্লেইম বোঝা ও বীমা পণ্যের ডিজাইন করা, পলিসির শর্ত, দামের বিষয়ে সিদ্ধান্ত নেওয়া। |

| | |
|---|---|
| **নিয়ন্ত্রক** | নিয়ন্ত্রক (ইনসুরেন্স রেগুলেটরি অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি অব ইন্ডিয়া) হলো তার উদ্দেশ্য পূরণে একজন মূল স্টেকহোল্ডার:<br>✓ বীমা পরিবেশে ক্রম বজায় রাখা<br>✓ পলিসি হোল্ডারদের স্বার্থ রক্ষা<br>✓ বীমাকারী দীর্ঘমেয়াদী আর্থিক স্বাস্থ্য রক্ষা |
| **থার্ড পার্টি অ্যাডমিনিস্ট্রেটর** | পরিষেবা মধ্যস্থতাকারী যারা স্বাস্থ্য বীমার ক্লেইম প্রক্রিয়া করেন তারা থার্ড পার্টি অ্যাডমিনিস্ট্রেটর নামে পরিচিত। |
| **বীমা এজেন্ট / ব্রোকার** | বীমা এজেন্ট / ব্রোকাররা কেবলমাত্র পলিসিই বিক্রিই করেন না, ক্লেইমের ক্ষেত্রে তাঁরাই ক্রেতাকে পরিষেবা দেবেন, এটাই আশা করা হয়। |
| **সরবরাহকারী / হাসপাতাল** | ক্রেতা যাতে মসৃণভাবে ক্লেইম পেয়ে যান তারা এটাই নিশ্চিত করে বিশেষ করে যেখানে হাসপাতালটা টিপিএ-র প্যানেলে থাকে সেখানে ক্যাশলেস হাসপাতাল খরচ দেওয়ার জন্য। |

এইভাবে ক্লেইম ভালোভাবে সামলানো মানে হলো ক্লেইমের সঙ্গে সম্পর্কযুক্ত প্রত্যেক স্টেকহোল্ডারের উদ্দেশ্য সামলানো। অবশ্যই এই উদ্দেশ্যগুলির কয়েকটির মধ্যে পারস্পরিক সংঘাত হতেই পারে।

## 2. বীমা কোম্পানিতে ক্লেইম ব্যবস্থাপনার ভূমিকা

বীমা শিল্প সংক্রান্ত তথ্য অনুযায়ী ''বিভিন্ন বীমাকারীর স্বাস্থ্য বীমা সংক্রান্ত লোকসানের অনুপাত 65% থেকে 120%-র মধ্যে থাকে, যেখানে বাজারের বড় অংশ পরিচালিত হয় 100%-র বেশি লোকসান অনুপাতে''। স্বাস্থ্য বীমা ব্যবসায় বেশিরভাগ কোম্পানিই লোকসান করে।

তার মানে কোম্পানি ও পলিসিহোল্ডারদের আরো ভালো ফলাফল আনতে একটা জোরদার আন্ডাররাইটিং অনুশীলন ও ক্লেইমের দক্ষ ব্যবস্থাপনার একটা চাহিদা রয়েছে।

### নিজেকে যাচাই 1

নিম্নলিখিতগুলির মধ্যে কোনটি বীমা ক্লেইম প্রক্রিয়ার একজন স্টেকহোল্ডার নন?

I. বীমা কোম্পানির শেয়ারহোল্ডার

II. মানব সম্পদ বিভাগ

III. নিয়ন্ত্রক

IV. টিপিএ

## B স্বাস্থ্য বীমা ক্লেইমের ব্যবস্থাপনা

### 1. স্বাস্থ্য বীমায় চ্যালেঞ্জগুলি

স্বাস্থ্য বীমা পোর্টফোলিওর অদ্ভুত বৈশিষ্ট্যগুলি গভীরভাবে বোঝা খুবই গুরুত্বপূর্ণ যাতে স্বাস্থ্য ক্লেইমগুলির দক্ষতার সাথে ব্যবস্থাপনা করা যায়। এগুলি হলো :

a) বেশিরভাগ পলিসিই হলো হাসপাতালে ভর্তির জন্য ক্ষতিপূরণ যেখানে কভারকৃত বিষয় হলো একজন মানুষ। তাই এর সঙ্গে আবেগের বিষয়ও জড়িয়ে থাকে, অন্য ধরনের বীমায় সাধারণত যা থাকে না।

b) ভারতে রোগ, তার চিকিৎসার মনোভাব ও ফলো আপের ধরনটা খুবই অদ্ভুত। এখানে কিছু মানুষ যেমন তাঁদের রোগ ও চিকিৎসা নিয়ে মোটেই চিন্তিত নন আবার কেউ কেউ অতিরিক্ত সতর্ক।

c) স্বাস্থ্য বীমা একজন ব্যক্তি কিনতে পারেন, কর্পোরেট সংস্থার মতো একটা গ্রুপ অথবা একটা ব্যাঙ্কের মতো খুচরো বিক্রয় চ্যানেলের মাধ্যমেও কেনা যায়। এর ফলে পণ্যটা একদিকে একটা স্ট্যান্ডার্ড পণ্যের মতোও বিক্রি হয় আবার ক্রেতার পছন্দের চাহিদা মতো কাটছাঁট করা হয়ে থাকে।

d) পলিসির অধীনে ক্লেইম করার জন্য হাসপাতালে ভর্তি করার উপর নির্ভর করে স্বাস্থ্য বীমা। তবে উপলব্ধতা, স্পেসালাইজেশন, চিকিৎসার পদ্ধতি, বিলিংয়ের ধরন ও সমস্ত স্বাস্থ্য পরিষেবা প্রদানকারী, তা চিকিৎসক, সার্জেন বা হাসপাতাল যাই হোক, এগুলির মধ্যে বিরাট পার্থক্য থাকে, এগুলিই ক্লেইম মূল্যায়নের ক্ষেত্রে খুবই কঠিন হয়ে যায়।

e) স্বাস্থ্য পরিষেবা ক্ষেত্রটি দ্রুত গতিতে উন্নতি করছে। নতুন নতুন রোগ বা পরিস্থিতি যেমন তৈরি হচ্ছে তেমনই ফলস্বরূপ নতুন নতুন চিকিৎসা পদ্ধতিরও বিকাশ ঘটছে। এরই উদাহরণ হলো কী-হোল সার্জারি, লেজার চিকিৎসা প্রভৃতি।
এটাই স্বাস্থ্য বীমাকে আরো টেকনিকাল বানিয়ে দিচ্ছে এবং এই ধরনের পদ্ধতির জন্য বীমার ক্লেইম সামলানোর দক্ষতাকেও ধারাবাহিক বিকাশ ঘটানো জরুরী হয়ে পড়ছে।

f) এই সমস্ত বিষয়ের থেকেও বেশি, বাস্তবটা হলো একটা মানবদেহ স্ট্যান্ডার্ডভাবে একটা সম্পূর্ণ নতুন আঙ্গিক যোগ করতে পারে না। একই অসুখের জন্য একই চিকিৎসায় দুজন লোক আলাদা আলাদা রকম সাড়া দেবে অথবা তাঁদের আলাদা আলাদা চিকিৎসা দরকার হবে অথবা তাঁদের হাসপাতালে ভর্তি থাকার মেয়াদ আলাদা আলাদা হবে।

স্বাস্থ্য বীমার পোর্টফোলিও দ্রুত বাড়ছে। এই ধরনের দ্রুত বিকাশের চ্যালেঞ্জ হলো বিপুল সংখ্যক পণ্য। বাজারে এখন শয়ে শয়ে স্বাস্থ্য বীমা পণ্য রয়েছে এবং এমনকি কেউ এক একটা কোম্পানিরই আলাদা আলাদা বহু পণ্য পেতে পারে। প্রত্যেকটা পণ্য ও তার বিকল্পগুলির নিজস্ব বিশেষত্ব রয়েছে এবং তাই একটা ক্লেইম সামলানোর আগে এগুলি ভালো করে দেখে নেওয়া দরকার।

স্বাস্থ্য পোর্টফোলিওর বিকাশও সংখ্যার চ্যালেঞ্জ নিয়ে হাজির হয়েছে - খুচরো ক্রেতাদের 100,000 স্বাস্থ্য পলিসি বিক্রি করে একটা কোম্পানি বলা যায় 300,000 সদস্যকে এই পলিসিগুলির আওতায় নিয়ে এসেছে, যার জন্য সেই কোম্পানিকে অন্তত্পক্ষে প্রায় 20,000 ক্লেইমের পরিষেবা দেওয়ার জন্য তৈরি থাকতে হবে! ক্যাশলেস পপরিষেবার প্রত্যাশা অনুযায়ী ক্লেইমের দ্রুত মীমাংসা, স্বাস্থ্য বীমা ক্লেইম ডিপার্টমেন্টে সঙ্ঘবদ্ধ করা একটা উল্লেখযোগ্য চ্যালেঞ্জ।

সাধারণত ভারতে লেখা স্বাস্থ্য বীমা পলিসিগুলি দেশের মধ্যে যে কোনো জায়গায় হাসপাতালে ভর্তিকে কভার করে। যে টিমটা ক্লেইম সামলায় তাদের অবশ্যই দেশজুড়ে কীভাবে কাজ হয় সেটা বুঝতে হবে যাতে উপস্থাপিত ক্লেইমের সঠিকভাবে মূল্যায়ন করা সম্ভব হয়।

দক্ষতা, অভিজ্ঞতা ও তাঁর কাছে থাকা বিভিন্ন সরঞ্জাম দিয়ে হেল্থ ক্লেইম ম্যানেজাররা এই চ্যালেঞ্জগুলির মোকাবিলা করেন।

চূড়ান্ত বিশ্লেষণে, যার সাহায্য দরকার এবং যাঁর নিজের বা তাঁর পরিবারের কারোর অসুস্থতার জন্য যিনি শারীরিক ও মানসিকভাবে চাপের মধ্যে থাকেন তাঁকে সন্তুষ্টি দিতে পারে স্বাস্থ্য বীমা।

**দক্ষ ক্লেইম ব্যবস্থাপনা এটাই নিশ্চিত করে যে সঠিক ক্লেইমটা সঠিক মানুষকে সঠিক সময়ে দেওয়া হচ্ছে।**

## 2. স্বাস্থ্য বীমায় ক্লেইম প্রক্রিয়া

একটা ক্লেইমের পরিষেবা দিয়ে থাকে হয় বীমা কোম্পানি নিজেই বা সেই বীমা কোম্পানির অনুমোদিত একটি থার্ড পার্টি অ্যাডমিনিস্ট্রেটর (টিপিএ)-র পরিষেবার মাধ্যমে।

যে সময় থেকে একটা ক্লেইম বীমাকারী / টিপিএ-র কাছে জানানো হয় সেই থেকে পলিসির শর্ত অনুযায়ী যে সময়ে পেমেন্ট দেওয়া হয় সেই পর্যন্ত স্বাস্থ্য ক্লেইমটি একটা সুনির্দিস্ট ধাপের মধ্য দিয়ে যায়, যার প্রত্যেকটিরই নিজস্ব প্রাসঙ্গিকতা রয়েছে।

নিচে যে প্রক্রিয়াগুলির বিস্তারিত বিবরণ দেওয়া হয়েছে সেগুলি স্বাস্থ্য বীমা (হাসপাতালে ভর্তির জন্য) ক্ষতিপূরণ পণ্যে নির্দিষ্ট উল্লেখ রয়েছে যা স্বাস্থ্য বীমা ব্যবসার বড় অংশ তৈরি করে।

স্থায়ী সুবিধা পণ্য বা জটিল ব্যাধি বা ডেইলি ক্যাশ পণ্যের অধীনে একটা পণ্যের জন্য সাধারণ প্রক্রিয়া ও সহযোগী নথিপত্র একেবারেই একইরকম হবে, ব্যতিক্রমটা হলো ক্যাসলেস ফেসিলিটির ক্ষেত্রে এই ধরনের পণ্যগুলি নাও আসতে পারে।

একটা ক্ষতিপূরণ পলিসির অধীনে ক্লেইম হতে পারে:

**a) ক্যাশলেস ক্লেইম**

হাসপাতালে ভর্তি বা চিকিৎসার সময় ক্রেতাকে খরচ দিতে হয় না। বীমাকারী/টিপিএ-র প্রাক-অনুমোদনের ভিত্তিতে নেটওয়ার্কে থাকা হাসপাতালে পরিষেবা দিয়ে থাকে এবং ক্লেইমের মীমাংসার জন্য বীমাকারী/টিপিএ-র কাছে নথিপত্র পেশ করে।

**b) ক্লেইম পরিশোধ**

ক্রেতা তাঁর নিজস্ব সম্পদ থেকে হাসপাতালকে অর্থ দেয় এবং গ্রাহ্য ক্লেইমের পরিশোধের জন্য বীমাকারী/টিপিএ-র কাছে তাঁর ক্লেইম ফাইল করেন।

উভয় ক্ষেত্রেই মৌলিক ধাপগুলি একই থাকে।

**চিত্র 2: ক্লেইম প্রক্রিয়ায় বিস্তৃতভাবে নিম্নলিখিত ধাপগুলি রয়েছে (একেবারে সঠিক ক্রমে নয়)**



a) **ইন্টিমেশন বা অনুবেদন**

ক্লেইম ইন্টিমেশনই হলো ক্রেতা ও ক্লেইম টিমের মধ্যে সংযোগের প্রথম নিদর্শন। ক্রেতা কোম্পানিকে আগে থেকে জানাতে পারেন যে তিনি হাসপাতালে ভর্তি হতে যাচ্ছেন অথবা হাসপাতালে ভর্তি হয়ে যাওয়ার পরও সেটা জানাতে পারেন, বিশেষ করে কোনো হাসপাতলে আপৎকালীন ভর্তি হতে হলে।

সাম্প্রতিক সময় পর্যন্ত, একটা ক্লেইমের ক্ষেত্রে  ইন্টিমেশনের কাজটা ছিল একটা আনুষ্ঠানিক ব্যাপার। সম্প্রতি যদিও যত শীঘ্র সম্ভব এই ইন্টিমেশন করাটাকেই অভ্যাসে পরিণত করতে জোর দেওয়া হচ্ছে। সাধারণত পরিকল্পিত ভর্তির ক্ষেত্রে হাসপাতালে ভর্তির আগেই এটা করা দরকার এবং আপৎকালীন ক্ষেত্রে হাসপাতালে ভর্তির 24ঘন্টার মধ্যে এটা করতে হয়।

হাসপাতালে ভর্তির সমপর্কে সময় মতো তথ্য পাওয়া গেলে ক্রেতার হাসপাতালে ভর্তিটা আসল কিনা তা খতিয়ে দেখতে টিপিএ/বীমাকারী সুবিধা হয় এবং সেখানে কোনো ছদ্মবেশিতা বা জালিয়াতি হয় না এবং কখনও কখনও চার্জ নিয়েও দর কষাকষি করা যায়।

আগেই ইন্টিমেশন বলতে বোঝায় 'একটা চিঠি লিখে, সাবমিট করে ও প্রাপ্তিস্বীকার করে' বা ফ্যাক্স করে।

b) **রেজিস্ট্রেশন**

ক্লেইমের রেজিস্ট্রেশন হলো ক্লেইমটাকে সিস্টেমে ঢোকানোর একটা প্রক্রিয়া এবং এর জন্য একটা রেফারেন্স নম্বর তৈরি করা যা দিবে যে কোনো সময় ক্লেইমটা খুঁজে পাওয়া যায়। এই নম্বরটাকে বলে ক্লেইম নম্বর, ক্লেইম রেফারেন্স নম্বর বা ক্লেইম কন্ট্রোল নম্বর। ক্লেইম নম্বর নিউমেরিক হতে পারে আবার আলফা-নিউমেরিকও হতে পারে, সেটা সিস্টেমের উপর নির্ভর করে এবং প্রসেসিং অর্গানাইজেশন যে প্রক্রিয়া ব্যবহার করছে তার উপর নির্ভর করে।

রেজিস্ট্রেশন ও একটা রেফারেন্স নম্বর জেনারেট করা সাধারণত করা ক্লেইম ইন্টিমেশন পাওয়ার পরই এবং সঠিক পলিসি নম্বর ও বীমাকৃত ব্যক্তির বিস্তারিত বিবরণের সঙ্গে মিললে তবেই।

সিস্টেমে একবার ক্লেইমটা রেজিস্টার্ড হয়ে গেলে সাথেসাথেই বীমাকারীর অ্যাকাউন্টে সেই ক্লেইমের জন্য একটা রিজার্ভ বা ভান্ডার তৈরি করা হয়। ইন্টিমেশন বা রেজিস্ট্রেশনের সময়ে সঠিক ক্লেইম অ্যামাউন্ট বা আনুমানিক হিসেবটা নাও জানা যেতে পারে। প্রারম্ভিক রিজার্ভ অ্যামাউন্টটা তাই একটা স্ট্যান্ডার্ড রিজার্ভ হয় (বেশিরভাগ ক্ষেত্রেই অতীতের গড় ক্লেইমের হিসেবে)। দায়বদ্ধতার অনুমিত বা প্রত্যাশিত অ্যামাউন্টটা জানা গেলেই রিজার্ভটাকে কমিয়ে বা বাড়িয়ে তার জন্য সংশোধন করা হয়।

c) **নথিপত্র যাচাই**

ক্লেইম একবার নথিবদ্ধ হয়ে গেলে পরবর্তী ধাপ হলো প্রসেসিংয়ের জন্য জরুরী সমস্ত নথিপত্রের প্রাপ্তি হয়েছে কিনা তা পরীক্ষা করে দেখা।

অবশ্যই সঠিকভাবে মূল্যায়ন করতে হবে যে ক্লেইমটা প্রসেস হবে তার জন. নিম্নলিখিতগুলি সবচেয়ে গুরুত্বপূর্ণ আবশ্যিক:

1. অসুস্থতার প্রমাণপত্র
2. প্রদত্ত চিকিৎসা
3. ইন-পেশেন্টের মেয়াদ
4. ইনভেস্টিগেশন রিপোর্ট
5. হাসপাতালকে করা পেমেন্ট
6. চিকিৎসার জন্য পরবর্তী পরামর্শ
7. প্রতিস্থাপন প্রভৃতির ক্ষেত্রে পেমেন্টের প্রমাণপত্র

নথিপত্রগুলির যাচাইয়ের জন্য একটা চেকলিস্ট তাকে যেটা ক্লেইম প্রসেসর পরীক্ষা করেন। বেশিরভাগ কোম্পানিই নিশ্চিত করে যে এই ধরনের চেকলিস্টগুলি হলো ডকুমেন্টেশন প্রসেসিংয়েরই অংশ।

এই পর্যায়েই না-পাওয়া ডকুমেন্টকে চিহ্নিত করা হয়- যাতে এই পয়েন্টেই ক্রেতা বা হাসপাতালের না পেশ করা ডকুমেন্টগুলি চেয়ে পাঠানো যেতে পারে, বেশিরভাগ কোম্পানিই প্রথমে পেশ করা সমস্ত ডকুমেন্টগুলি খতিয়ে দেখে তারপর অতিরিক্ত তথ্য চেয়ে পাঠায় যাতে ক্রেতার অসুবিধা না হয়।

d) **বিলিং তথ্য করায়ত্ত**

ক্লেইম প্রক্রিয়া চক্রের একটা গুরুত্বপূর্ণ অংশ হলো বিলিং। সাধারণ স্বাস্থ্য বীমা পলিসিগুলি বিভিন্ন খাতে নির্দিষ্ট সীমার মধ্যে চিকিৎসার জন্য খরচের ক্ষতিপূরণ দেয়। চিকিৎসার চার্জগুলিকে ভাগ করার স্ট্যান্ডার্ড অভ্যাসটা হলো:

✓ রেজিস্ট্রেশন ও সার্ভিস চার্জ সহ রুম, বোর্ড ও নার্সিংয়ের খরচ।
✓ আইসিইউ বা কোনো ইন্টেনসিভ কেয়ার অপারেশনের চার্জ।
✓ অপারেশন থিয়েটার চার্জ, অ্যানেস্থেসিয়া, রক্ত, অক্সিজেন, অপারেশন থিয়েটার চার্জ, সার্জিকাল অ্যাপ্লায়েন্স, মেডিসিন ও ড্রাগস, রোগনির্ণয়ের উপাদান ও এক্স-রে, ডায়ালিসিস, কেমোথেরাপি, রেডিওথেরাপি, পেসমেকারের খরচ, কৃত্তিম অঙ্গ ও অস্ত্রোপচারের অবিচ্ছেদ্য অংশ হিসেবে কোনো মেডিক্যাল খরচ;
✓ সার্জেন, অ্যানাস্থেসিস্ট, মেডিক্যাল প্র্যাক্টিশনার, কনসাল্টেন্ট, স্পেশালিস্টের ফি
✓ অ্যাম্বুলেন্স চার্জ
✓ রক্ত পরীক্ষা, এক্স-রে, স্ক্যান প্রভৃতি সহ ইনভেস্টিগেশন চার্জ
✓ মেডিসিন ও ড্রাগ

ক্রেতার পেশ করা নথিপত্রগুলি পরীক্ষা করা হয় সেখান থেকে এই খাতের আওতায় তথ্যগুলি বের করার জন্য যাতে ক্লেইমের মীমাংসাটা নিখুঁতভাবে করা যায়।

হাসপাতালগুলির বিলিং প্যাটার্নটার স্ট্যান্ডার্ডাইজ করার চেষ্টা যদিও চলছে তবে প্রত্যেক হাসপাতালের ক্ষেত্রে বিলিংয়ের পদ্ধতিটা আলাদা হওয়া খুব স্বাভাবিক এবং এতে যে চ্যালেঞ্জগুলির মুখে পড়তে হয় সেগুলি হলো:

✓ রুম চার্জের মধ্যে কিছু অ-প্রদেয় আইটেম থাকতে পারে যেমন সার্ভিস চার্জ বা ডায়েট
✓ সিঙ্গল বিলে বিভিন্ন খাত অন্তর্ভুক্ত হতে পারে অথবা সমস্ত ইনভেস্টিগেশন বা সমস্ত ওষুধের জন্য একটা এককালীন বিল

- ✓ নন–স্ট্যান্ডার্ড নাম ব্যবহৃত হয় যেমন নার্সিং চার্জকে সার্ভিস চার্জ বলা হয়ে থাকে
- ✓ বিলের মধ্যে ''সিমিলার চার্জ'', ''প্রভৃতি'', ''অ্যালায়েড এক্সপেন্স''–এর মতো শব্দের ব্যবহার

বিলিং যেখানে স্পষ্ট নয়, প্রসেসর সেক্ষেত্রে ব্রেক আপ বা অতিরিক্ত তথ্য চাইতে পারেন, যাতে শ্রেণীবিভাগ ও গ্রাহ্যতার ব্যাপারে সন্দেহ কাটানো যায়।

এই বিষয়টার মোকাবিলায় আইআরডিএআই হেল্থ ইনসুরেন্স স্ট্যান্ডার্ডাইজেশন গাইডলাইন ইস্যু করেছে যেখানে এই ধরনের বিলগুলি ও অ–প্রদেয় আইটেমগুলির তালিকা স্ট্যান্ডার্ডাইজ করা হয়েছে।

**প্যাকেজ রেট**

নির্দিষ্ট রোগের চিকিৎসার জন্য বহু হাসপাতালেরই সম্মত প্যাকেজ রেট থাকে। এটা প্রসিডিওর চিকিৎসার স্ট্যান্ডার্ডাইজ করতে ও সম্পদ ব্যবহার করতে হাসপাতালের সামর্থ্যের ভিত্তিতে হয়। সাম্প্রতিক কালে পছন্দের প্রোভাইডার নেটওয়ার্কে চিকিৎসা করাতে এবং আরএসবিওয়াই–এর ক্ষেত্রে বহু প্রক্রিয়ারই প্যাকেজ খরচ পূর্ব–নির্ধারিত।

**উদাহরণ**

a) কারডিয়াক প্যাকেজ : অ্যাঞ্জিওগ্রাম, অ্যাঞ্জিওপ্ল্যাস্টি, সিএবিজি অথবা ওপেন হার্ট সার্জারি প্রভৃতি
b) গায়নোকোলজিকাল প্যাকেজ: স্বাভাবিক প্রসব, সিজারিয়ান প্রসব, হিস্টেরেক্টমি প্রভৃতি
c) অর্থোপেডিক প্যাকেজ
d) অপথ্যালমোলজিকাল প্যাকেজ

---

অস্ত্রোপচারের পর জটিলতার কারণে অতিরিক্ত খরচ আলাদাভাবে প্রকৃত খরচের সাপেক্ষে চার্জ করা হয় যদি তা প্যাকেজের মধ্যেই থাকে বা তার বেশি হয়ে যায়।

প্যাকেজে খরচের নিশ্চয়তার সুবিধা রয়েছে এবং প্রক্রিয়াগুলির স্ট্যান্ডার্ডাইজেশনের সুবিধা থাকে ফলে এই ধরনের ক্লেইম সামলানো সহজতর হয়।

e) **ক্লেইমের কোডিং**

সবচেয়ে বেশি ব্যবহৃত গুরুত্বপূর্ণ কোড সেটটি হলো ওয়ার্ল্ড হেল্থ অর্গানাইজেশন (হু)–র তৈরি **ইন্টারন্যাশনাল ক্লাসিফিকেশন অব ডিজিজি (আইসিডি) কোড।**

আইসিডি যেখানে ব্যবহৃত হয় একটা স্ট্যান্ডার্ডাইজড ফরম্যাট, প্রসিডিওর কোডে রোগকে ক্যাপচার করতে, যেমন **কারেন্ট প্রসিডিওর টার্মিনোলজি (সিপিটি) কোডগুলি** রোগের চিকিৎসায় যে প্রক্রিয়াগুলি করা হয় সেগুলিকে ক্যাপচার করে।

বীমাকারীদের ক্রমশই নির্ভরতা বাড়ছে কোডিং ও ইনসুরেন্স ইনফরমেশন বুরো (আইআইবি)–র উপর, যা হলো ইনসুরেন্স রেগুলেটারি অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (আইআরডিএআই)–র

অংশ। আইআইবি একটা তথ্য ব্যাঙ্ক শুরু করেছে যেখানে এই ধরনের তথ্য বিশ্লেষণ করা যেতে পারে।

f) **ক্লেইমের প্রসেসিং**

স্বাস্থ্য বীমা পলিসিটি একবার পড়লেই দেখা যায় যে এটা হলো একটা বাণিজ্যিক চুক্তি, এর সঙ্গে বেশ কিছু মেডিক্যাল পরিভাষা জড়িত যা নির্ধারণ করে ক্লেইমটা প্রদেয় হবে কি হবে না এবং কতটা হবে। যে কোনো বীমা পলিসির ক্লেইম প্রসেসিংয়ের অন্তরটি থাকে দুটি মূল প্রশ্নের জবাবের মধ্যে:

- ✓ পলিসির আওতায় ক্লেইমটা কি প্রদেয়?
- ✓ যদি হয়, তাহলে মোট প্রদেয়র পরিমাণ কী?

এই প্রশ্নগুলির প্রত্যেকটার জন্য ইস্যু করা পলিসির এক গুচ্ছ শর্তাবলী বোঝা দরকার পাশপাশি একটা নেটওয়ার্ক হাসপাতালে চিকিৎসা হয়ে থাকলে হাসপাতালের সঙ্গে সম্মত হার অনুযায়ী কিনা।

**একটা ক্লেইমের গ্রাহ্যতা**

একটা স্বাস্থ্য ক্লেইমকে গ্রাহ্য হতে হলে নিম্নলিখিত শর্তগুলি অবস্যই পূরণ করতে হবে।

**i. হাসপাতালে ভর্তি হয়েছেন যে সদস্য তাঁকে অবশ্যই বীমা পলিসির অধীনে কভারকৃত হতে হবে**

এটা দেখে খুব সরল মনে হলেও, আমরা এমন অনেক পরিস্থিতি দেখেছি যেখানে কভারকৃত ব্যক্তির নাম (এবং বহু ক্ষেত্রেই বয়স) এবং হাসপাতালে ভর্তি হওয়া ব্যক্তির সঙ্গে মিলছে না। এমনটা হতে পারে কারণ:

এটা খুবই গুরুত্বপূর্ণ যে পলিসির আওতায় কভারকৃত ব্যক্তি ও হাসপাতালে ভর্তি হওয়া ব্যক্তি যেন একই হন। স্বাস্থ্য বীমায় এই ধরনের জালিয়াতি খুবই সাধারণ।

**ii. বীমার মেয়াদের মধ্যে রোগীর ভর্তি**

**iii. হাসপাতাল সংজ্ঞা**

হাসপাতাল যেখানে মানুষকে ভর্তি করা হয়েছে সেটা যেন পলিসির অধীনে ''হসপিটাল বা নার্সিং হোম''-এর সংজ্ঞা অনুযায়ী হয়, অন্যথায় ক্লেইম প্রদেয় হয় না।

**iv. ডোমিসিলিয়ারি হসপিটালাইজেশন**

কিছু পলিসিতে ডোমিসিলিয়ারি হসপিটালাইজেশনকে কভার দেয় অর্থাৎ ভারতে বাড়িতে থেকে চিকিৎসা নেওয়া, তবে 3 দিনের বেশি মেয়াদের জন্য এমন একটা রোগের কারণে সাধারণত যার জন্য হাসপাতাল/নার্সিং হোমে চিকিৎসা করাতে হয়।

একটা পলিসিতে কভার করা থাকলে ডোমিসিলিয়ারি হসপিটালাইজাইশেন কেবলমাত্র প্রদেয় হয় যদি:

- ✓ রোগীর অবস্থা এমন হয় যে তাঁকে হাসপাতাল বা নার্সিংহোমে সরানো যাচ্ছে না
- ✓ হাসপাতাল বা নার্সিংহোমে জায়গা না থাকায় রোগীকে সেখানে নিয়ে যাওয়া যায়নি

**v. হাসপাতালে থাকার মেয়াদ**

স্বাস্থ্য বীমা পলিসিগুলি সাধারণত ইন-পেশেন্ট হিসেবে 24 ঘন্টার বেশি হাসপাতালে থাকাকে কভার করে। তাই ডিসচার্জের পাশাপাশি হাসপাতলে ভর্তির তারিখ ও সময় গুরুত্বপূর্ণ হয়ে গেছে কারণ এই শর্ত পূরণ হয়েছে কিনা তা দেখার জন্য।

### ডে-কেয়ার ট্রিটমেন্ট

স্বাস্থ্য পরিষেবা শিল্পে প্রযুক্তির বিকাশের সাথে সাথে অনেক জটিল প্রক্রিয়ায় এখন সরল হয়ে গেছে, আগে হয়তো যার জন্য দীর্ঘদিন ধরে হাসপাতলে ভর্তি থাকতে হতো ও জটিল প্রক্রিয়ার দরকার পড়তো। আজকাল ডে কেয়ার ভিত্তিতেই অনেক প্রক্রিয়া করে ফেলা যাচ্ছে, 24 ঘন্টার বেশি হাসপাতালে না রেখেই।

বেশিরভাগ ডে কেবার প্রক্রিয়া হয় পূর্ব-সম্মত প্যাকেজ রেটের ভিত্তিতে, ফলত খরচের বাঁধা-ধরা ব্যাপার থাকে।

### vi. ওপিডি

কিছুতে পলিসিতে আউট-পেশেন্ট হিসেবে নেওয়া চিকিৎসা/কনসাল্টেশানকে কভার করে, তবে একটা নির্দিষ্ট বীমাকৃত রাশি পর্যন্তই যা সাধারণত হাসপাতালে ভর্তির বীমাকৃত রাশির থেকে কম হয়।

ওপিডি-র অধীনে কভারেজ একেক পলিসিতে একেক রকম হয়। এই ধরনের পরিশোধের ক্ষেত্রে 24 ঘন্টার জন্য হাসপাতালে ভর্তির শর্ত প্রযোজ্য নয়।

### vii. চিকিৎসার প্রক্রিয়া/চিকিৎসার গতিপ্রকৃতি

হাসপাতালে ভর্তির বিষয়টি সাধারণত অ্যালপ্যাথিক চিকিৎসার সঙ্গে জড়িত। রোগী যদিও অন্যান্য ধরনের চিকিৎসাও করাতে পারেন যেমন:

- ✓ ইউনানি
- ✓ সিদ্ধ
- ✓ হোমিওপ্যাথি
- ✓ আয়ুর্বেদ
- ✓ ন্যাচারোপ্যাথি প্রভৃতি

বেশিরভাগ পলিসিতেই এই চিকিৎসাগুলিতে বর্জন করা হয়, আবার কিছু পলিসিতে এই চিকিৎসাগুলিরই এক বা একাধিককে কভার দেয় সাব-লিমিট সহ।

### viii. পূর্বেই বিদ্যমান অসুস্থতা

**সংজ্ঞা**

পূর্বে বিদ্যমান অসুস্থতা বলতে বোঝায় ''কোনো পরিস্থিতি, অসুস্থতা বা চোট বা সে সম্পর্কিত অবস্থান যার লক্ষণ বা উপসর্গে বীমাকৃত ব্যক্তির মধ্যে আগেই ছিল এবং / অথবা রোগ নির্ণয় হয়েছিল এবং / অথবা তাঁর জানা থাক বা না থাক কোম্পানির সঙ্গে তাঁর স্বাস্থ্য পলিসি করার 48মাস আগে এর জন্য তিনি মেডিক্যাল পরমর্শ বা চিকিৎসা নিয়েছেন।''

পূর্ব-উপস্থিত অসুস্থতাকে বাদ দেওয়ার কারণ হলো বীমার মৌলিক নীতি। যেখানে বলা হয়েছে বীমার অধীনে একটি নিশ্চিত বিষয়কে কভার করা যায় না।

iii. পাসপোর্ট হারানো ও লাগেজ বা মালপত্র খোয়া গেলে সহায়তা
iv. জরুরী বার্তা পাঠানোর পরিষেবা
v. বেইল বন্ড ব্যবস্থাপনা
vi. জরুরী আর্থিক সহায়তা

f) দোভাষী রেফারেল

g) আইনী রেফারেল

h) আইনজীবীর সঙ্গে সাক্ষাৎ

**3. ক্যাশলেস মেডিক্যাল কেসের ক্ষেত্রে ক্লেইম ব্যবস্থাপনা**

ক্যাশলেস মেডিক্যাল কেস, পরিশোধ মেডিক্যাল কেস ও অন্যান্য নন–মেডিক্যাল কেসের ক্ষেত্রে ক্লেইম ব্যবস্থাপনা পদ্ধতির হেরফের হয়। আবার মার্কিন যুক্তরাষ্ট্রে ক্যাশলেস মেডিক্যাল ক্লেইম ব্যবস্থাপনা অন্য দেশের থেকে আলাদা হয়। আমরা এখন সেই প্রক্রিয়াটা ধাপে ধাপে জেনে নেব

**a) ক্লেইম নোটিফিকেশন**

যখন ও যেভাবে লোকসান হয়েছে, রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন এবং অ্যাডমিশন কাউন্টারে বীমার বিবরণ দেখিয়েছেন। হাসপাতাল এবং/অথবা রোগীর কোনো আত্মীয়/বন্ধুর থেকে সহায়ক কোম্পানি নতুন কেসের নোটিফিকেশন পেয়েছে। ক্লেইম প্রক্রিয়াটা তারপর ক্লেইমকারীকে ব্যাখ্যা করে দেওয়া হয়েছে।

**b) কেস ব্যবস্থাপনা পদক্ষেপ :**

এক কোম্পানি থেকে আরেক কোম্পানিতে এগুলির হেরফের হয়, অভিন্ন পদক্ষেপগুলি নিচে তালিকাবদ্ধ করা হয়েছে :

i. সহায়ক কোম্পানির কেস ম্যানেজার বেনিফিট বা সুবিধা, বীমাকৃত রাশি, পলিসির মেয়াদ, পলিসি হোল্ডারের নাম যাচাই করে দেখেন।

ii. তারপর রোগীর মেডিক্যাল অবস্থার হালনাগাদের জন্য ক্লিনিকাল/মেডিক্যাল রিপোর্ট, বিলিং তথ্য, খরচের আনুমানিক হিসেব পেতে হাসপাতালের সঙ্গে যোগাযোগ করেন। সহায়ক কোম্পানি ক্লিনিকাল নোট ও মেডিক্যাল খরচের আনুমানিক হিসেব হাতে পেলে বীমাকারীকে একটা আপডেট পাঠায়।

iii. বীমা কোম্পানির অনুমোদন সাপেক্ষে ক্লেইমের গ্রাহ্যতা নির্ধারিত হয় এবং হাসপাতালকে পেমেন্টের গ্যারান্টি দেওয়া হয়।

iv. এমন পরিস্থিতি তৈরি হতে পারে যে ভারতে (বীমাকৃতের স্থান) এবং/অথবা লোকসানের অবস্থানে অনুসন্ধানের প্রয়োজন পড়তে পারে। ব্যক্তিগত দুর্ঘটনা ক্লেইম সেকশনে যেমন ব্যাখ্যা করা হয়েছে অনুসন্ধানের প্রক্রিয়া ঠিক তেমনই হবে। সহায়ক কোম্পানির সাহায্যে বা বীমা কোম্পানির প্রত্যক্ষ যোগাযোগের মাধ্যমে বিদেশের অনুসন্ধানকারী বাছাই করা হয়।

v. সহায়ক কোম্পানির কেস ম্যানেজার বীমাকারীকে একটা ক্লিনিকাল ও খরচের আপডেট, অগ্রগতি সম্পর্কিত নোট প্রভৃতি দেওয়ার জন্য দৈনিক ভিত্তিতে কেসটায় নজরদারি চালিয়ে যাবেন যাতে চিকিৎসা চালিয়ে যাওয়ার ব্যাপারে অধিকার পাওয়া যায়।

vi. রোগীকে ডিশচার্জ করা হয়ে গেলে কেস ম্যানেজার চূড়ান্ত চার্জ নিশ্চিত করতে হাসপাতালের সঙ্গে অধ্যাবসায়ের সঙ্গে কাজ করবেন।

vii. সহায়ক কোম্পানি আশ্বস্ত করবেন যে বিলটা যথাযথভাবে পরীক্ষা করা হয়েছে, ঘষামাজা ও হিসেব করা হয়েছে। কোনো ত্রুটি ধরা পড়লে সংশোধনের জন্য হাসপাতালের বিলিং বিভাগে পাঠানো হয়েছে।

viii. তারপর পরিষেবাদাতা ও সহায়ক কোম্পানি বা তাঁর সহযোগী রিপ্রাইজিং এজেন্টের মধ্যে সম্মত হারে চূড়ান্ত বিলটা রি-প্রাইজ করা হয়েছে। হাসপাতালকে আগেই পেমেন্টের আশ্বাস দেওয়া হলে ভালো ছাড় দিয়ে রি-প্রাইসিং সম্ভব।

রি-প্রাইসিং স্বাভাবিকভাবেই হলো মার্কিন স্বাস্থ্য পরিষেবার চরিত্র এবং অ-মার্কিন কেসগুলিতে এটা প্রায় প্রযোজ্যই নয়। মার্কিন ও অ-মার্কিন ক্যাশলেস মেডিক্যাল কেসের মধ্যে এটাই হলো বড় পার্থক্য।

**c) ক্লেইম প্রক্রিয়ার ধাপ :**

i. ক্লেইম মূল্যায়নকারী রি-প্রাইজ করা/আসল বিল পেয়ে, সেটা যাচাই করবেন এবং নিশ্চিত করবেন যে পরিষেবা ও চিকিৎসা দেওয়ার তারিখগুলির জন্য কভারেজ ছিল। সহায়ক কোম্পানির পাওয়া বিলের হিসেব পরীক্ষা করা হবে ক্লেইম ডিপার্টমেন্টে যাতে নিশ্চিত করা যায় যে চার্জগুলি লাইনেই রয়েছে এবং চিকিৎসার রীতি অনুসারেই রয়েছে। ছাড়টা রি-কনফার্ম করে বিল প্রসেস হবে।

ii. তারপর পেমেন্টের জন্য রি-প্রাইজিং নোটিফিকেশন শিট ও এক্সপ্ল্যানেশন অব বেনিফিট (ইওবি) সহ বিলটা পাঠানো হবে বীমাকারীর কাছে।

iii. বীমা কোম্পানি বিল পেয়েই তৎক্ষণাৎ পেমেন্টের জন্য সহায়ক কোম্পানিকে অধিকার দিয়ে দেবে।

**d) পেমেন্ট প্রক্রিয়ার ধাপ:**

i. স্থানীয় অফিসের মাধ্যমে হাসপালকে পেমেন্ট রিলিজ করার জন্য সহায়ক কোম্পানি বীমাকারীর থেকে অধিকার পান।

ii. তারপর ফিনান্স ডিপার্টমেন্ট পেমেন্ট রিলিজ করে।

**e) হাসপাতালে থাকার প্রক্রিয়া**

i. ভারতের হাসপাতালের থেকে বিদেশে বিশেষ করে মার্কিন যুক্তরাষ্ট্র ও ইউরোপের ব্যবস্থা একেবারেই আলাদা, কারণ সেখানে জনসংখ্যার অধিকাংশেরই বেসরকারী বীমা বা সরকারী প্রকল্পের মাধ্যমে সর্বজনীন স্বাস্থ্য কভারেজ থাকে। বীমাকৃত একটা বৈধ স্বাস্থ্য বা বিদেশ

সফর বীমা পলিসি দেখালেই বেশিরভাগ হাসপাতালই সমস্ত আন্তর্জাতিক বীমা কোম্পানির থেকে পেমেন্টর গ্যারান্টি স্বীকার করে।

বেশিরভাগ দেশেই বীমার কভারেজের কনফার্মেশন বা নগদ জমার জন্য চিকিৎসা বিলম্বিত হয় না।

হাসপাতাল তৎক্ষণাৎই  চিকিৎসা শুরো করে দেয়। বীমার কভারেজ থাকলে বীমা পলিসি টাকা দেয় অথবা রোগীকেই তা শোধ করতে হয়। পেমেন্ট পেতে বিলম্ব হলে হাসপাতালগুলির চার্জ বাড়িয়ে দেওয়ার প্রবনতা আছে।

আর পেমেন্ট যদি তৎক্ষণাৎ দিয়ে দেওয়া হয় তাহলে তৎক্ষণাৎ পেমেন্ট হাসপাতাল বড় ছাড় দিতে পারে। হাসপাতালের বিলের দ্রুত বন্দোবস্তের জন্য রি-প্রাইসিং এজেন্সি সাধারণত হাসপাতালের সঙ্গে আলাপ-আলোচনা করে।

ii. সহায়ক কোম্পানির দেওয়া টোল ফ্রি নম্বরে ফোন করে নেটওয়ার্ক হাসপাতাল ও প্রক্রিয়া সম্পর্কে তথ্য বীমাকৃত জানতে পারবেন।

iii. হাসপাতালে ভর্তি করার প্রয়োজন পড়লে কল সেন্টারে ফোন করে বীমাকৃতের সেটা জানানো দরকার এবং বৈধ সফর বীমা পলিসি সহ একটা নির্ধারিত হাসপাতালেই যেতে হবে।

iv. হাসপাতালগুলিও সাধারণত পলিসির বৈধতা পরীক্ষা করতে ও কভারেজ যাচাই করতে কল সেন্টারে নম্বরে ফোন করে সহায়ক কোম্পানি/বীমাকারীর সঙ্গে যোগাযোগ করে।

v. পলিসিটা হাসপাতাল একবার গ্রহণ করে নিলেই ওই হাসপাতালে ক্যাশলেস ভিত্তিতে বীমাকৃতের চিকিৎসা হয়।

vi. গ্রহণযোগ্যতা নির্ধারণ করতে বীমাকারী/সহায়তা প্রদানকারীর প্রয়োজন পড়ে এমন মৌলিক কিছু তথ্য হলো

   1. অসুস্থতার বিস্তারিত বিবরণ
   2. কোনো অতীত ইতিহাসের ক্ষেত্রে ভারতের হাসপাতাল, স্থানীয় মেডিক্যাল অফিসারের বিবরণ:
      - ✓ অতীত ইতিহাস, বর্তমান চিকিৎসা ও হাসপাতালে আরো পরিকল্পিত কোর্স ও সঙ্গে সঙ্গে পাঠানোর জন্য অনুরোধ
      - ✓ চিকিৎসারত চিকিৎসকের বিবৃতি সহ ক্লেইম ফর্ম
      - ✓ পাসপোর্টের কপি
      - ✓ মেডিক্যাল ইনফর্মেশন ফর্মের প্রকাশ

**f) মেডিক্যাল খরচ ও অন্যান্য নন-মেডিক্যাল ক্লেইম পরিশোধ :**

বীমাকৃত দেশে ফিরে আসার পরেই সাধারণত পরিশোধ ক্লেইম ফাইল করেন। ক্লেইমের কাগজপত্র প্রাপ্তির পর, স্বাভাবিক পদ্ধতিতেই ক্লেইমের প্রক্রিয়া হয়। গ্রহনীয় যাবতীয় ক্লেইমের পেমেন্ট করা হয় ভারতীয় মূদ্রায়, ক্যাশলেস ক্লেইমের ক্ষেত্রেও যেখানে পেমেন্ট করা হয়েছে বিদেশী মূদ্রায়।

ক্লেইম পরিশোধ প্রক্রিয়ায় ভারতীয় মুদ্রায় দায়বদ্ধতার পরিমাণ জানতে লোকসানের দিনে মুদ্রা বিনিময়ের হার প্রযোজ্য হয়। তারপর চেক বা ইলেক্ট্রনিক ট্রান্সফারের মাধ্যমে পেমেন্ট করা হয়।

i. ব্যক্তিগত দুর্ঘটনা ক্লেইমগুলি একইভাবে প্রসেস করা হয় যেমনটা ব্যক্তিগত দুর্ঘটনা ক্লেইম সেকশনে ব্যাখ্যা করা হয়েছে।

ii. বেইল বন্ড কেসগুলি ও জরুরী আর্থিক কেসগুলিতে সহায়ক কোম্পানিই অর্থ প্রদান করে এবং পরে তা বীমা কোম্পানির থেকে ক্লেইম করে।

iii. অন্য সকল ক্লেইমের ক্ষেত্রে যে প্রক্রিয়া অনুসরণ করা হয় অসমর্থনীয় ক্লেইম অস্বীকারের ক্ষেত্রেও একই পদ্ধতি নেওয়া হয়।

**g) দুর্ঘটনা ও অসুস্থতার মেডিক্যাল খরচের জন্য ক্লেইমের ডকুমেন্টেশন**

i. ক্লেইম ফর্ম

ii. ডাক্তারের রিপোর্ট

iii. আসল অ্যাডমিশন/ডিসচার্জ কার্ড

iv. আসল বিল/রসিদ/প্রেস্ক্রিপশন

v. আসল এক্স-রে রিপোর্ট/প্যাথোলজিকাল/ইনভেস্টিগেটিভ রিপোর্ট

vi. প্রবেশ ও প্রস্থানের স্ট্যাম্প সহ পাসপোর্ট/ভিসার কপি

উপরের তালিকাটা শুধুমাত্র নির্দেশকই। নির্দিষ্ট কেস বিবরণ বা নির্দিষ্ট বীমাকারীর ক্লেইম ব্যবস্থাপনা নীতি/প্রক্রিয়ার ভিত্তিতে অতিরিক্ত তথ্য/নথির দরকার পড়তে পারে।

**নিজেকে যাচাই 5**

__________________ সহায়ক কোম্পানিই অর্থ প্রদান করে এবং পরে তা বীমা কোম্পানির থেকে ক্লেইম করে।

I. বেইল বন্ড কেসগুলিতে

II. ব্যক্তিগত দুর্ঘটনা ক্লেইমগুলিতে

III. বিদেশ সফর বীমা ক্লেইমগুলিতে

IV. অসমর্থনীয় ক্লেইমগুলিতে

---

**সারাংশ**

a) বীমা হলো একটা **'প্রতিশ্রুতি'** এবং পলিসি হলো সেই প্রতিশ্রুতির একটা **'সাক্ষী'**। কোনো বীমাকৃত ঘটনা ঘটে যাওয়ার ফলে পলিসির অধীনে ক্লেইমটাই হলো সেই প্রতিশ্রুতির প্রকৃত পরীক্ষা।

b) বীমায় অন,তম মূল রেটিং মাপকাঠি হলো বীমা কোম্পানির ক্লেইম প্রদানের সামর্থ্য।

c) ক্রেতা একজন প্রাথমিক স্টেকহোল্ডার হিসেবে বীমাটা কেনেন, পাশাপাশি তিনিই হলেন ক্লেইমের প্রাপক।

d) ক্যাশলেস ক্লেইমে একটা নেটওয়ার্ক হাসপাতাল বীমাকারী / টিপিএ-র থেকে পূর্ব-অনুমোদনের ভিত্তিতে মেডিক্যাল পরিষেবা দিয়ে থাকে এবং পরে ক্লেইমের নিষ্পত্তির জন্য নথিপত্র পেশ করেন।

e) ক্লেইম পরিশোধে ক্লেইমে ক্রেতার তাঁর নিজের সম্পদ থেকে হাসপাতালের বিল মেটান, এবং পরে সেই টাকা ফেরতের জন্য বীমাকারী / টিপিএ-র কাছে ক্লেইম দাখিল করেন।

f) ক্লেইম সম্পর্কে অবহিত করাই হলো ক্রেতা ও ক্লেইম টিমের মধ্যে সাক্ষাতের প্রথম উদাহরণ।

g) বীমার ক্লেইমের ক্ষেত্রে বীমা কোম্পানি কোনো জালিয়াতির সন্দেহ করলে সেটা তদন্তের জন্য পাঠানো হয়। একটা ক্লেইমের তদন্ত করা হতে পারে ইন-হাউসই একজন বীমাকারী / টিপিএ-কে দিয়ে অথবা সেই দায়িত্ব একটা পেশাদার তদন্ত সংস্থার হাতেও তুলে দেওয়া যায়।

h) ধরে রাখা মানে হলো ক্লেইমের স্ট্যাটাসের ভিত্তিতে সমস্ত ক্লেইমের জন্য বীমাকারকের বইয়ে অর্থের সংস্থান।

i) ক্লেইম প্রত্যাখ্যাত হলে বীমাকারীর কাছে যাওয়া ছাড়াও ক্রেতার সুযোগ থাকে ইনসুরেন্স ওম্বাডসম্যান বা কনজিউমার ফোরাম এমনকি আইনের দ্বারস্থ হওয়ার সুযোগ থাকে।

j) হাসপাতালে ভর্তির ক্ষতিপূরণ পলিসিগুলিতেই বেশিরভাগ ক্ষেত্রে জালিয়াতির ঘটনা ঘটে তবে ব্যক্তিগত দুর্ঘটনা বীমার ক্ষেত্রেও প্রতারণামূলক ক্লেইম হয়ে থাকে।

k) টিপিএ বীমাকারীকে অনেক গুরুত্বপূর্ণ পরিষেবা দিয়ে থাকে এবং এর জন্য ফি'র আকারে পারিশ্রমিক পায়।

---

**নিজেকে যাচাইয়ের প্রশ্ন**

**প্রশ্ন 1**

নিম্নলিখিতগুলির মধ্যে কোনটিকে বীমা ক্লেইম প্রক্রিয়ায় প্রাথমিক স্টেকহোল্ডার হিসেবে বিবেচনা করা হয়?

I. ক্রেতা

II. মালিক

III. আন্ডাররাইটার

IV. বীমা এজেন্ট/ব্রোকার

**প্রশ্ন 2**

গিরিশ সাক্সেনার বীমার ক্লেইম বীমা কোম্পানি খারিজ করে দিয়েছে। একটি প্রত্যাখ্যানের ক্ষেত্রে বীমাকারী প্রতিনিধির কাছে যাওয়া ছাড়া বীমাকারীর আর কোন উপায় রয়েছে?

I. সরকারের দ্বারস্থ হওয়া

II. আইনের দ্বারস্থ হওয়া

III. বীমা এজেন্টের দ্বারস্থ হওয়া

IV. ক্লেইম প্রত্যাখ্যানের ক্ষেত্রে কিছুই করার থাকে না

**প্রশ্ন 3**

রাজীব মেহতার পেশ করা একটা স্বাস্থ্য বীমার ক্লেইমের তদন্তে করতে গিয়ে বীমা কোম্পানি জানতে পারে রাজীব মেহতার বদলে চিকিৎসার জন্য হাসপাতালে ভর্তি হয়েছিলেন তাঁর ভাই রাজেশ মেহতা। রাজীব মেহতার পলিসিটা একটা ফ্যামিলি ফ্লোটার প্ল্যান নয়। এটা হলো একটা ____________জালিয়াতির উদাহরণ

I. ছদ্মবেশিতা

II. নথি নির্মাণ

III. ব্যায়ের অত্যুক্তি

IV. আউটপেশন্ট চিকিৎসাকে ইন-পেশেন্ট বা হাসপাতালে ভর্তি হওয়া হিসেবে দেখানোর

**প্রশ্ন 4**

নিম্নলিখিতগুলির মধ্যে কোন পরিস্থিতিতে ডেমিসিলিয়ারি হসপিটালাইজেশন একটা স্বাস্থ্য বীমা পলিসিতে কভার পায়?

I. রোগীর অবস্থা যখন এমন হয় যে তাঁকে হাসপাতাল/নার্সিংহোমে নিয়ে যাওয়া যায় তবে সেটা করা হয়নি

II. জায়গার অভাবে রোগীকে হাসপাতাল/নার্সিংহোমে সরানো যায়নি

III. চিকিৎসা কেবলমাত্র হাসপাতাল/নার্সিংহোমেই করা সম্ভব

IV. হাসপাতালে থাকার মেয়াদ 24ঘন্টার বেশি হয়ে গেছে

**প্রশ্ন 5**

নিম্নলিখিত কোডগুলির মধ্যে কোনটি অসুখের চিকিৎসায় যে প্রক্রিয়া সম্পন্ন তা করায়ত্ত করতে পারে?

I. আইসিডি

II. ডিসিআই

III. সিপিটি

IV. পিসিটি

**নিজেকে যাচাইয়ে প্রশ্নসমূহের উত্তর**

**উত্তর 1**

সঠিক উত্তরটি হলো I.

বীমা ক্লেইম প্রক্রিয়ায় ক্রেতাই হলো প্রাথমিক স্টেকহোল্ডার

**উত্তর 2**

সঠিক উত্তরটি হলো II

বীমার ক্লেইম প্রত্যাখ্যানের ক্ষেত্রে ব্যক্তি আইনের দ্বারস্থ হতে পারেন।

**উত্তর 3**

সঠিক উত্তরটি হলো I.

এটা হলো একটা ছদ্মবেশিতা জালিয়াতির উদাহরণ, কারণ চিকিৎসা হয়েছে যে ব্যক্তি আর বীমা রয়েছে যার, দুজনে আলাদা।

**উত্তর 4**

সঠিক উত্তরটি হলো II

জায়গার অভাবে রোগীকে হাসপাতাল/নার্সিংহোমে সরানো না গেলে তবেই স্বাস্থ্য বীমা পলিসিতে ডোমিসিলিয়ারি ট্রিটমেন্ট দেওয়া হয়

**উত্তর 5**

সঠিক উত্তরটি হলো III

কারেন্ট প্রসিডিওর টার্মিনোলজি (সিপিটি) কোড অসুখের চিকিৎসায় যে প্রক্রিয়া সম্পন্ন তা করায়ত্ত করতে পারে।

# অধ্যায় 4
# সাধারণ বীমা

# অধ্যায় 22

# বীমার নীতিসমূহ

**অধ্যায় পরিচিতি**

এই অধ্যায়টিতে, আমরা যে প্রাথমিক নীতিসমূহ দ্বারা বীমার কার্যকলাপ নিয়ন্ত্রিত হয় সেগুলি সম্পর্কে জানবো।অধ্যায়টি দুইটি বিভাগে বিভক্ত।প্রথম বিভাগটি বীমার উপাদানসমূহ সম্পর্কে এবং দ্বিতীয় বিভাগটি একটি বীমা চুক্তির প্রধান বৈশিষ্ট্যসমূহ সম্পর্কে নির্দেশ করে।

**জ্ঞানের ফলাফলসমূহ বিষয়বস্তু :**

A. বীমার উপাদানসমূহ
B. বীমা চুক্তি বিষয়সমূহ আইনি -
C. বীমা চুক্তি বৈশিষ্ট্যসমূহ প্রধান -

এই অধ্যায়টি পঠনের পরে আমরা যে বিষয়গুলি জানতে পারি তা হল:

1. বীমার বিভিন্ন উপাদানের সংজ্ঞা প্রদান
2. একটি বীমা চুক্তির বৈশিষ্ট্যসমূহের সংজ্ঞা প্রদান
3. একটি বীমা চুক্তির প্রধান বৈশিষ্ট্যসমূহের চিহ্নিতকরণ

## A. *বীমার উপাদানসমূহ*

আমরা দেখেছি যে বীমা প্রক্রিয়াকরণের চারটি উপাদান বিদ্যমান থাকে

- ✓ সম্পদ
- ✓ ঝুঁকি
- ✓ ঝুঁকির একত্রিকরণ
- ✓ বীমা চুক্তি

আসুন এখন আমরা কিছুটা বিস্তারিতভাবে বীমা প্রক্রিয়াকরণের বিভিন্ন উপাদনসমূহ সম্পর্কে আলোচনা করি।

**1. সম্পদ**

**সংজ্ঞা**

***একটি সম্পদ সম্পর্কে বলা যায়কোনো তার মালিককে কোন প্রকার সুবিধা প্রদান করে এবং যেটির একটি অর্থনৈতিক মূল্য বিদ্যমান।***

একটি সম্পদের আবশ্যিকভাবে নিম্নলিখিত বৈশিষ্ট্যসমূহ থাকা প্রয়োজন:

**a) অর্থনৈতিক মূল্য**

একটি সম্পদের আবশ্যিকভাবে একটি অর্থনৈতিক মূল্য থাকতে হবে। মূল্যটি দুইভাবে নির্ধারণ করা যায়।

a) **আয় সৃষ্টিকারী :** সম্পদটি উত্পাদনশীল এবং আয় সৃষ্টিকারী হতে পারে।

**উদারহণ**

***বিস্কুট প্রস্তুতকারী একটি মেশিন অথবা দুধ প্রদানকারী একটি গাভী, উভয়েই তাদের মালিকের জন্য আয় সৃষ্টি করে।***

b) প্রয়োজনীয়তা নিরসন : একটি সম্পদ এক অথবা একগুচ্ছ প্রয়োজনীয়তার নিরসনের মাধ্যমেও মূল্য যুক্ত করতে পারে।

**উদাহরণ**

একটি রেফ্রিজারেটার শীতলতা প্রদান করে এবং খাদ্যবস্তু সংরক্ষিত করে, এবং একটি গাড়ি আরাম এবং পরিবহনের সুবিধা প্রদান করে, একই ভাবে একজন ব্যক্তির নীরোগ শরীর তাঁর নিজের এবং পরিবারের জন্যও ভালো থাকার মূল্য যুক্ত করে।

**b) সুরক্ষা এবং মালিকানা**

হাওয়া এবং সূর্যালোক সম্পর্কে কি বলা যাবে? সেগুলি কি সম্পদ নয়?

**উত্তরটি হল ' না '।**

প্রকৃত পক্ষে, খুব কম বস্তুই হাওয়া এবং সূর্যালোকের মতো মূল্যবান। এগুলি বিনা আমরা জীবনধারণ করতে পারবো না। তবুও যেহেতু এগুলির কোন অর্থনৈতিক মূল্য নাই, তাই সেগুলিকে সম্পদরূপে বিবেচনা করা হয় না।

**এর দুইটি কারণ বিদ্যমান :**

- ✓ সেগুলির সরবরাহ অপর্যাপ্ত এবং সেগুলি দুষ্প্রাপ্য নয়।
- ✓ সেগুলি কোন একজন ব্যক্তির মালিকানাধীন নয় এবং সকলের জন্য বিনামূল্যে উপলব্ধ।

**এটির অন্তর্নিহিত অর্থ হল একটি সম্পদের আরও দুটি শর্ত পূরণের প্রয়োজন, যেমন – সেটির দুষ্প্রাপ্যতা এবং সেটির মালিকানা অর্থাৎ কারোর হস্তগত থাকা।**

### c) সম্পদের বীমাকরণ

বীমার ক্ষেত্রে আমরা অপ্রত্যাশিত এবং দূর্ভাগ্যজনক ঘটনার ফল স্বরূপ অর্থনৈতিক ক্ষতিগুলির সম্পর্কে আগ্রহী, প্রাকৃতিক ক্ষয়জনিত ক্ষতিগুলি সম্পর্কে নয়। **বীমা শুধুমাত্র অপ্রত্যাশিত ঘটনার ফলস্বরূপ আর্থিক ক্ষতিসমূহের জন্যই সুরক্ষা প্রদান করে। সম্পদের দীর্ঘকালীন ব্যবহারের ফলে প্রাকৃতিক ক্ষয়ের জন্য নয়।**

আমাদের আবশ্যিকভাবে মনে রাখতে হবে যে বীমা একটি সম্পদকে ক্ষয় অথবা ক্ষতি থেকে রক্ষা করতে পারেনা। ভূমিকম্প একটি বাড়ির ক্ষতি করবেই, সেটি বীমাকৃত হোক অথবা না হোক। বীমাকারী শুধুমাত্র একটি অংকের টাকা প্রদান করতে পারে, যেটি ক্ষতিটির অর্থনৈতিক প্রভাবকে খর্ব করতে পারে।

কোন একটি চুক্তির খেলাপের মাধ্যমেও ক্ষতি উদ্ভুত হতে পারে।

**উদাহরণ**

***একজন রপ্তানিকারক একটি বৃহৎ অংকের ক্ষতির সম্মুখীন হবেন যদি অপর প্রান্তের আমদানিকারী মালপত্রগুলি গ্রহণ করতে অস্বীকার করেন অথবা সেগুলির মূল্য প্রদান না করেন।***

### d) জীবনবীমা

আমাদের জীবন সম্পর্কে কি বলা যায়?

বস্তুত আমাদের নিকট আমাদের নিজেদের এবং আমাদের ভালোবাসার জনেদের জীবনের মূল্য থেকে অধিক মূল্যবান কোন কিছুই নাই। কোন একটি দুর্ঘটনা অথবা একটি অসুস্থতার সম্মুখীন হলে আমাদের জীবনগুলি গুরুত্বপূর্ণভাবে প্রভাবিত হয়।

এটি দুই ভাবে প্রভাবিত করতে পারে:

- ✓ প্রথমত কোন একটি বিশেষ অসুস্থতার চিকিত্সার খরচ আছে।
- ✓ দ্বিতীয়ত, অক্ষমতা অথবা মৃত্যু উভয় কারণেই আর্থিক আয় বন্ধ হতে পারে।

এই প্রকারের ক্ষতিগুলি ব্যক্তিটির অথবা ব্যক্তিগত বিষয়সমূহের বীমাকরণ দ্বারা সুরক্ষিত করা হয়।

**যেকোন ব্যক্তির পক্ষেই বীমা করানো সম্ভব যাঁর একটি মূল্যবান সম্পদ আছে; (অর্থাৎ, যেটি কোন প্রকার আয় সৃষ্টি করে অথবা কোন প্রকার প্রয়োজনীয়তা নিরসন করে) সম্পদ আছে; যেটি হারানো (কোন দূর্ভাগ্যজনক অথবা দুর্ঘটনার কারণে) অর্থনৈতিক ক্ষতির কারণ হতে পারে (টাকার ভিত্তিতে) পরিমাপযোগ্য।**

**তাই বীমা ক্ষেত্রে বীমার পরিভাষায় এই প্রকার সম্পদগুলিই সাধারণত উল্লিখিত হয়।**

**2. ঝুঁকি**

বীমা প্রক্রিয়াকরণের ক্ষেত্রে দ্বিতীয় উপাদানটি হল ঝুঁকি সম্পর্কে ধারণা। আমরা ঝুঁকিকে ক্ষতির একটি সম্ভাবনারূপে সংজ্ঞায়িত করবো। ঝুঁকি কোন সম্ভাব্য ক্ষতি অথবা ক্ষয়ের ফলাফল, যেটি কোন একটি ঘটনা ঘটার ফলে স্পষ্ট হতে পারে, সেটিকে উল্লেখ করে। আমরা সাধারণত প্রত্যাশা করিনা যে আমাদের গৃহটি পুড়ে যাক অথবা আমাদের গাড়িটি দুর্ঘটনার সম্মুখীন হোক। তবু এগুলি ঘটতে পারে।

ঝুঁকির উদাহরণগুলি হল একটি বাড়ির পুড়ে যাওয়া অথবা চুরি হওয়া অথবা একটি দুর্ঘটনার কারণে অঙ্গহানী হওয়ার ফলে অর্থনৈতিক ক্ষতির সম্ভাবনাসমূহ।

ঝুঁকির দুটি তাত্পর্য আছে।

i. **প্রথমত,** ক্ষতি হতেও পারে অথবা নাও হতে পারে। ক্ষতির সম্ভাবনাটিকে গাণিতিকভাবে প্রকাশ করা যায়।

**উদাহরণ**

এক হাজার সম্ভাবনার মধ্যে একবার একটি বাড়িতে আগুন লাগতে পারে = ১/১০০০ = ০.০০১।

এক হাজার সম্ভাবনার মধ্যে তিন বার রামের হৃদরোগ হওয়ার সম্ভাবনা আছে = ৩/১০০০ = ০.০০৩।

---

ঝুঁকি সর্বদা একটি সম্ভাবনাকে প্রকাশকরে। এটির মান সর্বদাই ০ থেকে ১-এর মধ্যবর্তী হবে, যেখানে ০ বোঝায় যে ক্ষতিটি হবে না তখন ১, সেটি হবেই এই প্রকার নিশ্চয়তা বোঝায়।

ii. দ্বিতীয়ত, সেই ঘটনাটি, যেটির ঘটা প্রকৃতভাবে একটি ক্ষতির প্রতি নির্দেশ করে, বিপদ বলা হয়। এটি একটি ক্ষতির কারণ।

**উদারহণ**

***বিপদের নমুনাগুলি হল, অগ্নিকান্ড, ভূমিকম্প, বন্যা, বজ্রপাত, চুরি, হৃদরোগ ইত্যাদি।***

**প্রাকৃতিক ক্ষয় বলতে কি বোঝায় ?**

এটি সত্য কথা যে কোন বস্তুই চিরস্থায়ী নয়। প্রত্যেক সম্পদের একটি নির্দিষ্ট সময়সীমা আছে যার মধ্যে সেটি কর্মক্ষম থাকে এবং উত্পাদন প্রদান করে থাকে।

ভবিষ্যতের কোন একটি দিনে এটির মূল্য শেষ হয়ে যায়। এটি একটি প্রাকৃতিক প্রক্রিয়া এবং আমরা আমাদের মোবাইল, আমাদের কাপড় কাচার মেশিন এবং আমাদের পোশাকগুলির ভগ্নদশা হয়ে গেলে বাতিল অথবা পরিবর্তন করি। সেজন্য, সাধারণ ক্ষয়-ক্ষতির জন্য বীমার সাহায্য নেওয়া হয় না।

i. **ঝুঁকির প্রতি উন্মুক্ততা :** একটি বিপদের ঘটনা সর্বদাই কোন ক্ষতির কারণ হয় না। সমুদ্রতীরবর্তী অঞ্চলে একটি বন্যার কারণে মুম্বইতে বসবাসকারী একজন ব্যক্তি কোনভাবে ক্ষতিগ্রস্ত হন না। ক্ষতিটি হওয়ার জন্য সম্পদটিকে বিপদের প্রতি উন্মুক্ত হতে হবে।

**উদাহরণ**

***একটি মোটরযান জনিত দুর্ঘটনার থেকে সুরক্ষা পেতে হলে, একজন বীমাকারী কোন একটি বিশেষ বছরে 'দুর্ঘটনা নামক বিপদের প্রতি উন্মুক্ত' গাড়ির সংখ্যাটি জানার জন্য উত্সাহী হবেন। নিয়মিতভাবে প্রতিযোগিতার উদ্দেশ্যে ব্যবহৃত একটি গাড়ি উপরের সংখ্যাটির অন্তর্গত হবে না। এটি আবশ্যিকভাবে 'প্রতিযোগিতামূলক গাড়ি' সংক্রান্ত একটি পৃথক গোষ্ঠীর অন্তর্গত হবে, যেটির দুর্ঘটনাগ্রস্ত হবার সম্ভাবনাটি সাধারণ গাড়ির থেকে অধিক।***

শুধুমাত্র ঝুঁকির সম্মুখীন হওয়াই বীমার মাধ্যমে ক্ষতিপূরণ পাওয়ার জন্য যথেষ্ট নয়।

**উদাহরণ**

***প্রকৃতপক্ষে কোনো ক্ষতি সাধন না করেও একটি কারখানায় অগ্নিকান্ড হতে পারে।***

একটি বিপদের কারণে সৃষ্ট কোন অর্থনৈতিক (আর্থিক) ক্ষতির ক্ষেত্রেই শুধুমাত্র বীমার ব্যবহারের প্রশ্ন উদ্রেক হয়।

ii. **ঝুঁকির প্রতি উন্মুক্ততার স্তর :** দুইটি সম্পদ একই বিপদের সম্মুখীন হতে পারে কিন্তু ক্ষতির সম্ভাবনা অথবা পরিমাণগুলি ব্যাপকভাবে ভিন্নতর হতে পারে।

**উদাহরণ**

একটি অগ্নিকান্ডের কারণে একটি জল পরিবহনকারী ট্যাঙ্কারের ক্ষতির তুলনায় বিস্ফোরক পদার্থ পরিবহনকারী একটি গাড়ির ক্ষতির পরিমাণ অধিকতর হতে পারে।

একইভাবে, শ্বাস-প্রশ্বাসের সমস্যাসহ একজন ব্যক্তির একটি ঘন জনবসতিসহ শহরে সমস্যার সম্ভাবনা অধিক আবার ঘোড়দৌড়ে অংশগ্রহণকারী একজন ব্যক্তির দুর্ঘটনাজনিত আঘাতের ঝুঁকি একটি দোকানে বসে থাকা একজন ব্যক্তির থেকে অধিক।

***বীমাকারীগণ প্রধানত ঝুঁকির প্রতি উন্মুক্ততার বিষয়েই অধিক উত্সাহী থাকেন। যখন এটি অতি অধিক হয় তখন আমরা এটিকে খারাপ ঝুঁকি বলি।***

**ঝুঁকির শ্রেণী বিভাগের ভিত্তি**




a) **সম্মুখীন হওয়া ক্ষতির সম্ভাব্য পরিধি**

এটি ক্ষতি এবং একজন ব্যক্তিবিশেষ অথবা একটি ব্যবসায়ের উপর ক্ষতিটির প্রভাবের স্তর দ্বারা প্রকাশ করা হয়। এই ভিত্তিতে একজন তিন প্রকার ঝুঁকির ঘটনা অথবা পরিস্থিতি চিহ্নিত করতে পারেন :

**i.** জটিল অথবা আকস্মিক বিপর্যয়

যে ক্ষেত্রে ক্ষতিসমূহ এতোই বিশাল পরিমাণের, যে সেগুলি সম্পূর্ণ ক্ষতি অথবা দেউলিয়া হওয়ার উপক্রম হতে পারে।

**উদাহরণ**

- ✓ একটি গ্রামকে সম্পূর্ণরূপে ধ্বংসকারী একটি ভূমিকম্প
- ✓ একটি অগ্নিকান্ড যেটি কয়েক কোটি টাকা মূল্যের একটি স্থাপনাকে ধ্বংস করে দেয়
- ✓ ওয়ার্ল্ড ট্রেড সেন্টারে ৯/১১ তারিখে সন্ত্রাসবাদী হামলার মতো একটি পরিস্থিতি যেটি বহু মানুষের আঘাতের কারণ হয়েছিল।

ii. **গুরুত্বপূর্ণ**

যেখানে সম্ভাব্য ক্ষতিগুলি, ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলিকে তাদের কার্যকলাপ জারি রাখার জন্য ঋণ গ্রহণের প্রয়োজন হওয়ার মতো গুরুত্বপূর্ণ আর্থিক ক্ষতিসমূহের সৃষ্টি করতে পারে।

**উদাহরণ**

গুরগাঁওতে অবস্থিত একটি বহুজাতিক সংস্থার একটি কারাখানায় অগ্নিকান্ডের ফলে ১ কোটি টাকার মালপত্রের ক্ষতি হয়েছে। ক্ষতিটি বড় কিন্তু এতোটা বড় নয় যেটি দেউলিয়া হওয়ার মত বিশাল কিছু নয়।

***একটি গুরুত্বপূর্ণ কিডনি স্থানান্তরণের চিকিত্সা যেটি খরচ অত্যন্ত ব্যয়সাপেক্ষ।***

iii. **প্রান্তীয়** / **নগন্য**

যেখানে সম্ভাব্য ক্ষতিগুলি গুরুত্বপূর্ণ নয় এবং সহজেই কোন একজন ব্যক্তি বিশেষের অথবা একটি ব্যবসায়িক সংস্থার বিদ্যমান সম্পদগুলি অথবা কোন প্রকার অপ্রত্যাশিত আর্থিক চাপ ছাড়াই বর্তমান আয় থেকে মেটানো যায়।

**উদাহরণ**

একটি ছোট গাড়ির দুর্ঘটনার ফলে একটি দিক সামান্য ঘষা লেগে রঙ চটে গেছে এবং একটি ফেন্ডার সামান্য বেঁকে গেছে।

একজন ব্যক্তি সাধারণ সর্দি এবং কাশিতে ভুগছেন।

---

b) **ঝুঁকিযুক্ত পরিবেশের প্রকৃতি**

পরিবেশের প্রকৃতিও ঝুঁকির শ্রেণী বিভাগের আরও একটি উপায়।

i. **স্থিতিশীল ঝুঁকিসমূহ**

একটি স্থিতিশীল পরিবেশের মধ্যে ঘটা ঝুঁকির ঘটনাগুলিকে স্থিতিশীল ঝুঁকি হিসাবে উল্লেখ করা হয়। সময়ের পরিপ্রেক্ষিতে সেগুলি ঘটার একটি নিয়মানুগ নকশা থাকে এবং সহজেই সেগুলি সম্পর্কে ভবিষ্যদ্বাণী করা যায়। সেজন্য সেগুলির বীমা করা সহজতর। সাধারণত এই প্রকার ঝুঁকিগুলি প্রাকৃতিক ঘটনার কারণেই হয়ে থাকে।

উদাহরণগুলি হল, অগ্নিকান্ড, ভূমিকম্প, মৃত্যু, দুর্ঘটনা এবং অসুস্থতা।

ii. **গতিশীল ঝুঁকিসমূহ**

আদর্শগতভাবে এই বিপদগুলি আর্থিক ও সামাজিক কারণ জনিত বিষয় থেকে উদ্ভুদ হয় এবং সামাজিক পরিবেশকে প্রভাবিত করে।এদের কোন নিয়মিত নকশা না থাকার দরুণ স্থিতিশীল ঝুঁকির মতো এদের সম্পর্কে ভবিষ্যদ্বাণী করা সম্ভব হয় না বলে এগুলিকে গতিশীল ঝুঁকি বলা

হয়। একইসঙ্গে এই প্রকার ঝুঁকিগুলি প্রায়শঃইজাতীয় ও সামাজিক স্তরে বিস্তারিত ফলাফল যুক্ত হয় এবং বহু সংখ্যক মানুষকে প্রভাবিত করেথাকে।

উদাহরণগুলি হল, বেকারী, মুদ্রাস্ফীতি, যুদ্ধ এবং রাজনৈতিক বিক্ষোভ ইত্যাদি।

বীমা সংস্থাগুলি সাধারণত গতিশীল ঝুঁকি সমূহের বীমা করে না।

c) **কে প্রভাবিত হয়েছেন** ?

একটি বিপদ বা ক্ষতির ঘটনায় কে প্রভাবিত হয়েছেন সেটি বিবেচনার দ্বারাও ঝুঁকির শ্রেণী বিন্যাসের একটি তৃতীয় পন্থা নির্ণয় করা যায়।

i. **প্রাথমিক ঝুঁকিসমূহ :** বিশাল সংখ্যক মানুষকে প্রভাবিত করে। এই প্রভাবটি বিশালাকারে বিস্তৃত হয়ে এবং বিপর্যয়ের আকার নিতে পারে।

প্রাথমিক অথবা সামগ্রিক ঝুঁকির উদাহরণগুলি হল, যুদ্ধ, খরা, বন্যা এবং ভূমিকম্প ও সন্ত্রাসবাদী হানা।

ii. **নির্দিষ্ট ঝুঁকিসমূহ :** এটি একটি সম্পূর্ণ গোষ্ঠী বা দলের পরিবর্তে বিশেষ কোনো ব্যক্তিকে প্রভাবিত করে থাকে । এই ক্ষেত্রে ক্ষতিগুলি শুধুমাত্র বিশেষ ব্যক্তিকে বহন করতে হয় সম্পূর্ণ গোষ্ঠী বা দল কে নয়।

নির্দিষ্ট ঝুঁকি উদাহরণগুলি হল, একটি বাড়ির অগ্নিকান্ড অথবা একটি গাড়ির দুর্ঘটনা অথবা দুর্ঘটনার কারণে হাসপাতালে স্থানান্তকরণ।

প্রাথমিক এবং নির্দিষ্ট উভয় প্রকার ঝুঁকির জন্য ব্যবসায়িক বীমা উপলব্ধ হয়।

d) **ফল** / **পরিণাম** / **পরিণতি**

i. ফাটকাসংক্রান্ত ঝুঁকিটি এমন একটি পরিস্থিতির উল্লেখ করে যেখানে ফলাফলটি হয় লাভদায়ক নয় ক্ষতিকারক। এই প্রকার ঝুঁকি গ্রহণের আদর্শ উদাহরণ হল ঘোড়দৌড়ের উপর বাজি ধরা অথবা ফাটকা বাজারে অংশ গ্রহণ করা। একটি লাভের প্রত্যাশায় একজন ব্যক্তি ইচ্ছাকৃতভাবে এই প্রকার ঝুঁকি গ্রহণ করে থাকেন।

ii. অন্য দিকে, বিশুদ্ধ ঝুঁকিটি সেই প্রকার পরিস্থিতি যেখানে ফলাফলগুলি শুধুমাত্র ক্ষতি অথবা ক্ষতি না হলেও কিন্তু লাভ কখনওই নয়।

উদাহরণস্বরুপ, একটি বন্যা অথবা একটি অগ্নিকান্ড হতেও পারে আবার নাও হতে পারে। যদি এটি ঘটে, ক্ষতি হবে। যদি এটি না হয়, সেখানে না ক্ষতি না লাভ। একইভাবে, একজন ব্যক্তি গুরুতরভাবে অসুস্থ হতে পারেন আবার নাও হতে পারেন।

শুধুমাত্র যথার্থ ঝুঁকিগুলির ক্ষেত্রেই বীমার প্রয়োগ হতে পারে, যেখানে এটি সম্ভাব্য ক্ষতিটি থেকে সুরক্ষা প্রদান করে। ফাটকা জাতীয় ঝুঁকিগুলির বীমা করা যায় না।

বিশুদ্ধ ঝুঁকিসমূহের উদাহরণ :

- ✓ রাসায়নিক – অগ্নিকান্ড, বিস্ফোরণ
- ✓ প্রাকৃতিক – ভূমিকম্প, বন্যা, ঘূর্ণীঝড়

- ✓ সামাজিক – দাঙ্গা, ঠকানো, চুরি
- ✓ প্রযুক্তিগত –যন্ত্রাদি বিকল হয়ে যাওয়া
- ✓ ব্যক্তিগত – মৃত্যু, অক্ষমতা, অসুস্থতা

**বিপদ**

উপরে অংশগুলি থেকে আমরা দেখেছি যে শুধুমাত্র একটি বিপদের ক্ষেত্রে উন্মুক্ততা একটি ক্ষতির কারণ হয় না। আবার, একটি ক্ষতি তীব্র নাও হতে পারে। **কোনো অবস্থা অথবা অবস্থাসমূহ যেগুলি একটি ক্ষতির সম্ভাবনার অথবা সেটির তীব্রতার বৃদ্ধি ঘটায় এবং সেই প্রকারে ঝুঁকির প্রভাবসমূহকে বিপদ বলা হয়।** সাধারণত যে বিপদের প্রতি সম্পদটি উন্মুক্ত তার পরিপ্রেক্ষিতে বীমাকারীগণ একটু ঝুঁকির মূল্যায়ণ করেন।

আসুন এখন আমরা সম্পদ, বিপদ এবং ঝুঁকি সম্পর্কযুক্ততার কয়েকটি উদাহরণ দেখি :

| সম্পদ | বিপদ | ঝুঁকি |
|---|---|---|
| **জীবন** | ক্যানসার রোগ | অত্যধিক ধূমপান |
| **কারখানা** | অগ্নিকান্ড | অসাবধানতা সহকারে বিস্ফোরক পদার্থের রক্ষণ |
| **গাড়ি** | গাড়ি দুর্ঘটনা | চালক দ্বারা অসতর্কভাবে গাড়ি চালানো |
| **মালপত্র** | ঝড় | মালপত্রের মধ্যে জল চুঁইয়ে ঢোকা এবং ক্ষতি হওয়া; মালপত্রের জল নিরোধক বস্তু দ্বারা প্যাকেজ না হওয়া। |

**গুরুত্বপূর্ণ**

**বিপদের শ্রেণীসমূহ**

a) **বস্তুভিত্তিক বিপদ হল** এমন একটি বাস্তবিক অবস্থা যেটি ক্ষতির আশঙ্কার বৃদ্ধি ঘটায়।

**উদাহরণ**

i. একটি বাড়ির ত্রুটিপূর্ণ বৈদ্যুতিক তারের ব্যবস্থা

ii. জলে কোন প্রকার ক্রীড়ায় অংশ গ্রহণ করা

iii. শারীরিক পরিশ্রমবিহীন জীবনযাপন

b) নীতিগত বিপদগুলি একজন ব্যক্তির অসততা অথবা চারিত্রিক দোষত্রুটি, যেগুলি ক্ষতির পৌনঃপুনিকতা অথবা তীব্রতাগুলিকেপ্রভাবিত করে, সেগুলির উল্লেখ করে। একজন অসৎ ব্যক্তি একটি জালিয়াতিমূলক কাজের এবং বীমার সুবিধার মাধ্যমে অর্থ উপার্জনের প্রচেষ্টা করতে পারেন।

**উদাহরণ**

***নীতিগত বিপদের একটি আদর্শ নমুনা হল, একটি কারখানার জন্য বীমা ক্রয় করা হল এবং তারপর বীমার রাশিটি সংগ্রহের জন্য সেটি পুড়িয়ে ফেলা হল অথবা একটি গুরুত্বপূর্ণ রোগের প্রাদুর্ভাবের পর একটি স্বাস্থ্যবীমা ক্রয় করা।***

**c)** আইনগত বিপদগুলি ক্ষতিপূরণ প্রদানজনিত দায় বিজড়িত ঘটনাগুলির ক্ষেত্রে অধিক উল্লেখযোগ্য। এগুলি আইনগত ব্যবস্থার কিছু বৈশিষ্ট্যসমূহ অথবা অধিনিয়মগত পরিবেশ দ্বারা ক্ষতির ঘটনা অথবা সেগুলির তীব্রতা বৃদ্ধির ক্ষেত্রে উদ্রেক হয়।

**উদাহরণ**

***কোন দুর্ঘটনার ক্ষেত্রে কর্মচারীদের প্রতি ক্ষতিপূরণ নিয়ন্ত্রণকারী আইনের প্রচলণ ক্ষতিপূরণ প্রদানজনিত দায়ে অংকটির উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি ঘটাতে পারে।***

বিপদ এবং প্রাসঙ্গিক ঝুঁকিগুলির অন্তর্বর্তী সম্পর্কটি বীমার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ বিষয়। এর ভিত্তিতে সম্পদগুলি বিভিন্ন ঝুঁকির শ্রেণীতে বিভক্ত করা হয় এবং বীমা সুরক্ষার জন্য ধার্য খরচটি (প্রিমিয়াম নামে পরিচিত) বৃদ্ধি পায় যদি প্রাসঙ্গিক বিপদের উপস্থিতির কারণে উদ্ভুত ক্ষতির প্রতি উন্মুক্ততা উচ্চ হয়।

### 3. বীমার গাণিতিক নীতি (ঝুঁকির একত্রিকরণ)

বীমার তৃতীয় উপাদানটি হল গাণিতিক নীতি যেটি বীমাকে সম্ভব করে। এটি বীমার একত্রিকরণের নীতি নামে পরিচিত হয়।

**উদাহরণ**

ধরে নেওয়া যাক, এখানে ১০০০০০টি বাড়ি অগ্নিকান্ডের বিপদের প্রতি উন্মুক্ত যেটি একটি গড় ৫০০০০ টাকার ক্ষতির কারণ হতে পারে। যদি একটি বাড়িতে অগ্নিকান্ডের সম্ভাবনা ১০০০-এ ২ (অথবা ০.০০২) হয়, যার মানে হবে যে ক্ষতি বহনের মোট অংকটি হবে ১০০০০০০০ টাকা (=৫০০০০ **x** ০.০০২ **x** ১০০০০০)।

যদি একজন বীমাকারী একশ হাজারটি বাড়ির মালিকের প্রত্যেকের থেকে ১০০ টাকার সংযোজন (প্রিমিয়াম) সংগ্রহ করতে এবং এই সংযোজনগুলি একটি তহবিলে একত্রিত করতে পারেন, তাহলে সেটি অগ্নিকান্ডের কারণে ক্ষতিগ্রস্ত হতভাগ্য কয়েকজনের ক্ষতি পূরণের জন্য যথেষ্ট হবে।

**নিচের গণনাটি থেকে ব্যক্তিগত সংযোজনের অংকটি প্রতীয়মান হয়**

*১০০০০০* **x** *১০০* **=** *১০০০০০০০ টাকা*

বীমাকৃতদের সকলের প্রতি সাম্য(ন্যায্যতা) নিশ্চিত করার জন্য, সকল বাড়িগুলিই একই প্রকারে ঝুঁকির প্রতি উন্মুক্ত হতে হবে।

a) **এই নীতিটি বীমার ক্ষেত্রে ঠিক কিভাবে কার্যকরী হয়** ?

**উদাহরণ**

শ্রী শ্যাম, যাঁর মোট ৭০ লক্ষ টাকা মূল্যের একটি কারখানা, মেশিন, যন্ত্রপাতি এবং মালপত্র আছে, সেগুলি কোন বীমাকারী দ্বারা বীমা করাতে চান। অগ্নিকান্ড অথবা অন্য কোন প্রকার বীমাযোগ্য বিপদের ফলে কারখানাটির এবং সেটির অন্যান্য সামগ্রীসমূহের ক্ষতির সম্ভাবনা১০০০-এ ৭(০.০০৭)। শ্রী শ্যাম এবং বীমাকারী উভয়েই এই সম্পর্কে অবগত।

তাঁদের অবস্থাগুলি কিভাবে ভিন্নতর এবং শ্রী শ্যাম সেগুলির বীমা করাতে চাইছেন কেন**?**

**শ্রী শ্যামের অবস্থান**

ক্ষতির সম্ভাবনাটি (০.০০৭) শ্রী শ্যামের জন্য কোন প্রকার আগ্রহের বিষয়বস্তু নয় কারণ এই প্রকার ১০০০টি কারাখানার মধ্যে গড়ে ৭টি কারখানা এই প্রকার ক্ষতি দ্বারা প্রভাবিত হতে পারে। তিনি জানেন না যে তাঁর কারখানাটি সেই হতভাগ্য সাতটির মধ্যে একটি হবে?কিন্তুবস্তুত কোন একটি নির্দিষ্ট কারখানা কখন ক্ষতিটির সম্মুখীন হবে সে সম্পর্কে কেউই কোন প্রকার ভবিষ্যদ্বাণী করতে পারবেনা।

সুতরাং বলা যেতে পারে যে শ্রী শ্যাম একটি অনিশ্চিত অবস্থায়রয়েছেন**।** তিনি যে শুধুমাত্র ভবিষ্যত জানেন না তাই নয়, সেটি কি প্রকার হবে তাও তিনি ভবিষ্যদ্বাণী করতে পারেননা। নিশ্চিতভাবে এটি একটি উদ্বেগের কারণ।

**বীমাকারীর অবস্থান**

এখন আমরা বীমাকারীর অবস্থানটি দেখবো। যেখানে শ্যামের ক্ষতির ঝুঁকিটি অন্য হাজার জনের, যাঁরা একই প্রকার পরিস্থিতির প্রতি উন্মুক্ত, সকলের ক্ষতি একত্রিত করা হলে, এটি নির্দিষ্ট এবং ভবিষ্যদ্বাণীযোগ্য হয়ে ওঠে।

***বীমাকারীর, কারখানাটির ক্ষতির বিষয়ে শ্রী শ্যামের অনুরূপ দুঃশ্চিন্তাগ্রস্ত হওয়ার প্রয়োজন নাই। এটিই যথেষ্ট যে হাজারটি কারখানার মধ্যে মাত্র সাতটি এই প্রকার ক্ষতির সম্মুখীন।যতক্ষণ পর্যন্ত প্রকৃত ক্ষতিগুলি প্রত্যাশিতের সমান অথবা নিকটবর্তী হবে, ততক্ষণ পর্যন্ত বীমাকারী একত্রিত তহবিল থেকে প্রাপ্ত অর্থের মাধ্যমে সেগুলি মেটাতে পারবে।***

**বহু সংখ্যক একই প্রকারে অবস্থিত এবং একটি বিপদের কারণে ঝুঁকির সম্মুখীন বীমাকৃতের ঝুঁকির একত্রিকরণের দ্বারাই বীমাকারী ঝুঁকিটি এবং সেটির আর্থিক প্রভাবটি অনুধাবন করতে পারেন।**




b) **ঝুঁকি একত্রিকরণ এবং বৃহৎ সংখ্যার নীতি**

ক্ষতির সম্ভাবনাটি (উপরের উদাহরণের ভিত্তিতে ১০০০–এর মধ্যে নির্ধারিত ৭ অথবা ০.০০৭) প্রিমিয়াম নির্ধারণের ভিত্তিটি গঠন করে। যদি প্রকৃত অভিজ্ঞতাটি প্রত্যাশা অনুযায়ী হয়তবে বীমাকারী কোন প্রকার ক্ষতির ঝুঁকির সম্মুখীন হবেন না। এই প্রকার একটি পরিস্থিতিতে বহু সংখ্যক বীমাকৃতের প্রিমিয়ামগুলি যাঁরা বিপদটির দ্বারা ক্ষতিগ্রস্ত হয়েছেন তাঁদের ক্ষতিগুলির

সম্পূর্ণরূপে পূরণের জন্য যথেষ্ট হবে। বীমাকারী একটি ঝুঁকির সম্মুখীন হবেন যদি প্রকৃত অভিজ্ঞতা প্রত্যাশার থেকে অধিক বিপরীত হয় এবং সংগৃহীত প্রিমিয়ামের অংকটি দাবিগুলি প্রদানের জন্য যথেষ্ট না হয়।

বীমাকারী কি ভাবে এর ভবিষ্যদ্বাণীগুলি সম্পর্কে নিশ্চিত হবেন?

এটি "বৃহৎ সংখ্যার নীতি" নামে পরিচিত একটি নীতির মাধ্যমে সম্ভব হয়।এই প্রকার বলা হয় যে ঝুঁকি একত্রিকরণের পরিমাণটি যত বিশাল হবে, ক্ষতির প্রকৃত গড়টি পরিগণিত অথবা প্রত্যাশিত গড় ক্ষতির ততো নিকটবর্তী হবে।

**উদাহরণ**

একই প্রকার একটি বিবরণ প্রদানের জন্য, টস করা একটি মুদ্রার ক্ষেত্রে হেড হওয়ার সম্ভাবনাটি হল ½। কিন্তু আপনি কিভাবে নিশ্চিত হবেন যে যদি মুদ্রাটি চার বার টস করা হয় আপনি প্রকৃতপক্ষে ২টি হেড পাবেন?

***শুধুমাত্র যখন টস করার সংখ্যাটি অনেক অধিক হবে এবং অসীমের নিকটবর্তী হবে, তখনই প্রত্যেক দুইবার টসের ক্ষেত্রে একবার হেড পাওয়ার সম্ভাবনা নিকটবর্তী হবে।***

মনে করা হয় যে বীমাকারীগণ তাঁদের চিন্তাধারায় শুধুমাত্র তখনই নিশ্চিত হন যখন তাঁরা একটি বিশাল সংখ্যক ব্যক্তির বীমা করাতে সক্ষম হন। একজন বীমাকারী যিনি শুধুমাত্র কয়েক শত বাড়ির মালিকের বীমাকরণে সমর্থ হয়েছেন, সম্ভবত যিনি কয়েক হাজার বাড়ির বীমা করাতে সমর্থ হয়েছেন তাঁর থেকে অধিক বিরুদ্ধপ্রভাবিত হবেন।

**গুরুত্বপূর্ণ**

**একটি ঝুঁকির বীমাকরণের শর্তসমূহ**

একজন বীমাকারীর দৃষ্টিভঙ্গী থেকে কোন ক্ষেত্রে একটি ক্ষতির বীমাকরণ যুক্তিসংগত?

নিচের টেবিলটিতে একটি ঝুঁকির বীমাকরণযোগ্যতা বিচারের জন্য ছয়টি সাধারণ প্রয়োজনীয়তা প্রদান কর হল

i. **ক্ষতিসমূহের যুক্তিসংগতভাবে ভবিষ্যদ্বাণী করার যোগ্য যথেষ্ট সংখ্যক সমপ্রকার (একই প্রকার)** উন্মুক্ত একক। এটি বিশাল সংখ্যার নীতিকে অনুসরণ করে। এটি বিনা ভবিষ্যদ্বাণী করা অসুবিধাজনক।

ii. **ঝুঁকিটির দ্বারা সংঘটিত ক্ষতিটি আবশ্যিকভাবে নির্দিষ্ট এবং পরিমাপযোগ্য হতে হবে।** যদি কোন ব্যক্তি তাঁর ক্ষতি সম্পর্কে নিশ্চিতভাবে বলতে না পারেন বা সেটির পরিমাপ না করতে পারেন তাহলে ক্ষতিপূরণ সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা কঠিন হয়।

iii. **ক্ষতিটি আবশ্যিকভাবে দূর্ভাগ্যজনক এবং দুর্ঘটনা বশত হতে হবে।** এটি আবশ্যিকভাবে একটি ঘটনার ফলাফল হতে হবে যেটি হতেও পারে আবার নাও হতে পারে। ঘটনাটি আবশ্যিকভাবে বীমাকৃতের নিয়ন্ত্রণাধীন হতে হবে। কোন বীমাকারী একটি ক্ষতির জন্য সুরক্ষা প্রদান করবেন না যেটি বীমাকৃতের দ্বারা ইচ্ছাকৃতভাবে করা হয়েছে।

iv. **কয়েকজনের ক্ষতিগুলি বহু সংখ্যকের** দ্বারা ভাগাভাগি করে নেওয়াটি শুধুমাত্র সেই ক্ষেত্রে কার্যকরী হতে পারে যদি কোন একটি বিশেষ সময় বীমাকৃতদের একটি ক্ষুদ্র শতকরা অংশ সেই ক্ষতিটির সম্মুখীন হন।

v. **অর্থনৈতিক বিশ্বাসযোগ্যতা** : বীমাকরণের সম্পর্কিত খরচটি আবশ্যিকভাবে সম্ভাব্য ক্ষতিটির থেকে অধিক হবে না; অন্যথায় বীমাটি অর্থনৈতিকভাবে অবিশ্বাস্য হবে।

vi. **জননীতি** : চূড়ান্তভাবে চুক্তিটি জননীতি এবং নৈতিকতা বিরোধী হবে না।

## 4. বীমা চুক্তি

বীমার চতুর্থ উপাদানটি হল, এটি একটি চুক্তিভিত্তিক স্বীকৃতি পত্র যার দ্বারা বীমাকারী নির্দিষ্ট ঝুঁকির বিরুদ্ধে প্রিমিয়াম নামে পরিচিত একটি মূল্য অথবা বিবেচনার বিনিময়ে আর্থিক সুরক্ষা প্রদানে স্বীকৃত হন। চুক্তিভিত্তিক স্বীকৃতি পত্রটি একটি বীমা পলিসির আকার গ্রহণ করে।

*নিজেকে পরীক্ষা করুন* 1

নিম্নলিখিতগুলির মধ্যে কোনটি একটি বীমাকরণযোগ্য ঝুঁকির প্রতিনিধিত্ব করে না?

I. অগ্নিকান্ড
II. মালপত্রের চুরি যাওয়া
III. দরজা জানালা ভেঙে চুরি হওয়া
IV. জাহাজডুবির কারণে মালপত্রের ক্ষতি

## B. *বীমা চুক্তি - আইনি বিষয়সমূহ*

### 1. একটি বীমা চুক্তির আইনি বিষয়সমূহ

আমরা এখন একটি বীমা চুক্তির সঙ্গে জড়িত কয়েকটি বৈশিষ্ট্য সম্পর্কে জানবো এবং তারপর আইনগত নীতিসমূহ যেগুলি বীমা চুক্তিগুলিকে নিয়ন্ত্রণ করে সেগুলি দেখবো।

আমরা ইতিমধ্যেই দেখেছি যে বীমার উপাদানগুলির মধ্যে একটি হল যে, বীমাকারী এবং বীমাকৃতের মধ্যে একটি চুক্তি প্রণীত হয়।

একটি চুক্তি হল সম্পর্কিত পক্ষগুলির মধ্যে আইন অনুমোদিত একটি স্বীকৃতিপত্র। ইন্ডিয়ান কনট্র্যাক্ট অ্যাক্ট, ১৮৭২-এর সংস্থানসমূহ, বীমা চুক্তি সহ ভারতে সম্পাদিত সকল প্রকার চুক্তির নিয়ন্ত্রণকারী।

### 2. একটি বৈধ চুক্তির উপাদানসমূহ

একটি বৈধ চুক্তির উপাদানগুলি হল:

**a) প্রস্তাব এবং গ্রহণ:**

সাধারণত, প্রস্তাবকারী দ্বারা একটি প্রস্তাব পেশ করা হয়, এবং বীমাকারী দ্বারা সেটি গৃহীত হয়।

**b) বিবেচনা**

এর অর্থ হল যে চুক্তিটি আবশ্যিকভাবে উভয়পক্ষের জন্য কিছু পারস্পরিক সুবিধাসমূহ বিজড়িত করবে। প্রিমিয়ামটি হল বীমাকৃতের পক্ষ থেকে বিবেচনা, এবং ক্ষতিপূরণের প্রতিশ্রুতিটি হল বীমাকারীর পক্ষ থেকে বিবেচনা।

**c) পক্ষগণের মধ্যে স্বীকৃতি পত্র**

উভয় পক্ষকেই একই প্রকার বস্তুর প্রতি একই অর্থে স্বীকৃতি প্রদান করতে হবে।

**d) পক্ষগণের সক্ষমতা**

চুক্তির উভয় পক্ষকেই চুক্তি সম্পাদনের জন্য আইনানুগভাবে উপযুক্ত হতে হবে। যেমন, অপ্রাপ্ত বয়স্ক ব্যক্তিরা বীমা চুক্তি সম্পাদন করতে পারেন না।

**e) আইনানুগতা**

চুক্তির উদ্দেশ্যটি আবশ্যিকভাবে আইন সঙ্গত হতে হবে, উদাহরণস্বরূপ, চোরাই পথে আমদানিকৃত জিনিস পত্রের জন্য কোন প্রকার বীমা সুরক্ষা গ্রহণ করা যাবে না।

**গুরুত্বপূর্ণ**

**নিম্নলিখিতগুলির মধ্যে কোনটিই বীমা চুক্তির উপাদান হতে পারে না**

i. **বলপ্রয়োগ**

অপরাধমূলক পন্থার মাধ্যমে চাপের প্রয়োগ জড়িত থাকা।

ii. **অসঙ্গত প্রভাব**

যখন কোন ব্যক্তি, যিনি অন্য কোন ব্যক্তির উপর প্রভাব বিস্তারে সক্ষম, কোন একটি অসঙ্গত সুবিধা আদায়ের জন্য তাঁর অবস্থান, প্রভাব অথবা ক্ষমতাটি ব্যবহার করেন।

iii. **ঠকানো**

যখন কোন ব্যক্তি অন্য কোন ব্যক্তিকে একটি অসত্য বিশ্বাসের উপর, যেটি তিনি সত্যরূপে বিশ্বাস করেন না, ভিত্তি করে একটি কাজে লিপ্ত করেন। এটি হয় সত্যের ইচ্ছাকৃত গোপনীয়তা নতুবা সেগুলির ভুল উপস্থাপনা।

iv. **ভ্রান্তি**

কোন একটি ঘটনার বিচারে অথবা ভাবান্তরে ভ্রান্তি। এটি কোন একটি অনুধাবন এবং বিষয়বস্তুর সম্পর্কে স্বীকৃতির ক্ষেত্রে ভ্রান্তির নির্দেশক হতে পারে।

---

*নিজেকে পরীক্ষা করুন* **2**

নিম্নলিখিতগুলির মধ্যে কোনটি একটি বৈধ বীমা চুক্তির উপাদান হতে পারে না?

I. প্রস্তাব এবং গ্রহণ
II. বল প্রয়োগ
III. বিবেচনা
IV. আইনানুগতা

---

## C. ***বীমা চুক্তিরবৈশিষ্ট্যসমূহ বিশেষ -***

এখন একটি বীমা চুক্তির বিশেষ বৈশিষ্টগুলি দেখা যাক।

### f. **ক্ষতিপূরণ**

ক্ষতিপূরণের নীতিটি সাধারণ বীমার ক্ষেত্রে প্রযোজ্য। **এটির অর্থ হল, পলিসিধারক, যিনি একটি ক্ষতির সম্মুখীন হয়েছেন, তাঁকে এই প্রকারে ক্ষতিপূরণ প্রদান করা যা তাঁকে এই ক্ষতির ঘটনাটির পূর্বের আর্থিক অবস্থানে পুনর্সংস্থাপন করে।** বীমার চুক্তিটি (বীমা পলিসির মাধ্যমে প্রমাণিত) অঙ্গীকার প্রদান করে যে বীমাকৃত ক্ষতির অংকটি পর্যন্ত এবং সেটির অপেক্ষা অনধিক রাশি দ্বারা ক্ষতিপূরণ প্রাপ্ত হবেন।

বীমার মূল সত্যটি হল যে কোন ব্যক্তি তাঁর সম্পদের বীমাকরণের মাধ্যমে লাভবান হতে পারবেন না এবং তাঁর ক্ষতির অপেক্ষা অধিক উদ্ধার করতে পারবেন না। বীমাকারী ক্ষতিটির অর্থনৈতিক মূল্যায়ন করবেন এবং সেই অনুযায়ী ক্ষতিপূরণ প্রদান করবেন।

**উদাহরণ**

রাম তাঁর ১০ লক্ষ টাকা মূল্যের বাড়িটি পূর্ণ অংকের জন্য বীমা করান। অগ্নিকান্ডের জন্য তিনি ৭০০০০ টাকা অংকের ক্ষতির সম্মুখীন হন। বীমা সংস্থা তাঁকে ৭০০০০ টাকার একটি রাশি প্রদান করবে। বীমাকৃত কোন প্রকার অধিকঅর্থের  জন্য দাবি করতে পারবেন না।

এখন এমন একটি পরিস্থিতি বিবেচনা করুন যেখানে সম্পদটি পূর্ণ মূল্যের জন্য বীমাকৃত নয়। সেক্ষেত্রে একজন শুধুমাত্র তাঁর বীমার আনুপাতিক হারেই ক্ষতিপূরণের জন্য অধিকারী হবেন।

ধরে নেওয়া যাক, ১০ লক্ষ টাকা মূল্যের বাড়িটি শুধুমাত্র ৫ লক্ষ টাকা মূল্যের জন্য বীমাকৃত। যদি অগ্নিকান্ডের জন্য ক্ষতিটি ৬০০০০ টাকা হয়, তিনি এই সম্পূর্ণ টাকাটি দাবি করতে পারবেন না। এটি ধরে নেওয়া হবে যে বাড়িটির মালিক শুধুমাত্র অর্ধেক মূল্যের জন্য বীমা গ্রহণ করেছেন এবং তার ফলে তিনি তাঁর ক্ষতির ৫০% (৩০০০০ টাকা)-র দাবির অধিকারী হবেন। এটিকে আন্ডারইনস্যুরেন্স বলা হয়।

***একজন ব্যক্তি কি প্রকারের বীমা গ্রহণ করছেন তার উপর প্রদত্ত ক্ষতিপূরণের পরিমাণটি নির্ভরশীল হয়।***

বেশীরভাগ সাধারণ বীমা পলিসির প্রকারের ক্ষেত্রেই, যেগুলি সম্পত্তি এবং দায় সম্পর্কিত হয়, বীমাকৃতকে ক্ষতির প্রকৃত পরিমাণ, অর্থাৎ, ব্যবহারজনিত ক্ষয়ের মূল্যটি বাদে বর্তমান বাজার দরে বিনষ্ট হওয়া অথবা ক্ষতি হওয়া সম্পদটির পরিপূরণের জন্য প্রয়োজনীয়  অর্থ  পর্যন্তই ক্ষতিপূরণ প্রদান করা হয়।

ক্ষতিপূরণ নিষ্পত্তির জন্য নিম্নলিখিত এক বা অধিক পন্থার অবলম্বন করা হতে পারে :

- ✓ নগদ অর্থ প্রদানকরা
- ✓ একটি ক্ষতিগ্রস্ত উপাদানের সারাই করা
- ✓ বিনষ্ট অথবা ক্ষতিগ্রস্ত হওয়া উপাদানের পরিপূরণ করা
- ✓ পুনঃসংস্থাপন, (পুনর্বহাল) উদাহরণস্বরূপ, অগ্নিকান্ডে ধ্বংসপ্রাপ্ত একটি বাড়ির পুনর্গঠন।

**চিত্র 1 : ক্ষতিপূরণ**




কিন্তু, যখন এমন কিছু বিষয়বস্তু থাকে যেগুলির মূল্য ক্ষতিটি ঘটার সময়ে নির্ধারণ অথবা গণনা করা সম্ভব হয় না। যেমন, একটি সংরক্ষিত পারিবারিক সম্পদ অথবা দূর্লভ শিল্পসামগ্রী যার মূল্য নির্ধারণ করা কঠিন হতে পারে। একই ভাবে, সমুদ্রবীমা পলিসিগুলির ক্ষেত্রে পৃথিবীর অপর প্রান্তে ঘটা একটি জাহাজডুবির দরুণ সম্মুখীন হওয়া ক্ষতির পরিমাণ নির্ধারণ করা কঠিন হয়।

এই প্রকার ঘটনাগুলিতে, স্বীকৃত মূল্য নামে পরিচিত একটি নীতি গ্রহণ করা হয়। বীমা চুক্তির প্রারম্ভে বীমাকারী এবং বীমাকৃত বীমাকরণের জন্য সম্পত্তিটির একটি স্বীকৃত মূল্য স্বীকৃত হন। সম্পূর্ণ ক্ষতির ক্ষেত্রে, বীমাকারী পলিসির স্বীকৃত মূল্যটি প্রদানে অঙ্গীকারবদ্ধ থাকেন। এই প্রকারের পলিসিগুলিকে "স্বীকৃত মূল্য পলিসি" বলা হয়।

g) **সাব্রোগেশন**

ক্ষতিপূরণ প্রদানের নীতিটি থেকে সাব্রোগেশনের উদ্ভব হয়।

সাব্রোগেশনের অর্থ হল, কোন একটি বীমার সঙ্গে সম্পর্কযুক্ত বিষয়ের সকল প্রকার অধিকার এবং প্রতিকারসমূহের বীমাকৃতের থেকে বীমাকারীর প্রতি স্থানান্তকরণ।

অর্থাৎ, যদি কোনা বীমাকৃত ব্যক্তি কোন একজন তৃতীয় পক্ষের অবহেলার কারণে কোন সম্পদের ক্ষতির সম্মুখীন হন এবং সেই ক্ষতিটির জন্য বীমাকারী দ্বারা ক্ষতিপূরণ প্রাপ্ত হয়েছেন, সেক্ষেত্রে অবহেলাকারী পক্ষের নিকট হতে ক্ষতিপূরণ আদায়ের অধিকারটি বীমাকারীর উপর বর্তায়। মনে রাখবেন যে বীমা সংস্থা দ্বারা প্রদত্ত ক্ষতিপূরণের অংকের সমান অংকই শুধুমাত্র ক্ষতিপূরণ হিসাবে আদায় করা যাবে।

**গুরুত্বপূর্ণ**

**সাব্রোগেশন :** এটি হল, বীমা সংস্থা দ্বারা কোন বীমা পলিসির জন্য একটি অবহেলাকারী পক্ষের নিকট হতে ক্ষতিপূরণ আদায় করার একটি প্রক্রিয়া বিশেষ।

***সাব্রোগেশনকে, বীমাকৃতের দ্বারা তার অধিকারসমূহ একটি বীমা সংস্থার, যেটি কোন তৃতীয় পক্ষের বিরুদ্ধে তার দাবির নিষ্পত্তি করেছে, প্রতি ন্যস্ত করা।***

**উদাহরণ**

শ্রী কিশোরের গৃহে ব্যবহার্য সামগ্রীসমূহ সিলভেইন ট্রান্সপোর্ট সার্ভিস দ্বারা পরিবহন করা হচ্ছিল। চালকের অবহেলার কারণে সেগুলি ৪৫০০০ টাকা মূল্যের ক্ষতিগ্রস্ত হয় এবং বীমাকারী শ্রী কিশোরকে ৩০০০০ টাকার একটি রাশি প্রদান করে। এই বীমাটি বীমাকারীর প্রতি সাব্রোগেট হবে শুধুমাত্র ৩০০০০ টাকা পর্যন্ত এবং সেটি সিলভেইন ট্রান্সপোর্টের থেকে আদায়যোগ্য।

***ধরা যাক, দাবির অংকটি ৪৫,০০০ টাকা, বীমাকারী দ্বারা বীমাকৃত ৪০,০০০ টাকা ক্ষতিপূরণ প্রদত্ত হয়েছেন, এবং বীমাসংস্থা সিলভেইন ট্রান্সপোর্টের নিকট হতে ৪৫,০০০ টাকা আদায় করতে পারলেন, তাহলে বীমাকারীকে অবশিষ্ট ৫০০০ টাকা প্রদান করতে হবে।***

এটি বীমাকৃতের দুই বার অর্থ সংগ্রহ প্রতিরোধ করে – একবার বীমাকারী সংস্থাটি থেকে এবং তারপর আবার তৃতীয় পক্ষটি থেকে। শুধুমাত্র ক্ষতিপূরণের চুক্তির ক্ষেত্রেই সাব্রোগেশনের উল্লেখ হতে পারে।

**উদাহরণ**

***একটি বিমান দুর্ঘটনায় শ্রী সুরেশের মৃত্যু হয়। তাঁর পরিবার জীবন বীমা সংস্থার থেকে ৫০ লক্ষ টাকার সম্পূর্ণ বীমার টাকাটি এবং বিমান সংস্থা দ্বারা প্রদত্ত ধরে নেওয়া যাক, ১৫ লক্ষ টাকার ক্ষতিপূরণটি সংগ্রহ করতে পারেন।***

h) **সংযোজন**

এই নীতিটি শুধুমাত্র সাধারণ বীমার ক্ষেত্রের প্রযোজ্য হতে পারে। সংযোজনটি ক্ষতিপূরণের নীতি থেকে অনুসৃত হতে পারে, যেটি বোঝায় যে কোন একজন ব্যক্তি কোন বিপদের কারণে সম্মুখীন হওয়া কোন ক্ষতির দ্বারা লাভবান হতে পারবেন না।

**সংজ্ঞা**

“ ***সংযোজন ”-এর নীতিটি বোঝায় যে যদি একই সম্পদ একাধিক বীমা সংস্থার সঙ্গে বীমা করানো হয়, তাহলে সকল বীমা সংস্থা দ্বারা প্রদত্ত মোট ক্ষতিপূরণের অংকটি সম্মুখীন হওয়া প্রকৃত ক্ষতির পরিমানের অধিক হবে না।***

যদি বীমাকৃত সকল বীমাকারীর নিকট হতে সম্পূর্ণ অংকগুলি সংগ্রহ করতে পারত তাহলে বীমাকৃত ক্ষতিটি থেকে লাভবান হত। এটি ক্ষতিপূরণের নীতিটিকে লঙ্ঘণ করে।

**উদাহরণ**

**পরিস্থিতি 1**

শ্রী শ্রীনিবাস দুটি বীমা সংস্থা থেকে তাঁর ২৪ লক্ষ টাকা মূল্যের বাড়ির জন্য অগ্নিবীমা গ্রহণ করেন। তিনি ১২ লক্ষ টাকা করে প্রতিটি সংস্থার সঙ্গে বীমা করেন। যখন বাড়িটি অগ্নিকান্ডের জন্য আংশিকভাবে ক্ষতিগ্রস্ত হয়, ক্ষতিটির মূল্যয়ন হয় ৬ লক্ষ টাকা। তিনি দুই বীমাকারীর থেকেই ৬ লক্ষ টাকা দাবি করেন। দুটি বীমা সংস্থা তাঁকে প্রত্যেকে ৬ লক্ষ টাকা করে দিতে অস্বীকার করে।

তাঁরা এই অবস্থান গ্রহণ করেন যে, যেহেতু তাঁরা প্রত্যেকে ক্ষতিটির ৫০% হিসাবে বীমাটি ভাগাভাগি করে নিয়েছেন, তাঁরা প্রত্যেক ক্ষতিটির ৫০%অর্থাৎ প্রত্যেকে ৩ লক্ষ টাকা করে প্রদান করবেন, এই ভাবে বীমাকৃতের প্রকৃত ক্ষতির মূল্যের অধিক না প্রাপ্তি নিশ্চিত হবে।

**পরিস্থিতি 2**

ঋষি নিজের জন্য দুটি মেডিক্লেম পলিসি গ্রহণ করেন, ২,৫০,০০০ টাকার জন্য **X** সংস্থা থেকে এবং ১,৫০,০০০ টাকার জন্য **Y** সংস্থা থেকে। একটি অসুস্থতার কারণে হাসপাতাল বাবদ ঋষির ১,৬০,০০০ টাকা খরচ হয়। এই ১,৬০,০০০ টাকার ক্ষতিপূরণটি উভয় সংস্থা দ্বারা আনুপাতিক হারে ভাগাভাগি হবে এবং প্রদত্ত হবে। প্রতি সংস্থার ভাগটি হবে

**X** সংস্থা **:** ১,৬০,০০০ **x**২,৫০,০০০**/ (**২,৫০,০০০ **+** ১,৫০,০০০**) =** ১,০০,০০০ টাকা

Y ***সংস্থা : ১,৬০,০০০*** x ***১৫০,০০০***/ (***২,৫০,০০০***+ ***১,৫০,০০০***) = ***৬০,০০০ টাকা***

g. **।ইউবেরিমা ফাইডেস অথবা চূড়ান্ত বিশ্বাস**

ভালো বিশ্বাস এবং চূড়ান্ত বিশ্বাসের মধ্যে একটি ফারাক আছে।

a) **ভাল বিশ্বাস**

সাধারণভাবে সকল প্রকার বাণিজ্যকচুক্তিগুলির ক্ষেত্রে একটি সাধারণগত তথ্য হল তাদের আদান-প্রদানের বিষয়ে ভাল বিশ্বাস রক্ষিত হবে এবং কোন প্রকার ঠকানো অথবা জোচ্চুরির ব্যাপার থাকবে না। এই বিশ্বাস রক্ষার আইনি দায়িত্বটি ছাড়া ক্রয়কারীর নিকট চুক্তিটির বিষয়বস্তু সম্পর্কে অন্য কোন তথ্য উন্মোচিত করতে বিক্রয়কারী বাধ্য নন।

এ ক্ষেত্রে যে নীতিটি পরিলক্ষিত হয় সেটি হল "ক্যাভিট এম্পটর" যেটির অর্থ হল বায়ার বিওয়্যার অর্থাৎ'ক্রেতা সাবধান হউন'।

কোন একটি চুক্তির পক্ষগণের নিকট হতে এটি আশা করা হয় যে তাঁরা চুক্তির বিষয়বস্তুগুলি পরীক্ষা করে নেবেন এবং যতক্ষণ না একটি পক্ষ অন্য পক্ষটিকে ভুল পথে চালিত করবেন, সেখানে অন্য পক্ষটির চুক্তিটি এড়িয়ে যাওয়ার প্রশ্ন ওঠে না।

**উদাহরণ**

শ্রী চন্দ্রশেখর একটি টেলিভিশনের শো-রুমে যান এবং একটি বহু প্রকার বৈশিষ্ট্যসমূহ সহ সুন্দর ব্র্যান্ডের টেলিভিশনের প্রতি আকৃষ্ট হয়ে পড়েন। বিক্রয়কারীর, তাঁর অভিজ্ঞতা থেকে জানা ছিল যে সেই নির্দিষ্ট ব্র্যান্ডটি খুব আস্থাযোগ্য নয় এবং অতীতেও অন্যান্য গ্রাহকদের সমস্যায় ফেলেছিল। বিক্রয়টি বিনষ্ট হওয়ার ভয় থেকে তিনি সেটি প্রকাশ করেননি।

**তাঁকে কি জোচ্চুরির জন্য দায়ি করা যেতে পারে ?**

***পরিস্থিতিটি কি অন্য প্রকার হত, যদি বিক্রয়কারীকে ব্র্যান্ডটির আস্থাশীলতার বিষয়ে জিজ্ঞাসা করা হলে তিনি সেটিকে খুবই আস্থাশীল বলতেন?***

b) **চূড়ান্ত বিশ্বাস**

বীমার চুক্তিগুলি বিভিন্ন নীতির উপর প্রতিষ্ঠিত হয়। প্রস্তাবকারীর, বীমাকৃতের নিকট যিনি সেই তথ্যগুলি সম্পর্কে ওয়াকিবহাল নন, বীমার বিষয়বস্তু সম্পর্কে সকল প্রাসঙ্গিক তথ্যসমূহের উন্মোচন করার একটি আইনগত দায়িত্ব থাকে।

প্রাসঙ্গিক তথ্যসমূহ হল সেই সকল তথ্য যেগুলি বীমাকৃতকে সিদ্ধান্ত নিতে সক্ষম করে:

- ✓ যে তাঁরা বীমাটি গ্রহণ করবেন কিনা
- ✓ যদি গ্রহণ করেন, প্রিমিয়ামের হার কি এবং বীমার শর্তাবলীসমূহ কি

চূড়ান্ত বিশ্বাসের এই আইনানুগ দায়িত্বটি সাধারণ আইনের অধীনস্থ। দায়িত্বটি শুধুমাত্র প্রস্তাবকারীর জ্ঞাত প্রাসঙ্গিক তথ্যসমূহের প্রতিই প্রযুক্ত হয় না, যে তথ্যসমূহ তাঁর অজ্ঞাত সেগুলির ক্ষেত্রেও প্রযুক্ত হয়।

বীমার চুক্তিগুলির বিষয়বস্তুতে এক প্রকার উচ্চস্তরের দায়বদ্ধতা থাকে। যখন বীমার বিষয়টি কার্যকরী করা হয় তখন ভাল বিশ্বাসটি চূড়ান্ত বিশ্বাসে উন্নীত হয়। "ইউবেরিমা ফাইড্স"-এর ধারণাটি, "অনুরোধকৃত হোক অথবা না হোক প্রস্তাবিত ঝুঁকিটির সঙ্গে প্রাসঙ্গিক সঠিক এবং সম্পূর্ণভাবে সকল তথ্যসমূহের ঐচ্ছিক উন্মোচন একটি ইতিবাচক দায়িত্ব" রূপে সংজ্ঞায়িত হয়

**সম্পূর্ণ উন্মোচন বলতে কি বোঝায় ?**

আইনানুগ সকল প্রকার তথ্যের উন্মোচন একটি দায়িত্বের আরোপ করে।

**উদাহরণ**

i. **বীমাকৃতের ভ্রান্ততথ্য প্রদান**

একজন আধিকারিকউচ্চরক্তচাপে আক্রান্ত এবং তাঁর একটি ছোটখাট হার্ট অ্যাটাক হয়ে গেছে, যেটির পরে তিনি একটি চিকিত্সাগত বীমা গ্রহণের সিদ্ধান্ত নিয়েছেন কিন্তু তাঁর প্রকৃত অবস্থাটি প্রকাশ করলেন না। বীমাকারী এইভাবে প্রস্তাবটি গ্রহণের জন্য বীমাকৃতের দেয় ভ্রান্ত তথ্যের দ্বারা প্রতারিত হন।

ii. **বীমাকারী দ্বারা প্রতারণামূলক তথ্য প্রদান**

***কোন একজন ব্যক্তির হৃৎপিন্ডে একটি জন্মগত ছিদ্র আছে এবং তিনি প্রস্তাবের ফর্মে সেটির সম্পর্কে তথ্য প্রকাশ করেছেন। সেটি বীমাকারীদ্বারা গৃহীত হয় এবং প্রস্তাবকারী জানতে পারেন না যে পূর্ব থেকেই বিদ্যমান অসুস্থতাগুলি কমপক্ষে ৪ বছর সুরক্ষিত থাকে না।***

c) **প্রাসঙ্গিক তথ্য**

প্রাসঙ্গিক তথ্যটিকে এইভাবে সংজ্ঞায়িত করা হয়েছে যে, যে তথ্যটি একজন বীমা আন্ডাররাইটারকে ঝুঁকিট গ্রহণের সিদ্ধান্তকেপ্রভাবিত করে এবংযদি তাই গ্রহণ করা হয়, তবে প্রিমিয়ামের হার এবং শর্তসমূহ গুরুত্বপূর্ণ।

কোন একটি অ-উন্মোচিত তথ্য প্রাসঙ্গিক ছিল কি না সেটি একটি বিশেষ পরিস্থিতির উপর এবং চূড়ান্তভাবে আইনভিত্তিক ন্যায়ালয় দ্বারাই নির্ধারিত হওয়ার উপর নির্ভর করবে।

আসুন আমরা বীমার ক্ষেত্রে প্রাসঙ্গিক তথ্যের কয়েকটি প্রকার সম্পর্কে দেখি যেগুলি একজন ব্যক্তি দ্বারা উন্মোচিত হওয়া প্রয়োজন :

i. একটি নির্দিষ্ট ঝুঁকির সাধারণত্ব অপেক্ষা অধিক উন্মুক্ততা সংকেতকারী তথ্যসমূহ। যেমনসমুদ্রপথে বহনযোগ্যবিপদসঙ্কুল প্রকৃতি অথবা অসুস্থতার অতীত ইতিহাস।

ii. সকল বীমাকারীদের নিকট হতে গৃহীত অতীত পলিসিসমূহ এবং সেগুলি বর্তমান অবস্থান।

iii. প্রস্তাবের ফর্ম অথবা বীমার আবেদন পত্রের সকল প্রশ্নসমূহকেই বীমার ক্ষেত্রে প্রাসঙ্গিক হিসাবে বিবেচিত হয়, কারণ সেগুলি বীমার বিভিন্ন বিষয়বস্তু এবং ঝুঁকির প্রতি উন্মুক্ততার সঙ্গে সম্পর্কযুক্ত থাকে। সততার সঙ্গে সেগুলির উত্তর প্রদান প্রয়োজন এবং সঠিকভাবে সম্পূর্ণ হওয়া উচিত।

নিচে কতকগুলি প্রাসঙ্গিক তথ্যের উদাহরণ দেওয়া হল:

**উদাহরণ**

i. অগ্নিকান্ড বীমা

- ✓ বাড়ি তৈরী
- ✓ ভোগ দখল (যেমন, কার্যালয়, বাসস্থান, দোকান, গুদাম, কারখানা ইত্যাদি।)
- ✓ মজুতকৃত/প্রস্তুতকৃত মালপত্রের প্রকৃতি, অর্থাৎবিপদবিহীন, বিপদসঙ্কুল, অতিরিক্ত বিপদসঙ্কুল ইত্যাদি।

ii. **সমুদ্র বীমা**

- ✓ প্যাকেজিং-এর পন্থা, অর্থাৎ, একটি চটের বস্তা না দুটি চটের বস্তাতে, নতুন ড্রামে না ব্যবহৃত ড্রামে; ইত্যাদি।
- ✓ মালের প্রকৃতি (যেমন, যন্ত্রপাতিগুলি নতুন না ব্যবহৃত)

iii. **মোটরযান বীমা**

- ✓ ঘনক হিসাবে ইঞ্জিনের ক্ষমতা (ব্যক্তি মালিকানাধীন গাড়ি)
- ✓ প্রস্তুতির বছর
- ✓ একটি ট্রাকের বহন ক্ষমতা (টনের হিসাবে)
- ✓ কোন উদ্দেশ্যে গাড়ি ব্যবহৃত হয়
- ✓ এটি কোন ভৌগলিক অঞ্চলে ব্যবহৃত হয়

iv. **ব্যক্তিভিত্তিক দুর্ঘটনা বীমা**

- ✓ পেশার সঠিক প্রকৃতি
- ✓ বয়স
- ✓ উচ্চতা এবং ওজন
- ✓ শারীরিক অক্ষমতা ইত্যাদি

v. **স্বাস্থ্য বীমা**

- ✓ কোন প্রকার শল্য চিকিত্সা গৃহীত হয়েছে কিনা
- ✓ যদি ডায়াবিটিস অথবা উচ্চরক্তচাপেআক্রান্ত হন

vi. **সাধারণ বৈশিষ্ট্য**

- ✓ পূর্ববর্তী বীমাকারীগণ দ্বারা প্রস্তাবটি পরিত্যক্ত অথবা অতিরিক্তি প্রিমিয়াম ধার্য, অথবা বাতিলকৃত, অথবা পলিসিটির নবীকরণে অস্বীকার সম্পর্কিত তথ্যসমূহ
- ✓ প্রস্তাবকারীর দ্বারা সম্মুখীন হওয়া পূর্ববর্তী ক্ষতিসমূহ

---

**গুরুত্বপূর্ণ**

**যে তথ্যসমূহের উন্মোচনের প্রয়োজন নেই** [ **বীমাকারী দ্বারা না চাওয়া হলে** ]

এটি ধরে নেওয়া হয় যে আন্ডারাইটারবৃন্দের নির্দিষ্ট অনুসন্ধান বিনা প্রস্তাবকারীর উপর নিম্নলিখিত তথ্যসমূহের উন্মোচনের কোন প্রকার দায়িত্ব বর্তায় না:

i. ঝুঁকি কম করার জন্য গৃহীত পদক্ষেপসমূহ

উদাহরণ: অগ্নিনির্বাপক যন্ত্রের উপস্থিতি।

ii. বীমাকৃতের অজ্ঞাত থাকা তথ্যসমূহের দরুণ

উদাহরণ : কোন একজন ব্যক্তি, যিনি উচ্চ রক্তচাপে আক্রান্ত কিন্তু পলিসি নেওয়ার কালে সেই সম্পর্কে অজ্ঞাত ছিলেন, এই তথ্যটি প্রকাশ না করার কারণে দায়ি করা যাবে না।

iii. যে তথ্যসমূহ সম্পর্কে, যুক্তিসংগত প্রচেষ্টার দ্বারা জ্ঞাত হওয়া যেত। সেই ক্ষুদ্রাতি ক্ষুদ্রপ্রত্যেক প্রাসঙ্গিক তথ্যের প্রকাশের প্রয়োজন নেই। তবে অতিরিক্ত তথ্যের প্রয়োজন হেতু আন্ডাররাইটারদের আবশ্যিকভাবে সেগুলি সম্পর্কে যথেষ্ট সচেতন হওয়া উচিত।

iv. আইনের বিষয়সমূহ : প্রত্যেক ব্যক্তির দেশের আইনগুলি সম্পর্কে সচেতন থাকা উচিত।

উদাহরণ: বিস্ফোরক পদার্থসমূহের মজুতের ক্ষেত্রে পৌর আইনসমূহ

v. যে বিষয়টি সম্পর্কে বীমাকারী উদাসীনরূপে প্রতীয়মান হচ্ছেন [অথবা অতিরিক্ত তথ্যের প্রয়োজনীয়তাটি পরিত্যাগ করেছেন]।বীমাকারী পরবর্তী কালে, উত্তরগুলির না জানার অজুহাতে তাঁর দায়িত্ব অস্বীকার করতে পারবেন না।

vi. অনুসন্ধানযোগ্য তথ্যসমূহ : যেমন পলিসিটি গ্রহণের পূর্বে যখন বীমাকারীর পক্ষে একজন চিকিত্সা বিষয়ক পরীক্ষক রক্তচাপের পরিমাপগুলি পরীক্ষা করেন।

---

d) **সাধারণ (সাধারণ) বীমার ক্ষেত্রে উন্মোচনের দায়িত্ব**

সাধারণ বীমার ক্ষেত্রে, কোন প্রকার পরিবর্তন সূচিত করা হবে কিনা সেটি চুক্তি দ্বারা নির্ধারিত হবে।যখন ঝুঁকিটিকে প্রভাবিতকারী আসল চুক্তিটিতে কোন একটি পরিবর্তন সংঘটিত হয়, তখনই উন্মোচনের দায়িত্বটির প্রশ্ন ওঠে। আবার যখন একটি কভার নোট অথবা একটি পলিসি প্রদানের দ্বারা চুক্তিটি চূড়ান্ত হয়,প্রাসঙ্গিক তথ্য উন্মোচনের দায়িত্বটি শেষ হয়ে যায়। যদি পলিসিটি প্রচলিত থাকা কালে ঝুঁকির ক্ষেত্রে কোন প্রকার পরিবর্তন সংঘটিত হয়ে থাকে, তাহলে পলিসিটি নবীকরণের সময় দায়িত্বটিরপুনঃ প্রকাশ ঘটে।

**উদাহরণ**

একজন বাড়ির মালিক সেটির জিনিসগুলিসমেত বাড়িটির বীমা করান।

তিনি এক সপ্তাহের জন্য ছুটিতে যান – প্রাসঙ্গিক তথ্যের কোন পরিবর্তন নাই।

***কিন্তু তিনি যদি উপরে আরও একটি তল গঠন করেন এবং একটি বিউটি পার্লার চালু করেন, এটি উল্লেখযোগ্যভাবে ঝুঁকিটির পরিবর্তন ঘটাবে।***

e) **চূড়ান্ত বিশ্বাস ভঙ্গ হওয়া**

এখন দেখা যাক সেই পরিস্থিতিগুলিকে যেগুলির সঙ্গে চূড়ান্ত বিশ্বাস ভঙ্গের ঘটনা জড়িত আছে। এই প্রকার বিশ্বাস ভঙ্গের ঘটনাগুলি হয় অপ্রকাশের মাধ্যমে অথবা ভ্রান্ত উপস্থাপনার মাধ্যমে উদ্ভুত হতে পারে।

i. **অ-প্রকাশিত**

- ✓ বীমাকারী দ্বারা কোন প্রকার নির্দিষ্ট প্রশ্ন উত্থাপিত না হওয়ার কারণে প্রাসঙ্গিক তথ্য সম্পর্কে বীমাকৃতের নিশ্চুপ থাকার মাধ্যমে
- ✓ বীমাকারী দ্বারা প্রশ্নসমূহের চাতুরিমূলক উত্তর প্রদানের মাধ্যমে
- ✓ অনিচ্ছাকৃত হতে পারে [কোন ব্যক্তির অজ্ঞানতা অথবা অনিচ্ছা বশতঃঘটতে পারে] অথবা প্রস্তাবকারী দ্বারা একটি তথ্যের অপ্রাসঙ্গিক হিসাবে জানা। যখন কোন তথ্য ইচ্ছাকৃতভাবে প্রকাশ করা হয়না সেটিকে গোপনীয়তা হিসাবে বিবেচনা করা হয়। এই ক্ষেত্রে সেটি প্রতারণার সদৃশ।

ii. **ভ্রান্ত উপস্থাপনা**

একটি চুক্তি সম্পর্কিত আলোচনার কালে উক্ত কোনো বক্তব্যকে, উপস্থাপনা বলা হয়। এটি কোনো তথ্য সম্পর্কে একটি নির্দিষ্ট বক্তব্য হতে পারে অথবা বক্তব্যটি একটি বিশ্বাস, ইচ্ছা অথবা প্রত্যাশা সম্পর্কেও হতে পারে।

যখন এটি একটি তথ্য, তখন আশা করা হয় যে সেটি বাস্তবিক সঠিক হবে।

যখন এটি বিশ্বাস অথবা প্রত্যাশাভিত্তিক হয়, তখন এটি অবশ্যই ভাল বিশ্বাসে করা প্রয়োজন।

ভ্রান্ত উপস্থাপনা দুই প্রকারের হতে পারে:

- ✓ **অজ্ঞতাজনিত ভ্রান্ত** উপস্থাপনা বেঠিক বক্তব্যগুলির সঙ্গে সম্পর্কযুক্ত হয়, যেগুলি কোন প্রকার প্রতারণামূলক উদ্দেশ্য ছাড়াই করা হয়, যেমন, একজন ব্যক্তি, যিনি মাঝে মধ্যে ধূমপান করেন এবং নিয়মিত ধূমপায়ী নন, সেটি প্রস্তাবের ফর্মে উল্লেখ নাও করতে পারেন কারণ সেটির ঝুঁকির ক্ষেত্রে কোন প্রকার প্রাসঙ্গিকতা আছে বলে তিনি মনে করেন না।
- ✓ **প্রতারণামূলক ভ্রান্ত** উপস্থাপনাগুলি হল বিচক্ষণতাসহ ইচ্ছাকৃতভাবে বীমাকারীকে ঠকানোর উদ্দেশ্যে কথিত মিথ্যা বক্তব্যসমূহ অথবা সত্য বিবেচনা করা ব্যতীত ঝুঁকিপূর্ণভাবে প্রদত্ত বক্তব্যসমূহ। যেমন, একজন নিয়মিত ধূমপায়ীর ইচ্ছাকৃতভাবে সেই তথ্যটি প্রকাশ না করা যে তিনি ধূমপান করেন।

ঠকানোর উদ্দেশ্যসহ কোন প্রকার গোপনীয়তা অথবা প্রতারণামূলক অউন্মোচন অথবা ভ্রান্ত উপস্থাপনার ক্ষেত্রে একটি বীমা চুক্তি বাতিল হয়। চূড়ান্ত বিশ্বাস ভঙ্গের ঘটনাগুলির জন্যও চুক্তিটি বাতিল হিসাবে বিবেচিত হতে পারে।

উদাহরণস্বরূপ, পারিবারিক পরিবর্তনশীল পলিসিতে পিতা-মাতা তাঁদের সন্তানের বীমাসুরক্ষা কালে এই বিষয়টি নাও জানতে পারেন যে তাঁদের শিশুটির কোন একটি জন্মগত সমস্যা আছে। এ ক্ষেত্রে প্রতারণার কোন প্রকার উদ্দেশ্য নাই।

### h. **বীমাযোগ্য স্বার্থ**

প্রত্যেক বীমা চুক্তির একটি অপরিহার্য উপাদান হল 'বীমাযোগ্য স্বার্থ'যা বীমাকরণের জন্য একটি আইনানুগ পূর্বপ্রয়োজনীয়তা হিসাবে বিবেচিত হয়। আসুন আমরা দেখি বীমা কিভাবে একটি জুয়া খেলা অথবা বাজি ধরা বিষয়ক চুক্তির থেকে ভিন্নতর হয়।

#### a) **জুয়া খেলা এবং বীমা**

তাসের একটি খেলা চিন্তা করুন, যেখানে একজন হয় জেতেন অথবা হারেন। হার অথবা জিতটি ঘটে শুধুমাত্র এই কারণে যে সেই ব্যক্তি একটি বাজির চুক্তিতে প্রবেশ করেন। যে ব্যক্তি খেলাটিতে অংশ গ্রহণ করেছেন সেটিতে তিনি খেলাটি জিতবেন এটি ব্যতীত তাঁর অন্য কোন প্রকার অতিরিক্ত স্বার্থ অথবা সম্পর্ক থাকে না।

বেটিং অথবা, বাজি ধরা কোন ন্যায়ালয়ে আইনগতভাবে প্রযোজ্য নয় এবং তার ফলে এটির সম্পর্কে যেকোন চুক্তি বেআইনিরূপে বিবেচিত হবে। যদি একটি ক্ষেত্রে কোন ব্যক্তি একটি তাসের খেলায় তাঁর বাড়িটি বাজি হিসাবে বন্ধক রাখেন এবং তিনি যদি খেলাটিতে হেরে যান, অপর পক্ষ সেটি পূরণের জন্য কোন ন্যায়ালয়ের দ্বারস্থ হতে পারবেন না।

এখন একটি বাড়ি এবং সেটির পুড়ে যাওয়ার কথা মনে করুন। যে ব্যক্তি তাঁর বাড়িটির জন্য বীমা গ্রহণ করেন তাঁর বীমার বিষয়বস্তুটির সঙ্গে বাড়িটি একটি আইনানুগ সম্পর্কেজড়িত। তিনি এটির মালিক এবং যদি এটি বিনষ্ট অথবা ক্ষতিগ্রস্ত হয় তাঁর আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হওয়ার

সম্ভাবনা আছে। অগ্নিকান্ডটি হোক অথবা নাই হোক, এই মালিকানার সম্পর্কটি থেকেই যায়এবং এই সম্পর্কটিই ক্ষতির প্রতি নির্দেশিত হয়। এই প্রকার ঘটনার[অগ্নিকান্ড অথবা চুরি], দ্বারা কোন ক্ষতির সম্ভাব্যতাই নির্দেশিত হয়, যদি কোনো ব্যক্তি বীমা গ্রহন করুন বা না করুন।

একটি তাসের খেলা, যেখানে একজন জিততে অথবা হারতে পারেন, তার থেকে ভিন্নভাবে, একটি অগ্নিকান্ডের একটিই মাত্র ফলাফল থাকতে পারে – বাড়িটির মালিকের ক্ষতি।

সম্মুখীন হওয়া ক্ষতিটির বিরুদ্ধে যেকোন প্রকারে ক্ষতিপূরণটি নিশ্চিত করার জন্যই মালিক বীমা গ্রহণ করেন।

একজন বীমাকৃতের, তাঁর বাড়িটিতে অথবা সম্পদে তাঁর যে স্বার্থ থাকে সেটিকে বলা হয় বীমাযোগ্য স্বার্থ। বীমাযোগ্য স্বার্থের উপস্থিতি একটি বীমাচুক্তিকে বৈধ এবং আইনের অধীনে কার্যকরী করে।

**গুরুত্বপূর্ণ**

**বীমাযোগ্য স্বার্থের তিনটি অপরিহার্য উপাদান :**

1. বীমাকরণযোগ্য উপাদানগুলি হল সম্পদ, অধিকার স্বার্থ, জীবন অথবা সম্ভাব্য দায় থাকা আবশ্যক।
2. এই সম্পদ, অধিকার, স্বার্থ, জীবন অথবা সম্ভাব্য দায়গুলি আবশ্যিক ভাবে বীমার বিষয়বস্তুর সঙ্গে সম্পর্কিত হতে হবে।
3. বিষয়বস্তুটির সঙ্গে বীমাকৃতের এমন একটি আইনগত সম্পর্ক থাকতে হবে যাতে সম্পদ, অধিকার স্বার্থ, জীবন অথবা দায়মুক্তির সুরক্ষার ভিতটি দৃঢ় থাকে। অপর দিক থেকে, উপরোক্তগুলির কোন প্রকার ক্ষতি, বিনষ্ট হওয়া, আঘাত অথবা দায় সৃষ্টির দরুন তাঁর আর্থিকভাবে ক্ষতি হবে।

**উদাহরণ**

**পরিস্থিতি** 1

শ্রী চন্দ্রশেখর একটি বাড়ির মালিক, যেটির জন্য তিনি একটি ব্যাঙ্ক থেকে ১৫ লক্ষ টাকার একটি বন্ধকি ঋণ নিয়েছেন।

তাঁর কি বাড়িটির ক্ষেত্রে কোন প্রকার বীমাযোগ্য স্বার্থ আছে ?

ব্যাঙ্কটির কি বাড়িটির ক্ষেত্রে কোন প্রকার বীমাযোগ্য স্বার্থ আছে ?

তাঁর সঙ্গে প্রতিবেশীদের সম্পর্ক কি ?

**পরিস্থিতি** 2

শ্রী শ্রীনিবাসনের স্ত্রী, দুটি সন্তান এবং বৃদ্ধ পিতা-মাতা সম্বলিত একটি পরিবার আছে।

তাঁর কি তাঁদের ভাল থাকার বিষয়ে কোন প্রকার বীমাযোগ্য স্বার্থ আছে?
তাঁদের মধ্যে যেকোন একজন হাসপাতালে স্থানান্তরিত হলে কি তাঁর কোন প্রকার আর্থিক ক্ষতি হবে?

তাঁর প্রতিবেশীর শিশুগুলির সম্পর্কে কি বলা যাবে? তাদের জন্য কি তাঁর কোন প্রকার বীমাযোগ্য স্বার্থ বিদ্যমান আছে ?

এখন একটি বীমার বিষয়বস্তু এবং একটি বীমাচুক্তির বিষয়বস্তুর মধ্যে ভিন্নতাগুলি দেখাযাক।

বীমার বিষয়বস্তু বীমাকরণের জন্য সম্পদটির সঙ্গে সম্পর্কযুক্ত, যেটির নিজস্ব একটি অন্তর্নিহিত মূল্য বিদ্যমান আছে।

অপর দিকে বীমা চুক্তির বিষয়বস্তুটি হল সম্পদটির ক্ষেত্রে বীমাকৃতের আর্থিক স্বার্থ। যখন বীমাকৃতের সম্পদটির ক্ষেত্রে এই প্রকার একটি স্বার্থ জড়িত থাকবে শুধুমাত্র তখনই বীমাকরণের জন্য তাঁর একটি আইনগত অধিকার থাকবে। কঠিনতম অর্থে বীমা পলিসিটি শুধুই সম্পদটিকে সুরক্ষিত করে না, সম্পদটিতে বীমাকৃতের আর্থিক স্বার্থটিও সুরক্ষিত করে।

**উদাহরণ**

যে বাড়িটি শ্রী চন্দ্রশেখর একটি ব্যাঙ্ক থেকে ১৫ লক্ষ টাকার একটি বন্ধকি ঋণ গ্রহণের মাধ্যমে ক্রয় করেছেন সেই বাড়িটির কথা চিন্তা করুন। যদি তিনি এই অংকটির মধ্যে ১২ লক্ষ টাকা প্রত্যার্পণ করে থাকেন, ব্যাঙ্কের স্বার্থ থাকবে শুধুমাত্র অবশিষ্ট তিন লক্ষ টাকার যেটি বকেয়া অছে।

***তাহলে ব্যাঙ্কটিরও, বাড়িটির ক্ষেত্রে ঋণের অপ্রদত্ত বকেয়া অংকটির জন্য একটি আর্থিক স্বার্থ আছে যেটি তাকেও পলিসিটিতে একটি সহ বীমাকৃত হিসাবে নিশ্চিত করবে।***

যদি কোন ব্যক্তি ইচ্ছাকৃতভাবে তাঁর সম্পত্তিতে অগ্নিসংযোগ করেন এবং ক্ষতির জন্য পলিসির অধীনে ক্ষতিপূরণের দাবি পেশ করেন, এই প্রকার দাবিগুলি পরিষ্কারভাবে প্রতারণামূলক এবং যুক্তিসংগভাবেই প্রত্যাখ্যানযোগ্য।

b) **যে সময় বীমাযোগ্য স্বার্থটি উপস্থিত থাকতে হবে**

অগ্নিকান্ড, দুর্ঘটনা, সংক্রান্ত বীমার ক্ষেত্রগুলিতে পলিসি গ্রহণ এবং ক্ষতির সময়গুলি উভয় ক্ষেত্রেই বীমাযোগ্য স্বার্থের উপস্থিতি থাকতে হবে।

স্বাস্থ্য এবং ব্যক্তিগত দুর্ঘটনা বীমার ক্ষেত্রে, নিজের ছাড়াও পরিবারের সদস্যদের জন্য প্রস্তাবকারী দ্বারা বীমা নেওয়া যেতে পারে কারণ পরিবারের সদস্যদের মধ্যে কেউ দুর্ঘটনার সম্মুখীন হলে অথবা হাসপাতালে স্থানান্তরিত হলে তাঁকে আর্থিক ক্ষতির সম্মুখীন হতে পারে। কিন্তু সমুদ্র বীমার ক্ষেত্রে বীমাযোগ্য স্বার্থটি শুধুমাত্র ক্ষতির ঘটনাটির সময়েই উপস্থিত থাকা প্রয়োজন।

4. **নিকটতম কারণ**

আইনগত নীতিসমূহের সর্বশেষ, যেটি শুধুমাত্র সাধারণ বীমার ক্ষেত্রেই প্রযোজ্য, হল নিকটতম কারণের নীতি।

সাধারণ বীমা চুক্তি গুলি শুধুমাত্র ক্ষতিপূরণ প্রদান করবে যদি সংঘটিত ক্ষতিগুলি বীমাকৃত বিপদের কারণে হয়, যেগুলি পলিসিটিতে আচ্ছাদিত। যেকোন দাবি বিবেচনা করার সময়ে ক্ষতি এবং ধ্বংসের প্রকৃত কারণ নির্ধারণ করাটি হল প্রাথমিক পদক্ষেপ।

নিকটতম কারণটি হল বীমার একটি প্রধান নীতি এবং এটি ক্ষতি বা ধ্বংস সাধক ঘটনাটি কিভাবে ঘটল এবং সেটি সত্যই একটি বীমাকৃত বিপদের কারণস্বরূপ কিনা সেই বিষয় সম্পর্কিত।

এই নিয়মানুযায়ী, বীমাকারী, প্রধান কারণ যেটি ক্ষতি উত্পাদনকারী ঘটনাবলীর সূচনা করে, অথচ যা প্রয়োজনীয়ভাবে ক্ষতিটির ঠিক পূর্ববর্তী ঘটনা নাও হতে পারে, সেটির অনুসন্ধান করেন, অর্থাৎ এটি এমন একটি ঘটনা যেটি ক্ষতিটির জন্য দায়ী ঘটনাটি অথবা সেটির সর্বনিকটবর্তী হতে পারে।

দূর্ভাগ্য বশতঃ যখন একটি ক্ষতি সংঘটিত হয় প্রায়শই সেখানে দুর্ঘটনাটি পর্যন্ত একটি ঘটনা প্রবাহ বর্তমান থাকে এবং সেই কারণে কোন কোন সময়ে সর্বনিকটবর্তী অথবা প্রক্সিমেট কারণটি নির্দিষ্ট করা কঠিন হয়ে ওঠে।

উদাহরণস্বরূপ, একটি অগ্নিকান্ড একটি জলের নলের ফেটে যাওয়ার কারণ হতে পারে। ফলশ্রুতিস্বরূপ জল সরবরাহ ব্যবস্থা ধ্বংসের ক্ষতি এবং অগ্নিকান্ডটিকেই ঘটনাটির সর্বনিকটবর্তী কারণ হিসাবে বিবেচনা করা হবে।

**সংজ্ঞা**

***যে কারণটি একটি ঘটনা শৃঙ্খলকে যেটি কোন একটি নতুন এবং স্বাধীন সূত্র থেকে শুরু এবং সক্রিয় হওয়া কোন প্রকার শক্তির হস্তক্ষেপ বিনা একটি ফল আনয়নকারী সক্রিয় এবং সক্ষম কারণটিকে প্রক্সিমেট বা সর্বনিকটবর্তী কারণ হিসাবে সংজ্ঞায়িত করা হয়।***

প্রক্সিমেট বা সর্বনিকটবর্তী কারণের নীতিটি অনুধাবনের জন্য নিম্নে প্রদত্ত পরিস্থিতিটি দেখুন:

**উদাহরণ**

**পরিস্থিতি 1**

অজয়ের গাড়িটি চুরি হয়ে গিয়েছে।দুই দিন পরে, পুলিশ গাড়িটিকে ক্ষতিগ্রস্ত অবস্থায় খুঁজে পায়। অনুসন্ধান থেকে প্রকাশিত হয় যে চোর গাড়িটি একটি গাছের সঙ্গে ধাক্কা মেরেছিল। অজয় গাড়িটির ক্ষতির জন্য বীমা সংস্থার নিকট একটি দাবি পেশ করে। অজয়কে অবাক করে, বীমা সংস্থা দাবিটি প্রত্যাখ্যান করে।বীমা সংস্থাটি দ্বারা প্রদর্শিত কারণটি ছিল, 'চুরি'টি হল ক্ষতির প্রকৃত কারণ এবং অজয় দ্বারা তাঁর গাড়িটির জন্য গৃহীত বীমায় চুরিটি ছিল একটি বহিঃষ্কৃত বিপদ তাই বীমা সংস্থাটি দাবিটির জন্য অর্থ প্রদানে দায়বদ্ধ নয়।

**পরিস্থিতি 2**

শ্রী পিন্টো যখন একটি ঘোড়া চড়ছিলেন, তিনি মাটিতে পড়ে যান এবং তাঁর একটি পা ভেঙে যায়, তাঁকে হাসপাতালে নিয়ে যাওয়ার পূর্বে বহুক্ষণ তিনি ভিজে মাটিতে পড়ে ছিলেন। ভিজে মাটিতে পড়ে থাকার কারণে তাঁর জ্বর হয় যেটি পরে নিউমুনিয়ায় পর্যবসিত হয়ে শেষে তাঁর মৃত্যু হয়। যদিও নিউমুনিয়াকে সর্বনিকটবর্তী কারণ মনে হলেও, বাস্তবিকভাবে দুর্ঘটনাজনিত পতনটি সর্বনিকটবর্তী কারণরূপে উপস্থাপিত হয় এবং দাবিটি ব্যক্তিগত দুর্ঘটনা বীমার অধিনে গৃহীত হয়.

অগ্নিকান্ডের কারণে বীমাকৃতের দ্বারা সম্মুখীন হওয়া কিছু ক্ষতি আছে যেগুলির সর্বনিকটবর্তী কারণ হিসাবে অগ্নিকান্ডটিকে দায়ী করা যায় না, অথচ সংস্থাগুলির দ্বারা অগ্নি বীমা পলিসিগুলির অধীনে সেগুলি প্রদান করা হয়।

এই প্রকার ক্ষতিগুলি উদাহরণ হতে পারে –

- ✓ অগ্নিনির্বাপনের জন্য ব্যবহৃত জলের দ্বারা হওয়া সম্পত্তির ক্ষতি
- ✓ অগ্নিনির্বাপনকারীদের দল দ্বারা তাঁদের দায়িত্ব পালনের সময়কালীন সম্পত্তির ক্ষতি
- ✓ অগ্নিকান্ডের সম্মুখীন হওয়া একটি বাড়ি থেকে অন্য একটি নিরাপদ স্থানে স্থানান্তকরণের সময়ে হওয়া সম্পত্তির ক্ষতি

*নিজেকে পরীক্ষা করুন* ৪

একটি ঘোড়ায় চড়ার সময়ে দুর্ঘটনায় পড়ে গিয়ে ভিজে মাটিতে পড়ে থাকার কারণে শ্রী পিন্টোর নিউমুনিয়া হয়েছিল। নিউমুনিয়া শ্রী পিন্টোর মৃত্যুর কারণ ছিল। মৃত্যু সর্বনিকটবর্তী কারণটি কি?

I. নিউমুনিয়া
II. ঘোড়া
III. ঘোড়সওয়ারজনিত দুর্ঘটনা
IV. দূর্ভাগ্য

---

## সারাংশ

a) বীমার প্রক্রিয়াটিতে চারটি উপাদান আছে (সম্পদ, ঝুঁকি, ঝুঁকির একত্রিকরণ এবং একটি বীমাচুক্তি)।

b) একটি সম্পদ কয়েক প্রকার সুবিধা উত্পাদন করে এবং সেটির মালিককে একটি মূল্য প্রদান করে।

c) একটি ক্ষতির সম্ভাবনার প্রতিনিধিত্বকারী হল ঝুঁকি।

d) অবস্থা অথবা অবস্থাসমূহ যেগুলি ক্ষতিটির সম্ভাবনা এবং তীব্রতা বৃদ্ধি করে সেগুলিকে বিপদ হিসাবে উল্লেখ করা হয়।

e) গাণিতিক নীতিটিকে, যেটি বীমাকে সম্ভব করে, ঝুঁকির একত্রিকরণের নীতি বলে।

f) একটি বৈধ চুক্তির অন্তর্গত হল, প্রস্তাব এবং গ্রহণ, বিবেচনা, আইনানুগতা, পক্ষগণের সক্ষমতা এবং পক্ষগণের মধ্যবর্তী চুক্তিটি।

g) ক্ষতিপূরণের প্রতিশ্রুতিটি নিশ্চিত করে যে বীমাকৃতের আকস্মিক ঘটনার কারণে তাঁর ক্ষতিটির বিরুদ্ধে ক্ষতিপূরণ পাওয়াটি।

h) সাব্রোগেশনের অর্থ হল, বীমাকৃতের নিকট হতে বীমার বিষয়বস্তুর সঙ্গে সম্পর্কযুক্ত সকল প্রকার অধিকার এবং প্রতিকারসমূহের বীমাকারীর প্রতি স্থানান্তরণ।

i) সংযোজনের নীতিটি, বোঝায় যে যদি একই সম্পদের একাধিক বীমা সংস্থার সঙ্গে বীমা করানো হয়, সকল সংস্থা দ্বারা প্রদত্ত মোট ক্ষতিপূরণটি সম্মুখীন হওয়া প্রকৃত ক্ষতির অধিক হতে পারবে না।

j) বীমার সকল চুক্তিগুলিই ইউবেরিমা ফাইড্‌স নীতি ভিত্তিক হয়।

k) 'বীমাযোগ্য স্বার্থ'-এর বিদ্যমানতাটি হল প্রত্যেক বীমাচুক্তির একটি অপরিহার্য উপাদান এবং বীমার জন্য আইনত প্রয়োজনীয় একটি পূর্বশর্ত।

l) প্রক্সিমেট বা নিকটতম কারণটি হল বীমার একটি প্রধান নীতি এবং এটি ক্ষতি বা ধ্বংসকারী ঘটনাটি কিভাবে ঘটল এবং সেটি সত্যই একটি বীমাকৃত বিপদের কারণস্বরূপ কিনা সেই বিষয় সম্পর্কিত।

## প্রধান প্রতিশব্দসমূহ

a) সম্পদ
b) ঝুঁকি
c) বিপদ
d) ঝুঁকির একত্রিকরণ
e) প্রস্তাব এবং গ্রহণ
f) আইন সম্মত বিবেচনা
g) কনসেনসাস অ্যাড আইডেম
h) ইউবেরিমা ফাইডেস
i) প্রাসঙ্গিক তথ্যসমূহ
j) বীমাযোগ্য স্বার্থ
k) সাব্রোগেশন
l) সংযোজন
m) সর্বনিকটবর্তী কারণ

## নিজেকে পরীক্ষা করার উত্তরসমূহ

**উত্তর 1**

সঠিক পছন্দটি হল II.

চুরি করা মালপত্রগুলি আইনানুগতার নীতিটিকে ভঙ্গ করে এবং তার ফলে একটি বীমাযোগ্য ঝুঁকির প্রতিনিধিত্ব করে না।

**উত্তর 2**

সঠিক পছন্দটি হল II.

বল প্রয়োগটি একটি বৈধ চুক্তির উপাদান নয়।

**উত্তর 3**

সঠিক পছন্দটি হল III.

***ঘোড়ায় চড়াকালীন ঘটা দুর্ঘটনাটি সেই ঘটনাসমূহের প্রবাহের সূচনা করে যেগুলি ঘটনাচক্রে শ্রী পিন্টোর মৃত্যুর কারণ হয় এবং তাই এটি সর্বনিকটবর্তী কারণ।***

## স্ব-পরীক্ষণের প্রশ্নসমূহ

**প্রশ্ন 1**

নীতিগত বিপদের অর্থ :

I. কোন একজন ব্যক্তির অসততা অথবা চারিত্রিক ত্রুটিসমূহ

II. একজন ব্যক্তির অন্তর্নিহিত সততা এবং মূল্যবোধসমূহ

III. ধর্মীয় বিশ্বাসের ঝুঁকিসমূহ

IV. বীমা করণের সম্পদটির বিপদ সমূহ

**প্রশ্ন 2**

ঝুঁকির নির্দেশ করে:

I. অজ্ঞানতাজনিত ভীতি

II. ক্ষতির সম্ভাবনা

III. জন সাধারণের স্থানের বিঘ্নসমূহ

IV. বিপদ

**উত্তর 3**

____________ অর্থ হল একজনের বিনিয়োগগুলির বিভিন্ন প্রকার সম্পদের মধ্যে বিতরণ করা।

I. একত্রিকরণ

II. বিকেন্দ্রীকরণ

III. জুয়া খেলা

IV. গতিশীল ঝুঁকি

**প্রশ্ন 4**

________________ টি একটি সম্পদের নমুনা নয়।

I. বাড়ি

II. সূর্যালোক

III. যন্ত্রাদিসমূহ

IV. মোটর যান

**প্রশ্ন 5**

________________ টি ঝুঁকির একটি উদাহরণ নয়।

I. দুর্ঘটনার কারণে গাড়ি ক্ষতি

II. বৃষ্টির জলের জন্য মালপত্রের ক্ষতি

III. ব্যবহারের মাধ্যমে গাড়ির টায়ারের ক্ষয়-ক্ষতি

IV. অগ্নিকান্ডের জন্য সম্পত্তির ক্ষতি

**প্রশ্ন 6**

ভূমিকম্প নিম্নলিখিতটির একটি উদাহরণ:

I. বিপর্যয়ভিত্তিক ঝুঁকি

II. গতিশীল ঝুঁকি

III. প্রান্তিক ঝুঁকি

IV. ফাটকামূলক ঝুঁকি

**প্রশ্ন 7**

নিম্নলিখিত বক্তব্যটির সর্বাধিক উপযুক্ত যুক্তিগ্রাহ্য সমতুলটি নির্বাচন করুন।

বক্তব্য: বীমা একটি সম্পদকে ক্ষতি অথবা ধ্বংস থেকে রক্ষা করতে পারে না।

I. সত্য

II. মিথ্যা

III. আংশিক সত্য

IV. প্রয়োজনীয়ভাবে সত্য নয়

**প্রশ্ন** ৪

____________________ এর অর্থ হল বীমাকৃতের নিকট হতে বীমার বিষয়বস্তুর সম্পর্কিত সকল অধিকার এবং উপশমসমূহের বীমাকারীর প্রতি স্থানান্তরন।

I. সংযোজন

II. সাব্রোগেশন

III. আইনগত বিপদ

IV. ঝুঁকির একত্রিকরণ

**প্রশ্ন 9**

________________ এটি হল একটি তথ্যের নমুনা, যেটি বীমাকারী দ্বারা জানতে চাওয়া না হলে উন্মোচন করার প্রয়োজন নাই।

I. বীমাকৃতের বয়স

II. অগ্নিনির্বাপক ব্যবস্থার উপস্থিতি

III. উষ্ণতাজনিত অসুস্থতা

IV. বীমা সম্পর্কিত অন্যান্য বিস্তারিত বিবরণসমূহ

**প্রশ্ন 10**

__________________ হল একটি চুক্তির বিষয়ে আলোচনার সময়ে একটি ভ্রান্ত বক্তব্য প্রদান।

I. ভ্রান্ত উপস্থাপনা

II. সংযোজন

III. প্রস্তাব

IV. প্রতিনিধিত্ব

---

## নিজেকে পরীক্ষা করার উত্তরসমূহ

**উত্তর 1**

সঠিক পছন্দটি হল I.

নীতিগত বিপদের অর্থহল একজন ব্যক্তির অসততা অথবা চারিত্রিক খুঁতসমূহ।

**উত্তর 2**

সঠিক পছন্দটি হল II.

'ঝুঁকি' একটি ক্ষতির সংকেত প্রদান করে।

**উত্তর 3**

সঠিক পছন্দটি হল II.

বিকেন্দ্রীকরণের অর্থ হল বিভিন্ন প্রকার সম্পদের মধ্যে কোন একজন ব্যাক্তির বিনিয়োগগুলির বিতরণ।

**উত্তর 4**

সঠিক পছন্দটি হল II.

সূর্যালোককে একটি সম্পদের শ্রেণীভুক্ত করা যায় না কারণ এটি প্রাদূর্ভাবতার এবং মালিকানার পরীক্ষাটিতে উত্তীর্ণ হয় না।

**উত্তর 5**

সঠিক পছন্দটি হল III.

সাধারণ ব্যবহারের দ্বারা ক্ষয়-ক্ষতিগুলি ঝুঁকি হিসাবে বিবেচিত হয় না।

**উত্তর 6**

সঠিক পছন্দটি হল I.

ভূমিকম্প একটি বিপর্যয়মূলক ঝুঁকির উদাহরণ।

**উত্তর 7**

সঠিক পছন্দটি হল I.

বীমা একটি সম্পদকে ক্ষতি অথবা ধ্বংস থেকে রক্ষা করতে পারে না।

**উত্তর 8**

সঠিক পছন্দটি হল II.

সাব্রোগেশনের অর্থ হল বীমাকৃতের নিকট হতে বীমার বিষয়বস্তু সম্পর্কিত সকল অধিকার এবং উপশমসমূহের বীমাকারীর প্রতি স্থানান্তরন।

**উত্তর 9**

সঠিক পছন্দটি হল II.

বীমা ক্রয়ের কালে জিজ্ঞাসা না করা হলে, অগ্নিনির্বাপক ব্যবস্থার উল্লেখ করার প্রয়োজন নাই।

**উত্তর 10**

সঠিক পছন্দটি হল I.

ভ্রান্ত উপস্থাপনা হল একটি চুক্তির বিষয়ে আলোচনার কালে একটি ভ্রান্ত বক্তব্য পেশ করা।

# অধ্যায় 23

## দলিল রচনা

### অধ্যায়ের ভূমিকা

বীমা শিল্পে, আমাদের বহু সংখ্যাক ফর্ম, দলিল প্রভৃতি নিয়ে কাজ করতে হয়। এই অধ্যায় আমাদের একটা বীমা চুক্তিতে বিভিন্ন দলিল ও সেগুলির গুরুত্ব সম্পর্কে পরিচিত করাবে। এছাড়াও প্রত্যেকটি ফর্মের সঠিক প্রকৃতি, কীভাবে সেগুলি পূরণ করতে হয় এবং এই নির্দিষ্ট তথ্য চাওয়ার কারণ কী সেই ব্যাপারে একটা ধারণা দেবে এই অধ্যায়।

### পাঠ্যসূচি

A. প্রোপোজাল ফর্ম
B. প্রোপোজাল স্বীকৃতি (দায়গ্রহণ)
C. প্রিমিয়াম প্রাপ্তি
D. কভার নোট / বীমার শংসাপত্র / পলিসি দলিল
E. ওয়ার্‌যান্টিসমূহ
F. নীতির ব্যাখ্যা
G. পলিসির ব্যাখ্যা
H. পুনর্নবীকরণ নোটিস

এই অধ্যায় পড়ার পর, আপনি সক্ষম হবেন:

a) প্রোপজাল ফর্মের বিষয়বস্তু ব্যাখ্যা।
b) প্রিমিয়াম প্রাপ্তি ব্যাখ্যা করতে।
c) কভার নোট এবং বীমা শংসাপত্রের সঠিকভাবে মূল্যায়ণ ও ব্যাখ্যা করতে।
d) বীমা পলিসির দলিলের শর্তাবলী ব্যাখ্যা করতে
e) পলিসি ওয়ার্‌যান্টি ও সত্যায়নের ব্যাখ্যা

## A. প্রোপোজাল ফর্ম

বীমাকারী ও বীমাকারকের মধ্যে বোঝাপড়া ও স্বচ্ছতা আনার উদ্দেশ্যে বীমার দলিল রচনা করা হয়ে থাকে। এমন কিছু দলিল নির্দিষ্ট রয়েছে যা বীমা ব্যবসায় প্রচলিতভাবে ব্যবহার করা হয়। ক্রেতার ঘনিষ্ঠ ব্যক্তি হওয়ায় বীমা এজেন্টকেই ক্রেতার মুখোমুখি পড়তে হয় এবং সংশ্লিষ্ট দলিল সম্পর্কে সমস্ত সন্দেহ দূর করিয়ে সেগুলি পূরণ করতে সাহায্য করতে হয়। বীমা কোম্পানি ক্রেতা ও তাঁর চাহিদা জানতে পারে কেবলমাত্র ক্রেতার পেশ করা দলিল থেকেই। এরাই বীমাকারককে ঝুঁকির গুরুত্ব বুঝতে সাহায্য করে।

প্রতিটা দলিলের উদ্দেশ্য ও দলিলে থাকা তথ্য এবং বীমায় তাদের প্রাসঙ্গিকতা ও গুরুত্ব বোঝা উচিত এজেন্টের।

### 1. প্রোপোজাল ফর্ম

দলিল রচনার প্রথম পর্যায়ে জরুরী হলো প্রোপোজাল ফর্ম যার মাধ্যমে বীমাকারী জানায়:

- ✓ তিনি কে,
- ✓ কী ধরনের বীমা তাঁর প্রয়োজন,
- ✓ তিনি যার বীমা করতে চাইছেন তার সম্বন্ধে বিস্তারিতবিবরণ
- ✓ কত সময়ের জন্য বীমাটি করা হচ্ছে।

বিস্তারিত মানে হলো আর্থিক মূল্য ও বীমার বিষয়ের সঙ্গে যুক্ত সমস্ত অত্যাবশ্যকতথ্য।

a) **বীমাকারক দ্বারা ঝুঁকির মূলায়ণ**

i. বীমার **জন্য ''প্রোপজাল ফর্ম'' প্রোপোজার বা প্রস্তাবককে পূরণ করতে হবে,** ঝুঁকির নিরিখে বীমাকারকের প্রয়োজন মতো সমস্ত অত্যাবশ্যক তথ্য তুলে ধরতে, যাতে বীমাকারক সিদ্ধান্ত নিতে পারেন :

- ✓ গ্রহণ করবে নাকি প্রত্যাখান করবে এবং
- ✓ ঝুঁকি গ্রহণ করার ক্ষেত্রে মঞ্জুর করা হবে এমন ক্ষতিপুরণের হার যা শর্তাবলীযুক্ত

প্রোপজাল ফর্মে সেই তথ্য থাকে যা প্রস্তাবিত বীমার জন্য ঝুঁকি নিতে বীমা কোম্পানির কাছে খুবই দরকারী। বিশ্বাসযোগ্য নীতি ও বস্তুগত তথ্যপ্রকাশের কর্তব্য উভয়ই বীমার জন্য প্রোপোজাল ফর্ম দিয়েই শুরু হয়।

বস্তুগত তথ্য প্রকাশের কর্তব্য নীতির শুরু থেকেই উদ্ভুত হয় এবং চুক্তি শেষ হওয়ার পরেও চলে। এই নীতিটাই অধ্যায় **2** -এ বিস্তারিতভাবে আলোচিত হয়েছে।)

**উদাহরণ**

বীমাকারীর যদি একটা অ্যালার্ম রাখার প্রয়োজন পড়ে বা তিনি যদি জানিয়ে থাকেন যে তার গোল্ড জুয়েলারি শোরুমে একটা অটোমেটিক অ্যালার্ম সিস্টেম আছে, তাহলে তাঁর শুধুমাত্র এটা জানানোই দরকার, তা নয়, উপরন্তু তাঁকে এটাও নিশ্চিত করতে হবে যে পলিসি পিরিয়ডের মধ্যে তাঁর এই

ব্যবস্থাটা ওয়ার্কিং কন্ডিশনে থাকবে। অ্যালার্ম থাকাটা হলো বীমাকারকের কাছে একটা বস্তুগত বিষয়। এই বিষয়গুলির ভিত্তিতেই বীমাকারক ঝুঁকির মূল্যায়ণ করেন।

সাধারণত বীমাকারকরা ছাপানো প্রোপোজাল ফর্ম দিয়ে থাকেন, যাতে বীমা কোম্পানির নাম, লোগো, ঠিকানা বীমার শ্রেণী / ধরণ / পণ্যের ব্যবহার ইত্যাদির উল্লেখ থাকে। প্রোপোজাল ফর্মে একটা ছাপানো তথ্যাবলী যুক্ত করাটা হলো বীমাকারকের কাছে রেওয়াজ-মাফিক বিষয়, যদিও এর জন্য কোনো স্ট্যান্ডার্ড ফরমাট বা অভ্যাস চালু নেই।

**উদাহরণ**

এই ধরনের নোটের কিছু উদাহরণ হলো:

'ঝুঁকি মূল্যায়ণের ক্ষেত্রে বস্তুগত তথ্য না-জানানো, বিভ্রান্তিকর তথ্য দেয়া, জালিয়াতি বা বীমাকারীর অসহযোগিতা ইস্যু করা পলিসির আওতায় ক্ষতিপূরণ বাতিল হতে পারে।',

'যতক্ষণ না কোম্পানি প্রস্তাব গ্রহণ করছে ও পুরো প্রিমিয়াম দেওয়া হচ্ছে, ততক্ষণ কোম্পানি ঝুঁকিতে থাকবে না।'

**গুরুত্বপূর্ণ**

**বস্তুগত তথ্যসমূহ :** বীমাকারকের দ্বারা ঝুঁকির জন্য ক্ষতিপূরণের দায় নিতে এগুলি হলো গুরুত্বপূর্ণ, আবশ্যিক ও প্রাসঙ্গিক তথ্য। অন্য ভাবে বললে, এই তথ্যগুলি হলো বীমার বিষয়ের সঙ্গে যুক্ত বিষয় যা নিম্নলিখিত ক্ষেত্রে বীমাকারককে সিদ্ধান্ত নিতে প্রভাবিত করে:

i. বীমার ঝুঁকি নেবেন কি নেবেন না,
ii. কী পরিমাণ প্রিমিয়াম চাওয়া হবে তা স্থির করতে, এবং
iii. অবস্থা সম্পর্কে চুক্তির বিশেষ শর্ত সহ যার আওতায় ঝুঁকিটাকে ক্ষতিপূরণের আওতায় আনা হবে এবং কত ক্ষতিপূরণ দেওয়া হবে ঠিক করা।

**প্রপোজাল ফর্মে ঘোষণা :** সাধারণত বীমা কোম্পানি প্রোপোজাল ফর্মের শেষে একটা ঘোষণাপত্র যোগ করেন যেখানে বীমাকারীকে সই করতে হয়। এতে নিশ্চিত করা হয় যে বীমাকারী যে ফর্ম পূরণ করেছেন তাতে তিনি নিখুঁতভাবে ও বুঝে সমস্ত তথ্য দিয়েছেন, যাতে ক্লেইমের সময় কোনো মতবিরোধ, বাঘটনামিথ্যা বর্ণনার দাবির অবকাশ না থাকে। এতে বীমাকারীর দিক থেকে পরম সরল বিশ্বাসের মূল নীতির কাজ করে।

**উদাহরণ**

**এই ধরনের ঘোষণার উদাহরণ হলো :**

'আমি/আমরা এতদ্বারা ঘোষণা করছি ও পরোয়ানা দিচ্ছি যে উপরের বিবৃতিগুলি সত্য এবং সবদিক থেকেই সম্পূর্ণ এবং এছাড়া আর কোনো তথ্য নেই যা বীমার আবেদনের জন্য প্রাসঙ্গিক, যা আমি আপনাকে জানাইনি।'

'আমি/আমরাসম্মত যে এই প্রস্তাব ও ঘোষণা আমার/আমাদের এবং (বীমাকারকের নাম)-এর মধ্যে চুক্তির ভিত্তি হবে।'

---

b) **প্রোপোজাল ফর্মের প্রশ্নের ধরন**

কি ধরনের বীমা তার ভিত্তিতে একটা প্রোপোজাল ফর্মের প্রশ্নের সংখ্যা ও প্রকৃতি অদলবদল হতে পারে।

**i.** অগ্নিজনিত সুরক্ষা বীমা প্রোপোজাল ফর্ম সাধারণত ব্যবহৃত হয় ঘর, দোকান প্রভৃতির মতো অপেক্ষাকৃত সরল/ মোটামুটি মানের ঝুঁকির জন্য বড় শিল্প সংক্রান্ত ঝুঁকির জন্য ঝুঁকি গ্রহণের আগে বীমাকারকই ঝুঁকি খতিয়ে দেখার ব্যবস্থা করেন। কোনো কোনো সময় নির্দিষ্ট তথ্য, সংগ্রহের জন্য প্রোপোজাল ফর্মের সঙ্গে বিশেষ প্রশ্নাবলী দেওয়া হয়।

অগ্নি বা ফায়ার বীমা প্রোপোজাল ফর্মে অন্যান্য বিষয়ের সঙ্গে সম্পত্তির বিবরণও জানতে চাওয়া হয়, যার মধ্যে নিম্নলিখিত তথ্যগুলি থাকবে:

- ✓ বাইরের দেওয়াল ও ছাদের নির্মাণ, কত তলা বাড়ি
- ✓ বাড়ির প্রত্যেক অংশের বাস
- ✓ বিপজ্জনক জিনিসের উপস্থিতি
- ✓ উৎপাদন প্রক্রিয়া
- ✓ বীমার জন্য প্রস্তাবিত অঙ্ক
- ✓ বীমার সময়কাল, প্রভৃতি

**ii. মোটর ইনস্যুরেন্সের জন্য**, গাড়ির সম্পর্কে প্রশ্ন করা হয়, তার অপারেশন, কোন কোম্পানির তৈরি ও বহনক্ষমতা কত, মালিক কীভাবে এটাকে রক্ষণাবেক্ষণ করেন ও সংশ্লিষ্ট বীমার ইতিহাস।

**iii.** স্বাস্থ্য, ব্যক্তিগত দুর্ঘটনা ও ভ্রমণ বীমার মতো ব্যক্তিগত লাইনে, প্রোপোজাল ফর্মের নকশা করা হয় প্রস্তাবকের স্বাস্থ্য, জীবনযাপন প্রণালী, আগের স্বাস্থ্য পরিস্থিতি, মেডিক্যাল ইতিহাস, বংশগত বৈশিষ্ট্যগুলি, আগের বীমার অভিজ্ঞতা প্রভৃতি।

**iv. অন্যান্য বিবিধ বীমায়**, প্রোপোজাল ফর্ম বাধ্যতামূলক এবং এর সঙ্গে একটা ঘোষণাপত্র জুড়ে দেওবা হয় যা বিশ্বাসযোগ্য কর্তব্যে সাধারণ আইনকে প্রতিষ্ঠিত করে।

c) **একটি প্রস্তাবের উপাদানসমূহ**

i. **প্রস্তাবকের পূর্ণাঙ্গ নাম**

প্রস্তাবকের উচিত নিজেকে দ্ব্যর্থহীনভাবে শনাক্ত করতে পারা। এটা বীমাকারকের জন্য গুরুত্বপূর্ণ যাতে তিনি জানেন যে কার সঙ্গে তিনি চুক্তি করেছেন, যাতে পলিসির আওতায় সুবিধাগুলি বীমাকারী পেতে পারেন। পরিচয় স্থাপন হলো গুরুত্বপূর্ণ, এমনকি সেই ক্ষেত্রেও যেখানে অন্য কেউ বীমাকৃত ঝুঁকির একটা লাভ পেতে পারেন (যেমন একটা মর্টগেজ, মৃত্যুর ক্ষেত্রে ব্যাঙ্ক অথবা আইনী উত্তরাধিকারী) ও ক্লেইম করতে পারেন।

ii. **প্রস্তাবকের ঠিকানা ও যোগাযোগের বিবরণ**

উপরে বর্ণিত কারণগুলিই প্রস্তাবকের ঠিকানা ও পাশাপাশি যোগাযোগের বিবরণ সংগ্রহের জন্য প্রযোজ্য।

iii. **প্রস্তাবকের পেশা, বৃত্তি বা ব্যবসা**

কিছু ক্ষেত্রে যেমন স্বাস্থ্য ও ব্যক্তিগত দুর্ঘটনার বীমা, প্রস্তাবকের পেশা, বৃত্তি অথবা ব্যবসার গুরুত্ব থাকে কারণ এগুলি ঝুঁকির একটা উপাদান বহন করতে পারে।

**উদাহরণ**

***একটা ফাস্ট ফুড রেস্তোরার একজন ডেলিভারি ম্যান, যাঁকে তাঁর ক্রেতার খাবার পৌঁছে দেওয়ার জন্য ঘন ঘন মোটরবাইকে হাই স্পিডে যাতায়াত করতে হয়, ঐ একই রেস্তোরার অ্যাকাউন্ট্যান্টের তুলনায় তাঁর দুর্ঘনটায় পড়ার সম্ভাবনা বেশি থাকে।***

iv. **বীমার বিষয়বস্তুর বিবরণ ও পরিচিতি**

প্রস্তাবককে যে বিষয়বস্তুর উপর তিনি বীমা করাতে চাইছেন সেই বিষয়বস্তু স্পষ্টভাবে বর্ণনা করা জরুরী।

**উদাহরণ**

প্রস্তাবককে বর্ণনা দেওয়া প্রয়োজন যদি এটা হয় :

i. একটা প্রাইভেট গাড়ি [ইঞ্জিন নম্বর, চেসিস নম্বর, রেজিস্ট্রেশন নম্বর প্রভৃতির মতো তার শনাক্তকরণগুলিসহ] অথবা
ii. একটা আবাসিক বাড়ি [পুরো ঠিকানা ও শনাক্তকরণ সহ] অথবা
iii. বিদেশ ভ্রমণ [কার সঙ্গে, কখন, কোন দেশে, কী উদ্দেশ্যে] অথবা
iv. একজন ব্যক্তির স্বাস্থ্য [লোকটির নাম, ঠিকানা ও শনাক্তকরণ] প্রভৃতি কেস অনুযায়ী
v. সাম অ্যাসুওর্ড ইঙ্গিত দেয় পলিসির আওতায় বীমাকারকের দায়বদ্ধতার সীমা ও সমস্ত প্রোপোজাল ফর্মে এটা উল্লেখ করতে হয়।

---

**উদাহরণ**

***সম্পত্তি বীমার ক্ষেত্রে, এটা হলো বীমার জন্য প্রস্তাবিত বিষয়বস্তুর আর্থিক মূল্য। স্বাস্থ্যের ক্ষেত্রে এটা হলে হাসপাতালে চিকিৎসার খরচ, আবার ব্যক্তিগত দুর্ঘটনার ক্ষেত্রে দুর্ঘটনায় প্রাণহানি, অঙ্গহানি, বা দৃষ্টি হানির জন্য একটা নির্ধারিত মূল্য।***

vi. **অতীত ও বর্তমান বীমা**

বীমাকারকের কাছে তাঁর আগের বীমা থাকলে তার বিস্তারিত তথ্য প্রস্তাবককে জানাতে হবে। এটা তাঁর বীমার ইতিহাস জানার জন্য। বাজারের কিছু ব্যবস্থা রয়েছে যার মাধ্যমে বীমাকারকরা গোপনীয়তার সঙ্গে বীমাকারীর সম্পর্কে তথ্য আদান প্রদান করে।

প্রস্তাবকের একথা জানা প্রয়োজন যে কোনো বীমাকারক তাঁর প্রস্তাব প্রত্যাখ্যান করতে পারেন, কোনো বিশেষ শর্ত আরোপ করো, রিনিউয়ালের সময় বাড়তি প্রিমিয়াম চাওয়া রিনিউ করতে অস্বীকার করো বা পলিসি বাতিল করার মত কাজগুলি করে থাকতে পারেন।

দ্বিতীয় কোনো বীমাকারকের কাছে প্রথম বীমার বিস্তারিত বিবরণ, বীমাকারকের নাম সহ জানানো জরুরী। বিশেষ করে সম্পত্তি বীমার ক্ষেত্রে, একটা সম্ভাবনা থাকে যে বীমাকারী ভিন্ন ভিন্ন বীমাকারকের থেকে পলিসি নিয়ে থাকতে পারেন কারণ যখন কোনো ক্ষতি হবে, একাধিক বীমাকারকের থেকে ক্লেইম করা যাবে। যাতে বীমাকারী একই ঝুঁকির জন্য একাধিক বীমা পলিসির থেকে লাভ আদায় না করতে পারেন তার জন্যই প্রথম বীমার তথ্যাবলীর প্রয়োজনীয়তা।

একইভাবে, ব্যক্তিগত দুর্ঘটনাজনিত বীমায় একজন বীমাকারক চাইবেন কভারেজের পরিমাণকে সীমিত করতে (সাম ইনসিওর্ড) যদি একই বীমাকারী অন্য **PA** পলিসির আওতায় লাভ পেয়ে থাকেন।

**অনুশীলন**

পূর্ববর্তী অধ্যায়গুলির মধ্যে বীমা নীতির বিকল্প অনুসন্ধান করুন এবং ক্ষতিপূরণ, অবদান, বিশ্বাসযোগ্যতার প্রকাশ ব্যবহারিকভাবে কীভাবে প্রোপোজাল ফর্মের নকশায় প্রয়োগ হয় তা মেলানোর চেষ্টা করুন।

মোটর ও ফায়ার প্রোপোজাল ফর্মের একটা করে নমুনা অ্যানেক্সচার **A** ও **B**-তে দেওয়া হয়েছে।

***অনুগ্রহ করে প্রোপোজাল ফর্মটা মন দিয়ে পড়ুন এবং বোঝার চেষ্টা করুন প্রোপোজাল ফর্মের বিষয়বস্তুর উপলক্ষগুলি এবং বীমার চুক্তিতে সেগুলির প্রাসঙ্গিকতা।***

vii. **ক্ষতির অভিজ্ঞতা**

প্রস্তাবককে তাঁর ক্ষতির পূর্ণাঙ্গ বিবরণ দিতে বলা হয়, তা বীমা করা না হয়ে থাকলেও। এটি বীমাকারককে বীমার বিষয়বস্তু সম্পর্কে এবং অতীতে কীভাবে বীমাকারী এই ঝুঁকি সামলেছেন সেই তথ্য দেবে। বীমা কোম্পানির নিম্নস্থ করণিকরা এই ধরনের উত্তরগুলি থেকে ঝুঁকির বিষয়টা আরো ভালো বুঝতে পারবেন এবং অতিরিক্ত বিবরণ সংগ্রহের জন্য পরিদর্শনের প্রয়োজন রয়েছে কিনা তার সিদ্ধান্ত নিতে পারবেন।

viii. **বীমাকারীর ঘোষণা**

প্রোপোজাল ফর্মের উদ্দেশ্য যেহেতু বীমাকারককে সমস্ত তথ্য জানানো, ফর্মে বীমাকারীর তরফে একটা ঘোষণা থাকে যাতে বলা হয় সমস্ত উত্তর সত্য ও নিখুঁত এবং তিনি এই ফর্মকেই বীমা চুক্তির ভিত্তি করতে রাজি আছেন। যে কোনো ভুল উত্তরই বীমাকারককে চুক্তি লঙ্ঘনের অধিকার দেবে। সই, তারিখ ও কোনো ক্ষেত্রে এজেন্টের সুপারিশ সম্পর্কিত অন্যান্য বিভাগগুলি সব প্রোপোজাল ফর্মেই একই রকম।

ix. যেখানে কোনো প্রোপোজাল ফর্ম ব্যবহৃত হয়নি, বীমাকারক মৌখিকভাবে বা লিখিতভাবে পাওয়া তথ্যগুলি রেকর্ড করবেন এবং **15** দিনের মধ্যে সেগুলিকে প্রস্তাবকের থেকে সুনিশ্চিত করে সেই তথ্য কভার নোট বা পলিসিতে একত্রীভূত করবে। বীমাকারক যদি কখনো দাবি

করেন যে একটা কভারের মঞ্জুরিতে কোনো বিষয়বস্তু সম্পর্কে প্রস্তাবক কোনো বস্তুগত তথ্য চেপে গেছেন বা বিভ্রান্ত করেছেন বা মিথ্যা তথ্য দিয়েছেন তাহলে কোনো তথ্য রেকর্ড না থাকলে তা প্রমাণের ভার বীমাকারকের উপরেই বর্তাবে।

**এর মানে বীমা কোম্পানির একটা কর্তব্য হলো মৌখিকভাবে দেওয়া সমস্ত তথ্য রেকর্ড করা, যা এজেন্টকে মাথায় রেখে ফলো আপ করতে হবে।**

2. **মধ্যস্থতাকারীর ভূমিকা**

মধ্যস্থতাকারীর উভয় পক্ষ অর্থাৎ বীমাকারী ও বীমাকারক উভয়ের প্রতিই একটা দায়িত্ব থাকে

একজন এজেন্ট বা ব্রোকার বীমা কোম্পানি ও বীমাকারীর মধ্যে মধ্যস্থতাকারী হিসেবে কাজ করেন এবং তাঁর দায়িত্ব থাকে ঝুঁকি সম্পর্কে বীমাকারী, বীমাকারককে যে তথ্য দিয়েছেন তার সমস্ত নিশ্চিত করা।

**IRDA** বিধি মধ্যস্থতাকারীকে এই প্রত্যাশা পূরণের দায়িত্ব দিয়েছেন।

**গুরুত্বপূর্ণ**

প্রত্যাশা পূরণে একজন মধ্যস্থতাকারীর কর্তব্য

**IRDA** প্রবিধানে বলা হয়েছে ''একজন বীমাকারক বা তার এজেন্ট বা অন্য মধ্যস্থতাকারী সমস্ত বিষয়বস্তুর তথ্য দেবেন যাতে একটা প্রস্তাবিত কভারের জন্য তাঁর সবচেয়ে বেশি স্বার্থ রক্ষা হয় তা দেখার জন্য সিদ্ধান্ত নেওয়া হয়।

প্রতাশা যেখানে বীমাকারক বা তার এজেন্ট বা একজন বীমা মধ্যস্থতাকারীর পরামর্শের উপর নির্ভর করে, এমন ব্যক্তি পক্ষপাতহীনভাবে প্রত্যাশার পরামর্শ দিতে হবে।

***কোনো কারণে যেখানে প্রস্তাব (প্রোপোজাল) ও অন্যান্য সংশ্লিষ্ট কাগজে প্রস্তাবকের দ্বারা পূরণ হয়নি, সেখানে প্রোপোজাল ফর্মের শেষে প্রত্যাশা থেকে একটা সংশাপত্র জুড়ে দেওয়া যেতে পারে যা ফর্মের বিষয়বস্তু ও দলিল যে তাঁকে পুরোপুরি ব্যাখ্যা করা হয়েছে বোঝাবে এবং তিনি চুক্তির প্রত্যাশার তাৎপর্য পুরোপুরি বুঝবেন।***

*নিজেকে পরীক্ষা করা* 1

অবদান নীতির তাৎপর্য কী?

I. এটা নিশ্চিত করে যে বীমাকারীও বীমাকারকের সঙ্গে ক্লেইমের নির্দিষ্ট অংশে অবদান রাখবেন

II. এটা নিশ্চিত করে যে সমস্ত বীমাকারী যাঁরা পুলের একটা অংশ তাঁরা পুলের একজন অংশগ্রহণকারী করা ক্লেইমে অবদান রাখবেন, তাঁদের দেওয়া প্রিমিয়ামের অনুপাতে

III. এটা নিশ্চিত করে যে একই বিষয়বস্তুর সুরক্ষা আওতার থাকা একাধিক বীমাকারক একসঙ্গে ক্লেইমের অ্যামাউন্টটাকে ভাগ করে নিতে এগিয়ে আসবেন, আর এটা হবে ঐ বিষয়বস্তুতে তাঁদের এক্সপোজারের অনুপাতে

IV. এটা নিশ্চিত করে যে সারাবছর ধরে সমান কিস্তিতে বীমাকারী প্রিমিয়ামে অবদান রাখবেন।

## B. ***প্রস্তাব গৃহীত (আন্ডাররাইটিং)***

আপনারা দেখেছেন যে একটা পূরণ করা প্রোপোজাল ফর্ম বিস্তৃতভাবে নিম্নলিখিত তথ্যগুলি দেয়:

- ✓ বীমাকারীর বিস্তারিত বিবরণ
- ✓ বিষয়বস্তুর বিস্তারিত বিবরণ
- ✓ কী ধরনের কভার প্রয়োজন
- ✓ বাস্তব বৈশিষ্ট্যের বিস্তারিত ইতিবাচক ও নেতিবাচক উভয় দিকই নির্মাণের মান, বয়স, অগ্নিনির্বাপণ সরঞ্জাম রয়েছে কি না, নিরাপত্তার ধরণ ইত্যাদি
- ✓ বীমা ও ক্ষতির পূর্ব ইতিহাস

কী ধরনের ঝুঁকির মান ও প্রকৃতির ভিত্তিতে প্রস্তাব গ্রহণের আগে, ঝুঁকিটি খতিয়ে দেখতে বীমাকারক পূর্বপরিদর্শনের ব্যবস্থা করতে পারে। প্রস্তাবে উপলব্ধ তথ্য ও ঝুঁকি পরিদর্শন রিপোর্ট, অতিরিক্ত প্রশ্নাবলী ও অন্যান্য দলিলের ভিত্তিতে বীমাকারক সিদ্ধান্ত নেন। বীমাকারক এরপর ঝুঁকির বিষয়ে কী হার নির্ধারিত হবে তার সিদ্ধান্ত নেন এবং বিভিন্ন মাপকাঠির ভিত্তিতে প্রিমিয়াম গণনা করেন, যা তারপর বীমাকারীকে জানিয়ে দেওয়া হয়।

দ্রুততা ও দক্ষতার সঙ্গে বীমাকারক প্রস্তাবগুলি প্রক্রিয়া করেন এবং তারপর সমস্ত সিদ্ধান্ত লিখিতভাবে একটি যুক্তিসঙ্গত সময়ের মধ্যে জানিয়ে দেওয়া হয়।

**সংজ্ঞা**

*আন্ডাররাইটিং*: ***নির্দেশিকা অনুযায়ী কোম্পানিকে* 15 *দিন সময়ের মধ্যে প্রস্তাবের প্রক্রিয়া শেষ করতে হয়। আশা করা হয় যে এজেন্ট এই সময়ের মধ্যে নজর রাখবেন, ভেতরে ভেতরে ফলো-আপ করবেন এবং প্রয়োজন পড়লে ক্রেতা পরিষেবার মাধ্যমে প্রস্তাবক / বীমাকারীর সঙ্গে যোগাযোগ রাখবেন। প্রস্তাব পরীক্ষা ও গ্রহণ সম্পর্কে সিদ্ধান্ত নেওয়ার এই গোটা প্রক্রিয়াটাকে বলা হয় আন্ডাররাইটিং।***

*নিজেকে পরীক্ষা* 2

নির্দেশিকা অনুযায়ী, একটা বীমা কোম্পানিকে __________দিন সময়ের মধ্যে প্রস্তাবের প্রক্রিয়া শেষ করতে হয়।

I. ৭দিন

II. ১৫দিন

III. ৩০দিন

IV. ৪৫দিন

## C. *প্রিমিয়াম প্রাপ্তি*

**সংজ্ঞা**

***প্রিমিয়াম হলো একটি বীমার চুক্তির অধীনে বীমা করা যায় এমন বিষয়বস্তুর বীমার জন্য বীমাকারককে বীমাকারীর দেওয়া বিবেচনা বা অর্থের পরিমাণ।***

1. **আগাম প্রিমিয়াম প্রাপ্তি (বীমা আইন,** 1938**-এর** 64 VB **ধারা)**
   বীমা আইন অনুযায়ী, **প্রিমিয়াম আগাম দিয়ে দিতে হয়, বীমার চুক্তির শুরুর তারিখের আগে।** এটা হলো একটা গুরুত্বপূর্ণ শর্ত, যা নিশ্চিত করে যে বীমা কোম্পানি প্রিমিয়াম পেলে তবেই বৈধ বীমা চুক্তি সম্পূর্ণ হতে পারে এবং বীমা কোম্পানি ঝুঁকির দায়িত্ব গ্রহণ করতে পারে। এই বিভাগটা হলো ভারতের সাধারণ ইনস্যুরেন্সের একটা বিশেষ বৈশিষ্ট্য।

**গুরুত্বপূর্ণ**

a) বীমা আইন, 1938-এর 64 VB ধারায় শর্ত দেওয়া হয়েছে যে আগাম প্রিমিয়াম প্রাপ্তি বা জমার গ্যারান্টি বা নির্ধারিত পদ্ধতিতে আগাম জমা না হওয়া পর্যন্ত কোন বীমাকারক কোনো ঝুঁকির দায়িত্ব নেবেন না।

b) যেখানে বীমা কোম্পানির তরফে একজন এজেন্ট বীমার পলিসির উপর প্রিমিয়াম সংগ্রহ করেন, তাঁকে ব্যাঙ্ক ও ডাক বিভাগের ছুটি ছাড়া সংগ্রহের চব্বিশ ঘন্টার মধ্যে তাঁর কমিশন বাদ না দিয়েই গোটা টাকাটা বীমাকারকের কাছে জমা দেওয়া বা পোস্টে পাঠানো।

c) এটাও শর্ত রয়েছে ঝুঁকির দায়িত্ব গ্রহণ সেইদিন থেকেই হতে পারে যেদিন প্রিমিয়ামটা নগদে বা চেকে জমা পড়বে।

d) প্রিমিয়াম যেখানে ডাকে বা মানি অর্ডারে বা ডাকে চেক পাঠিয়ে জমা করা হয়, সেই দিন থেকেই ঝুঁকির দায়িত্ব গৃহীত হবে যেদিন মানি অর্ডার বুক করা হবে বা চেক ডাকমারফত পাঠানো হবে।

e) বীমাকারীকে প্রিমিয়ামের কোনো ফেরত দেওয়ার বিষয় এলে যা হতে পারে পলিসি বাতিলের ক্ষেত্রে বা নিয়ম ও শর্ত বদলে গেলে, সেই ফেরত দেওয়া অর্থ বীমাকারক সরাসরি বীমাকারীকেই পাঠাবেন একটা ক্রস্ড বা অর্ডার চেক বা ডাকে / মানি অর্ডার মারফত। এবং এর জন্য বীমাকারীর কাছ থেকে একটা উপযুক্ত রিসিপ্টও পাবেন বীমাকারক, এবং এই ধরনের ফেরত কোনোভাবেই এজেন্টের আমানতে হবে না।

---

এই প্রিমিয়ামের উপর পূর্ব শর্তের কিছু ব্যতিক্রম রয়েছে, যার সুযোগ দেওয়া হয়েছে বীমা বিধির **58** ও **59**-এ।

2. **প্রিমিয়াম প্রদানের পদ্ধতি**

**গুরুত্বপূর্ণ**

কোনো ব্যক্তি যিনি একটি বীমা পলিসি নিতে আগ্রহী বা একজন পলিসিহোল্ডারকে যে প্রিমিয়াম বীমাকারককে দিতে হয়, তারএকটি বা একাধিক উপায়সমূহ:

a) নগদ;
b) তফসিলভুক্ত ভারতের যে কোনো ব্যাঙ্কের চেক, ডিমান্ড ড্রাফ্ট, পে অর্ডার, ব্যাঙ্কার্স চেকের মতো যে কোনো স্বীকৃত ব্যাঙ্কিং বিনিময় দলিল;
c) পোস্টাল মানি অর্ডার;
d) ক্রেডিট অথবা ডেবিট কার্ড;
e) ব্যাঙ্ক গ্যারান্টি বা ক্যাশ ডিপোজিট
f) ইন্টারনেট;
g) ই-ট্রান্সফার
h) ব্যাঙ্ক ট্রান্সফারের মাধ্যমে প্রস্তাবক বা পলিসিহোল্ডার বা জীবন বীমাকারী স্থায়ী নির্দেশের মাধ্যমে সরাসরি ক্রেডিট;
i) সময়ে সময়ে কর্তৃপক্ষের দ্বারা অনুমোদিত পেমেন্টের অন্য যে কোনো পদ্ধতি;

IRDA ***বিধি অনুযায়ী প্রস্তাবক / পলিসি হোল্ডার যদি নেট ব্যাঙ্কিং বা ক্রেডিট / ডেবিট কার্ড মারফত প্রিমিয়াম দানের পছন্দ বাছেন তাহলে অবশ্যই তা করতে হবে ঐ প্রস্তাবক / পলিসি হোল্ডারের নামে ইস্যু করা নেট ব্যাঙ্কিং অ্যাকাউন্ট বা ক্রেডিট / ডেবিট কার্ড মারফত।***

*নিজেকে পরীক্ষা করা* **3**

প্রিমিয়াম পেমেন্ট যদি চেকে করা হয়, তাহলে নিচের কোন বিবৃতিটি সত্য ?

I. ঝুঁকি সেই দিন থেকে গৃহীত হবে যেদিন চেকটা পোস্ট করা হয়েছে
II. ঝুঁকি সেই দিন থেকে গৃহীত হবে যেদিন চেকটা বীমা কোম্পানিতে জমা পড়বে
III. ঝুঁকি সেই দিন থেকে গৃহীত হবে যেদিন চেকটা বীমা কোম্পানি হাতে পাবে
IV. ঝুঁকি সেই দিন থেকে গৃহীত হবে যেদিন চেকটা প্রস্তাবক ইস্যু করেছেন

## D. কভার নোট / বীমার শংসাপত্র / পলিসির দলিল

আন্ডাররাইটিং প্রক্রিয়াটি সম্পূর্ণ হওয়ার পর পলিসি ইস্যু করতে কিছুটা সময় লাগতে পারে। **পলিসি তৈরি বকেয়া থাকলে বা যখন বীমা নিয়ে কথাবার্তা চলছে এবং এটা জরুরী যে অস্থায়ী ভিত্তিতে একটা কভার দেওয়া বা আসল প্রযোজ্য হার নির্ধারণের জন্য যখন জায়গা পরিদর্শন হচ্ছে,** একটা কভার নোট ইস্যু হয় পলিসির আওতায় সুরক্ষা নিশ্চিত করতে। এটা কভারের বর্ণনা দেয়। কখনো বীমাকারক একটা চিঠি দিয়ে নিশ্চিত করেন যে একটা কভার নোটের বদলে অস্হায়ী বীমা কভার দেওয়া হয়েছে।

কভার নোটে স্ট্যাম্প না থাকলেও কভার নোটের বাক্যে স্পষ্ট করে দেওয়া হয় যে এটি সংশ্লিষ্ট বীমাবর্গের জন্য বীমাকরণের পলিসির স্বাভাবিক শর্তাবলীসাপেক্ষে। ঝুঁকিটি যদি কোন ওয়্যারান্টি দ্বারা নিয়ন্ত্রিত হয়, তাহলে কভার নোট জানাবে যে বীমাটি ওয়্যারান্টিসাপেক্ষে হবে। এছাড়াও কভার নোট যদি প্রযোজ্য হয় তবে বিশেষ ধারা সাপেক্ষভাবে তৈরি হতে পারে। যেমন সম্মত ব্যাঙ্কধারা, ঘোষণাধারা প্রভৃতি।

**একটা কভার নোটে নিম্নলিখিত বিষয়গুলি অন্তর্ভুক্ত থাকে:**

a) বীমাকারীর নাম ও ঠিকানা
b) সাম অ্যাসুয়োর্ড
c) বীমার মেয়াদ
d) কভার হওয়া ঝুঁকি
e) হার ও প্রিমিয়ম: হার যদি জানা না থাকে, অস্থায়ী প্রিমিয়াম
f) **কভার হওয়া ঝুঁকির বিবরণ:** উদাহরণস্বরুপ একটা ফায়ার কভার নোটে বিল্ডিংয়ের শনাক্তকারী বিবরণ ইঙ্গিত করবে, তার নির্মাণ ও কি কাজে ব্যবহার হয়।
g) কভার নোটের ক্রমিক সংখ্যা
h) ইস্যু করার তারিখ
i) কভার নোটের বৈধতা সাধারণত এক পক্ষ কালের জন্য হয় এবং বিরলতমভাবে 60 দিন পর্যন্ত হতে পারে

**কভার নোট প্রধানত ব্যবহৃত হয় মেরিন ও মোটর শ্রেণীর ব্যবসার ক্ষেত্রে।.**

### 1. মেরিন কভার নোট

এটা সাধারণত ইস্যু করা হয় যখন পলিসি ইস্যু করার জন্য স্টিমারের নাম, প্যাকেজের সংখ্যা বা সঠিক মূল্য প্রভৃতির মতো প্রয়োজনীয় বিবরণগুলি জানা থাকে না। এমনকি রপ্তানির ক্ষেত্রেও একটা কভার নোট ইস্যু করা হতে পারে; উদাহরণস্বরুপ একটা নির্দিষ্ট পরিমাণ কারগো জাহাজে তোলার জন্য রপ্তানিকারক ডকে পাঠিয়েছেন। এটা হতে পারে যে পর্যাপ্ত শিপিং স্পেসের অভাবে, নির্দিষ্ট ভেসেলে কারগো তোলা সম্ভব হলো না। তাহলে ঐ পরিমাণ পণ্য যা একটি নির্দিষ্ট ভেসেলে পাঠানো হয়েছে, কিন্তু কোন ভেসেলে তা জানা যায়নি। এই পরিস্থিতিতে একটা কভার নোট প্রয়োজন পড়তে পারে যার ভিত্তিতে পরে রেগুলার পলিসি ইস্যু করা হবে যাতে সমস্ত বিবরণ বীমা কোম্পানিকে জানানো যাবে।

মেরিন কভার নোটে নিম্নলিখিত লাইনগুলি উল্লেখ করা হতে পারে:

i. মেরিন কভার নোট নম্বর
ii. ইস্যুর তারিখ
iii. বীমাকারীর নাম
iv. কত তারিখ পর্যন্ত বৈধ

আপনার অনুরোধ অনুযায়ী এতদ্বারা আপনার কব্জায় স্বাভাবিক শর্ত অনুযায়ী ________________টাকা পর্যন্ত কোম্পানির পলিসির আওতায় কভার হওয়া বিষয়বস্তু রয়েছে।

a) **ধারা :** প্রাতিষ্ঠানিক ধারা অনুযায়ী ওয়ার SRCC ঝুঁকি সহ প্রাতিষ্ঠানিক কারগো ধারা A, B বা C, তবে **7** দিনের নোটিসেবাতিল সাপেক্ষ।

b) **শর্ত :** জাহাজে মালপত্র তোলার বিস্তারিত বিবরণ দেওয়া হবে পলিসি ইস্যু করার জন্য শিপিং নথি হাতে পেয়ে। সম্মতি ঘোষণার আগে কোনো হানি বা ক্ষতি হলে এবং / অথবা স্টিমারের বোর্ডে শিপমেন্টের ক্ষেত্রে, মূল্যায়ণের ভিত্তি হবে পণ্যের প্রাথমিক মূল্য সঙ্গে সঙ্গে সঠিক অ্যাসুয়োর্ডের দায়িত্ব হবে সঠিক মাশুল বহন করা।

অন্তঃদেশীয় ট্রানজিটের জন্য সাধারণত পলিসি ইস্যু করার সময় প্রাসঙ্গিক সমস্ত তথ্যই পাওয়া যায় এবং তাই কভার নোটের খুবই কম প্রয়োজন। যদিও কোনো কোনো ক্ষেত্রে কভার নোট ইস্যু করা হয় এবং পরে সেটা কারগো, ট্রানজিট প্রভৃতির পূর্ণাঙ্গ বিবরণ সহ পলিসি দিয়ে বদলে দেওয়া হয়।

2. **মোটর কভার নোট**

এগুলি ইস্যু করা হবে সংশ্লিষ্ট কোম্পানির নির্ধারিত ফর্মে। একটা মোটর কভার নোটের অপারেটিভ ধারাগুলি পড়তে নিম্নরূপ হয় :

''ফর্মে বর্ণিত বীমাকারী, নিম্নে উল্লেখিত, এখানে বর্ণিত মোটর গাড়ির উপর বীমার প্রস্তাব দিয়েছেন এবং ঝুঁকির জন্য ...টাকা প্রিমিয়াম হিসেবে জমা দিয়েছেন, এতদ্বারা বীমাকারী একটা কভার পাবেন কোম্পানির সাধারণ শর্ত অনুযায়ী সাধারণ ফর্মে....সেই ভিত্তিতেই পলিসি প্রযোজ্য হবে (নিচেরউল্লেখিতকোনবিশেষশর্তসাপেক্ষে) অন্যথায় এই কভার কোম্পানি লিখিত নোটিস দিয়ে বাতিল করে দেবে যেক্ষেত্রে বীমা বন্ধ হয়ে যাবে এবং কোম্পানি যদি ঝুঁকিতে থেকে থাকে তাহলে সেই সময়ের জন্য এই বীমার জন্য প্রদেয় প্রিমিয়ামের একটা সমানুপাতিক অংশ চার্জ করা হবে।''

**মোটর কভার নোটে সাধারণত নিম্নলিখিত বিবরণগুলি থাকে :**

a) রেজিস্ট্রেশন মার্ক ও নম্বর, অথবা বীমাকৃত গাড়ির বর্ণনা / কিউবিক ক্যাপাসিটি / বহন ক্ষমতা / কোন কোম্পানির তৈরি / উৎপাদনের বছর, ইঞ্জিন নম্বর, চেসিস নম্বর
b) বীমাকারীর নাম ও ঠিকানা
c) আইনের উদ্দেশ্যে বীমার শুরুর কার্যকরী তারিখ ও সময়। সময়......, তারিখ......
d) বীমা সমাপ্তির দিন
e) ড্রাইভ করার অধিকারপ্রাপ্ত ব্যক্তি অথবা ব্যক্তির শ্রেণী
f) ব্যবহারের সীমাবদ্ধতা
g) বাড়তি ঝুঁকি, যদি কিছু থাকে

মোটর কভার নোটে একটা সংশাপত্র যুক্ত করা হয় কার্যকর করতে যা মোটর ভেহিকেলস আইন, **1988**-র অধ্যায় **X** ও **XI** ধারার ভিত্তিতে ইস্যু করা হয়।

**গুরুত্বপূর্ণ**

কভার নোটের বৈধতা **15** দিনের মেয়াদের উপরে বাড়ানো যেতে পারে, তবে কোনোভাবেই কভার নোটের বৈধতা দু’মাসের বেশি হবে না।

---

**নোট :** কভারনোটের বাক্য এক এক জন বীমাকারকের ক্ষেত্রে অদল বদল হতে পারে।

**বেশিরভাগ কোম্পানি কভার নোটের ব্যবহারে নিরুৎসাহ দেখাচ্ছেন। আজকাল প্রযুক্তির সুবিধা সঙ্গে সঙ্গে বীমার দলিল ইস্যু করার সুযোগ এনে দিয়েছে।**

3. **বীমার শংসাপত্র – মোটর বীমা**

বীমার একটা শংসাপত্র যেখানে প্রমাণপত্র প্রয়োজন সেখানে বীমার অস্তিত্বকে উপলব্ধ করে। যেমন ধরুন মোটর বীমায় মোটর ভেহিকেলস আইনের প্রয়োজনীয়তা অনুযায়ী পলিসির সঙ্গে বীমার একটা শংসাপত্রও ইস্যু করা হয়। এই শংসাপত্রটি পুলিস ও রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের কাছে বীমার অস্তিত্বের প্রমাণ দেয়। প্রাইভেট গাড়ির একটা নমুনা শংসাপত্র নিচে দেওয়া হলো, প্রধান বৈশিষ্ট্য দেখাতে।

**মোটর ভেহিকেলস আইন**, 1988

**বীমার শংসাপত্র**

শংসাপত্রের নম্বর . পলিসি নম্বর .

**1.** রেজিস্ট্রেশন মার্ক ও নম্বর, রেজিস্ট্রেশনের জায়গা, ইঞ্জিন নম্বর / চেসিস নম্বর / কোন কোম্পানির তৈরি / উৎপাদনের বছর
**2.** বডির ধরন / C.C / সিটিং ক্ষমতা / নেট প্রিমিয়াম / রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের নাম,
**3.** ভৌগোলিক এলাকা – ভারত
**4.** বীমাকারী ঘোষিত মূল্য (IDV)
**5.** বীমাকারীর নাম ও ঠিকানা, ব্যবসা ও পেশা
**6.** আইনের উদ্দেশ্যে বীমা শুরুর কার্যকরী তারিখ। হইতে ......
**7.** বীমা শেষ হবার তারিখ: ..........মধ্যরাত
**8.** ড্রাইভ করতে অধিকারপ্রাপ্ত ব্যক্তি বা ব্যক্তির শ্রেণী।

নিম্নোক্তের কোনোটি :

(a) বীমাকারী :
(b) অন্য কোনো ব্যক্তি যিনি বীমাকারীর নির্দেশে বা অনুমতি নিয়ে ড্রাইভ করছেন

শর্ত হলো যে, যে ব্যক্তি ড্রাইভিং করছেন দুর্ঘটনার সময় তাঁর একটা সক্রিয় ড্রাইভিং লাইসেন্স ছিল এবং এই ধরনের একটা লাইসেন্স পাওয়ার বা রাখা ক্ষেত্রে অযোগ্য নন। এমন শর্তও রয়েছে যে কোন ব্যক্তির কাছে একটি সক্রিয় লার্নার লাইসেন্স থাকলে তিনিও ড্রাইভ করতে পারেন এবং এই ধরনের ব্যক্তিদের সেন্ট্রাল মোটর ভেহিকেলস রুলস **1989**-র রুল **3**-র প্রয়োজনীয়তা মেটাতে হবে।

**ব্যবহারের সীমাবদ্ধতা**

পলিসি কভার নিচের গুলি ছাড়া যে কোন উদ্দেশ্যে ব্যবহার যোগ্য

a) ভাড়া বা পুরস্কার;
b) পণ্য বহন (ব্যক্তিগত মাল ছাড়া)
c) সংগঠিত রেসিং,
d) রেস করা,
e) স্পীড পরীক্ষা
f) নির্ভরযোগ্যতা বিচার

g) মোটর ট্রেডের সঙ্গে যুক্ত অন্য কোন উদ্দেশ্যে
এতদ্বারা আমি/আমরা প্রত্যয়িত করছি যে এই শংসাপত্রটি যে পলিসির সঙ্গে সম্পর্কিত এবং পাশাপাশি বীমার এই শংসাপত্রও ইস্যু করা হয়েছে মোটর ভেহিকেল আইন **1988**-র অধ্যায় **X** এবং অধ্যায় **XI**-র ধারা মোতাবেক।
পরীক্ষিত.................
(অনুমোদিত বীমাকারক)

**মোটর বীমার শংসাপত্র গাড়ির সঙ্গে সবসময় বহন করা জরুরী যাতে প্রাসঙ্গিক কর্তৃপক্ষ তা খতিয়ে দেখতে পারেন।**

4. **পলিসির দলিল**

**পলিসি হলো একটা আনুষ্ঠানিক নথি যা বীমার চুক্তির প্রমাণ দেয়।** ভারতীয় স্ট্যাম্প আইন, 1899-এর শর্ত অনুযায়ী এই দলিলে স্ট্যাম্প বসাতে হয়।

একটা সাধারণ বীমা পলিসিতে সাধারণত থাকে:

a) বীমাকারী ও বিষয়বস্তুতে বীমা স্বার্থ জড়িয়ে রয়েছে এমন অন্য ব্যক্তিদের নাম (গুলি) ও ঠিকানা (গুলি);
b) যে সম্পত্তি বা বিষয়ের উপর বীমা করা হয়েছে তার পূর্ণাঙ্গ বর্ণনা;
c) পলিসির আওতায় বীমা করা সম্পত্তি বা বিষয়ের অবস্থান এবং যেখানে যথাযথ নিজ নিজ বীমাকৃত মূল্য;
d) বীমার মেয়াদ;
e) বীমাকৃত অঙ্ক;
f) কভার হওয়া বিপদ ও ব্যতিক্রম;
g) বাহুল্য / বিয়োজনের ক্ষেত্রে প্রযোজ্য ;
h) প্রদেয় প্রিমিয়াম ও যেখানে প্রিমিয়ামটা অস্থায়ীভাবে সমন্বয়যোগ্য, প্রিমিয়ামের সমন্বয়ের ভিত্তি;
i) পলিসিরমেয়াদ, শর্ত ও ওয়ার্‍যান্টি;
j) পলিসির আওতায় একটা ক্লেইম বাড়ানোর মতো পরিস্থিতিতে বীমাকরী ব্যবস্থা নিতে পারেন;
k) কোনো ঘটনা ঘটার ভিত্তিতে বীমার বিষয়বস্তু সম্পর্কে বীমাকারীর বাধ্যবাধকতা একটা ক্লেইমকে বাড়িয়ে দেয় ও এই পরিস্থিতিতে বীমাকারকের অধিকার বাড়ায়;
l) কোনো বিশেষ অবস্থা;
m) মিথ্যাবর্ণনা, জালিয়াতি, বস্তুগত কোনো বিষয় না জানানো বা বীমাকারীর অসহযোগিতার জন্য পলিসি বাতিলের ব্যবস্থা;
n) বীমাকারীর ঠিকানা যেখানে পলিসি সংক্রান্ত সমস্ত যোগাযোগ করা হবে;
o) কোনো রাইডার থাকলে তার বিস্তারিত;
p) অভিযোগপ্রতিবিধানেরব্যবস্থাওন্যায়পালএরঠিকানারবিবরণ

প্রত্যেক বীমাকারকপ্রয়োজনীয় তথ্যগুলি বীমাক্রেতাকে পর্যায়ক্রমে জানাবেন এবং সৃষ্টি হওয়া ক্লেইমগুলি দ্রুত নিষ্পত্তির জন্য বীমাকারী সঠিক পন্থাই অনুসরণ করবেন।

*নিজেকে পরীক্ষা* 4

কভার নোট সম্পর্কে নিচের কোন বিবৃতিটি সত্য ?

I. কভার নোট প্রধানত ব্যবহৃত হয় জীবন বীমায়
II. কভার নোট প্রধানত ব্যবহৃত হয় সব শ্রেণীর সাধারণ বীমায়
III. কভার নোট প্রধানত ব্যবহৃত হয় স্বাস্থ্য বীমায়
IV. কভার নোট প্রধানত ব্যবহৃত হয় মেরিন ও মোটর শ্রেণীর সাধারণ বীমায়

## E. ওয়ার্‌যান্টি

একটা চুক্তির অধীনে বীমাকারকের দায়বদ্ধতা সীমিত করতে একটা বীমা চুক্তিতে ওয়ার্‌যান্টি ব্যবহৃত হয়। বিপদ কমাতে বীমাকারকরা উপযুক্ত ওয়ার্‌যান্টি অন্তর্ভুক্ত করে। একটা ওয়ার্‌যান্টি দিয়ে বীমা চুক্তির একটি পক্ষ, বীমাকারক, নির্দিষ্ট বাধ্যবাধকতা গ্রহণ করেন যা নির্দিষ্ট সময়ের মধ্যে মেনে চলা দরকার এবং বীমাকারকের দায়বদ্ধতা নির্ভর করে এই বাধ্যবাধকতার ব্যাপারে বীমাকারীর সম্মতির উপর। ঝুঁকিরব্যবস্থাপনাএবংউন্নতিসাধন করার ক্ষেত্রে একটি অপরিহার্যভূমিকা পালন করে ওয়ার্‌যান্টি।

ওয়ার্‌যান্টি হলো একটি শর্ত যা স্পষ্টভাবে পলিসিতে যা বিবৃত থাকে, এবং চুক্তির বৈধতার জন্য আক্ষরিকভাবে মেনে চলতে হয়। ওয়ার্‌যান্টি কোনো পৃথক দলিল নয়। এটি কভারনোট ও পলিসি দলিল উভয়েরইঅংশ।এটা চুক্তির একট পূর্ব শর্ত। এটা কঠোরভাবে পালন ও মেনে চলতে হবে, বিষয়বস্তুতে ঝুঁকি থাক বা না থাক। ওয়ার্‌যান্টি লঙ্ঘন করা হলে, পলিসি বীমাকারকের বাছাইয়ের ভিত্তিতে বাতিলযোগ্য হয়ে যায় এমনকি যদি এটাও স্পষ্টভাবে প্রমাণিত হয় যে এই লঙ্ঘনের ফলে নির্দিষ্ট কোনো ক্ষতি সৃষ্টি হয়নি বা তাতে ছাপ পড়েনি, তা সত্ত্বেও। যদি ব্যবহারিকভাবে ওয়ার্‌যান্টি লঙ্ঘন বিশুদ্ধরূপে একটা প্রযুক্তিগতপ্রকৃতির হয় এবং কোনোভাবেই ক্ষতি বাড়ানোয় কোনোরকম অবদান না রাখে, (ক্ষতিকে নন-স্ট্যান্ডার্ড ক্লেইম অ্যান্ড সেটেলড বলে বিবেচিত হতে পারে) তাহলে বীমাকারক তার বিবেচনার ভিত্তিতে কোম্পানীর নীতি অনুযায়ী নিয়ম ও নির্দেশাবলী মেনে ক্লেইমের প্রক্রিয়া করতে পারেন।

### 1. ফায়ার বীমা ওয়ার্‌যান্টিগুলি নিচে দেওয়া হলো

ওয়ার্‌যান্টি দেওয়া হয়েছে যে পলিসি বর্তমান থাককালীন বীমাকৃত চত্বরে কোনো বিপজ্জনক পণ্য মজুত করা হবে না।

নীরব ঝুঁকি: ওয়ার্‌যান্টি দেওয়া হয়েছে যে বীমাকৃত চত্বরে একটানা 30 দিন বা তার বেশি কোনো ম্যানুফ্যাকচারিং কাজ করা হবে না।

সিগারেট ফিল্টার ম্যানুফ্যাকচারিং: ওয়ার্‌যান্টি দেওয়া হয়েছে যে বীমাকৃত চত্বরে $30^0C$-এর নিচে ফ্ল্যাশ পয়েন্ট রয়েছে এমন কোনো দ্রাবক ব্যবহার/মজুত করা হবে না।

2. মেরিন বীমায়,একটাওয়ার্‌যান্টিকে এই ভাবে বর্ণনা করা হয়: ''একটি অঙ্গীকারপূর্ণ ওয়ার্‌যান্টি, বলা যায়, একটা ওয়ার্‌যান্টি যার মাধ্যমে অ্যাসুয়োর্ড দায়িত্ব গ্রহণ করেন যে নির্দিষ্ট কাজ করা হবে বা করা হবে না, অথবা কিছু শর্ত পূরণ করা হবে, অথবা একইভাবে তিনি বলবেন একটা নির্দিষ্ট অবস্থা বা ঘটনার থাকা বা না থাকার কথা।''

মেরিন কারগো বীমায় একটা ওয়ার্‌যান্টি এই মর্মে ঢোকানো হয় যে পণ্যগুলি (যেমন চা) টিন-লাইনড কেসে প্যাক করা হবে। মেরিন হাল ইনস্যুরেন্সে একটা ওয়ার্‌যান্টিতে ঢোকানো হয়েছে যে বীমাকৃত ভেসেল নির্দিষ্ট জায়গায় যাবে না, ঝুঁকির বিস্তৃতি সম্পর্কে বীমাকারককে একটা ধারণা দেবেন যাতে তিনি তার কভার দেওয়ার ব্যাপারে সম্মত হন। ওয়ার্‌যান্টি যদি লঙ্ঘিত হয়, ঝুঁকিটা প্রাথমিকভাবে হস্তান্তর হয়ে যাবে এবং লঙ্ঘনের দিন থেকে তার দায়বদ্ধতা নেওয়া থেকে বীমাকারক নিজেকে সরিয়ে নিতে পারে।

3. **ডাকাতি বীমায়,** এটা ওয়ার্যান্টি দেওয়া হয় যে চব্বিশ ঘন্টার জন্য সম্পত্তিকে পাহারা দেবে একজন ওয়াচম্যান। পলিসির হার, মেয়াদ ও শর্ত একই থাকবে শুধুমাত্র যদি পলিসির সঙ্গে সংযুক্ত ওয়ার্যান্টি মেনে চলা হয়।

*নিজেকে পরীক্ষা* **5**

ওয়ার্যান্টি সম্পর্কে নিচের কোন বিবৃতিটি সঠিক?

I. একটি ওয়ার্যান্টি হলো একটি শর্ত যা একটি পলিসিতে বিবৃত না হয়েই সূচিত হয়।
II. একটি ওয়ার্যান্টি হলো একটি শর্ত যা পলিসিতে প্রকাশিত হয়
III. একটি ওয়ার্যান্টি হলো একটি শর্ত যা পলিসিরত বিবৃতিতে প্রকাশিত হয় এবং পলিসি দলিলের অংশ হিসেবে নয়, বীমাকারীকে আলাদাভাবে জানিয়ে দেওয়া হয়।
IV. যদি একটি ওয়ার্যান্টি লঙ্ঘিত হয়, ক্লেইম তাহলেও পাওয়া যেতে পারে যদি তা ঝুঁকির বস্তু না হয়।

## F. *অনুমোদন*

এটা হলো একটা স্ট্যান্ডার্ড ফর্মে পলিসি ইস্যু করতে বীমাকারকের একটা চর্চা; অন্য কিছু বাদ দিয়ে নির্দিষ্ট ঝুঁকি সুরক্ষা দিতে।

**সংজ্ঞা**

***ইস্যু করার সময় যদি পলিসির কোনো নির্দিষ্ট শর্তাবলী বদলাতে হয়, এটা করা হয় অনুমোদন দলিলে সংশোধনী করে / পরিবর্তন করে।***

এটা পলিসির সঙ্গে সংযুক্ত এবং পলিসিরই অংশ হিসেবে গঠিত। পলিসি ও অনুমোদন একসঙ্গে মিলে চুক্তির প্রমাণপত্র তৈরি করে। পলিসি বর্তমান থাকা অবস্থায় পরিবর্তন / সংশোধন রেকর্ড করার সময়েও অনুমোদন ইস্যু করা যেতে পারে।

যখন বিষয়বস্তুর তথ্য পরিবর্তন হয়, বীমাকারীকেই বীমাকারককে জানাতে হয় এটা নোট করে নেওয়ার জন্য এবং অনুমোদনের মাধ্যমে এটাকে বীমা চুক্তির অংশ হিসেবে অন্তর্ভুক্ত করতে।

অনুমোদন সাধারণত প্রয়োজন হয় একটা পলিসির অধীনে যা সম্পর্কিত :

a) বীমাকৃত অঙ্কের প্রকারভেদ / পরিবর্তন

b) বিক্রয়, বন্ধক প্রভৃতির মাধ্যমে বীমাকৃত স্বার্থের পরিবর্তন

c) অতিরিক্ত ঝুঁকিকে সুরক্ষা করতে বীমার সম্প্রসারণ / পলিসির মেয়াদ কালের সম্প্রসারণ

d) ঝুঁকির পরিবর্তন, যেমন ফায়ার ইনস্যুরেন্সে বাড়ির নির্মাণে অথবা মালিকানার বদল

e) অন্য অবস্থানে সম্পত্তির বদলি

f) বীমা বাতিল

g) নাম, ঠিকানা প্রভৃতি বদল

**নমুনা**

ব্যাখ্যামূলক নিদর্শনের উদ্দেশ্যে, কিছু অনুমোদনের নমুনা বাক্য নিচে তুলে দেওয়া হলো :

**বাতিল করা**

বীমাকারীর অনুরোধ মতো এই পলিসির বীমা এতদ্বারা.......হইতে বাতিল বলে ঘোষিত হচ্ছে। এই বীমাটি .........মাস মেয়াদের জন্য চালু ছিল, বীমাকারীর কাছে কোনো বকেয়া নেই।

**<u>স্টক ভ্যালু কভাবে বৃদ্ধি :</u>**

'' বীমাকারীকে পরামর্শ দেওয়া হচ্ছে যে এই পলিসির দ্বারা সুরক্ষা করা স্টক বৃদ্ধি পেয়েছে তাই এতদ্বারা সম্মতি দেওয়া হচ্ছে যে বীমাকৃত অঙ্ক সেই মতো বদলে ......টাকা হচ্ছে, নিচের আলোচনার ভিত্তিতে:

উপর (বর্ণনা) টাকা
উপর (বর্ণনা) টাকা

সেই বিবেচনা মাফিক এতদ্বারা অতিরিক্ত প্রিমিয়াম ধার্য করা হচ্ছে।

অতিরিক্ত বার্ষিক প্রিমিয়াম টাকা..........

মোট বীমা এখন দাঁড়ালো টাকা .......

এই পলিসির পরিপ্রেক্ষিত, প্রবিধান ও শর্ত মোতাবেক।

**একটা মেরিন পলিসিতে অসংশ্লিষ্ট ঝুঁকিকে অন্তর্ভুক্ত করতে কভারের সম্প্রসারণ**

বীমাকারীর অনুরোধে এতদ্বারা উপরোক্ত পলিসির অধীনেভাঙার জন্য ক্ষয়ক্ষতির ঝুঁকিকে অন্তর্ভুক্ত করতে সম্মতি দেওয়া হলো।

বিবেচনা অনুযায়ী, সেই মতো বীমাকারীকে ......টাকার একটা অতিরিক্ত প্রিমিয়াম ধার্য করা হচ্ছে।

**বহনের ধরন বদল**

অ্যাসুয়োর্ড ঘোষণা করেছে যে পলিসি অধীনে.........টাকা মূল্যের 2 ব্যারেল সুগন্ধ দ্রব্য জাহাজের ডেকে তোলা হয়েছে কনসাইনমেন্টের বাইরে, এতদ্বারা এগুলিকে জেটিশন ও ওয়াশিং ওভারবোর্ডের উপর সুরক্ষা দিতে সম্মতি দেওয়া হলো।
বিবেচনা অনুযায়ী, সেই মতো অ্যাসুয়োর্ডকে ......টাকার একটা অতিরিক্ত প্রিমিয়াম ধার্য করা হচ্ছে।
অতিরিক্ত প্রিমিয়াম............... টাকা .............

*নিজেকে পরীক্ষা* **6**

ইস্যু করার সময় যদি পলিসির নির্দিষ্ট শর্তাবলী বদল করতে হয়, এটা করতে হবে __________সংশোধনীর মাধ্যমে।

I. ওয়ার্যান্টি
II. অনুমোদন
III. পরিবর্তন
IV. বদল করা সম্ভব নয়

## G. *পলিসির ব্যাখ্যা*

বীমার চুক্তিকে লিখিতভাবে প্রকাশ করা হয় এবং বীমা পলিসির বাক্যগুলির খসড়া তৈরি করে বীমাকারক। এই পলিসিগুলিকে রূপায়িত হতে হয় নির্মাণ ও ব্যাখ্যার একটা নির্দিষ্ট সু-সংজ্ঞায়িত নিয়ম অনুযায়ী যা বিভিন্ন আদালত কর্তৃক প্রতিষ্ঠিত। নির্মাণের সবচেয়ে গুরুত্বপূর্ণ নিয়মটা হলো পক্ষগুলির অভিপ্রায় যেন বিরাজমান থাকে এবং এই অভিপ্রায় যেন পলিসির মধ্যেও দেখা যায়।একটা পলিসি যদি দ্ব্যর্থক পদ্ধতিতে ইস্যু করা হয়, এটা তাহলে বীমাকারীর পক্ষে এবং বীমাকারকের বিপক্ষে আদালত ব্যাখ্যা করবে সেই সাধারণ নীতির ভিত্তিতে যে পলিসির খসড়া তৈরি করেছে বীমাকারকই।

পলিসির বাক্যগুলি নিম্নলিখিত নিয়মের ভিত্তিতে বুঝতে ও ব্যাখ্যা করতে হবে:

a) একটা সুস্পষ্টভাবে বর্ণিত অবস্থা একটা উহ্য শর্তকে অগ্রাহ্য করে যেখানে তেমনটা করার মধ্যে কোনো অসঙ্গতি রয়েছে।

b) স্ট্যান্ডার্ড ছাপানো ফর্ম ও টাইপ করা অথবা হাতে লেখা অংশের মধ্যে অসঙ্গতি হলে টাইপ বা হাতে লেখা অংশকে বিশেষ চুক্তিতে পক্ষগুলির অভিপ্রায় প্রকাশ বলে গণ্য করা হবে, সেগুলির মানে ছাপানো ফর্মে থাকা কথাগুলিকে অগ্রাহ্য করবে।

c) যদি একটা অনুমোদন চুক্তির অন্য অংশের মানের সঙ্গে না মেলে তাহলে অনুমোদনটাই জিতবে কারণ সেটা পরের দলিল।

d) ইটালিকসে লেখা ধারাগুলি সাধারণ ছাপানো শব্দকে অগ্রাহ্য করবে যেখানে সেগুলি সামঞ্জস্যহীন।

e) পলিসির মার্জিনে ছাপানো বা টাইপ করা ধারাগুলিকে পলিসির মধ্যে থাকা শব্দের তুলনায় বেশি গুরুত্ব দিতে হবে।

f) পলিসিতে যে ধারাগুলি অ্যাটাচ করা বা পেস্ট করা থাকে সেগুলি মার্জিনে থাক ধারা এবং পলিসির বডিতে থাকা ধারা উভয়কেই অগ্রাহ্য করে।

g) টাইপ করা শব্দ বা হাতে লিখে রাবার স্ট্যাম্প মারা শব্দগুলি ছাপানো শব্দকে অগ্রাহ্য করে।

h) টাইপ করা বা ছাপান শব্দের থেকে বেশি প্রাধান্য পায় হাতের লেখা।

i) উপরন্তু, স্বচ্ছতার কোনো অভাব বা অস্পষ্টতা থাকলে ব্যাকরণ ও যতিচিহ্নের সাধারণ নিয়ম প্রয়োগ করা হয়।

**গুরুত্বপূর্ণ**

### 1. পলিসির নির্মাণ

একটি বীমা পলিসি হলো একটা বাণিজ্যিক চুক্তির প্রমাণপত্র। অন্যান্য চুক্তির ক্ষেত্রে যেমন হয় তেমনি আদালত সমূহের গৃহীত নির্মাণের সাধারণ নিয়ম ও ব্যাখ্যা বীমার চুক্তিতেও প্রয়োগ করা হয়।

নির্মাণের মূল নিয়ম হলো সমস্ত পক্ষের অভিপ্রায় যেন বিরাজমান থাকে, অভিপ্রায় পলিসির দলিল থেকেও সংগ্রহ করতে হবে এবং প্রপোজাল ফর্ম, ধারা, অনুমোদন, ওয়ার্‌্যান্টি প্রভৃতি এর সঙ্গে যুক্ত হয়ে চুক্তির একটা অংশ গঠন করবে।

2. **বাক্যের অর্থ**

ব্যবহৃত শব্দগুলিকে তাদের সাধারণ ও জনপ্রিয় অর্থেই ভাষান্তরিত করতে হয়। শব্দ যে অর্থে ব্যবহৃত হবে তা যেন একজন সাধারণ মানুষও সহজে বুঝতে পারেন। যেমন ''ফায়ার'' মানে অগ্নিশিখা বা আগুন।

অন্যদিকে, যে শব্দগুলির একটিসাধারণ ব্যবসা বা বাণিজ্যিক অর্থ রয়েছে সেগুলি একই মানে বোঝাবে যদি না বাক্যের প্রেক্ষাপট অন্যরকম ইঙ্গিত করে। যেখানে শব্দ কোনো সংবিধি দ্বারা নিয়ন্ত্রিত হয়, সেখানে সেই সংজ্ঞার অর্থেই শব্দটিকে ব্যবহার করা হবে, যেমন ''চুরি'' বলতে ভারতীয় দণ্ড বিধিতে যা বোঝানো হয় তাই।

বীমা পলিসিতে এমন বহু শব্দ ব্যবহৃত হয় যা আগের কোনো আইনী রায়ের সঙ্গে সংশ্লিষ্ট এবং একটি উচ্চতর আদালতের সিদ্ধান্তকে একটি নিম্ন আদালতের সিদ্ধান্ত অনুসরণ করে। টেকনিকাল পরিভাষা সবসময় তাঁদের টেকনিকাল অর্থই দেবে, যদি না বিপরীত কোনো ইঙ্গিত থাকে।

## H. *রিনিউয়াল নোটিস*

**বেশিরভাগ সাধারণ বীমা পলিসিতে বার্ষিক ভিত্তিতে বীমা করা হয়।**

যদিও কোনো আইনী বাধ্যবাধকতা নেই যে বীমাকারকের তরফে বীমাকারীকে পরামর্শ দেওয়া যে তাঁর পলিসিটা একটা নির্দিষ্ট দিনে শেষ হচ্ছে, তবুও সৌজন্য ও স্বাস্থ্যকর ব্যবসা চর্চা হিসেবেই বীমাকারক মেয়াদ শেষ হওয়ার আগে তাঁকে একটা রিনিউয়াল নোটিস পাঠান ও পলিসির পুনর্নবীকরণ(রিনিউয়াল) করাতে আমন্ত্রণ জানান। নোটিসে অন্তর্ভুক্ত থাকে পলিসির প্রাসঙ্গিক সমস্ত বিবরণ যেমন বীমাকৃত অঙ্ক, বার্ষিক প্রিমিয়াম প্রভৃতি। সাধারণের সঙ্গে এক নোট পাঠান হয় যাতে বীমাকারীকে পরামর্শ দেওয়া হয় যে তাঁর উচিত ঝুঁকির কোনো বস্তুগত বদল হয়ে থাকলে তা জানানোর জন্য।

**উদাহরণস্বরূপ, মোটর রিনিউয়াল নোটিসে বীমাকারীর মনোযোগ টানা হয় বীমাকৃত অর্থের বর্তমান চাহিদার নিরিখে পুনর্বিবেচনার জন্য (যেমন বীমাকারীর তরফে গাড়ির ঘোষিত মূল্য)।**

বীমাকারীর মনোযোগ একটি বিধিবদ্ধ ধারার দিকেও আকর্ষণ করা হয় যে প্রিমিয়াম আগাম জমা না পড়লে কোনো ঝুঁকিই গৃহীত হবে না।

*নিজেকে পরীক্ষা* 7

রিনিউয়াল নোটিস সম্পর্কে নিচের কোন বিবৃতিটি সঠিক?

I. বিধি অনুযায়ী, পলিসি শেষ হওয়ার **30** দিনের আগে, বীমাকারীকে একটা রিনিউয়ালের নোটিস পাঠানোর ক্ষেত্রে বীমাকারকের আইনী বাধা রয়েছে
II. বিধি অনুযায়ী, পলিসি শেষ হওয়ার **15** দিনের আগে, বীমাকারীকে একটারিনিউয়ালের নোটিস পাঠানোর ক্ষেত্রে বীমাকারকের আইনী বাধা রয়েছে
III. বিধি অনুযায়ী, পলিসি শেষ হওয়ার **7** দিনের আগে, বীমাকারীকে একটা রিনিউয়ালের নোটিস পাঠানোর ক্ষেত্রে বীমাকারকের আইনী বাধা রয়েছে
IV. বিধি অনুযায়ী, পলিসি শেষ হওয়ার **7** দিনের আগে, বীমাকারীকে একটা রিনিউয়ালের নোটিস পাঠানোর ক্ষেত্রে বীমাকারকের আইনী বাধা রয়েছে

**সারসংক্ষেপ**

a) দলিলের প্রথম পর্যায়টা হলো মূলত প্রোপোজাল ফর্ম যার মাধ্যমে বীমাকারী তার নিজের সম্পর্কে জানাবেন।

b) বস্তুগত তথ্য প্রকাশের কর্তব্য দেখা দেয় পলিসি শুরুর আগে এবং তা চুক্তি শেষ হওয়ার পরেও চলে।

c) বীমা কোম্পানিগুলি সাধারণত বীমাকারকের সই করা একটা ঘোষণা পত্র প্রোপোজাল ফর্মের শেষে জুড়ে দেয়।

d) একটা প্রোপোজাল ফর্মের অন্তর্ভুক্ত উপাদনগুলি:

   i. প্রস্তাবকের পুরো নাম
   ii. প্রস্তাবকের ঠিকানা ও যোগাযোগের বিস্তারিততথ্য
   iii. প্রস্তাবকের পেশা, বৃত্তি অথবা ব্যবসা
   iv. বীমার বিষয়বস্তুর বিবরণ ও পরিচয়
   v. বীমাকৃত অঙ্ক
   vi. আগের ও বর্তমান বীমা
   vii. ক্ষতির অভিজ্ঞতা
   viii. বীমাকারীর ঘোষণা

e) যিনি মধ্যস্থতাকারী হিসেবে কাজ করেন, এমন একজন এজেন্টের দায়িত্ব থাকে বীমাকারীর দেওয়া ঝুঁকি সম্পর্কে সমস্ত বস্তুগত তথ্য বীমাকারককে নিশ্চিতভাবে দেয়া।

f) প্রস্তাব বা প্রোপোজাল পরীক্ষা ও গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার প্রক্রিয়াটি আন্ডাররাইটিং বলে পরিচিত।

g) প্রিমিয়াম হলো একটা বীমার চুক্তির অধীনে একটি বিষয়বস্তুর বীমা দিতে বীমাকারককে প্রদেয় বীমাকারীর বিবেচনা বা মূল্য।

h) প্রিমিয়াম দেওয়া যায় নগদে, কোনো স্বীকৃত ব্যাঙ্কিং লেনদেন সরঞ্জাম, পোস্টাল মানি অর্ডার, ক্রেডিট বা ডেবিট কার্ড, ইন্টারনেট, ই-ট্রান্সফার, ডাইরেক্ট ক্রেডিট বা সময়ে সময়ে কর্তৃপক্ষের অনুমোদিত অন্য কোনো উপায়েও।

i) একটা কভার নোট ইস্যু করা হয় যখন পলিসির প্রস্তুতি বকেয়া থাকে অথবা যখন বীমা নিয়ে আলাপ-আলোচনা চলে এবং অস্থায়ী ভিত্তিতে বীমার কভার দেওয়াটাও জরুরী।

j) কভার নোট প্রধানত ব্যবহৃত হয় মেরিন ও মোটর শ্রেনীর ব্যবসায়।

k) বীমার একটি শংসাপত্র যেখানে দরকার লাগে সেখানে বীমার অস্তিত্বের একটা প্রমাণ পত্র।

l) পলিসি হলো একটা আনুষ্ঠানিক দলিল যা বীমার চুক্তির প্রমাণ দেয়।

m) ওয়ারান্টি হল পলিসিতে বর্ণিত একটা শর্ত যা চুক্তির বৈধতার জন্য আক্ষরিকভাবে মেনে চলতে হয়।

n) পলিসি ইস্যু করার সময় যদি নির্দিষ্ট কোনো শর্তাবলীর বদল করতে হয়, তা করা হয় একটা দলিলের মাধ্যমে সংশোধন /পরিবর্তন করে যাকে বলে অনুমোদন।

o) নির্মাণের সবচেয়ে গুরুত্বপূর্ণ নিয়মটা হলো পক্ষগুলির অভিপ্রায় যেন বিরাজমান থাকে এবং এই অভিপ্রায় পলিসিতে প্রতিফলিত হতে হবে।

---

## মূল পরিভাষা

a) পলিসি ফর্ম
b) প্রিমিয়ামের আগাম জমা
c) কভার নোট
d) বীমার শংসাপত্র (সার্টিফিকেট অফ ইন্সিওরেন্স)
e) রিনিউয়াল নোটিস
f) ওয়ার্‌্যান্টি

---

## নিজেকে পরীক্ষার উত্তরসমূহ

**উত্তর 1**

সঠিক বাছাই হলো III.

অবদান নীতি নিশ্চিত করে যে একই বিষয়বস্তুর কভারিংয়ে থাকা একাধিক বীমাকারক একসঙ্গে ক্লেইমের অ্যামাউন্টটাকে ভাগ করে নিতে এগিয়ে আসবেন, আর এটা হবে বিষয়বস্তুতে তাঁদের এক্সপোজারের অনুপাতে

**উত্তর 2**

সঠিক বাছাই হলো II.

নির্দেশিকা অনুযায়ী, একটা বীমা কোম্পানিকে **15** দিন সময়ের মধ্যে প্রস্তাবের প্রক্রিয়া শেষ করতে হয়।

**উত্তর 3**

সঠিক বাছাই হলো I.

প্রিমিয়াম পেমেন্ট যদি চেকে করা হয়, তাহলে ঝুঁকি সেই দিন থেকে গৃহীত হবে যেদিন চেকটা পোস্ট করা হয়েছে।

**উত্তর 4**

সঠিক বাছাই হলো IV.

কভার নোট প্রধানত ব্যবহৃত হয় মেরিন ও মোটর শ্রেণীর সাধারণ বীমায়।

**উত্তর 5**

সঠিক বাছাই হলো II.

একটি ওয়ার্‌্যান্টি হলো একটি শর্ত যা পলিসিতে প্রকাশিত হয়।

**উত্তর 6**

সঠিক বাছাই হলো II.

ইস্যু করার সময় যদি পলিসির নির্দিষ্ট শর্তাবলী বদল করতে হয়, এটা করতে হবে অনুমোদন সংশোধনীর মাধ্যমে।

**উত্তর 7**

সঠিক বাছাই হলো IV.

বিধি অনুযায়ী, পলিসি শেষ হওয়ার আগে বীমাকারীকে একটা রিনিউয়ালের নোটিস পাঠানোর ক্ষেত্রে বীমাকারকের কোনো আইনী বাধা নেই।

---

## নিজেকে পরীক্ষার প্রশ্নসমূহ

**প্রশ্ন 1**

___________ হলো পলিসির অধীনে বীমাকারকের দায়বদ্ধতার সর্বোচ্চ সীমা।

I. বীমাকৃত অঙ্ক বা সাম অ্যাসুয়োর্ড

II. প্রিমিয়াম

III. সারেন্ডার ভ্যালু

IV. ক্ষতির পরিমাণ

**প্রশ্ন 2**

_________________ হলো একটা চুক্তির অধীনে প্রদেয় বিবেচনা বা মূল্য

I. ক্লেইম অ্যামাউন্ট

II. সারেন্ডার ভ্যালু

III. ম্যাচুইরিটি অ্যামাউন্ট

IV. প্রিমিয়াম

**প্রশ্ন 3**

যে দলিল বীমার চুক্তির প্রমাণ দেয় তাকে বলে _________

I. পলিসি

II. কভার নোট

III. অনুমোদন

IV. বীমার শংসাপত্র

**প্রশ্ন 4**

প্রকাশের কর্তব্য দেখা দেয়

I. পলিসি শুরুর আগে

II. পলিসি শুরুর পরে

III. পলিসি শুরুর আগে এবং পলিসি চলাকালীণও থাকে

IV. এমন কোনো কর্তব্যই নেই

**প্রশ্ন 5**

বিষয়বস্তুর তথ্য

I. হলো একটা পলিসিতে কভার হওয়া সমস্ত বস্তুর মূল্য

II. ঝুঁকির মূল্যায়ণের জন্য গুরুত্বপূর্ণ নয়

III. হলো গুরুত্বপূর্ণ কারণ এটি আন্ডাররাইটারের সিদ্ধান্তকে প্রভাবিত করে

IV. গুরুত্বপূর্ণ নয় কারণ এটি আন্ডাররাইটারের সিদ্ধান্তে সাহায্য করে না

**প্রশ্ন 6**

ফায়ার প্রোপোজাল জানতে চায়

I. ম্যানুফ্যাকচারের ধরন

II. মজুত করা সামগ্রীর বিবরণ

III. বিল্ডিংয়ের নির্মাণ

IV. উপরের সবকটিই

**প্রশ্ন 7**

প্রিমিয়াম নেওয়া যায় না

I. নগদে

II. চেক দিয়ে

III. কর্জপত্র বা প্রমিশারি নোট দিয়ে

IV. ক্রেডিট কার্ড দিয়ে

**প্রশ্ন 8**

মোটর বীমার শংসাপত্র

I. বাধ্যতামূলক নয়

II. সবসময় নিজের কাছে রাখতে হয়

III. সবসময় গাড়িতে রাখতে হয়

IV. ব্যাঙ্কের লকারে রেখে দিতে হয়

**প্রশ্ন 9**

একটা ওয়ার্‌্যান্টি

I. হলো একটা শর্ত একটা পলিসিতে যা বিবৃত করা হয়

II. যা মেনে চলতে হয়

III. **a** এবং **b** উভয়ই

IV. উপরের কোনোটিই নয়

**প্রশ্ন 10**

মোটর বীমার জন্য রিনিউয়াল নোটিস ইস্যু করেন

I. বীমাকারi পলিসির মেয়াদ শেষ হওয়ার আগে

II. বীমাকারক পলিসির মেয়াদ শেষ হওয়ার আগে

III. বীমাকারী পলিসির মেয়াদ শেষ হওয়ার পরে

IV. বীমাকারক পলিসির মেয়াদ শেষ হওয়ার পরে

---

**নিজেকে পরীক্ষার উত্তরসমূহ**

**উত্তর 1**

সঠিক বাছাই হলো I.

বীমাকৃত অঙ্ক বা সাম অ্যাসুয়োর্ড হলো পলিসির অধীনে বীমাকারকের দায়বদ্ধতার সর্বোচ্চ সীমা।

**উত্তর 2**

সঠিক বাছাই হলো IV.

প্রিমিয়াম হলো একটা চুক্তির অধীনে প্রদেয় বিবেচনা বা মূল্য।

**উত্তর 3**

সঠিক বাছাই হলো I.

যে দলিল বীমার চুক্তি এক প্রমাণ দেয় তাকে বলে পলিসি।

**উত্তর 4**

সঠিক বাছাই হলো III.

তথ্য প্রকাশের কর্তব্য দেখা দেয় পলিসি শুরুর আগে এবং এমনকি পলিসি চালাকালীনও

**উত্তর 5**

সঠিক বাছাই হলো III.

বিষয়বস্তুর তথ্য হলো গুরুত্বপূর্ণ কারণ এটি আন্ডাররাইটারের সিদ্ধান্তকে প্রভাবিত করে।

**উত্তর 6**

সঠিক বাছাই হলো IV.

ফায়ার প্রোপোজাল জানতে চায় ম্যানুফ্যাকচারের ধরন, মজুত করা সামগ্রীর বিবরণ এবং বিল্ডিংয়ের নির্মাণ

**উত্তর 7**

সঠিক বাছাই হলো III.

প্রিমিয়াম কর্জপত্র বা প্রমিশারি নোট দিয়ে নেওয়া যায় না।

**উত্তর 8**

সঠিক বাছাই হলো III.

মোটর বীমার শংসাপত্র সবসময় গাড়িতে রাখতে হয়।

**উত্তর 9**

সঠিক বাছাই হলো III.

একটা ওয়ার‍্যান্টি হলো একটা শর্ত একটা পলিসিতে যা বিবৃত করা হয় এবং যা মেনে চলতে হয়।

**উত্তর 10**

সঠিক বাছাই হলো II.

মোটর বীমার জন্য রিনিউয়াল নোটিস বীমাকারক ইস্যু করেন পলিসির মেয়াদ শেষ হওয়ার আগে।

## সংযোজন

সংযোজন – ক

# মোটরযান বীমা প্রস্তাবের ফর্ম

## ব্যক্তিমালিকানাধীন মোটরযান দ্বিচক্রযান – প্যাকেজ পলিসি

| | | |
|---|---|---|
| প্রস্তাবকারীর নাম | | |
| যোগাযোগের ঠিকানা | | |
| টেলিফোন/ফ্যাক্স নম্বর | | |
| ই-মেল ঠিকানা | | |
| ব্যাঙ্ক অ্যাকাউন্ট নং. (এসবি/কারেন্ট) | | |
| এইচপিএ/দায়বদ্ধ | | |
| প্রয়োজনীয় পলিসির প্রকার | প্যাকেজ পলিসি | |
| বীমার সময়কাল | থেকে সময় ...... তারিখ: | পর্যন্ত |

বীমাকৃতের পরিচায়ক চিহ্ন

গাড়ির বিবরণ

| নথিভুক্তির নম্বর | ইঞ্জিন নং. এবং চেসিস নং. | প্রস্তুতির বছর | প্রস্তুতকারী ও মডেল /কাঠামোর প্রকার | কিউবিক সক্ষমতা | আসন সংখ্যা | রঙ | ব্যবহৃত জ্বালানী |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

বীমাকৃত গাড়ির সঠিক পরিচায়ক চিহ্ন

| | |
|---|---|
| নথিভুক্তিকারী কর্তৃপক্ষ – নাম এবং অবস্থিতি: | |
| মোটরযানের মূল্য: | |

| ইনভয়েস মূল্য | বৈদ্যুতিক /বৈদ্যুতিন সহায়ক যন্ত্রাংশসমূহ | অ-বৈদ্যুতিক সহায়ক যন্ত্রাংশসমূহ | পাশে থাকা সংযোজক গাড়ি /ট্রেলার | এলপিজি/সিএনজি যন্ত্রাংশ | মোট মূল্য | আইডিভি |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

এটি দাবি নিষ্পত্তিকরণের এবং প্রিমিয়াম নির্ধারণের ভিত্তি

| মোটরযানের ইতিহাস | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| পূর্ববর্তী পলিসি নম্বর | সুরক্ষার প্রকার | বীমাকারীর নাম এবং ঠিকানা | কোন দাবি না থাকাজনিত বোনাসের অধিকার | পলিসি শেষ হওয়ার তারিখ | বিগত ৩ বছরের দাবির অভিজ্ঞতা | প্রথম ক্রয় এবং নথিভুক্তিকরণের তারিখ |
| | | | | | | |

আন্ডাররাইটিং উপাদানসমহ – রেটিং ভিত্তিক

| মোটরযানের ব্যবহার: | | | |
|---|---|---|---|
| ব্যবহারের উদ্দেশ্য | গাড়ি রাখার বিস্তারিত বিবরণ | চালকের বিস্তারিত বিবরণ | এক বছরে চলার গড় কিলোমিটার |
| আনন্দ | আচ্ছাদিত গ্যারেজ | মালিক নিজে | |
| পেশাগত | অনাচ্ছাদিত গ্যারেজ | বেতনভুক চালক | |
| বাণিজ্য/খুচরো ব্যবসা | সংলগ্ন জমির ভিতরে | আত্মীয়বৃন্দ | |
| সংস্থাগত | রাস্তার ধারে | বন্ধুগণ | |

বীমাকারীকে স্বীকৃত ঝুঁকিটি অনুধাবনে সহায়তা করে

ঝুঁকি প্রশমন/বিরুদ্ধ ঝুঁকি জানা

| ডিস্কাউন্ট ও লোডিংসমূহ: | |
|---|---|
| ঐচ্ছিক অতিরিক্ত : আপনি কি বাধ্যতামূলক পলিসি অতিরিক্তের উপরে অধিক ঐচ্ছিক অতিরিক্তটি নিতে চান | হ্যাঁ/না – যদি হ্যাঁ হয়, অনুগ্রহ করে অংকটি নির্দিষ্ট করুন দ্বিচক্রযান – **Rs.**৫০০/৭০০/১০০০/১৫০০/৩০০০ ব্যক্তিগতমালিকাধীন |
| আপনি কে অটোমোবাইল অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়ার একজন সদস্য | হ্যাঁ/নাযদি হ্যাঁ হয়, অনুগ্রহ করে জানান:<br>১। অ্যাসোসিয়েশনের নাম<br>২। সদস্যতা নম্বর: শেষ হওয়ার তারিখ: |
| গাড়িটিতে এআরএআই দ্বারা অনুমোদিত কোন প্রকার চুরি প্রতিরোধকারী যন্ত্রব্যবস্থা লাগানো আছে | হ্যাঁ/না যদি হ্যাঁ হয়, এএএসআই দ্বারা প্রদত্ত সংস্থাপনের সংশাপত্রটি সংযোজিত করুন |
| গাড়িটি কি অপ্রচলিত জ্বালানী দ্বারা চালিত হয় | হ্যাঁ/না যদি হ্যাঁ হয়, অনুগ্রহ করে বিস্তারিত বিবর |
| গাড়িটিতে কি দুই প্রকার জ্বালানী ব্যবহারের যন্ত্রাদিt/ফাইবার গ্লাস ট্যাঙ্ক লাগানো আছে | হ্যাঁ/না যদি হ্যাঁ হয়, অনুগ্রহ করে বিস্তারিত বিবর |
| আপনি কি টিপিপিডি আচ্ছাদনটি ৬০০০/- টাকার আইনানুগ সীমা পর্যন্ত সীমাবদ্ধ রাখতে চান | হ্যাঁ/না |
| প্রয়োজনীয় অতিরিক্ত সুরক্ষআসমূহ | |
| আনুসঙ্গিক যন্ত্রাংশের চুরি যাওয়া (শুধুমাত্র দ্বিচক্রযান) | |
| চালকের আইনগত দায় | |
| বেতনভুক চালকের পিএ | |

কোম্পানীর নীতি অনুসারে ছাড় ও লোডিং-এর জন্য বিবেচত আন্ডাররাইটিং উপাদানসমূহ

**আবশ্যিক : স্বচালকের ব্যক্তিগত দুর্ঘটনা সংক্রান্ত সুরক্ষা**

স্বচালকের জন্য ব্যক্তিগতদুর্ঘটনাসংক্রান্ত সুরক্ষা আবশ্যিক। অনুগ্রহ করে মনোয়নয় সম্পর্কে বিস্তারিত বিবরণ প্রদান করুন:

(ক) মনোনীতের নাম এবং বয়স:
(খ) সম্পর্ক :
(গ) নিযুক্তকৃতের নাম :
(যদি মনোনীত একজন নাবালক হন)
(ঘ) মনোনীতের সঙ্গে সম্পর্ক:

Additional coverage subject to additional premium

(দ্রষ্টব্য: ১। মালিক চালকের জন্য ব্যক্তিগত দুর্ঘটনা আচ্ছাদন আবশ্যিকভাবে বীমাকৃত রাশি দ্বিচক্রযানের জন্য ১,০০,০০০/- টাকা এবং ব্যক্তিগত মালিকাধীন গাড়ির জন্য ২,০০,০০০/-।

২। যে ক্ষেত্রে একটি গাড়ি, একটি কোম্পানী, একটি অংশীদারীভিত্তিক সংস্থা অথবা এই প্রকার কোন আইনানুগ সংস্থার মালিকানাধীন, আবশ্যিক ব্যক্তিগত দুর্ঘটনা আচ্ছাদনটি অনুমোদন করা যাবে না (মালিক চালকের একটি কার্যকরী লাইসেন্স নাও থাকতে পারে।)

নাম উল্লেখিত ব্যক্তিদের জন্য ব্যক্তিভিত্তিক দুর্ঘটনা আচ্ছাদন

| নামিত ব্যবহারকারীর ব্যক্তিভিত্তিক দুর্ঘটনা বা পিএ | (IMT-15) | আপনি কি নামিত ব্যক্তিগণের জন্য ব্যক্তিগত দুর্ঘটনা অচ্ছাদনটি অন্তর্ভুক্ত করতে চান? | | | |
|---|---|---|---|---|---|
| | | নাম | সিএসআই গৃহীত (টাকা) | মনোনীত | সম্পর্ক |
| | | ১) | | | |
| | | ২) | | | |
| | | ৩) | | | |
| | | হ্যাঁ/না, যদি হ্যাঁ হয়, নাম এবং পছন্দকৃত ক্যাপিটাল সাম অ্যাস্যুর্ড (সিএসআইটি প্রদান করুন<br>(দ্রষ্টব্য: ব্যক্তি প্রতি উপলব্ধ সর্বাধিক সিএসআই হল ব্যক্তিগত মালিগকানাধীন গাড়িগুলির জন্য ২ লক্ষ টাকা এবং মোটরযুক্ত দ্বিচক্রযানগুলির জন্য ১ লক্ষ টাকা) | | | |

| | |
|---|---|
| অনামিত ব্যক্তিগণ/পিছনে বসা আরোহী/অনামিত যাত্রিগণদের জন্য ব্যক্তিগত দুর্ঘটনা আচ্ছাদন | |
| সংযুক্তিমূলক আচ্ছাদনসমূহ | |

| | |
|---|---|
| শূন্য বিবরণ | |
| সৌজন্যমূলক গাড়ি | |
| চিকিত্সাভিত্তিক খরচসমূহ | |
| ব্যক্তিগত সমাগ্রীসমূহ | |

রেটিং-এর উপর যে তথ্যসমূহের প্রভাব থাকতে পারে, এছাড়াও কিছু প্রয়োজনীয় সংখ্যাভিত্তিক

অন্যান্য বিবরণসমূহ

সংযক্তিমলক আচ্ছাদনসমহ চাল

| | |
|---|---|
| গাড়িটির ব্যবহার কি নিজস্ব মালিকানাধীন অঞ্চলেই সীমাবদ্ধ | হ্যাঁ/না |
| গাড়িটি কি কোন বিদেশী দূতাবাসের মালিকানাধীন | হ্যাঁ/না |
| গাড়িচি কি প্রাচীন কালের গাড়ি হিসাবে সংশিত | হ্যাঁ/না |
| গাড়িটি অন্ধ/পঙ্গু ব্যক্তিদের ব্যবহারের জন্য নকশাকৃত | হ্যাঁ/না, যদি হ্যাঁ হয়, অনুগ্রহ করে আরটিএ-এর অনুমোদনসমূহের বিস্তারিত বিবরণ প্রদান করুন |
| গাড়িটি কি গাড়ি চালনা প্রশিক্ষণের জন্য ব্যবহৃত হয় | হ্যাঁ/না |
| ভৌগলিক অঞ্চলের সম্প্রসারণের প্রয়োজনীয়তা আছে কি | নেপাল, বাংলাদেশ, ভুটান, মালদ্বীপ, পাকিস্তান, শ্রীলঙ্কা |

আপনি কি একটি একপৃষ্ঠা সম্বলিত পলিসি চান? হ্যাঁ

## বীমাকৃতের ঘোষণা

চূড়ান্ত ভালো বিশ্বাসের নীতির ভিত্তিতে

আমি/আমরা এতদ্বারা ঘোষণা করছি যে আমার/আমাদের দ্বারা এই প্রস্তাবের ফর্মটি ... আমাদের সর্বোত্কৃষ্ট জ্ঞান এবং বিশ্বাসে সত্য এবং আমি/আমরা এতদ্বারা স্বীকৃত হচ্ছি যে এই ঘোষনাটি আমার/আমাদের এবং ____________-এর মধ্যে চুক্তিটির ভিত্তি গঠন করবে।

আমি/আমরা এতদ্বারা এও ঘোষণা করছি যে এই প্রস্তাবের ফর্মটি জমা করার পরে কোন প্রকার সংযোজন অথবা সংশোধন সংঘটিত হলে সেটি বীমাকারীর নিকট তাত্ক্ষণিকভাবে সূচীত করা হবে।

আমি/আমরা নিশ্চিত করতে চাই যে পূর্ববর্তী পলিসিটির সমাপ্তির তারিখ থেকে এখনও পর্যন্ত আমার/আমাদের গাড়ির কোন প্রকার দুর্ঘটনা ঘটেনি। আমি/আমরা নিশ্চিত করছি যে উপরোক্ত গাড়িটি আপনাদের সঙ্গে বীমাকরণের জন্য আমি/আমরা __________________ তে ________________ তারিখে প্রিমিয়াম প্রদান করেছি।

এটি অনুধাবনকৃত এবং স্বীকৃত যে ___________ (সময়) -এর পূর্বের কোন প্রকার দুর্ঘটনার কারণে উদ্ভুত কোন প্রকার ক্ষতি/বিনষ্ট হওয়া/দায়ের জন্য আপনারা কোন প্রকৃতির দায়ের জন্যই দায়বদ্ধ নন।

আমি/আমরা ঘোষণা করি যে গাড়িটি সম্পূর্ণ এবং রাস্তায় চালানোর অবস্থা আছে।

স্থান :

তারিখ : **প্রস্তাবকের স্বাক্ষর**

**সংযোজন - থ**

## প্রস্তাব ফর্ম

(এই ফর্মের প্রদানটি দায়ের একটি স্বীকতি হিসাবে ধরে নেওয়া যাবে না)

**সাধারণ অগ্নি এবং বিশেষ বিপদসমূহের পলিসি**

এই প্রস্তাবটির গ্রহণ কোম্পানীর নিয়ম এবং অধিনিয়মসমূহের উপর নির্ভরশীল। প্রস্তাবটির গ্রহণ এবং প্রিমিয়াম প্রদান না হওয়া পর্যন্ত সম্পদটি আচ্ছাদিত নয়।

প্রতিনিধি________________________________ গ্রাহক সংকেত সংখ্যা: [ ][ ][ ][ ][ ][ ][ ][ ]

প্রস্তাবক সম্পর্কে বিস্তারিত বিবরণপ্রস্তাবককে চিহ্নিতকরণে সহায়তা করে।

১। প্রস্তাবকের নাম

বীমাকতের চিহ্নিতকরণ

২। প্রস্তাবকের ঠিকানা যোগাযোগের জন্য এবং দাবির নিষ্পত্তির ক্ষেত্রে প্রয়োজনীয় ঠিকানা প্রদান করে

টেলিফোন নং:-ফ্যাক্স নং:-____________

**(মোবাইল) :- (ই-** **মেল) :-**____________

যেখানে প্রযোজ্য এ চিহ্নটি প্রদান করুন ☑

সকল প্রশ্নসমূহের সম্পূর্ণ উত্তর প্রদান করতে হবে।স্থান অসঙ্কুলান হওয়ার ক্ষেত্রে অনুগ্রহ করে তথ্যটি একটি সংযোজন হিসাবে সংলগ্নকৃত করুন:

**প্রস্তাবকের ব্যবসা**

ঝুঁকিটি অনুধাবন করুন

| | |
|---|---|
| ৩। কোনটির সুরক্ষা প্রদান করা হচ্ছে | **রেটিং-এর জন্য অকপেন্সিব** |
| ৪। অনুকূলে পলিসিটি প্রদত্ত (আর্থিক সংস্থাঅন্তর্গত করে বীমাকরণের স্বার্থযুক্ত সকল ব্যক্তির নামের তালিকা) | |
| ৫। জড়িত ঝুঁকি (পিন কোড সহ সম্পূর্ণ ডাক ঠিকানা) **যে স্থানটি আচ্ছাদিত করা** | ঝঁকি সমহের চিহ্নিতকরন |
| ৬। বীমার সময়কাল | থেকে পর্যন্ত |
| ৭। আপনি কি প্রাথমিক সুরক্ষার তালিকা থেকে এই বিপদগুলি বিলোপ করতে চান | প্রয়োজনীয় আচ্ছাদনের ক্ষেত্রে বীমাকৃতের সজ্ঞান সিদ্ধান্ত |
| ক) ঝড়, বন্যা, ঝঞ্ঝা, প্লাবন, ঘূর্ণীঝড়, বিপদগুচ্ছ | হ্যাঁ ☐ না ☐ |
| খ) দাঙ্গা, হরতাল, বিদ্বেষপরায়নজনিত ক্ষতি | হ্যাঁ ☐ না ☐ |
| গ) সন্ত্রাসবাদমূলক সুরক্ষা সম্প্রসারণ (আরএসএমডি পছন্দ করা হলে তবে এটি পছন্দ করা যাবে) | হ্যাঁ ☐ না ☐ |

**সংযোজন – খ** **EQ বিপদগুলির এই রাশিটি আচ্ছাদিত**

| | | |
|---|---|---|
| ৮। আপনি কি আপনার বাড়িটির সঙ্গে প্লিন্থ এবং ভিতটিও সুরক্ষিত করতে চান? | হ্যাঁ ☐ না ☐ | |
| কোন প্রকার অতিরিক্ত সুরক্ষাসমূহ<br>ক) স্থপতি, পর্যবেক্ষক এবং উপদেষ্টা ইঞ্জিনিয়রের খরচসমূহ (দাবির রাশিটির ৩% অতিরিক্ত) | হ্যাঁ ☐ না ☐ | Sl = |
| খ) ভগ্নাবশেষের অপসারণ (দাবির রাশিটির ১% অতিরিক্ত) | অতিরিক্ত আচ্ছাদনের ক্ষেত্রে বীমাকৃতের সজ্ঞান সিদ্ধান্ত<br>হ্যাঁ ☐ না ☐ | Sl = |
| গ) হিমঘরে বিনষ্ট হওয়া মজুত দ্রব্যসমূহ | হ্যাঁ ☐ না ☐ | Sl = |
| ১।একটি বৈদ্যুতিক বিপদের কারণে বৈদ্যুতিক পরিষেবার টার্মিনাল প্রান্তে বিদ্যুৎ সরবরাহের ব্যর্থতার কারণে | হ্যাঁ ☐ না ☐ | Sl = |
| ২। বীমাকৃত বিপদের কারণে বীমাকৃতের স্থানটিতে হিমঘরের যন্ত্রাংশের ক্ষতির কারণ জনিত তাপমাত্রার বৃদ্ধি ঘটলে। | হ্যাঁ ☐ না ☐ | Sl = |
| ঘ) দাবানল | হ্যাঁ ☐ না ☐ | Sl = |
| ঙ) বীমাকৃতের নিজস্ব গাড়ি, ফর্ক লিফ্ট এবং একই জাতীয় বস্তুর এবং পতনের কারণে ধাক্কাজনিত ক্ষতি | হ্যাঁ ☐ না ☐ | Sl = |
| চ) স্বজ্বলন | হ্যাঁ ☐ না ☐ | Sl = |

| | | | |
|---|---|---|---|
| ছ) সংযোজন, সংশোধন এবং সম্প্রসারণগুলির বীমা না করানো | হ্যাঁ ☐ | না ☐ | Sl = |
| জ) ভূমিকম্প (অগ্নি এবং ঝটকা) | হ্যাঁ ☐ | না ☐ | Sl = |
| ঝ) ক্ষতিগ্রস্থ উপাদানের আচ্ছাদন | হ্যাঁ ☐ | না ☐ | Sl = |
| ঞ) চুঁইয়ে বার হওয়া এবং দূষনের আচ্ছাদন | হ্যাঁ ☐ | না ☐ | Sl = |
| ট) মজুত দ্রব্যের সাময়িক অপসারণ | হ্যাঁ ☐ | না ☐ | Sl = |
| ঠ) ভাড়া না পাওয়া | হ্যাঁ ☐ | না ☐ | Sl = |
| ড) একটি বিকল্প স্থানের জন্য অতিরিক্ত ভাড়া | হ্যাঁ ☐ | না ☐ | Sl = |
| ঢ) শুরু করার খরচসমূহ | হ্যাঁ ☐ | না ☐ | Sl = |

শুধুমাত্র সেইগুলিই পছন্দ করুন যেগুলরি বীমাকৃতের ব্যবসার সঙ্গে সম্পর্কযুক্ত

| | | |
|---|---|---|
| ণ। গলিত পদার্থসমূহের ক্ষতি | হ্যাঁ ☐ না ☐ | Sl = |
| ৯। আপনি কি একই সম্পদ অন্য কোন সংস্থার দ্বারা একই প্রকার সুরক্ষাসহ বীমা করিয়েছেন (যদি তাই হয় বিস্তারিত বিবরণ দিন) | সংযোজনের নীতিটি প্রয়োগের জন্য বিস্তারিত বিবরণ প্রয়োজন | |
| ১০। বীমার সুরক্ষাগুলি কি অন্য সংস্থাটি দ্বারা অস্বীকৃত অথবা কোন প্রকার বিশেষ শর্তাবলী কি আরোপিত (যদি হয়ে থাকে, বিস্তারিত বিবরণ দিন) | আন্ডার রাইটারের প্রতি ঝুঁকি মান সম্পর্কে একটি অন্তর্দৃষ্টি প্রদান করন | |
| (ক্ষতির অভিজ্ঞতার বিস্তারিত বিবরণী) | | |
| ১১। সময়কাল সম্পূর্ণ হওয়া পলিসিটি ব্যতীত বিগত মাসটির জন্য প্রিমিয়াম/দাবি বহনের বিস্তারিত বিবরণ | প্রিমিয়াম | দাবিসমূহ |
| | | |
| | | |
| | | |

দাবির অভিজ্ঞতাটি ঝুঁকি মূল্যায়নের জন্য একটি গুরুত্বপূর্ণ উপাদান

## স্থানটিতে আচ্ছাদিত ঝুঁকিটি কি প্রকারের ?

প্রস্তাবকের ব্যবসায়ের বিস্তারিত বিবরণ

| | |
|---|---|
| ১২। বীমাকৃত সম্পদটি হল: | |
| ক। বসবাসের জন্য, কার্যলয়, দোকান, হোটেল ইত্যাদি। | ঝুঁকির ধারণটি রেটের ভিত্তিস্বরূপ |
| খ। শিল্পভিত্তিক /গঠনভিত্তিক ঝুঁকিসমূহ | |
| গ। শিল্পভিত্তিক/গঠনভিত্তিক-এর বহির্ভূত মজুতের ঝুঁকিসমূহ | |
| ঘ। শিল্পভিত্তিক/গঠনভিত্তিক-এর বহির্ভূত ট্যাঙ্ক/গ্যাস ধারকের ঝুঁকিসমূহ | |
| ঙ। শিল্পভিত্তিক/গঠনভিত্তিক-এর বহির্ভূত স্থানে অবস্থিত উপযোগী সামগ্রীর ঝুঁকিসমূহ | প্রাথমিক রেট এবং আচ্ছাদনগুলি নির্ধারণের জন্য ঝুঁকির প্রকৃতি |
| চ। বসবাসের জন্য, কার্যলয়, দোকান, হোটেল ইত্যাদি। | |
| ১৩। যদি একটি দোকান হিসাবে ব্যবহৃত হয়, অনুগ্রহ করে জানান যে ব্যবহৃত সামগ্রীগুলির মধ্যে কোনটি নিচের তালিকার অন্তর্গত।<br><br>যদি হ্যাঁ হয়, এই সামগ্রীগুলির মুল্যগুলি কি মোট মজুত মূল্য থেকে ৫%-এর অধিক হয়:<br>১) সেলুলয়েড সামগ্রীসমূহ, ২) খোলা ছোবড়া, ৩) পটকা এবং আতশবাজি, ৪) যেকোন প্রকারের বিস্ফোরক পদার্থ, ৫) শুষ্ক শস্য/খড়, ৬) শন জাতিয় পদার্থ, ৭) খোলা পাটের দ্রব্যসমূহ, ৮) দেশলাই, ৯) মেথিলেটেড স্পিরিট, ১০) নাইট্রো সেলুলোস, ১১) তেল/ইথার/শিল্প ক্ষেত্রে ব্যবহৃত দ্রাবক এবং ৩২ ডিগ্রী সেন্টিগ্রেড অথবা তার নিচের জ্বলন তাপমাত্রাসহ (ক্লোডজ কাপ টেস্ট), ১২) ৩২ ডিগ্রী সেন্টিগ্রেড অথবা তার নিচের জ্বলন তাপমাত্রাসহ (ক্লোডজ কাপ টেস্ট) দাহ্য ভিত্তিসহ সিল করা টিন বা ড্রামে না রাখা কোন রঙ, ১৩। ৩২ ডিগ্রী সেন্টিগ্রেড অথবা তার নিচের জ্বলন তাপমাত্রাসহ (ক্লোডজ কাপ টেস্ট) দাহ্য ভিত্তিসহ সিল করা টিন বা ড্রামে না রাখা ভার্নিশ, ১৪) সিল করা কোন টিন বা ড্রামে না রাখা সংক্রমণ প্রতিরোধক অথবা কীটনাশক, ১৫) যেকোন প্রকারের উদ্ভিদ তন্তুসমূহ | |
| ১৪। যদি মাল মজুতের স্থান/গুদাম (কারখানা অঞ্চলের বাইরে অবস্থিত) হিসাবে ব্যবহৃত হয় অনুগ্রহ করে মজুতকৃত সামগ্রীসমূহের তালিকা প্রদান করুন | |
| ১৫। যদি কোনা প্রকার শিল্পভিত্তিক গঠনমূলক কার্যস্থাল হিসাবে ব্যবহৃত হয়, প্রস্তাবিত স্থানটিতে (ব্যবহৃতব্য বিভিন্ন প্রকার উপযোগী সামগ্রীর প্রদর্শনসহ ব্লক পরিকল্পনার বিস্তারিত বিবরণ) উৎদিত দ্রব্যসমূহের বিস্তারিত বিবরণ প্রদান করুন। | |
| ১৬। যদি কোন প্রকার শিল্পভিত্তিক গঠনমূলক কার্যস্থান হিসাবে ব্যবহৃত হয়, অনুগ্রহ করে জানান যে কারখানাটি চালু না বন্ধ? | |
| ১৭। অগ্নি নির্বাপক যন্ত্রাদি স্থাপিত | |
| অনুগ্রহ করে নিচের স্থানটিতে টিক চিহ্ন প্রদান করুন:<br>ক) বিভিন্ন ব্লক এবং বহনযোগ্য অগ্নিনির্বাপক যন্ত্রের প্রকারের তালিকা<br>প্রত্যেক ব্লকের জন্য সুরক্ষা প্রদান | ☐ বহনযোগ্য অগ্নিনির্বাপক যন্ত্রসমূহ<br>☐ ঠেলা গাড়িতে রাখা পাম্প<br>☐ অগ্নি নির্বাপক পাম্প<br>☐ হাইড্রেন্ট ব্যবস্থা<br>☐ জল ছড়ানোর ব্যবস্থা<br>☐ স্থির জল ছড়ানোর ব্যবস্থা<br><br>ক্ষতি হ্রাসকরণের পন্ধাসমূহ। সেহেতু ছাড় প্রদান করা |

| | |
|---|---|
| ঝুঁকির বৈশিষ্ট্যগুলি আরও ভালো বোঝার জন্য | |
| খ) যন্ত্রাদির বাৎসরিক রক্ষনাবেক্ষণের চুক্তিগুলি কার্যকরী কি না তা জানান | হ্যাঁ ☐ না ☐ |
| ১৮। (বাড়ি / মেশিন পত্র / আসাবাব পত্র ইত্যাদি) | |
| ক) বাজার | হ্যাঁ ☐ না ☐ |
| খ) পুনঃসংস্থ | হ্যাঁ ☐ না ☐ |
| গ) কোন ... আছে কি না | হ্যাঁ ☐ না ☐ |
| ১৯। গঠনের বিস্তারিত বিবরণ | |
| ক। অনুগ্রহ করে ব্যবহৃত সামগ্রীগুলি সম্পর্কে জানান | |
| ১। দেওয়াল | |
| ২। মেঝে | |
| ৩। ছাদ | |
| খ। বাড়িটির উচ্চতা | মিটার ________________ তল ______________ |
| গ। বাড়িটির বয়স | ৫ বছরের কম ☐ ৫ – ১৫ বছর ☐ <br> ১৫ – ২৫ বছর ☐ ২৫ বছরের অধিক ☐ |

বীমার জন্য প্রস্তাবিত ভিত্তি

এটি অঙ্গিকারকৃত রাশিটির নির্ধারণ এবং দাবিগুলির নিষ্পত্তির ভিত্তি

আন্ডাররাইটিং

দ্রষ্টব্য: বাড়িটির দেওয়াল এবং/অথবা ছাদটি কাঠের তক্তা / হোগলা পাতা এবং/অথবা ঘাস/যেকোন প্রকারে খড় / বাঁশ / প্লাস্টিকের চাদর / পিচ / কাপড় / ক্যানভাস / ত্রিপল ইত্যাদি দ্বারা নির্মিত হলে সেটিকে "কাঁচা" গঠনের হিসাবে বিশ্বাস করা হবে।

২০। বাড়িভিত্তিক মূল্যসমূহ (অনুগ্রহ করে এই তালিকাটিতে কাঁচা বাড়িটিও অন্তর্ভুক্ত করুন)। প্রত্যেক বাড়ির মূল্য আলাদাভাবে টাকার অংকে প্রদান করুন।

| ব্লকের বিবরণ | বয়স (বছর) | উচ্চতা (মিটার) | পাকা/কাঁচা গঠন | প্রতিশ্রুত টাকার অংক | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | থাম সহ বাড়ির মূল্য | যন্ত্রাদি এবং আনুসঙ্গিক সামগ্রী মূল্য | এফ অ্যান্ড এফ, কার্যালয় এবং অন্যান্য যন্ত্রাদিসমূহটাকা | মজুত পন্য এবং প্রক্রিয়ার অন্তর্গত পন্য সমূহ** টাকা | বীমা করণের জন্য অন্যান্য সামগ্রীসমূহটাকা |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| মোট | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |

প্রত্যেক ব্লকের বিস্তারিত বিবরণগুলি বিপরীতমূলক রেটিংগুলি প্রদান করবে

দ্রষ্টব্য: ** সেই মজুত সামগ্রীগুলিকে অন্তর্গত করে যেগুলি সাধারণ ভিত্তিতে সুরক্ষিত হয় এবং নিচের ক্রমিক সংখ্যা ক, খ, গ, এবং ঘ-এর অধীন পড়ে না

| | |
|---|---|
| ২১। শুধুমাত্র মজুত দ্রব্যগুলির জন্য বিশেষ সুরক্ষা | |
| অনুগ্রহ করে নিচের বাক্সটিতে টিক চিহ্ন দিন এবং প্রত্যেকটির বিপরীতে বীমা করণের টাকার অংকটি প্রদান করুন | |
| ক। ফ্লোটার ভিত্তিতে : | |
| বিভিন্ন অবস্থানের (প্রক্রিয়াকরণের ব্লকসমূহ, মাল মজুত রাখার স্থান /গুদাম এবং / অথবা উন্মুক্ত স্থান ইত্যাদি) মজুত সামগ্রীসমূহ একটি মাত্র প্রতিশ্রুত রাশির দ্বারা ফ্লোটার ভিত্তিতে সুরক্ষিত করা যায় | |
| অবস্থানসমূহ (পিন সংখ্যাসহ ডাক ঠিকানা) | টাকার অংক |
| | |
| খ। ঘোষণার ভিত্তিতে : | |
| যে উপাদানগুলির মূল্য ওঠা-নামা করে সেগুলি (মাসিক) ঘোষণার ভিত্তিতে সুরক্ষিত করা যায় . | |
| অবস্থাসমূহ (পিন সংখ্যাসহ ডাক ঠিকানা) | টাকার অংক |
| | |

**আচ্ছাদনের ভিত্তির বিকল্পের পছন্দটি প্রস্তাবকের কয়েকটি কর্তব্য সংযোজন করে। দাবি নিষ্পত্তির**

| | |
|---|---|
| | |
| দ্রষ্টব্য:<br>সর্বনিম্ন প্রতিশ্রুত অংক ১ কোটি টাকা, এবং স্বল্প মেয়াদের জন্য কোনো বীমাকরণ নয়। প্রক্রিয়ার অন্তর্গত এবং রেলওয়ে সাইডিং-এ মজুতকৃত সামগ্রীসমূহের সুরক্ষা সম্ভবপর নয়। | |
| গ। ফ্লোটার ঘোষণার ভিত্তিতে: | |
| একটিই প্রতিশ্রুত টাকার অংকের অধীনস্থ যে মজুত দ্রব্যগুলির মূল্য ওঠা-নামা হয় এবং বিভিন্ন অবস্থানে মজুতকৃত সামগ্রীগুলি (মাসিক) ফ্লোটার ঘোষণার ভিত্তিতে সুরক্ষা করা যায়। | |
| অবস্থাসমূহ (পিন সংখ্যাসহ ডাক ঠিকানা) | টাকার অংক |
| | |
| দ্রষ্টব্য:<br>১। সর্বনিম্ন প্রতিশ্রুত অংকটি হল ২ কোটি টাকা<br>২। প্রক্রিয়ার অন্তর্গত মজুতকৃত সামগ্রীসমূহ এবং রেলওয়ে সাইডিং-এর মজুতকৃত সামগ্রীগুলি সুরক্ষিত করা যাবেনা। | |
| ঘ। উন্মুক্ত স্থানে মজুতকৃত সামগ্রীসমূহ **(কারখানা অঞ্চলের বাইরে অবস্থিত)** | |
| উন্মুক্ত স্থানে মজুতকৃত সামগ্রীসমূহের বিবরণ: | |
| অবস্থাসমূহ (পিন সংখ্যাসহ ডাক ঠিকানা) | টাকার অংক |
| | |
| ঙ। ট্যাঙ্ক ফার্ম এবং গ্যাস ধারকসমূহ **(কারখানা অঞ্চলের বাইরে অবস্থিত)** | |
| উন্মুক্ত স্থানে মজুতকৃত সামগ্রীসমূহের বিবরণ: | |
| অবস্থাসমূহ (পিন সংখ্যাসহ ডাক ঠিকানা) | টাকার অংক |
| | |

বিশেষ ওয়ারেন্টিসমূহ প্রযোজ্য হবে

আচ্ছাদনের ঝুঁকি এবং সম্পদের রেটিং

| | |
|---|---|
| আপনি কি ঐচ্ছিক বিয়োগযোগ্যগুলির জন্য ছাড় প্রাপ্ত হতে চান | হ্যাঁ ☐ না ☐ |
| যদি উত্তরটি হ্যাঁ হয়, বিয়োগযোগ্য টাকার অংকের পছন্দটি চিহ্নিত করুন | টাকা |

## ঘোষণা

চূড়ান্ত ভাল বিশ্বাসের নীতি

আমি/আমরা এতদ্বারা ঘোষণা করছি যে এই প্রস্তাবের ফর্মটিতে আমার/আমাদের দ্বারা উল্লেখিত বক্তব্যসমূহ আমার/আমাদের জ্ঞাতসারে সর্বৈব সত্য এবং আমি/আমরা এতদ্বারা স্বীকৃত হচ্ছি যে এই ঘোষণাটি আমার/আমাদের এবং __________-এর মধ্যে চুক্তিটির ভিত্তি হবে।

এই প্রস্তাবের ফর্মটি জমা করার পরে কোন প্রকার সংযোজন অথবা সংশোধন সংঘটিত হলে, সেটি বীমাকারীর নিকট তাত্ক্ষণিকভাবে সূচীত করা হবে।

তারিখ :

স্থান :

প্রস্তাবকের স্বাক্ষর এবং কোম্পানীর সিলমোহর

প্রতিনিধির সুপারিশ:

নিম্নলিখিতটি বীমা আইন ১৯৩৮-এর ৪১ নং ধারার অনুলিপি

ছাড়ের উপর নিষেধাজ্ঞা

১। ভারতবর্ষে জীবন অথবা সম্পত্তি সম্পর্কিত কোন প্রকার ঝুঁকির বিরুদ্ধে একটি বীমা নেওয়ার জন্য অথবা নবীকরণের জন্য অথবা চালিয়ে যাওয়ার জন্য কোন ব্যক্তির প্রতি আগ্রহব্যাঞ্জকরূপে প্রত্যক্ষভাবে কোন ব্যক্তি কোন প্রকার ছাড়অথবা সম্পূর্ণ কমিশনের অথবা তার কোন অংশের অথবা পলিসিতে প্রদর্শিত প্রদেয় প্রিমিয়ামের ছাড় অনুমোদন করবেন না অথবা অনুমোদনের জন্য প্রস্তাব করবে না এবং কোন ব্যক্তি একটি পলিসি গ্রহণ করছেন অথবা নবীকরণ করছেন অথবা চালিয়ে যাচ্ছেন সেটির জন্যও বীমাকারীর প্রকাশিত পরিচায়ক পুস্তিকাতে অথবা টেবিলগুলিতে প্রদত্ত অনুসারে যেটি অনুমোদিত হতে পারে সেই ছাড়টি ব্যতীত কোন প্রকার ছাড় প্রদান করবেন না।

২। এই ধারাটির সংস্থানটির প্রতি মান্যতা প্রদানে ব্যর্থ যেকোন ব্যক্তি একটি জরিমানা দ্বারা শাস্তিযোগ্য, যেটি ৫০০ টাকা পর্যন্ত সম্প্রসারিত হতে পারে।

# অধ্যায় 24

# প্রিমিয়াম নির্ধারণের তত্ত্ব এবং অভ্যাস

**অধ্যয় উপস্থাপনা**

এই অধ্যায়টিতে আপনারা আন্ডাররাইটিং দায় স্বীকার এবং হার নির্ধারণ করা সম্পর্কে প্রাথমিক বিষয়গুলি শিখবেন। আপনারা ঝুঁকি নির্ধারণ প্রক্রিয়ার অন্তর্গত বিপদগুলি পরিচালনার বিভিন্ন পন্থাসমূহ সম্পর্কে শিখতে পারবেন। আপনারা বিভিন্ন প্রকার বীমা পলিসির জন্য "প্রতিশ্রুত বীমা রাশি"-টি কিভাবে নির্ধারিত করা হবে তা শিখবেন।

**পাঠ্যসূচি**

A. দায় স্বীকারের প্রাথমিক ধারনাসমূহ
B. হার নির্ধারণের প্রাথমিক ধারণাসমূহ
C. হারের উপাদানসমূহ
D. প্রতিশ্রুত বীমা রাশি

এই অধ্যায়টি পাঠ করার পর, আপনারা নিচের গুলি করতে সমর্থ হবেন:

1. দায় স্বীকারের প্রাথমিক বিষয়গুলির সংজ্ঞা প্রদান
2. হার নির্ধারণের প্রাথমিক বিষয়গুলির বিশ্লেষণ
3. বিভিন্ন প্রকার পলিসির জন্য 'প্রতিশ্রুত বীমা রাশি'-র নির্ধারণ

## A. দায় স্বীকারের প্রাথমিক বিষয়সমূহ

পূর্ববর্তী অধ্যায়গুলিতে আমরা দেখেছি যে বীমার ধারণাটি একত্রিকরণের মাধ্যমে ঝুঁকি পরিচালনের বিষয়টির উদ্রেক করে। বীমাকারীগণ বহু সংখ্যক ব্যক্তিবিশেষ / ব্যবাসায়িক / শিল্পভিত্তিক সংস্থা / সংগঠনসমূহ দ্বারা প্রদত্ত প্রিমিয়ামের একটি একত্রিত তহবিল সৃষ্টি করেন।

প্রত্যেকের দ্বারা প্রদেয় প্রিমিয়ামটি একটি হারের উপর নির্ভরশীল, যেটি দুটি উপাদানের দ্বারা নির্ধারিত হয়;

- ✓ একটি ক্ষতিকারক ঘটনার জন্য একটি ক্ষতির সম্ভাবনা (একটি বীমাকৃত বিপদের কারণে) এবং
- ✓ ক্ষতিকারক ঘটনাটির কারণে উদ্ভুত ক্ষতির ধারণাগত পরিমাণটি

**উদারহণ**

ধরে নিন একটি অগ্নিকান্ডের ফলে ক্ষতির ধারণাগত পরিমাণ ১০০০০০ টাকা (যেটিকে আমরা **L** নাম দিলাম)

ক্ষতির (**P** দ্বারা বোঝানো হয়) সম্ভাবনার গড় বা মধ্যক ছিল ১০০-এর মধ্যে ১ (অথবা ০.০১)।

তাহলে প্রত্যাশিত ক্ষতির গড় অথবা মধ্যকটি এই সমীকরণটি দ্বারা প্রকাশ করা যাবে **= L x P =** ০.০১ **x** ১০০০০০ **=** ১০০০

---

কিভাবে একজন বীমাকারী নিশ্চিত করবেন যে প্রকৃতপক্ষে হওয়া ক্ষতিগুলি পূরণের জন্য একত্রিত তহবিলটি যথেষ্ট?

আমরা পূর্বে যা দেখেছি, সম্পূর্ণ বীমা কৌশলটি একটি বৃহৎ সংখ্যক পরিসংখ্যানগতভাবে একই প্রকার ঝুঁকির একত্রিকরণকে বিজড়িত করে যাতেবৃহৎ সংখ্যার নীতিটি কার্যকরী হয় এবং ক্ষতির সম্ভাবনার সংখ্যাটি (পৌনঃপুনিকতা) এবং ক্ষতির বিস্তারটি (তীব্রতা) পূর্বাভাসযোগ্য হয়।

সমস্যাটি হল সকল উন্মুক্ততাগুলি একই প্রকার হয় না। একটি সম্পূর্ণরূপে একই প্রকার ('অভিন্ন') ঝুঁকির একত্রিকরণ বাস্তবিকভাবে খুবই সামান্য হতে পারে।

উদাহরণস্বরূপ, আপনারা এমন কতগুলি বাড়ি খুঁজে পেতে পারেন যেগুলি সম্পূর্ণরূপে একই প্রকার এবং বাহ্যিক পরিবেশে সম্পূর্ণরূপে একই স্থানে অবস্থিত? অধিক সংখ্যায় নয়।

একত্রিত তহবিলটির আকৃতি যত বৃদ্ধি পাবে, ততই ভিন্নতর প্রকারের ঝুঁকিগুলি, যেগুলি একই অথবা একই প্রকার বিপদের সম্মুখীন, অন্তর্ভুক্তির সম্ভাবনা বৃদ্ধি পাবে। এই প্রকার ক্ষেত্রটিতে বীমাকারী একটি উভয়সংকটযুক্ত অবস্থার সম্মুখীন হন।

কিভাবে, ঝুঁকিগুলি আরও অধিকমাত্রায় পূর্বাভাসযোগ্য হয়ে ওঠে এবং একই সময় তহবিলটিতে পর্যাপ্ত পরিমাণে একই ধরণের এবং একই প্রকার ঝুঁকি অন্তর্ভুক্ত করে এমন একটি যথেষ্ট বৃহৎ একত্রিত তহবিল সৃষ্টি করা যায় ?

বীমাকারীরা এই সমস্যাটির একটি সমাধান খুঁজে পেয়েছেন।

তাঁরা একটি বিশালাকারবৃহৎ তহবিল গঠন করেছেন, এবং একই সঙ্গে সেটির অন্তর্গত উপ-তহবিল গঠন করেছেন এবং প্রত্যেক ঝুঁকিকে ভিন্ন ভিন্ন উপ-তহবিলের অন্তর্গত করেছেন। উপ-তহবিলগুলি, ঝুঁকিগুলিরমাত্রার ভিন্নতার ভিত্তিতে বিভিন্ন শ্রেণীতে বিভক্ত করা হয়েছে।

**উদাহরণ**

একটি সম্পত্তি বীমার ক্ষেত্রে ,একটি কাষ্ঠনির্মিত কাঠামোয় অগ্নিকান্ডের সম্ভাবনাসমূহ একটি পাথরের কাঠামোর থেকে অধিক;সেহেতু ,কাষ্ঠনির্মিত কাঠামোটির বীমার জন্য অধিক প্রিমিয়ামের প্রয়োজন।

স্বাস্থ্যবীমারক্ষেত্রেও একই নীতি প্রযুক্ত হয়। উষ্চরক্তচাপ অথবা ডায়াবিটিসে আক্রান্ত একজন ব্যক্তির হৃদরোগের সম্ভাবনাও উষ্চ।

কোন একটি অসুস্থতার চিকিত্সার জন্য প্রয়োজনীয় খরচগুলি বিবেচনা করুন। একজন উষ্চরক্তচাপযুক্ত এবং ডায়াবিটিসযুক্ত ব্যক্তির এবং সুস্বাস্থ্যযুক্ত একজনব্যক্তির ঝুঁকিগুলি ভিন্নতর হবে।

---

হার নির্ধারণের ক্ষেত্রে ঝুঁকির এই প্রকার বিভাজন এবং সেগুলির শ্রেণীকরণ গুরুত্বপূর্ণ।

a. **দায় স্বীকারের প্রাথমিক ধারণা সমূহ**

**সংজ্ঞা**

**দায় স্বীকারের প্রক্রিয়াটি হল বীমার জন্য প্রস্তাবটি গৃহীত হবে কি না তা নির্ধারণ করা, এবং যদি তা করা হয়, কোন শর্তাবলী, কোন হারে, বীমা সুরক্ষা গৃহীত হবে।**

---

দায় স্বীকার, একটি প্রকৌশলগত অর্থে, নিম্নলিখিত ধাপগুলির দ্বারা সংগঠিত হয়:

**i.** বিপদ এবং ক্ষতির পৌনঃপুনিকতার সংখ্যা এবং তীব্রতার পরিমাপকরণ এবং মূল্যায়ন
**ii.** পলিসির অন্তর্গত সুরক্ষা এবং শর্তাবলীর পরিগণনাকরন
**iii.**প্রিমিয়ামের হারের নির্দিষ্টকরণ

দায় স্বীকারকারী প্রথমেই সিদ্ধান্ত গ্রহণ করেন যে ঝুঁকিটি গৃহীত হবে কি না।

পরবর্তী ধাপটি হল হার এবং শর্তাবলী, যেগুলির অধীনে ঝুঁকিটি গৃহীত হবে।

দায় স্বীকারের দক্ষতাটি পর্যাপ্ত প্রশিক্ষণ, কর্মক্ষেত্রে উন্মুক্ততা এবং গভীর অন্তর্দৃষ্টিসহ ক্রমাগত বিদ্যার্জন প্রক্রিয়ার মাধ্যমে আত্মস্থ করা যায়। অগ্নিকান্ড বিষয়ক আন্ডাররাইটার হওয়ার জন্য একজন ব্যক্তির অগ্নিকান্ডের সম্ভাব্য কারণগুলি, বিভিন্ন প্রকার সামগ্রী এবং সম্পত্তির উপর অগ্নিকান্ডের প্রভাব, কোন একটি শিল্পে ব্যবহৃত প্রক্রিয়াসমূহ, ভূগোল, আবহাওয়া ইত্যাদি বিষয় সম্পর্কে সম্যক জ্ঞান অর্জনের প্রয়োজন।

একইভাবে, একজন সামুদ্রিক বীমা আন্ডাররাইটারের আবশ্যিকভাবে, বন্দর/রাস্তার অবস্থা, পরিবহণকালে অথবা গুদামজাত অবস্থায় মাল/সামগ্রী, জাহাজগুলি দ্বারা সম্মুখীন হওয়া সমস্যাসমূহ ও সেগুলির সমুদ্রযাত্রার পক্ষে উপযুক্ততা ইত্যাদি বিষয় সম্পর্কে ওয়াকিবহাল হওয়া প্রয়োজন।

একজন স্বাস্থ্যবীমা ক্ষেত্রের আন্ডাররাইটারের, বীমা প্রস্তাবকের ঝুঁকির প্রতি উন্মুক্ততা, বয়স, চিকিত্সাগত বিষয়সমূহ, শারীরিক উপযুক্ততার স্তর, পারিবারিক ইতিহাস এবং ঝুঁকির উপর প্রভাব বিস্তারকারী সকল উপাদানের পরিমাপগুলি অনুধাবন করা প্রয়োজন।

a) **আন্ডাররাইটিং, ইকুইটি এবং ব্যবসায়িক স্থায়ীত্ব**

সকল ঝুঁকিই সমপরিমাণ নয়, এই সরল সত্যটি থেকেই বীমা ক্ষেত্রে সতর্ক আন্ডাররাইটিং এবং ঝুঁকির শ্রেণীকরণের প্রয়োজনীয়তাটি উদ্ভুত হয়। তাই প্রত্যেক ঝুঁকিরই, ক্ষতিকর ঘটনাটি ঘটার এবং সেটির তীব্রতার ভিত্তিতে উপযুক্তভাবে পরিমাপকরণ এবং মূল্যায়নের প্রয়োজন আছে।

যেহুতু সকল ঝুঁকিগুলিই সমান নয়, সেহেতু, সকল বীমা গ্রাহককে সমপরিমাণ প্রিমিয়াম প্রদান করতে বলা সামঞ্জস্যপূর্ণ নয়।আন্ডাররাইটিং-এর উদ্দেশ্যটি হল ঝুঁকির শ্রেণীকরণ যাতে, সেগুলির চারিত্রিক বৈশিষ্ট্য এবং উপস্থাপিত ঝুঁকির স্তরের ভিত্তিতে প্রিমিয়ামের একটি উপযুক্ত হার প্রয়োগ করা যায়।

প্রত্যেক বীমাকারীর তার বর্তমান পলিসি ধারকদের প্রতি, বিদ্যমান পলিসির অন্তর্ভুক্ত চুক্তিভিত্তিক দায়গুলি পূরণের জন্য তাঁদের সামর্থ থাকে সেটি নিশ্চিত করার একটি দায়িত্ব থাকে। যদি বীমাকারী এমন ঝুঁকিগুলির জন্য পলিসি প্রদান করেন যেগুলি বীমাযোগ্য নয় অথবা ঝুঁকিগুলিরসুরক্ষার জন্য প্রয়োজনীয়ের তুলনায় খুবই কম প্রিমিয়াম ধার্য করেন, তাহলে সেটি বীমাকারীর চুক্তিভিত্তিক দায়গুলি পূরণের সক্ষমতাটিকে সংকটাপন্ন করে তোলার ফলস্বরূপ হবে।

অন্য দিকে, একজন বীমাকারী, যিনি সেই ঝুঁকিগুলির জন্য অতি উষ্চ হার ধার্য করতে চান যেগুলির সেই প্রকার উষ্চ হার হওয়া উচিত নয়, তাঁর ব্যবসাটিকে অপ্রতিযোগিতামূলক এবং অদীর্ঘস্থায়ীরূপে পেতে পারেন। তাই, সামঞ্জস্য এবং স্থায়ীত্বের স্বার্থে, আন্ডাররাইটিং-এর প্রক্রিয়াটি নিখুঁতভাবে অনুসৃত হওয়া উচিত।

আন্ডাররাইটিং-এর প্রধান বৈশিষ্ট্যগুলি হল নিম্ন প্রকার

**i.** চারিত্রিক বৈশিষ্ট্যের ভিত্তিতে ঝুঁকির চিহ্নিতকরণ করা

**ii.** প্রস্তাবক দ্বারা উপস্থাপিত ঝুঁকির স্তরটি নির্ধারণ করা

**iii.** বীমা ব্যবসাটিসঠিকভাবে পরিচালিত করা

সংক্ষেপে, আন্ডাররাইটিং-এর উদ্দেশ্যটি প্রিমিয়ামের গ্রহণযোগ্যতা, পর্যাপ্ততা এবং অন্যান্য শর্তাবলী নির্ধারণের মাধ্যমে পূরণ হয়।

*নিজেকে পরীক্ষা করুন* **1**

বীমার হার নির্ধারণকারী দুটি উপাদান চিহ্নিত করুন।

I. ঝুঁকির সম্ভাব্যতা এবং তীব্রতা
II. ঝুঁকির সূত্র এবং প্রকৃতি
III. ঝুঁকির সূত্র এবং সময়
IV. ঝুঁকির প্রকৃতি এবং প্রভাব

## B. *হার নির্ধারণের প্রাথমিক ধারণাসমূহ*

বীমাকারীর ঝুঁকির স্থানান্তরণের উপর বীমা নির্ভরশীল। একটি বীমা পলিসি ক্রয়ের মধ্যে, বীমাকৃত ব্যক্তি একটি বিপদ থেকে উদ্ভুত, যেটির বিরুদ্ধে সম্পত্তিটির বীমাকরণ করা হয়েছে, আর্থিক ক্ষতির প্রভাবটি হ্রাস করতে সমর্থ হয়।

**উদাহরণ**

যদি কোন ব্যক্তি একটি গাড়ি চালান, সেখানে দুর্ঘটনার জন্য সেটির ক্ষতি হতে পারে। যদি মালিকের মোটরযান বীমা থাকে, গাড়িটির ক্ষতি হওয়ার ঘটনায়, বীমা কোম্পানী সারাইয়ের জন্য অর্থ প্রদান করবে।

---

বীমা কোম্পানীর, একটি লাভ অন্তর্ভূক্ত করে বীমার ভবিষ্যত দাবি এবং খরচগুলির জন্য সুরক্ষা প্রদানের মূল্য গণনা করার একটি প্রক্রিয়ার প্রয়োজন। এটিকেই হার নির্ধারণ বলা হয়।

**'হার' হল বীমার একটি প্রদত্ত এককেরমূল্য।**

উদাহরণস্বরূপ, একটি হারকে, একটি ভূমিকম্প সুরক্ষা মূল্য ১.০০ টাকা প্রতি মিলি, এই আকারে প্রকাশ করা যায়। (1 মিলি =1/1000)

হারগুলি ক্ষতির সম্ভাবনা এবং সম্ভাব্য পরিমাপ অনুসারে ভিন্নতর হতে পারে। অতীত প্রবণতা এবং বর্তমান পরিবেশের পরিবর্তনসমূহ, যেগুলি ভবিষ্যতে সম্ভাব্য ক্ষতিগুলিকে প্রভাবিত করতে পারে, এই বিচারের পরেই প্রত্যেক হার প্রতিষ্ঠিত হয়।

**উদাহরণ**

ভূমিকম্প বীমার জন্য উপরের উদারহণটি দেখুন, ধার্যকৃত হারটি, একটি কংক্রিট নির্মিত কাঠামোর তুলনায় ভূমিকম্প স্থলের নিকটবর্তী এবং ইট দিয়ে তৈরী একটি বাড়ির জন্য, যেটি ক্ষতির সম্ভাবনা অধিক।

একটি স্বাস্থ্যবীমার উদাহরণ নেওয়া যাক, ঝুঁকির প্রত্যেক উপাদানের সংখ্যা এবং শতকরাভিত্তিক মূল্যায়ন করা হয়। পূর্বনির্ধারিত পরিমাপকের ভিত্তিতে বয়স, জাতি, পেশা, অভ্যাস ইত্যাদি উপাদানসমূহের পরীক্ষা এবং সংখ্যা প্রদানের মাধ্যমে মূল্যায়ন করা হয়।

---

**মনে রাখবেন যে হারগুলিই প্রিমিয়াম নয়।**

**প্রিমিয়াম** = (**প্রতিশ্রুত বীমা রাশি**) x (**হার**)

### 1. হারের উদ্দেশ্যসমূহ

হার নির্ধারণের প্রাথমিক উদ্দেশ্য হল, বীমাকারী এবং বীমাকৃত উভয়ের দৃষ্টিকোণ থেকে বীমার মূল্যটির পর্যাপ্ততা এবং যৌক্তিকতা নিশ্চিত করা।

বীমাকারীর দৃষ্টিকোণ থেকে, এর অর্থ হল সামগ্রীকভাবে হারগুলি, দাবি, খরচ এবং কর ইত্যাদি এবং একটি ধ্বংসাত্মক ঘটনা এবং লাভের জন্য অবশ্যই একটি পর্যাপ্ত সংস্থান হতে হবে।

বীমাকৃতের দৃষ্টিকোণ থেকে, যুক্তিপূর্ণ হারের অর্থ হল একজন ব্যক্তির, যুক্তিসংগত খরচসমূহ, একটি ধ্বংসাত্মক ঘটনা, এবং লাভ অন্তর্ভুক্ত করে বিজড়িত ঝুঁকিগুলি সুরক্ষার প্রয়োজনে পর্যাপ্ত অংকের আর্থিক মূল্য প্রদানের প্রয়োজন হবে না।

অগ্নিবীমার হারগুলি যুক্তিসংগত হিসাবে বিবেচিত হতে পারে যদি সেগুলি সকল প্রকার গুরুত্বপূর্ণ উপাদাসমূহ, যেগুলি ঝুঁকিটিকে প্রভাবিত করে কিন্তু অপ্রধান উপাদানগুলিকে অবজ্ঞা করে, যেগুলি সামগ্রীকভাবে অনুমানকৃত হারটির ক্ষেত্রে একটি সামান্য ভিন্নতার কারণ হতে পারে।

2. **প্রিমিয়ামের হার নির্ধারণ**

অতীতের ক্ষতির অভিজ্ঞতাগুলির ভিত্তিতে প্রিমিয়ামের বিশুদ্ধ হারটি নির্ধারিত হয়। তাই, হার গণনার জন্য অতীত ক্ষতি সম্পর্কিত পরিসংখ্যানগত তথ্যসমূহ অত্যন্ত গুরুত্বপূর্ণ।

হার নির্ধারণের জন্য, ঝুঁকিগুলির প্রতি একটি 'গাণিতিক মান' প্রদান প্রয়োজনীয়।

**উদাহরণ**

ধরে নেওয়া যাক, যদি একটি ১০ বছরের সময়কালের জন্য একটি বৃহৎ সংখ্যক মোটর সাইকেলের জন্য ক্ষতির অভিজ্ঞতাগুলি সংগ্রহ করা হয়, আমরা ক্ষতিগ্রস্ত গাড়িগুলির জন্য মোট লোকসানটি পাব। আমরা, এই লোকসানের রাশিটিকে মোটর সাইকেলের মোট মূল্যের একটি শতকরা হিসাবে প্রকাশের মাধ্যমে ক্ষতির 'গাণিতিক মান'-টি নির্ধারিত করতে পারি। এটি নিচে প্রদত্ত ফর্ম্যুলার দ্বারা প্রকাশ করা যায়:

$$M = \frac{L}{V} \times ১০০$$

মোট ক্ষতিটিকে **L** দ্বারা বোঝানো হয় এবং সকল মোটর সাইকেলগুলির মোট মূল্যটিকে **V** দ্বারা বোঝানো হয়

ধরে নেওয়া যাক :

- ✓ একটি মোটর সাইকেলের মূল্য ৫০,০০০/- টাকা
- ✓ ক্ষতির অভিজ্ঞতা : ১০ বছরে ১০০০ টি মোটর সাইকেলের মধ্যে ৫০ মোটর সাইকেল চুরি হয়ে গেছে
- ✓ একটি গড় হিসাবে, চুরির কারণে প্রতি বছর মোট ক্ষতির পরিমাণ হয় পাঁচটি মোটর সাইকেল।

ফর্ম্যুলাটির প্রয়োগে, ফলাফলটি হবে:

ক্ষতিসমূহ (৫০,০০০ টাকা **x** ৫) **=** ২,৫০,০০০ টাকা

মূল্য (৫০,০০০ টাকা **x** ১০০০) **=** ৫,০০,০০,০০০ টাকা

এর অর্থ হল যে (**L / V) x** ১০০ **=** (২,৫০,০০০ **/** ৫,০০,০০,০০০) **x** ১০০ **=** ০.৫%

সেহেতু, একজন মোটর সাইকেল মালিক যে হারে প্রিমিয়াম প্রদান করেন সেটি ৫০,০০০/- টাকার শতকরা ০.৫ ভাগ অর্থাৎ প্রতি বছরে ২৫০/- টাকা। এটিকেই বলা হয় 'বিশুদ্ধ' প্রিমিয়াম।

২৫০/- টাকা প্রতি সাইকেল হারে, সংগৃহীত ২.৫ লক্ষ টাকা ৫টি গাড়ির ক্ষতির জন্য দাবি পূরণের জন্য ব্যয় হয়।

যদি, উপরে নির্ধারিত, বিশুদ্ধ প্রিমিয়ামটি সংগৃহীত হয়, সেটি শুধুমাত্র ক্ষতিগুলি পূরণের জন্য যথেষ্ট হবে।

উপরের উদাহরণটিতে আমরা দেখলাম যে এক্ষেত্রে কোন প্রকার উদ্বৃত্ত নেই। কিন্তু বীমা প্রক্রিয়াগুলি কিছু প্রকার পরিচালনগত খরচও বিজড়িত থাকে (নিয়ন্ত্রণগত খরচসমূহ) এবং ব্যবসা আনয়নের খরচসমূহ (প্রতিনিধিত্বের কমিশন)। অপ্রত্যাশিত বৃহৎ ক্ষতিগুলির জন্যও কিছু উদ্বৃত্তের সংস্থান রাখা প্রয়োজন।

চূড়ান্তভাবে, যেহেতু বীমা লেনদেনগুলি, অন্য যেকোন প্রকার ব্যবসায়ের ন্যায় ব্যবসায়িক ভিত্তিত সংঘটিত হয়, সুতরাং লাভের জন্য একটি ফারাকের সংস্থান রাখা প্রয়োজন যেটি ব্যবসায়টিতে বিনিয়োগকৃত মূলধণের একটি প্রত্যার্পণ।

সেহেতু, 'বিশুদ্ধ প্রিমিয়াম'-টি, শতকরা ভাগ হিসাবে খরচ, সংস্থান এবং লাভ সংযোজনের দ্বারা উপযুক্তভাবে ভারযুক্ত বা বৃদ্ধি করা হয়।

প্রিমিয়ামের চূড়ান্ত হারটি নিম্নলিখিত উপাদানগুলি দ্বারা গঠিত হবে:

- ✓ ক্ষতির জন্য অর্থ প্রদানসমূহ
- ✓ ক্ষতিজনিত খরচসমূহ (যেমন, পর্যবেক্ষণের খরচগুলি)
- ✓ প্রতিনিধিত্বমূলক কমিশন
- ✓ পরিচালন খরচসমূহ
- ✓ অপ্রত্যাশিত বৃহৎ ক্ষতির জন্য সংস্থান, যেমন, কল্পিত ৫ টির বিপরীতে ৭টি মোট ক্ষতি
- ✓ লাভের জন্য উদ্বৃত্ত

অভিজ্ঞতার কালটি সতর্কভাবে নির্বাচন করা প্রয়োজন। সাম্প্রতিকতম ক্ষতির অভিজ্ঞতার কালটিই ব্যবহার করা উচিত। নির্বাচিত সময়কালটিতে পর্যাপ্ত পরিমাণে ক্ষতির অভিজ্ঞতা সম্পর্কিত তথ্য থাকা আবশ্যিক যাতে ফলাফলটিতে প্রয়োজনীয় পরিসংখ্যানগত গুরুত্ব এবং বিশ্বাসযোগ্যতা থাকে। চূড়ান্তভাবে যেহেতু ব্যবসাটি সামগ্রীক ধ্বংসমূলক ক্ষতির বিষয়বস্তু, অভিজ্ঞতার কালটিকে আবশ্যিকভাবে গড় ধ্বংসমূলক ঘটনার প্রতিনিধিত্ব করা উচিত।

হারের সকল প্রকার প্রাসঙ্গিক উপাদানগুলিকে বিবেচনা করে, একজন নিশ্চিত করতে পারেন যে হারগুলি অপর্যাপ্ত, অতিরিক্ত অথবা একই প্রকার এবং মানের ঝুঁকির জন্য অন্যায়ভাবে পক্ষপাতিত্বমূলক নয়।

*নিজেকে পরীক্ষা করুন* **2**

বিশুদ্ধ প্রিমিয়াম কি**?**

I. প্রিমিয়ামটি শুধুমাত্র ক্ষতিপূরণ প্রদানের জন্যই যথেষ্টভাবে বৃহৎ

II. প্রিমিয়ামটি সমাজের প্রান্তিক সদস্যদের প্রতি প্রয়োগযোগ্য

III. পরিচালনগত খরচসমূহের ভারযুক্ত হওয়ার পরের প্রিমিয়ামটি

IV. প্রিমিয়ামটি সাম্প্রতিকতম ক্ষতির অভিজ্ঞতা কালটির ভিত্তিতে নির্ধারিত

## C. *হারের উপাদান সমূহ*

সেই সকল প্রাসঙ্গিক উপাদানসমূহ যেগুলি হারের সঙ্গে সংযোজনের জন্য এবং হারের পরিকল্পনা করার জন্য ব্যবহৃত হয় সেগুলিকে হার নির্ধারণের উপাদান হিসাবে উল্লেখিত। বীমাকারীগণ ঝুঁকির নির্ধারণ এবং কোন মূল্যটি তাঁরা ধার্য করবেন সেটি স্থির করার জন্য 'হার নির্ণয়ের উপাদানসমূহ' ব্যবহার করেন।

- ✓ বীমাকারী একটি ভিত্তিমূলক হার প্রতিষ্ঠার জন্য প্রথমেই তাঁর মূল্যায়ন ব্যবহার করেন
- ✓ বীমাকারী তারপর এই হারটি, ইতিবাচক বৈশিষ্ট্য যেমন ঝুঁকিযুক্ত সম্পত্তিটিতে উত্কৃষ্ট অগ্নি সুরক্ষা ব্যবস্থা এবং নেতিবাচক, বৈশিষ্ট্যগুলির জন্য প্রযুক্ত লোডিংসমূহ যেমন যানবাহনের ক্ষেত্রে অপ্রত্যয়যুক্ত চালক ইত্যাদি প্রযুক্ত ছাড়গুলি সমেত কার্যকরে করবেন।

**গুরুত্বপূর্ণ**

**আন্ডাররাইটিং-এর জন্য তথ্যের সংস্থানসমূহ**

যেকোন সাংখ্যিক (অথবা পরিসংখ্যানগত) বিশ্লেষণের জন্য সর্বপ্রথম স্তরটি হল তথ্য সংগ্রহ। যখন একটি ঝুঁকির মূল্য নির্ধারণ করা হচ্ছে, একজন আন্ডাররাইটারের উচিত সম্পূর্ণ সঠিক মূল্যায়নের জন্য যত অধিক সম্ভব তথ্য সংগ্রহ করা।

**তথ্যের সূত্রগুলি হল :**

i. **প্রস্তাবের ফর্ম অথবা আন্ডাররাইটিং উপস্থাপনা**

ii. **ঝুঁকির পর্যবেক্ষণ**

iii. **দাবি অভিজ্ঞতার ঐতিহাসিক পরিসংখ্যানসমূহ :** কিছু শ্রেণীর, যেমন ব্যক্তিভিত্তিক এবং মোটরযানভিত্তিক ব্যবসায়ের ক্ষেত্রে, আন্ডাররাইটারগণ অভিজ্ঞতাসমূহ এবং অতীত অভিজ্ঞতার পরিসং খ্যানসমূহেরভিত্তিতে সম্ভাব্য ভবিষ্যত অভিজ্ঞতাসমূহকে বিচার করেই একটি উপযুক্ত প্রিমিয়াম স্থির করেন।

মূল্য নির্ধারণ প্রক্রিয়ায় অভিজ্ঞতার দাবির সম্পূর্ণ সঠিক ব্যাখ্যা এবং কার্যকরী ব্যবহারটি গুরুত্বপূর্ণ। ধ্বংসাত্মক ক্ষতিগুলির ভবিষ্যদ্বাণী করা সম্ভব হয়না এবং সেগুলির প্রকৃতিগত পৌনঃপুনিকতা কম। তাই, পরিসংখ্যানগত তথ্যগুলি গণনার ভিত্তি হিসাবে সর্বদা উপলব্ধ অথবা অর্থপূর্ণ হয়না। (আধুনিক কমপিউটার ব্যবস্থার বিকাশের ফলে বর্তমান যুগে প্রাকৃতিক ধ্বংসাত্মক ঘটনাগুলি সম্ভাব্য প্রভাবগুলি পরিমাপের জন্য বিভিন্ন প্রকার সিম্যুলেশন মডেলের ব্যবহার করা হয়)।

---

1. **বিপদ**

**বীমার ভাষায় বিপদ শব্দটি সেই অবস্থা অথবা ধর্ম অথবা চারিত্রিক বৈশিষ্ট্যসমূহ, যেগুলি কোন একটি প্রদত্ত বিপদ থেকে ক্ষতির সম্ভাবনা সৃষ্টি অথবা বৃদ্ধি করে, প্রতি উল্লেখ করে।** বিভিন্ন প্রকার বিপদ, যেগুলির দ্বারা সম্পত্তিসমূহ অথবা ব্যক্তিবর্গ উন্মুক্ত হতে পারেন সেগুলি সম্পর্কে একটি সুগভীর জ্ঞানআন্ডাররাইটিং-এর জন্য অপরিহার্য।

বিপদগুলি শারীরিক এবং নৈতিক এই দুই প্রকারে বিভক্ত করা যায়। শারীরিক বিপদযা বীমার বিষয়বস্তু বাস্তব আকার সম্পন্ন ঝুঁকিগুলির প্রতি উল্লেখ করে, অন্যদিকে নৈতিক সাধারণ অর্থনৈতিক

এবং সামাজিক অবস্থার পরিপ্রেক্ষিতে উদ্ভূত মানুষের দুর্বলতা যথা অসসতা, অসাবধানতা ইত্যাদি পরিচালন স্তরে হার নির্ধারণের প্রক্রিয়াটি শারীরিক এবং নৈতিক বিপদগুলির মূল্যায়নকে বিজড়িত করে।

2. **শারীরিক বিপদসমূহ**

একটি প্রস্তাবের ফর্মে প্রদত্ত তথ্যের ভিত্তিতে শারীরিক বিপদটি নির্ধারণ করা সম্ভব হতে পারে। ঝুঁকিটিকে একটি পর্যবেক্ষণ অথবা পরিদর্শনের মাধ্যমে আরও উত্তমরূপে নির্ধারণ করা যায়। নিচে বিভিন্ন প্রকার বীমা সম্বন্ধীয় শারীরিক বিপদের কয়েকটি উদাহরণ প্রদান করা হল।

a) **অগ্নি**

i. **নির্মাণ**

নির্মাণ, দেওয়াল এবং ছাদ গঠনের প্রক্রিয়ায় ব্যবহৃত সামগ্রীগুলির প্রতি উল্লেখ করে। একটি কাঠের বাড়ির তুলনায় একটি কংক্রিটের বাড়ি উত্কৃষ্টতর।

ii. **উচ্চতা**

বাড়ির তলের সংখ্যা যতই অধিক হবে, অগ্নিনির্বাপনে অসুবিধার কারণে বিপদটি ততই অধিক হবে। এছাড়াও, অধিক সংখ্যক তলের ক্ষেত্রে বৃহৎ চাপজনিত ক্ষতির কারণ সৃষ্টিকারী ধ্বসে পড়ার ঝুঁকিটি জড়িয়ে থাকে।

iii. **মেঝে ব্যবস্থার প্রকৃতি**

কাঠের মেঝেগুলি অগ্নিতে জ্বালানী সরবরাহের কাজ করে। এছাড়াও, অগ্নিকান্ডের ক্ষেত্রগুলিতে কাঠের মেঝেগুলি ধ্বসে গিয়ে উপরের তলগুলির যন্ত্রাদি এবং জিনিসপত্র পতিত হয়ে নিচের তলের সম্পত্তিসমূহের ক্ষতির কারণ হয়।

iv. **অধিকারস্বত্ব**

একটি বাড়ির অধিকারস্বত্ব, এবং বাড়ি ব্যবহারের উদ্দেশ্য। অধিকারীর কারণে বিভিন্ন প্রকার বিপদের সৃষ্টি হয়।

v. **অগ্নিস্ফুলিঙ্গজনিত বিপদ**

যে বাড়িগুলিতে রসায়নিক দ্রব্যসমূহ উত্পাদিত হয় অথবা অধিক পরিমাণে ব্যবহৃত হয় সেগুলি উল্লেখযোগ্য অগ্নিস্ফুলিঙ্গজনিত বিপদের সম্ভাবনা জড়িয়ে থাকে। একটি কাঠ মজুতের স্থান উচ্চ জ্বলনজনিত বিপদের উপস্থাপনা করে কারণ একবার একটি অগ্নিকান্ড শুরু হলে, কাঠগুলি অতি শীঘ্র জ্বলে যায়। অগ্নিকান্ডের ঘটনায় অন্তর্নিহিত সামগ্রীগুলি ক্ষতির প্রতি অধিক প্রবণতাযুক্ত।

উদাহরণস্বরূপ, কাগজ, পোশাক ইত্যাদি সামগ্রীগুলি শুধুমাত্র অগ্নিকান্ডজনিত ক্ষতির প্রতি নয়, জল, তাপ ইত্যাদি জনিত ক্ষতির প্রতিও প্রবণতাযুক্ত।

vi. **গঠনের প্রক্রিয়াসমূহ**

যদি রাত্রিকালে কাজ করা হয়, কৃত্রিম আলোর ব্যবহার, যন্ত্রের ক্রমাগত ব্যবহার জনিত ঘর্ষণ এবং ক্লান্তির কারণে কর্মচারীদের মধ্যে সম্ভাব্য অবহেলা ইত্যাদি বিপদের বৃদ্ধি ঘটায়।

vii. **অবস্থান**

একটি ঘিঞ্জি অঞ্চলে অবস্থিত, বাড়ির বিপদের প্রতি উন্মুক্ততা এবং অগ্নিনির্বাপক ব্যবস্থা থেকে দূরত্ব হল শারীরিক বিপদের উদাহরণ।

b) **সামুদ্রিক**

i. **জাহাজের বয়স এবং অবস্থা**

পুরাতন জাহাজগুলি হল নিকৃষ্ট মানের ঝুঁকিসমূহ।

ii. **যে অভিযানটি সম্পাদন করতে হবে**

অভিযানটি যাত্রাপথ, বন্দরগুলিতে মাল তোলা এবং খালাসের পরিস্থিতি এবং গুদামজাতকরণের সুবিধাগুলি হল উপাদানসমূহ।

iii. **মালপত্রের প্রকৃতি**

যাত্রাপথে উচ্চ মূল্যের সামগ্রীগুলি চুরি; যন্ত্রাদির ভেঙ্গে যাওয়ার সম্ভবনা থাকে।

iv. **প্যাকিং-এর পন্থা**

থলির তুলনায় গাঁট দ্বারা মালপত্রের প্যাকিং উত্তম হিসাবে বিবেচিত হয়। পুনরায়, একটি থলির তুলনায় দুটি থলি অধিক সুরক্ষাযুক্ত হয়।

বহু ব্যবহৃত ড্রামে বহনযোগ্য তরল সামগ্রীগুলি নিকৃষ্ট শারীরিক বিপদ সৃষ্টি করে।

c) **মোটরযান**

i. **মোটরযানটির বয়স এবং অবস্থা**

পুরাতন মোটরযানগুলি দুর্ঘটনার প্রতি অধিক প্রবণতাযুক্ত হয়।

ii. **ভেহিকলের প্রকার**

খেলাধুলার গাড়িগুলি অধিক শারীরিক বিপদে বিজড়িত হয় ইত্যাদি

d) **চুরি**

i. **মজুত মালের প্রকৃতি**

ছোট আয়তনে উচ্চ মূল্যের বস্তু (যেমন রত্ন ইত্যাদি) এবং সহজেই সরিয়ে নেওয়া যায় এমন বস্তুগুলি নিকৃষ্ট ঝুঁকি হিসাবে বিবেচিত হয়।

ii. **অবস্থান**

নিচের তলের ঝুঁকিগুলি উপরের তলে ঝুঁকিগুলির থেকে নিকৃষ্টতর:নির্জন অঞ্চলগুলিতে ব্যক্তিগত ব্যবহারের জিনিসের অবস্থানগুলি বিপজ্জনক।

iii. **গঠনগত বিপদসমূহ**

অতিরিক্ত সংখ্যক দরজা ও জানালাগুলি নিকৃষ্ট শারীরিক বিপদ সৃষ্টি করে।

e) **ব্যক্তিগত দুর্ঘটনা**

i. **ব্যক্তিটির বয়স**

অতি বৃদ্ধ মানুষেরা দুর্ঘটনা প্রবণ হন; এছাড়া কোনো দুর্ঘটনা ঘটলে তাঁরা সুস্থ হয়ে উঠতেও অধিক সময় নেন।

ii. **পেশার প্রকৃতি**

ঘোড়সওয়ার, খনির ইঞ্জিনীয়র, কায়িক পরিশ্রমের কর্মচারীরা হলেন নিকৃষ্ট শারীরিক বিপদের উদাহরণ।

iii. **স্বাস্থ্য এবং শারীরিক অবস্থা**

একটি দুর্ঘটনাজনিত শারীরিক আঘাতের ক্ষেত্রে একজন ডায়াবিটিসে আক্রান্ত ব্যক্তি শল্য চিকিত্সায় সাড়া নাও দিতে পারেন।

f) **স্বাস্থ্য বীমা**

i. **ব্যক্তিটির বয়স**

অল্প বয়সীর বারংবার অসুস্থতার প্রতি কম প্রবণতাযুক্ত হয়।

ii. **ব্যক্তিটির স্বাস্থ্যের অবস্থা;অর্থাৎ যদি বর্তমানে কোন প্রকার অসুস্থতায় ভোগেন**

iii. **মদ্য অথবা ধূমপান**

iv. **পেশার প্রকৃতি**

কারখানায় কর্মরত যেখানে ধোঁয়া অথবা ধুলোর অতিরিক্ত সমাবেশ।

3. **হার নির্ধারণের ক্ষেত্রে শারীরিক বিপদগুলির প্রতি নজর প্রদান**

আন্ডাররাইটারগণ শারীরিক বিপদগুলি পরিচালনের ক্ষেত্রে নিম্নলিখিত পন্থাগুলি অবলম্বন করেন:

- ✓ প্রিমিয়ামের সঙ্গে ভারযুক্তকরণ
- ✓ পলিসিগুলিতে প্রতিশ্রুতির প্রয়োগ
- ✓ নির্দিষ্ট কিছু ধারার প্রয়োগ
- ✓ অতিরিক্ত / অবরোহীর প্রয়োগ
- ✓ অনুমোদিত সুরক্ষার সীমাবদ্ধকরণ
- ✓ প্রত্যাখ্যানের তালিকা

a) **প্রিমিয়ামের সঙ্গে ভার যুক্ত করা**

কোন একটি ঝুঁকি উন্মুক্ততার সময় কিছু অসুবিধাজনক বৈশিষ্ট্য থাকতে পারে যেগুলির জন্য আন্ডাররাইটার সেটি গ্রহণের পূর্বে কিছু অতিরিক্ত প্রিমিয়াম ধার্য করার সিদ্ধান্ত নিতে পারবেন।

প্রিমিয়ামের সঙ্গে ভার যুক্ত করার মাধ্যমে দাবির উচ্চতর সম্ভাবনা অথবা বৃহৎ দাবির ঘটনাগুলি বিবেচনার মধ্যে রাখা হয়।

**উদাহরণ**

**i.** যে সামগ্রীগুলি নিয়মিত যাতায়াতকারী জাহাজে অথবা সুপারিশযোগ্য মানযুক্ত, জাহাজে যাতায়াত করে সেগুলির ক্ষেত্রে সাধারণ হারে প্রিমিয়াম ধার্য করা হয়। কিন্তু, যদি কোন একটি পুরানো অথবা কম মাল বহনের ক্ষমতাসহ জাহাজে মালগুলি নেওয়া হয়, সেক্ষেত্রে অতিরিক্তি প্রিমিয়াম ধার্য করা হয়।

**ii.** ব্যক্তিভিত্তিক বীমা, যদি বীমাগ্রাহক বিপদ সঙ্কুল কাজের সঙ্গে জড়িত থাকেন যেমন, পাহাড়ে চড়া, গাড়ির দৌড়, বৃহৎ প্রাণী শিকারের খেলা ইত্যাদি ক্ষেত্রে অতিরিক্ত প্রিমিয়াম ধার্য করা হয়।

**iii.** স্বাস্থ্য বীমার ক্ষেত্রে আন্ডাররাইটিং-এর সময় যদি কোন প্রকার বিরুদ্ধ বৈশিষ্ট্য বিদ্যমান থাকে, সেখানেও প্রিমিয়ামের সঙ্গে ভার যুক্ত করা হয়।

কোন কোন সময়ে বিরুদ্ধ অনুপাতের ক্লেইমের জন্যও ভারযুক্ত প্রিমিয়াম ধার্য করা হয়, যেমন মোটরযান বীমা অথবা স্বাস্থ্য বীমা পলিসিগুলি।

আইআরডিএ-এর সাম্প্রতিক অধিনিয়ম অনুসারে এক একটি দাবির ভিত্তিতে ভারযুক্তকরণের প্রক্রিয়াটি প্রয়োগ করা যাবে না। উদ্দেশ্যের বৈশিষ্ট্যের ভিত্তিতে সমগ্র প্রকল্পটির উপরই ভারযুক্ত করণের প্রক্রিয়াটি প্রয়োগ করা যেতে পারে।

b) **প্রতিশ্রুতির প্রয়োগ**

শারীরিক বিপদ হ্রাসের উদ্দেশ্যে বীমাকারীরা উপযুক্ত প্রতিশ্রুতির সংযোজন করেন। নিচে কয়েকটি উদাহরণ প্রদান করা হল।

**উদাহরণ**

i. **জলপথ ভিত্তিক সামগ্রী**

একটি ওয়ারেন্টি অথবা প্রতিশ্রুতির উদ্দেশ্য হল যাতে বীমাকৃত সামগ্রীগুলি (যেমন, চা) টিন লাগানো বাক্সের মধ্যে প্যাক করা হবে।

ii. **চুরি**

এই প্রকার প্রতিশ্রুতি গ্রহণ করা হয় যে সম্পত্তিটি একজন প্রহরী দ্বারা চব্বিশ ঘন্টা সুরক্ষিত থাকবে।

iii. **অগ্নি**

অগ্নি বীমার ক্ষেত্রে, এই প্রকার প্রতিশ্রুতি থাকে যে, বীমাকৃত স্থানটি সাধারণ কর্ম সময়ের অধিক ব্যবহৃত হবে না।

iv. **মোটরযান**

এই প্রকার প্রতিশ্রুতি থাকে যে ভেহিকলটি গতি পরীক্ষা অথবা দৌড়বাজির জন্য ব্যবহৃত হবে না।

c) **দাবি/ক্ষতির অংকগুলির পরিমাণ হ্রাসকারী কিছু ধারার প্রয়োগ**

**উদাহরণ**

**সামুদ্রিক বীমা :** কিছু প্রকার মূল্যবান যন্ত্রের ক্ষেত্রে কোন ছোট অংশের ক্ষতি যন্ত্রটির সামগ্রিক গঠনগত ক্ষতির কারণ হতে পারে। এই প্রকার যন্ত্রগুলির ক্ষেত্রে পরিপূরণের ধারা অনুযায়ী, আন্ডাররাইটারের দায়টি শুধুমাত্র পরিপূরক প্রদান, প্রেরণ এবং কোন ক্ষতিগ্রস্ত অংশের পুনঃগঠন সংক্রান্ত খরচপর্যন্তই সীমাবদ্ধ থাকে।

কোন কোন সময় ঢালাই করা পাইপ, হার্ডবোর্ড ইত্যাদি সামগ্রীগুলি কোনারের দিকে ক্ষতিগ্রস্ত হয়। সামুদ্রিক বীমায় ঢালাই পাইপ, হার্ডবোর্ড ইত্যাদির ক্ষেত্রে কেটে দেওয়ার ওয়ারেন্টি ধারার বিষয়বস্তু অনুযায়ী ক্ষতিগ্রস্ত অংশটি কেটে বাদ দিয়ে অবশিষ্টাংশটি ব্যবহৃত হতে পারে।

অনেক সময়ে বিদেশ থেকে আমদানিকৃত সামগ্রীগুলির অন্তর্দেশীয় পরিবহনের জন্য বীমা করানো হয়। এই ক্ষেত্রগুলিতে সমুদ্র পরিবহনের সময়েই এই প্রকার সামগ্রীগুলির ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা থাকলেওবাহ্যিক পরীক্ষায় তা দৃষ্টিগোচর হয় না।

এই প্রকার ঝুঁকিগুলি, সামগ্রী বন্দরে নামার পর সামগ্রী পরিদর্শনের পরেই গৃহীত হয়। পলিসিগুলি স্বীকৃতির পূর্বে পর্যবেক্ষণের বিষয়বস্তু।

d) **অতিরিক্ততা বর্জন/ অবরোহীর প্রয়োগ**

যখন ক্ষতির অংকটি উল্লেখিত অবরোহী/অতিরিক্তটিকে ছাড়িয়ে যায়, তখন 'অতিরিক্ত' ধারার অধীনে অবশিষ্টাংশটি প্রদান করা হয়। সীমারেখার নিচের ক্ষতিটি প্রদেয় নয়।

এই প্রকার ধারাগুলির উদ্দেশ্য হল ক্ষুদ্র দাবিগুলি পরিহার করা। যেহেতু বীমাকারীকে ক্ষতির একটি অংশের দায় গ্রহন করতে হয়, তিনি ক্ষতি প্রতিরোধের জন্য অধিক সতর্কতা গ্রহণে উত্সাহী হন।

e) **সুরক্ষার সীমাবদ্ধতা**

**উদাহরণ**

i. **মোটরযান :** একটি পুরোনা মোটরযানের জন্য কমপ্রিহেনসিভ শর্তাবলীতে বীমা প্রস্তাব গৃহীত হবে না কিন্তু বীমাকারীগণ একটি সীমাবদ্ধতাযুক্ত সুরক্ষার প্রস্তাব দিতে পারেন, যেমন শুধুমাত্র তৃতীয় পক্ষের ঝুঁকির বিরুদ্ধে।

ii. **ব্যক্তিগত দুর্ঘটনা :** একজন ব্যক্তিগত দুর্ঘটনা বীমা ক্রয়ের প্রস্তাবকারী যিনি গ্রহণযোগ্য বয়ঃসীমার উর্ধ্বে, কমপ্রিহেনসিভ শর্তাবলীর পরিবর্তে, অর্থাৎ অক্ষমতার সুবিধাগুলি অন্তর্গত করে, তিনি শুধুমাত্র মৃত্যু ঝুঁকির বিরুদ্ধে সুরক্ষিত হবেন।

iii. **স্বাস্থ্য :** কোন কোন সময়ে বীমাকারী কিছু শল্য চিকিত্সা পদ্ধতি অথবা অবস্থার ক্ষেত্রে একটি সীমাবদ্ধতার ধারা প্রয়োগ করতে পারেন এবং এই ক্ষেত্রগুলিতে সুরক্ষা শুধুমাত্র একটি সীমা পর্যন্ত হতে পারে, যেমন ছানি অথবা চোখের লেন্স প্রতিস্থাপনের প্রক্রিয়াসমূহ।

f) **ছাড়সমূহ**

ঝুঁকি অনুকূল হলে সাধারণ প্রিমিয়ামের উপর একটি ছাড় প্রদান করা হয় অথবা কম হার ধার্য করা হয়ে থাকে।

অগ্নি বীমার ক্ষেত্রে অগ্নিকান্ডজনিত ঝুঁকির উন্নয়নের উদ্দেশ্যে নিম্নলিখিত বৈশিষ্ট্যগুলি বিবেচনা করা হয়।

i. বীমাকৃত স্থানটিতে স্প্রিঙ্কলার বা জল ছিটানোর ব্যবস্থার স্থাপনা

ii. আঙিনায় হাইড্রান্ট ব্যবস্থার স্থাপনা

iii. বালতি, বহনযোগ্য অগ্নিনির্বাপক এবং হাতে চালানোর অগ্নিনির্বাপক পাম্প ইত্যাদি হাতে ব্যবহারযোগ্য যন্ত্রাংশের ব্যবস্থা

iv. অগ্নিকান্ড সতর্কতামূলক স্বয়ংক্রিয় ঘন্টার স্থাপনা

**উদাহরণ**

মোটরযান বীমার অধীনে, যদি মোটর সাইকেলটিতে সর্বদাই একটি পার্শবর্তী গাড়ী **(side-car)** লাগানো অবস্থায় ব্যবহৃত হয়, যেহেতু এটি গাড়িটিতে অধিকতর স্থায়ীত্ব প্রদানের মাধ্যমে ঝুঁকির উন্নতি ঘটায়, তাই প্রিমিয়ামে একটি ছাড় প্রদান করা হয়।

সামুদ্রিক বীমার ক্ষেত্রে, "সম্পূর্ণ ভর্তি" কন্টেনারগুলিতে চুরি এবং মাল কম পড়ার ঘটনা কম হওয়ার কারণে, প্রিমিয়ামে ছাড় প্রদান বিবেচনা করেন।

একটি গোষ্ঠী ভিত্তিক ব্যক্তিগত বীমা সুরক্ষা ক্ষেত্রে একটি বৃহৎ গোষ্ঠীর সুরক্ষার জন্য ছাড় প্রদান করা হয় যেহেতু সেই ক্ষেত্রগুলিতে বীমাকারীর পরিচালনগত কাজ এবং খরচ কম হয়।

---

g) **কোন দাবি না থাকাজনিত বোনাস বা নো ক্লেম বোনাস (এনসিবি)**

প্রত্যেক বার দাবিবিহীন বীমা পলিসির বাত্সরিক নবীকরণের সময়ে বোনাস প্রাপ্তির দরুণ সর্বাধিক সীমার মধ্যে একটি নির্দিষ্ট শতকরা ভাগ বোনাস হিসেবে প্রদান করা হয়। এটি শুধুমাত্র নবীকরণের সময় মোট প্রিমিয়াম থেকে, সম্পূর্ণ গোষ্ঠীটির জন্য দাবি অনুপাতের উপর নির্ভরশীলভাবে একটি বিয়োজন হিসাবে অনুমোদন করা হয়।

**আন্ডাররাইটিং অভিজ্ঞতার উন্নয়নের উদ্দেশ্যে দাবিবিহীনতাজনিত বোনাসটি একটি শক্তিশালী প্রকৌশল এবং এটি হার নির্ধারক ব্যবস্থার সঙ্গে অঙ্গাঙ্গিভাবে জড়িত একটি অংশও বটে।** এটি বীমাকৃতকে, হয় মোটরযান বীমার ক্ষেত্রে উত্কৃষ্ট গাড়ি চালনার অভ্যাস পালনের মাধ্যমে অথবা মেডিক্লেম পলিসির ক্ষেত্রে নিজের স্বাস্থ্যের প্রতি যত্নবান হওয়ার মাধ্যমে কোন প্রকার দাবি পেশ না করার জন্য পুরষ্কৃত করে।

h) **প্রত্যাখ্যানের তালিকা**

যদি বিজড়িত শারীরিক বিপদটি উল্লেখযোগ্যভাবে নিকৃষ্ট হয়, ঝুঁকিটি বীমাঅযোগ্য এবং প্রত্যাখ্যাত হয়। বীমাকারীগণ তাঁদের অতীত ক্ষতির অভিজ্ঞতা, বিপদ সম্পর্কে জ্ঞান এবং আন্ডাররাইটিং-এর সামগ্রীক নীতির ভিত্তিতে আন্ডাররাইটারগণ প্রত্যেক শ্রেণীর অন্তর্গত প্রত্যাখ্যানযোগ্য ঝুঁকিগুলির একটি তালিকা সৃষ্টি করেছেন।

4. **মানসিক বিপদ**

নিম্নলিখিত কারণের মাধ্যমে মানসিক বিপদের উত্পত্তি হতে পারে:

a) **অসততা**

নিকৃষ্ট মানসিক বিপদের একটি চূড়ান্ত উদাহরণ হল যেখানে একজন বীমাকৃত ব্যক্তির দ্বারা একটি দাবি পেশের জন্য ইচ্ছাকৃতভাবে ঠকানোর উদ্দেশ্য নিয়ে একটি বীমা গ্রহণ। একজন সৎ বীমা প্রস্তাবকও, আর্থিক অসুবিধার সময়ে লোভের বশবর্তী হয়ে একটি ক্ষতির প্রদর্শন করতে পারেন।

b) **অবহেলামূলক ব্যবহার**

ক্ষতির প্রতি উদাসীনতা হল অবহেলামূলক ব্যবহারের একটি উদাহরণ। বীমা থাকার কারণে, বীমাকৃত ব্যক্তির বীমাকৃত সম্পত্তিটির প্রতি একটি অবহেলামূলক মানসিকতার সৃষ্টি হতে পারে।

যদি না কোন একজন বীমাকৃত ব্যক্তি কোন একটি সম্পত্তির প্রতি সেই প্রকার যত্ন গ্রহণ করেন, যে প্রকার যত্ন একটি অবীমাকৃত সম্পত্তির প্রতি কোন একজন দায়িত্ব জ্ঞান সম্পন্ন ব্যক্তি করে থাকেন, তাহলে মানসিক বিপদটি অসন্তোষমূলক হিসাবে বিবেচিত হবে।

c) **শিল্পভিত্তিক সম্পর্কসমূহ**

নিয়োগকর্তা-নিযুক্তের মধ্যবর্তী সম্পর্কটি একটি নিকৃষ্ট মানসিক বিপদের উপাদান হতে পারে।

d) **ভ্রান্ত দাবিসমূহ**

দাবি পেশের সময়ে এই প্রকার মানসিক বিপদগুলি ঘটে থাকে। একজন বীমাকৃত ইচ্ছাকৃতভাবে একটি ক্ষতি নাও করতে পারেন, কিন্তু একবার ক্ষতিগ্রস্থ হয়ে ক্ষতি পূরণের নীতির প্রতি সম্পূর্ণ উদাসীন হয়ে তিনি অযৌক্তিকভাবে ক্ষতি পূরণের জন্য উচ্চ অংকের দাবি করতে পারেন।

**উদাহরণ**

ব্যক্তিগত দুর্ঘটনা বীমার ক্ষেত্রে এই প্রকার মানসিক বিপদের উদাহরণগুলি দেখা যায়, যেখানে দাবিকারী বীমার অধিক সুবিধাসমূহ প্রাপ্তির উদ্দেশ্যে তাঁর অক্ষমতার সময়কালটিকে আঘাতে প্রকৃতির সঙ্গে সামঞ্জস্যপূর্ণভাবে যুক্তিসংগত সময়ের তুলনায় অধিক প্রলম্বিত করতে পারেন।

মোটরযান বীমার দাবির ক্ষেত্রে এই প্রকার বিপদটি উদ্ভুত হয় যখন বীমাকৃত ব্যক্তি অযৌক্তিকভাবে নুতন যন্ত্রাংশ দ্বারা পরিপূরণের জন্য জোর দিতে থাকেন যখন ক্ষতিটি সন্তোষজনকভাবে যন্ত্রাংশ সারাইয়ের মাধ্যমে পূরণ করা যেতে পারে অথবা এমন প্রকার সারাই অথবা যন্ত্রাংশের পরিবর্তন করানোর প্রচেষ্টা করেন যেগুলি দুর্ঘটনাজনিত ক্ষতির সঙ্গে সম্পর্কযুক্ত নয়।

সহ-অর্থ প্রদান, বিয়োজন, উপ-সীমা এবং স্বাস্থ্য বীমার ক্ষেত্রে দাবিবিহীনতার কারণে বোনাসের প্রস্তাব ইত্যাদি প্রকৌশলসমূহের ব্যবহারে মানসিক বিপদগুলি হ্রাস করা যেতে পারে।

**তথ্য**

i. **সহ-অর্থ প্রদান**

যখন কোন একটি বীমাকৃত ঘটনা ঘটে, বহু স্বাস্থ্য বীমা পলিসি অনুসারে বীমাকৃতকে ক্ষতির একটি অংশের ভার বহন করতে হয়। যেমন, যদি বীমাকৃত ক্ষতিটির পরিমাণ ২০০০০ টাকা হয় এবং সহ-অর্থ প্রদানের রাশিটি ১০% হয়, তাহলে বীমাকৃত ব্যক্তিকে ১০০০ টাকা বহন করতে হয়।

ii. **উপ-সীমাসমূহ**

বীমাকারী ফাঁপানো বিল করার প্রবণতা হ্রাসের উদ্দেশ্যে ঘরের খরচ, শল্য চিকিত্সার খরচ অথবা ডাক্তারের পারিশ্রমিক ইত্যাদি খরচগুলির জন্য মোট খরচের ক্ষেত্রে পৃথকভাবে এক একটি সীমা আরোপ করতে পারেন।

iii. **বিয়োজনযোগ্য**

পলিসি অতিরিক্ত হিসাবে উল্লেখ হওয়া, একটি স্থির নির্দিষ্ট রাশি যেটি একজন বীমাকৃতকে; বীমাকারী দ্বারা নিষ্পত্তির পূর্বেই প্রাথমিকভাবে প্রদান করতে হয়, উদাহরণস্বরূপ, যদি কোন একটি পলিসিতে বিয়োজনযোগ্যটি ৫০০০০ টাকা হয়, তাহলে দাবি প্রতি বীমাকৃতের থেকে ১০০০ টাকা করে কেটে নেওয়া হবে

---

**যদি বীমাকৃতের মানসিক বিপদের ক্ষেত্রে সন্দেহের অবকাশ থাকে, প্রতিনিধির সেই প্রকার প্রস্তাবগুলি বিবেচনা করা অথবা বীমা কোম্পানীর প্রতি আনয়ন করা উচিত নয়। তাঁর এই প্রকার বিষয়গুলি সংস্থার আধিকারিকদের দৃষ্টিগোচরেও আনা উচিত।**

5. **স্বল্পমেয়াদি সময়কালসমূহ**

সাধারণত, প্রিমিয়ামের হারগুলি একটি বারো মাস সময়কালের জন্য প্রদত্ত হয়ে থাকে। যদি পলিসিটি একটি স্বল্পকালীন সময়ের জন্য গ্রহণ করা হয়ে থাকে, প্রিমিয়ামটি, স্বল্পমেয়াদি সময়কাল পরিমাপক নামে পরিচিত একটি বিশেষ পরিমাপকের ভিত্তিতে ধার্য করা হয়ে থাকে।

লক্ষ্যণীয় যে সেই পরিমাপক অনুসারে, স্বল্পমেয়াদি বীমার ক্ষেত্রে ধার্যকৃত প্রিমিয়ামটি সমানুপাতিক ভিত্তির নয়।

**স্বল্পমেয়াদি সময়কালের পরিমাপকগুলির প্রয়োজনীয়তা**

a) এই প্রকার হারগুলি প্রয়োগ করা হয় কারণ একটি পলিসি প্রদানের সঙ্গে জড়িত খরচসমূহ, সেগুলি একটি ১২ মাস সময়কালের পলিসির জন্য হোক বা একটি স্বল্পকালীন পলিসির জন্যই হোক, প্রায় সমান হয়।.

b) অতিরিক্তভাবে, একটি বাত্সরিক পলিসির জন্য বছরে একবারই নবীকরণ প্রক্রিয়ার প্রয়োজন হয়, যেখানে স্বল্প সময়কালের বীমাগুলি অধিক সংখ্যাক নবীকরণ প্রক্রিয়া বিজড়িত করে।

যদি আনুপাতিক প্রিমিয়াম অনুমোদন করা হয়, বীমাকৃতের তরফে স্বল্পমেয়াদি পলিসিগুলি গ্রহণের ফলস্বরূপ কিস্তিতে প্রিমিয়ামগুলি প্রদানের একটি প্রবণতা সৃষ্টি হতে পারে।

c) এছাড়াও, কিছু বীমা ঋতুভিত্তিক এবং সেই ঋতুটিতে ঝুঁকিটিও অধিক হয়। কোন কোন সময়ে এমন সময়গুলিতে বীমাগুলি গ্রহণ করা হয় যখন ঝুঁকিটি সর্বাধিক এবং তার ফলে বীমাকারিদের মধ্যে নির্বাচনের বিষয়টি ঘটে থাকে। বীমাকারীদের মধ্যে এই প্রকার নির্বাচনটি প্রতিরোধের উদ্দেশ্যে স্বল্পমেয়াদি সময়কালের পরিমাপকের উদ্ভব হয়েছে। যখন কোন বীমাকৃত দ্বারা বাত্সরিক বীমাটি বাতিল করা হয় সেই সময়েও এই পরিমাপকগুলি প্রয়োগযোগ্য হয়।

6. **নিম্নতম প্রিমিয়াম**

প্রত্যেক পলিসির অধীনেই নিম্নতম প্রিমিয়ামটি ধার্য করাই সাধারণ অভ্যাস যাতে পলিসিটি প্রদানের জন্য পরিচালনগত খরচগুলি অন্তর্গত করা যায়।

**নিজেকে পরীক্ষা করুন 3**

একটি মানসিক বিপদের আশঙ্কার ক্ষেত্রে একজন প্রতিনিধির থেকে কি প্রত্যাশা করা হয়?

I. পূর্বের মতই বীমাটি চালিয়ে যাওয়া

II. বীমাকারীর নিকট সেটির সম্পর্কে প্রতিবেদন প্রদান করা

III. দাবির থেকে একটি অংশের জন্য বলা

IV. দেখেও না দেখার ভান করা

## D. *প্রতিশ্রুত রাশি*

পলিসি শর্তানুসারে একটি বীমা সংস্থা সর্বাধিক এই রাশিটি ক্ষতিপূরণ হিসাবে প্রদান করবে। যেহেতু পেশা নিষ্পত্তির সময়ে এই রাশিটিই সর্বাধিকভাবে প্রদান করা হবে, সেহেতু ক্ষতিপূরণের সীমাটি পছন্দ করার সময়ে বীমাকারীর খুবই সতর্ক হওয়া প্রয়োজন।

প্রতিশ্রুত রাশিটি সর্বদাই বীমাকৃত দ্বারা স্থিরিকৃত হয় এবং রাশিটি পলিসিটির অধীনে দায়টির সীমা। পলিসির অধীনে এই রাশিটির ভিত্তিতেই প্রিমিয়াম নির্ধারণের হারটি প্রযুক্ত হয়।

এটি সম্পত্তিটির প্রকৃত মূল্যের প্রতিনিধিত্বমূলক হওয়া উচিত। যদি অতিরিক্ত বীমা করা হয়ে থাকে, বীমাকারী কোন প্রকার সুবিধা প্রাপ্ত হয় নাআবার কম বীমার ক্ষেত্রে দাবিটি আনুপাতিক হারে কম হয়ে যায়।

### 1. প্রতিশ্রুত রাশির নির্ধারণ

প্রত্যেক শ্রেণীর ব্যবসায়ের ক্ষেত্রেই প্রতিশ্রুত রাশিটি নির্ধারণকালে নিম্নলিখিত বিষয়গুলি বিবেচনা করার জন্য বীমাগ্রাহককে পরামর্শ প্রদান করা উচিত :

a) **ব্যক্তিগত দুর্ঘটনা বীমা :** একটি সংস্থা দ্বারা প্রস্তাবিত প্রতিশ্রুত রাশিটি একটি স্থির রাশি অথবা এটি বীমাগ্রাহকের আয়ের একটি ভিত্তিতেও হতে পারে। কিছু বীমা সংস্থা একটি বিশেষ অক্ষমতার জন্য বীমাকৃতের মাসিক আয়ের ৬০ অথবা ১০০ গুণের সমান একটি সুবিধা প্রদান করতে পারেন। সর্বাধিক রাশিটির একটি ঊর্ধ্ব সীমা অথবা একটি 'ক্যাপ' থাকতে পারে। ক্ষতিপূরণগুলি সংস্থার ভিত্তিতে ভিন্নতর হতে পারে। গোষ্ঠীভুক্ত ব্যক্তিগত দুর্ঘটনার পলিসির ক্ষেত্রে প্রতিশ্রুত রাশিগুলি প্রত্যেক বীমাকৃত ব্যক্তির জন্য পৃথকভাবে স্থিরকৃত অথবা বীমাকৃত ব্যক্তির প্রতি প্রদেয় বেতনের সঙ্গে সূত্রযুক্ত হতে পারে।

b) **স্বাস্থ্য বীমা :** বীমাকৃত রাশিটি একটি নির্দিষ্ট বিস্তারের অন্তর্ভুক্ত হিসাবে প্রাপ্ত হয়। এটি বয়সের উপরেরও নির্ভরশীল হয়। ধরে নেওয়া যাক একজন বীমাকারী ২৫-৪০ বছর বয়সিদের গোষ্ঠীর জন্য ১০ লাখ অথবা তার অধিক এবং ৩ মাস থেকে ৫ বছরের একটি বয়স গোষ্ঠীর জন্য ২ লাখ অথবা সেই প্রকার কোন একটি প্রতিশ্রুত বীমা রাশির প্রস্তাব করতে পারেন।

c) **মোটরযান বীমা :** মোটরযান বীমার ক্ষেত্রে প্রতিশ্রুত বীমা রাশিটি হল বীমাকৃতের ঘোষণাকৃত মূল্য বা ইনস্যুর্ডস ডিক্লেয়ার্ড ভ্যালু (আইভিডি)। এটি গাড়িটির মূল্য, যেটি গাড়িটির প্রস্তুতকারকের বর্তমান তালিকাস্থিত বিক্রয়মূল্যের সঙ্গে আইআরডিএ অধিনিয়ম অনুসারে সাধারণ ব্যবহারজনিত ক্ষয়ের কারণে অবমূল্যায়নটি ব্যবস্থাপিত করে নির্ধারিত হয়। প্রস্তুতকারকের তালিকাস্থিত বিক্রয়মূল্যটি হবে স্থানীয় কর ইত্যাদি অন্তর্ভুক্ত করে কিন্তু বীমা এবং নথিভুক্তিকরণের খরচগুলি বাদ দিয়ে।

বীমাকৃতের ঘোষণাকৃত মূল্য বা আইডিভি **=** (প্রস্তুতকারকের তালিকাস্থিত বিক্রয়মূল্য – ক্ষয়জনিত অবমূল্যায়ন) **+** (আনুসঙ্গিক যন্ত্রাংশের মূল্য যা তালিকাস্থিত বিক্রয়মূল্যের – অবমূল্যায়নের মধ্যে অন্তর্ভুক্ত হয়না) এবং নথিভুক্তিকরণ ও বীমার খরচ বাদ দিয়ে।

বাতিল হওয়া অথবা ৫ বছরের অধিক পুরানো গাড়িগুলির ক্ষেত্রে আইডিভি-টি বীমাকারী এবং বীমাকৃতের মধ্যে আপস চুক্তির ভিত্তিতে নির্ধারিত হয়। পুরানো গাড়িগুলির ক্ষেত্রে আইডিভি-টি

অবমূল্যায়নের ভিত্তিতে না হয়ে একজন পর্যবেক্ষক অথবা পুরানো গাড়ির ব্যবসায়িদের দ্বারা গাড়িটির অবস্থার মূল্যায়নের ভিত্তিতে হয়।

আইডিভি হল প্রদত্ত ক্ষতিপূরণের রাশি যেটি গাড়িটি চুরি হলে অথবা সেটির কোন প্রকার ক্ষতি হলে প্রদান করা হয়ে থাকে। গাড়িটির আইডিভি–টি বাজারমূল্যের নিকটবর্তী কোন একটি অংকে স্থির করার জন্য বিশেষভাবে সুপারিশ করা হয়। বীমাকারীর বীমাকৃতের নিকটি আইডিভি–টি ৫% থেকে ১০% কম করার একটি প্রস্তাব প্রদান করে। কম আইডিভি–এর অর্থ হল কম প্রিমিয়াম।

d) **অগ্নি বীমা (ফায়ার)**

অগ্নি বীমার ক্ষেত্রে প্রতিশ্রুত বীমা রাশিটি বাড়ি/যন্ত্রাংশ এবং আসবাবপত্রের বাজার দর অথবা পুনর্গঠনের খরচের ভিত্তিতে নির্ধারিত হয়ে থাকে। বাড়ির অন্যান্য জিনিসের মূল্যগুলি সেগুলির বাজার দর থেকে অবমূল্যায়নের খরচটি বাদ দেওয়ার ভিত্তিতে সুরক্ষিত হয়।

e) **গুদামজাত জিনিসের বীমা (স্টক)**

গুদামজাত জিনিসগুলির ক্ষেত্রে, প্রতিশ্রুত বীমা রাশিটি হবে সেগুলির বাজার দরের ভিত্তিতে। ক্ষতি হওয়ার পরে, বীমাকৃতকে এই প্রকার গুদামজাত জিনিসগুলি পুনর্সংস্থাপনের জন্য যে দরে বাজার থেকে ক্রয় করতে হবে সেই মূল্যটি প্রদান করা হয়।

f) **জলপথে পরিবহনযোগ্য জিনিসের বীমা (মেরিন কার্গো)**

এটি এক প্রকার চুক্তিভিত্তিক পলিসি এবং বীমার প্রতিশ্রুত রাশিটি চুক্তি সম্পাদনকালে বীমাকারী এবং বীমাকৃতের মধ্যে আপসের মাধ্যমে হয়। সাধারণত এটি মালের মূল্য, বীমার এবং পরিবহন খরচের যোগফল, অর্থাৎ সিআইএফ মূল্যের ভিত্তিতে হয়।

g) **জাহাজভিত্তিক সমুদ্র বীমা (মেরিন হাল)**

জাহাজভিত্তিক সমুদ্র বীমার ক্ষেত্রে, প্রতিশ্রুত বীমা রাশিটি হল চুক্তি সম্পাদনের সময়ে বীমাকৃত এবং বীমাকারীর মধ্যে আপস আলোচনার মাধ্যমে স্থিরিকৃত মূল্য। এই মূল্যটি একজন শংসিত মূল্য নির্ধারকের দ্বারা জাহাজের খোল বা কাঠামো পর্যবেক্ষণের পর নির্ধারিত হয়।

h) **দায়ভিত্তিক বীমা**

দায়ভিত্তিক পলিসিগুলির ক্ষেত্রে, প্রতিশ্রুত বীমা রাশিটি হল সম্পর্কিত শিল্প সংস্থাটির দায়ের স্তর এবং ভৌগলিক বিস্তারভিত্তিক দায়ের প্রতি উন্মুক্ততার মূল্যটি। আইন বিষয়ক অতিরিক্ত মূল্য এবং খরচসমূহও দাবি পূরণের অংশবিশেষ, হতে পারে। প্রতিশ্রুত বীমা রাশিটি বীমাকৃতের দ্বারা উপরের মাপকাঠিগুলির বিবেচনার ভিত্তিতে নির্ধারিত হয়।

*নিজেকে পরীক্ষা করুন* **4**

একজন ডাক্তারের জন্য তাঁর কোন প্রকার অবহেলামূলক কাজের জন্য উপস্থাপিত দাবির বিরুদ্ধে একটি বীমা পরিকল্পনা সুপারিশ করুন।

I. ব্যক্তিভিত্তিক দুর্ঘটনা বীমা
II. দায়মূলক বীমা
III. জাহাজের কাঠামো ভিত্তিক জলপথ পরিবহন বীমা
IV. স্বাস্থ্য বীমা

## সারাংশ

a) ঝুঁকিসমূহের শ্রেণীকরণ এবং সেগুলি কোন শ্রেণীভুক্ত হবে সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়াটি বীমা রাশি হার নির্ধারণের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ।

b) আন্ডাররাইটিং হল বীমাকরণের জন্য কোন একটি ঝুঁকি স্বীকার করা হবে কি না সে সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণের, এবং যদি গ্রহণ করা হয়, সেটি কোন হারে এবং কি প্রকার শর্তাবলীর অধীনে বীমার সুরক্ষাটি প্রদান করা হবে তা নির্ধারণের প্রক্রিয়া।

c) একটি হার হল একটি প্রদত্ত বীমার মূল্য।

d) হার নির্ধারণের প্রাথমিক উদ্দেশ্য হল বীমার মূল্যটির পর্যাপ্ততা এবং যৌক্তিকতা নিশ্চিত করা।

e) খরচ, তহবিল সংরক্ষণ এবং লাভের উদ্দেশ্যে সংস্থানের জন্য 'বিশুদ্ধ প্রিমিয়াম'-টি উপযুক্তভাবে ভার সংযোগ অথবা শতকরা হিসাবে যুক্ত করার মাধ্যমে বৃদ্ধি করা হয়।

f) বীমার ভাষায় বিপদ শব্দটি সেই সকল অবস্থা অথবা বৈশিষ্ট্য অথবা চারিত্রিক গুণসমূহের উল্লেখ করে যেগুলি প্রদত্ত কোন বিপদের থেকে উদ্ভুত ক্ষতির সম্ভাবনা সৃষ্টি অথবা বৃদ্ধি করে।

g) বিয়োজক / অতিরিক্ত-এর ধারাগুলি আরোপের উদ্দেশ্য হল ক্ষুদ্র দাবিগুলির অপসারণ করা।

h) দাবিবিহীনতাভিত্তিক বোনাসটি হল আন্ডাররাইটিং অভিজ্ঞতার উন্নয়নের ক্ষেত্রে একটি শক্তিশালী প্রকৌশল এবং এটি হার নির্ণায়ক ব্যবস্থাগুলির একটি অবিচ্ছেদ্দ অঙ্গ।

i) প্রতিশ্রুত বীমা রাশিটি হল সেই সর্বাধিক অংকটি যেটি একটি বীমা সংস্থা পলিসি শর্তাবলীর অধীনে ক্ষতিপূরণ হিসাবে প্রদান করবে।

---

## প্রধান প্রতিশব্দসমূহ

a) আন্ডাররাইটিং
b) হার নির্ণয়
c) শারীরিক বিপদসমূহ
d) নীতিগত বিপদসমূহ
e) ক্ষতিপূরণ
f) সুবিধা
g) প্রিমিয়ামে ভার সংযোজন
h) প্রতিশ্রুতিসমূহ
i) বিয়োজকসমূহ
j) অতিরিক্ত

---

## নিজেকে পরীক্ষার উত্তরসমূহ

**ত্তর 1**

সঠিক বিকল্পটি হল I.

ঝুঁকির সম্ভাব্যতা এবং তীব্রতা বীমার হার নির্ণয়কে প্রভাবিত করে।

**উত্তর 2**

সঠিক বিকল্পটি হল I.

বিশুদ্ধ প্রিমিয়ামটি ক্ষতিপূরণগুলি প্রদানের জন্য যথেষ্টভাবে পর্যাপ্ত, কিন্তু কোন প্রকার পরিচালনগত খরচ এবং লাভের বিবেচনা করে না।

**উত্তর 3**

সঠিক বিকল্পটি হল II.

কোন নীতিগত বিপদ অনুসন্ধানের ক্ষেত্রে বীমা প্রতিনিধির উচিত বীমাকারীকে সূচীত করা।

**উত্তর 4**

সঠিক বিকল্পটি হল II.

দায়ভিত্তিক বীমা একজন ডাক্তারের অবহেলামূলক কাজের বিরুদ্ধে পেশকৃত দাবির বীমা করতে পারে।

---

## নিজেকে পরীক্ষার প্রশ্নসমূহ

**প্রশ্ন 1**

_______________ কোন ঝুঁকি স্বীকৃত হবে কি না তা নির্ধারণ করে।

I. প্রতিশ্রুতি প্রাপ্ত

II. আন্ডাররাইটার বা দায় স্বীকারকারী

III. প্রতিনিধি

IV. পর্যবেক্ষক

**প্রশ্ন 2**

_________________ হল একটি প্রদত্ত বীমা এককের মূল্য।

I. হার

II. প্রিমিয়াম

III. প্রতিশ্রুত রাশি

IV. বোনাস

**প্রশ্ন 3**

_____________ হল একটি বীমাকারী সংস্থা দ্বারা কোন একজন ব্যক্তিকে, যিনি একটি দাবি পেশ করেছেন, তাঁকে প্রদেয় সর্বাধিক রাশিটি।

I. প্রতিশ্রুত বীমা রাশি

II. প্রিমিয়াম

III. রাইডার

IV. সুবিধাসমূহ

**প্রশ্ন 4**

________________ আন্ডাররাইটারের জন্য তথ্যের জন্য একটি সূত্র নয়।

I. প্রস্তাবকের বাত্সরিক হিসাবের বিবরণসমূহ

II. সম্পদটির গ্রহণ-পূর্ব ঝুঁকির পর্যবেক্ষণ

III. প্রস্তাবের ফ্রম

IV. বীমাকারীর নথিভুক্তিকরণের সংশাপত্র

**প্রশ্ন 5**

বিপদগুলি হল :

I. যে উপাদানগুলি ঝুঁকির প্রভাবের বৃদ্ধি ঘটায়

II. যে উপাদানগুলি ক্ষতির পৌনঃপুনিকতার বৃদ্ধি ঘটায়

III. যে উপাদানগুলি ক্ষতির প্রভাব এবং তীব্রতার বৃদ্ধি ঘটায়

IV. যে উপাদানগুলি ক্ষতির প্রভাব এবং তীব্রতায় হ্রাস ঘটায়

**প্রশ্ন 6**

নিম্নলিখিতগুলির মধ্যে কোনটি সত্য?

শারীরিক বিপদগুলি :

I. হার নির্ণয়ের জন্য গুরুত্বপূর্ণ নয়

II. নির্ধারণ করা যায় না

III. ব্যালেন্স শীট থেকে গণনা করা সম্ভব

IV. একটি প্রস্তাবের ফর্মে প্রদত্ত তথ্যসমূহ থেকে নির্ধারণ করা সম্ভব

**প্রশ্ন 7**

মোটরযান বীমার ক্ষেত্রে প্রতিশ্রুতিগুলির মধ্যে একটি হল :

I.  গাড়িটিকে প্রতিদিন ধোওয়া হবে।

II. গাড়িটি গতি পরীক্ষার জন্য ব্যবহৃত হবে না।

III. গাড়িটিকে ব্যক্তিগত জিনিস পরিবহণের জন্য ব্যবহার করা হবে না।

IV. গাড়িটিকে প্রতিদিন ২০০ কিলোমিটারের অধিক চালানো হবে না।

**প্রশ্ন 8**

বিয়োজনের ধারাটির উদ্দেশ্য হল :

I.  দাবি প্রদান এড়িয়ে যাওয়া

II. ক্ষুদ্র দাবিগুলির প্রদান এড়িয়ে যাওয়া

III. পলিসিধারককে অসুবিধার সম্মুখীন করা

IV. প্রিমিয়ামের বৃদ্ধি ঘটানো

**প্রশ্ন 9**

বাড়িটিতে জল ছিটানোর ব্যবস্থা স্থাপনা করা :

I.  ঝুঁকির বৃদ্ধি ঘটায়

II. ঝুঁকির হ্রাস ঘটায়

III. ঝুঁকির বৃদ্ধিও ঘটায় না বা হ্রাসও ঘটায় না

IV. সুরক্ষামূলক ঝুঁকির বৃদ্ধি ঘটায়

**প্রশ্ন 10**

মোটরযান বীমার ক্ষেত্রে বীমাকৃতের ঘোষণাকৃত মূল্যের মধ্যে অন্তর্ভুক্ত থাকে:

I.  নথিভুক্তিকরণের খরচটি

II. প্রস্তুককারকের খরচ মূল্যটি

III. প্রস্তুতকারকের বিক্রয়মূল্যটি

IV. মূল্যের ধারণামূলক উপাদানসমূহ

---

## নিজেকে পরীক্ষা করার প্রশ্নসমূহের উত্তরগুলি

**উত্তর 1**

সঠিক বিকল্পটি হল II.

আন্ডাররাইটার একটি ঝুঁকি স্বীকৃত হবে কি হবে না সেই সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করেন।

**উত্তর 2**

সঠিক বিকল্পটি হল I.

হার হল একটি বীমার একটি প্রদত্ত এককের মূল্য।

**উত্তর 3**

সঠিক বিকল্পটি হল I.

প্রতিশ্রুত বীমা রাশিটি হল সেই সর্বাধিক রাশিটি যেটি একটি বীমা সংস্থা কোন একজন দাবি পেশকারী ব্যক্তিকে ক্ষতিপূরণ হিসাবে প্রদান করে।

**উত্তর 4**

সঠিক বিকল্পটি হল IV.

বীমাকারীর নথিভুক্তির সংশাপত্রটি আন্ডাররাইটের জন্য তথ্যের একটি সূত্র নয়।

**উত্তর 5**

সঠিক বিকল্পটি হল III.

বিপদগুলি হল ক্ষতির প্রভাব এবং তীব্রতা বৃদ্ধিকারী উপাদানসমূহ।

**উত্তর 6**

সঠিক বিকল্পটি হল IV.

একটি প্রস্তাবের ফর্মে প্রদত্ত তথ্যসমূহ থেকে শারীরিক বিপদসমূহের নির্ধারণ সম্ভব।

**উত্তর 7**

সঠিক বিকল্পটি হল II.

মোটরযান বীমার ক্ষেত্রে প্রতিশ্রুতিগুলির মধ্যে একটি হল যে গাড়িটি গতি পরীক্ষার জন্য ব্যবহার করা যাবে না।

**উত্তর 8**

সঠিক বিকল্পটি হল II.

বিয়োজনের ধারাটির উদ্দেশ্য হল ক্ষুদ্র দাবিগুলির অপসারণ করা।

**উত্তর 9**

সঠিক বিকল্পটি হল II.

বাড়িটিতে জল ছিটানোর ব্যবস্থার স্থাপনা অগ্নিজনিত ঝুঁকির হ্রাস ঘটায়।

**উত্তর 10**

সঠিক বিকল্পটি হল III.

মোটরযান বীমার ক্ষেত্রে বীমাকৃতের ঘোষিত মূল্যটিতে প্রস্তুতকারকের বিক্রয়মূল্যটি অন্তর্গত থাকে।

# অধ্যায় 25

# ব্যক্তিগত এবং খুচরো বীমা

**অধ্যায় উপস্থাপনা**

পূর্ববর্তী অধ্যায়গুলিতে আমরা সাধারণ বীমা সম্পর্কিত বিভিন্ন ধারণা এবং নীতিসমূহের বিষয়ে জানতে পেরেছি। সাধারণ বীমা উত্পাদনগুলি বিভিন্ন বাজারে বিভিন্ন ভাবে শ্রেণীকরণ হয়ে থাকে। কোন কোন ক্ষেত্রে সেগুলিকে সম্পত্তি, দুর্ঘটনা এবং দায় হিসাবে শ্রেণীকরণ করা হয়। অন্য স্থানগুলিতে অগ্নি, সমুদ্র, মোটর এবং বিবিধ হিসাবে গোষ্ঠীবদ্ধ করা হয়। এই অধ্যায়টিতে, সাধারণ উত্পাদনসমূহ যেমন, ব্যক্তিগত দুর্ঘটনা, স্বাস্থ্য, ভ্রমণ, গৃহ এবং দোকানদার এই প্রকার খুচরো গ্রাহকদের দ্বারা ক্রয়কৃত বীমাগুলি সম্পর্কে আলোচনা করা হয়েছে।

**পাঠ্যসূচি**

A. গৃহসামগ্রী বীমা
B. দোকানসামগ্রী বীমা
C. মোটরযান বীমা

এই অধ্যায়টি পাঠ করার পর, আপনারা নিম্নলিখিতগুলি করতে সমর্থ হবেন:

1. গৃহসামগ্রী বীমা সম্পর্কে ব্যাখ্যা প্রদান
2. দোকানসামগ্রী বীমা আচ্ছাদনের প্রস্তুতি
3. মোটরযান বীমা সম্পর্কে আলোচনা

## A. *গৃহসামগ্রী বীমা*

### a. **খুচরো বীমা উৎপাদনসমূহ**

এমন কিছু বীমা উত্পাদন আছে যেগুলি ব্যক্তিবিশেষ দ্বারা নির্দিষ্ট কিছু বিশেষ স্বার্থ সুরক্ষার জন্য ক্রয় করা হয়। যদিও এই প্রকার বীমাগুলির মধ্যে ছোট বাণিজ্যিক অথবা ব্যবসায়িক স্বার্থ থাকলেও এগুলি ব্যক্তিবিশেষদের প্রতিই বিক্রয় করা হয়ে থাকে। কিছু বাজারে এগুলিকে 'স্মল টিকিট' পলিসি অথবা 'খুচরো পলিসি' অথবা 'খুচরো উত্পাদন' বলা হয়। গৃহ, মোটরযান, দ্বিচক্রযান, ছোট ব্যবসাসমূহ যেমন দোকান ইত্যাদি এই শ্রেণীর অন্তর্গত। এই উৎপাদানগুলি একই প্রতিনিধি/বিতরণ প্রণালীর মধ্যেই, যাঁরা ব্যক্তিগত বীমা বিভাগটি নিয়ে কাজ করেন, বিক্রয় করা হয়ে থাকে কারণ ক্রেতাগণও প্রয়োজনীয়ভাবে একই প্রকার উপভোক্তা শ্রেণীর অন্তর্গত হন।

### b. **গৃহসামগ্রীভিত্তিক বীমা**

a) **আমাদের গৃহসামগ্রীভিত্তিক বীমার প্রয়োজন হয় কেন** ?

**গুরুত্বপূর্ণ**

**‘ নামাঙ্কিত বিপদসমূহের বীমা পলিসি ’**

i. গৃহসামগ্রীভিত্তিক বীমা পলিসিগুলি শুধুমাত্র পলিসিটিতে উল্লিখিত বিপদ অথবা ঘটনাসমূহের কারণে বীমাকৃতের দ্বারা সম্মুখীন হওয়া সম্পত্তির ক্ষতিসমূহের জন্য সুরক্ষা প্রদান করে। সুরক্ষা প্রদত্ত বিপদগুলি পলিসিটিতে পরিষ্কারভাবে উল্লিখিত থাকবে।

ii. নামাঙ্কিত বিপদভিত্তিক পলিসিগুলি, সামগ্রিক সুরক্ষা অথবা বিস্তৃত পলিসিগুলির, যেগুলি অধিকাংশ বিপদ সুরক্ষা প্রদানের প্রবণতাযুক্ত, তুলনায় একটি কম ব্যয়সাপেক্ষ বিকল্প হিসাবে ক্রয় করা যেতে পারে।

**' সকল ঝুঁকিসমূহ '**

i. "সকল ঝুঁকিসমূহ" এর অর্থ হল যেকোন ঝুঁকি চুক্তিতে যেগুলি নির্দিষ্টভাবে বাতিল না করা হলে স্বয়ংক্রিয়ভাবে সেগুলি সুরক্ষিত হয়। উদাহরণস্বরূপ, যদি একটি ‘সকল ঝুঁকিযুক্ত’ গৃহভিত্তিকসামগ্রী বীমায় নির্দিষ্টভাবে বন্যারবাতিল না করা থাকে, তাহলে সেই গৃহটি বন্যাজনিত ক্ষতির জন্য সুরক্ষিত হবে।

ii. এক প্রকার বীমা সুরক্ষা যেটি শুধুমাত্র সেই ঝুঁকিগুলিকেই বাতিল করে যেগুলি চুক্তিতে নির্দিষ্টভাবে উল্লেখিত আছে। যেগুলি বাতিল হবে সেগুলি পরিষ্কারভাবে উল্লেখিত থাকবে।

iii. সকল ঝুঁকিসমূহের বীমাটি নিশ্চিতভাবেই উত্কৃষ্টতম সামগ্রিক সুরক্ষাযুক্ত। এটি, সেই কারণেই, অন্যান্য প্রকার বীমা পলিসিগুলি থেকে আনুপাতিকভাবে উচ্চতর, এবং দাবির সম্ভাবনার ভিত্তিতেই এই প্রকার বীমাগুলির মূল্য নির্ধারণ করা হয়

---

একটি গৃহ হল এমন একটি স্থান যেখানে স্বপ্নগুলি গঠিত হয় এবং স্মৃতিগুলি সম্পদের মত রক্ষিত হয়। একটি নিজস্ব বাড়ি আমাদের একটি দীর্ঘ লালিত স্বপ্ন এবং সকল প্রকার আর্থিক সিদ্ধান্তগুলির মধ্যে এটি সর্বাধিক গুরুত্বপূর্ণ। আমাদের মধ্যে অধিকাংশই যাঁরা একটি গৃহ ক্রয় করতে চান, গৃহঋণের বিকল্পটি গ্রহণ করেন। একটি গৃহঋণ হল আমাদের জীবনের দীর্ঘতম ঋণগুলির মধ্যে

একটি, যেটির জন্য একটি দীর্ঘমেয়াদী দায়ের প্রয়োজন হয়। ঋণ পাওয়ার এবং সেটি সুরক্ষিত করার উদ্দেশ্যে ব্যাঙ্ককে প্রদানের জন্য আমাদের বীমা গ্রহণের প্রয়োজন হয়।

এই প্রকারে গৃহটি ছাড়াও, গৃহের অন্তর্গত সামগ্রীগুলিও গুরুত্বপূর্ণ। বাড়িটিতে আসবাবপত্র এবং মূল্যবান যন্ত্রাদি যেমন টেলিভিশন, রেফ্রিজারেটর, ওয়াশিং মেশিন ইত্যাদি সামগ্রীও অন্তর্ভুক্ত হয়। সেখানে কিছু সোনা অথবা রুপোর গহনা এবং শিল্পসামগ্রী যেমন চিত্রকলা অথবা দুর্লভ বস্তু থাকতে পারে।এই সকল প্রকার সামগ্রীগুলিই অগ্নি, ভূমিকম্প, বন্যা ইত্যাদির কারণে ক্ষতিগ্রস্ত অথবা চুরি হতে পারে। যেহেতু পারিবারিক সঞ্চয়সমূহের ব্যবহারে এই প্রকার মূল্যবান সামগ্রীগুলি সংগ্রহ করা হয়েছে, ক্ষতিগুলি আর্থিক কষ্টের কারণ হবে। গৃহসামগ্রীভিত্তিক বীমাটি হল একটি সামগ্রিক পলিসি যেটি উপরোক্ত সকল প্রকার পরিস্থিতিগুলির মোকাবিলা করে।

b) **গৃহসামগ্রীভিত্তিক বীমা পলিসিগুলিতে কী সুরক্ষিত করা হয়** ?

**তথ্য**

**প্যাকেজ অথবা আম্ব্রেলা পলিসিসমূহ**

i. প্যাকেজ অথবা আম্ব্রেলা সুরক্ষা, একটি মাত্র নথির অধীনে, আচ্ছাদনসমূহের এক গুচ্ছ সুরক্ষা প্রদান করে।

ii. উদাহরণস্বরূপ, এগুলিতে গৃহসামগ্রীভিত্তিক পলিসি, দোকানের সামগ্রীভিত্তিক পলিসি, অফিস প্যাকেজ পলিসি ইত্যাদি যেগুলি, একটি মাত্র পলিসির অধীনে, গৃহ, তার অন্তর্ভুক্ত সামগ্রীসমূহ অন্তর্গত করে বিভিন্ন প্রকার বাস্তবিক সম্পদসমূহের জন্য সুরক্ষা প্রদান করে।

iii. এই প্রকার পলিসিগুলির অন্তর্গত কিছু নির্দিষ্ট প্রকার ব্যক্তিগত দায় সুরক্ষিত থাকতে পারে।

iv. প্যাকেজ সুরক্ষাসমূহে সকল বিভাগগুলির জন্য সাধারণ শর্তাবলী সাথে সাথে নির্দিষ্ট বিভাগের জন্য নির্দিষ্ট শর্তসমূহও থাকতে পারে।

---

গৃহসামগ্রীভিত্তিক বীমা, গৃহের কাঠামো এবং সেটির অন্তর্ভুক্ত সামগ্রীগুলিকে অগ্নি, দাঙ্গা, পাইপ ফেটে যাওয়া, ভূমিকম্প ইত্যাদির বিরুদ্ধে সুরক্ষা প্রদান করে। কাঠামোটি ছাড়াও, এটি অন্তর্ভুক্ত সামগ্রীগুলির জন্য অনধিকারভিত্তিক প্রবেশ, দরজা-জানালা ভেঙে ঢোকা, জোচ্চুরি এবং চুরির বিরুদ্ধে সুরক্ষা প্রদান করে।

গৃহসামগ্রীভিত্তিক পলিসির অধীনে পড়ে থাকা অথবা তালা বন্ধ সিন্দুকে রাখা গহনা ইত্যাদির জন্যও বীমা গ্রহণ করা যেতে পারে। পুরাতাত্ত্বিক নিদর্শন এবং শিল্পকর্মগুলির জন্যও সুরক্ষা প্রদান করা যায়।

গৃহসামগ্রীভিত্তিক বীমা, ব্যক্তিগত জিনিস হারানো, গৃহভিত্তিক এবং বৈদ্যুতিন যন্ত্রাদির বৈদ্যুতিক এবং যান্ত্রিক ব্যর্থতাসমূহও সুরক্ষিত করে। কিছু বীমাকারী প্যাডেল সাইকেল, ব্যক্তিগত দুর্ঘটনা এবং কর্মচারীর ক্ষতিপূরণগুলির জন্য সুরক্ষা প্রদান করে থাকে।

সাধারণভাবে সুরক্ষিত ক্ষতিগুলির মধ্যে, অগ্নি, বজ্রপাত, বিস্ফোরণ এবং বিমানের দুর্ঘটনা/ধাক্কাজনিত ক্ষতি (সাধারণভাবে এফএলইএক্সএ নামে পরিচিত); ঝঞ্ঝা, আলোড়ন, বন্যা এবং প্লাবন (সাধারণভাবে এসটিএফআই নামে পরিচিত); এবং চুরি অন্তর্গত হয়। সুরক্ষাগুলি কোম্পানী থেকে কোম্পানীতে এবং পলিসি থেকে পলিসিতে ভিন্নতর হয়। হাই নেটওয়ার্থ

ইন্ডিভিজুয়ালস (এইচএনআই) অর্থাৎ যাঁরা ব্যয়বহুল গৃহাদির মালিকানাযুক্ত, মাধ্যমে এই প্রকার বীমার প্রয়োজনীয়তাও বৃদ্ধি পাচ্ছে।

---

**দ্রষ্টব্য**

প্লেট গ্লাস এবং টেলিভিশনসংক্রান্ত বীমা, যা এই পলিসির অধীনেই সুরক্ষিত, তবু বীমাকৃতের ইচ্ছানুসারে, পৃথকভাবেও গ্রহণ করা যেতে পারে।সন্ত্রাসবাদের সাধারণত বীমা সুরক্ষা থাকে না, কিন্তু একটি অতিরিক্ত সংযোজনরূপে প্রদানও করা যায়। যুদ্ধ এবং সমপ্রকার বিপদসমূহ; অবমূল্যায়ন, ব্যবহারজনিত ক্ষয়ক্ষতি; ফলশ্রুতিস্বরূপ ক্ষতি এবং আনবিক বিপদসমূহ ইত্যাদি বিষয় বীমা সুরক্ষার আওতায় আনা হয় না।

---

c) **প্রতিশ্রুত বীমা রাশি এবং প্রিমিয়াম**

**গুরুত্বপূর্ণ**

**কিভাবে একজন ব্যক্তি প্রতিশ্রুত বীমা রাশিটি নির্ধারণ করবেন** ?

i. সাধারণভাবে, প্রতিশ্রুত বীমা রাশিটি নির্ধারণের দুটি পন্থা আছে। একটি হল মার্কেট ভ্যালু (এমভি) অর্থাৎ বাজার মূল্য এবং অন্যটি হল রিইনস্টেটমেন্ট ভ্যালু (আরআইভি) অর্থাৎ পুনর্সংস্থাপন মূল্য। এম.ভি.-এর ক্ষেত্রে ক্ষতির ঘটনায়, সম্পদটির বয়সের ভিত্তিতে সেটির উপর অবমূল্যায়নের ভারটি আরোপিত হয়। এই প্রক্রিয়ায়, বীমাকৃতকে সম্পত্তিটি পুনর্সংস্থাপনের জন্য পর্যাপ্ত পরিমাণ অর্থ প্রদান করা হয় না।

ii. আরআইভি পন্থায়, বীমা কোম্পানী প্রতিশ্রুত বীমা রাশির সীমার ভিত্তিতে পুনর্সংস্থাপনের খরচটি প্রদান করে। এই পন্থায় অবমূল্যায়নটি আরোপিত হয় না। একটি শর্ত হল যে, দাবি প্রাপ্তির জন্য ক্ষতিগ্রস্ত সম্পত্তিটিকে সারাই/পুনর্সংস্থাপিত করতে হবে। এটি মনে রাখতে হবে যে আরআইভি পন্থাটি শুধুমাত্র স্থাবর সম্পদের ক্ষেত্রেই অনুমোদিত হয়, মজুত দ্রব্য এবং প্রক্রিয়ার অন্তর্গত দ্রব্যের মত অন্য কোন প্রকার সম্পদের ক্ষেত্রে নয়।

---

অধিকাংশ পলিসি গৃহটির কাঠামোর পুনর্গঠন মূল্যের জন্য বীমা প্রদান করে (এবং বাজার মূল্যের জন্য নয়)। পুনর্গঠনের মূল্য হল, যদি সেটি ক্ষতিগ্রস্ত হয়, তাহলে সেটির পুনর্গঠনের জন্য ব্যয়িত খরচ। অন্যদিকে, বাজার মূল্য নির্ভর করে চাহিদা, সরবরাহ ইত্যাদি উপাদানগুলির উপর।

প্রতিশ্রুত বীমা রাশিটি সাধারণত পরিগণিত হয়ে থাকে বীমাকৃতের গৃহটির মোট আয়তনটিকে প্রতি বর্গফুট হিসাবে গঠনের খরচটি দ্বারা গুণ করার মাধ্যমে। গৃহ সামগ্রীসমূহ - আসবাবপত্র, স্থায়ী উপভোক্তামূলক সামগ্রীসমূহ, পোশাকআশাক, বাসনপত্র ইত্যাদির মূল্যায়ন করা হয় বাজার মূল্যের ভিত্তিতে।অর্থাৎ অবমূল্যায়নের সমপ্রকার উপাদানের বর্তমান বাজার মূল্যের ভিত্তিতেইমূল্যায়ণ করা হবে।

প্রিমিয়ামটি বীমাকৃত মূল্য এবং গৃহীত সুরক্ষার উপর নির্ভরশীল হবে।

*নিজেকে পরীক্ষা করুন* **1**

গৃহসামগ্রীভিত্তিক বীমা পলিসির ক্ষেত্রে নিম্নলিখিত কোন বক্তব্যটি সঠিক?

I. নামাঙ্কিত বিপদভিত্তিক পলিসিগুলি, সামগ্রিক সুরক্ষা অথবা বিস্তৃত পলিসিগুলির, যেগুলি অধিকাংশ বিপদ সুরক্ষা প্রদানের প্রবণতাযুক্ত, তুলনায় একটি কম ব্যয়সাপেক্ষ বিকল্প হিসাবে ক্রয় করা যেতে পারে।

II. একটি সামগ্রিক পলিসি যেটি অধিকাংশ বিপদগুলির প্রতি সুরক্ষা প্রদান করে সেটি, একটি নামাঙ্কিত বিপদের পলিসির তুলনায় একটি কম ব্যয়সাপেক্ষ বিকল্প হিসাবে ক্রয় করা যেতে পারে।

III. একটি নামাঙ্কিত বিপদের অথবা সামগ্রিক পলিসি একই মূল্যে উপলব্ধ হয়।

IV. একটি গৃহসামগ্রীভিত্তিক পলিসির ক্ষেত্রে, শুধুমাত্র নামাঙ্কিত বিপদের পলিসিগুলিই ক্রয় করা যেতে পারে এবং সামগ্রিক পলিসিগুলি উপলব্ধ নয়।

---

## B. *দোকান সামগ্রীভিত্তিক বীমা*

ব্যবসা হল একটি অর্থনৈতিক কাজ এবং প্রত্যেক উদ্যোগকারীই চান তাঁর ব্যবসায়িক উদ্যোগটি লাভজনক হোক।আমাদের দেশে বহু মানুষ দোকানের আয়ের উপর নির্ভরশীল। এটি শুধুমাত্র আয়ের সংস্থানই করে না, এটি একটি সম্পদও বটে। দোকানের মালিক সর্বদাই তাঁর ব্যবসায়ের ক্ষতিকারক বিষয়গুলি থেকে চিন্তামুক্ত থাকতে চাইবেন। কোন একটি দুর্ঘটনা তীব্রভাবে ব্যবসাটির আর্থিক অথবা পরিচালনগত ক্ষতির কারণ হতে পারে এবং এমনকি দেউলিয়া অথবা বন্ধ করার মত পরিস্থিতি সৃষ্টি করতে পারে। একজন দোকানদার একটি বাণিজ্যিক সংস্থা নন যার নিকট ব্যবসাটি পুনরায় শুরু করার মত একটি প্রচুর অর্থের তহবিল থাকবে। কোন দুর্ঘটনার জন্য তাঁর দোকানটি বন্ধ হওয়ার মতে পরিস্থিতি হলে ফলস্বরূপ তাঁর পরিবারটি ক্ষতিগ্রস্থহতে পারে। একই সঙ্গে ব্যাঙ্কের ঋণ ফেরৎ দেওয়ার মত ঘটনা থাকতে পারে।

আবার সম্ভাবনাও সর্বদাই থাকতে পারে যে জনসাধারণের মধ্যে কোন একজন সদস্য দোকানদারের কোন প্রকার কাজের ফলে কোন একটি ব্যক্তিগত আঘাত অথবা তাঁর সম্পত্তির ক্ষতির জন্য দোকানদারকে দায়ী করে ক্ষতিপূরণ দাবী করল। এই প্রকার পরিস্থিতিগুলিও একজন দোকানদারকে ধ্বংস করে দিতে পারে। তাই, এই প্রকার আয়ের সংস্থাগুলিকে সুরক্ষিত করা খুবই গুরুত্বপূর্ণ।

**দোকানদারের বীমা পলিসিগুলি এই প্রকার বিভিন্ন ব্যবসায়িক দোকান/খুচরো বাণিজ্য সম্পর্কিত বিষয়সমূহের সুরক্ষার জন্য প্রস্তুত করা হয়েছে।** এখানে এমন পলিসিও বিদ্যমান যেগুলি বিভিন্ন প্রকার দোকান, যেমন পুরাতাত্ত্বিক নিদর্শনের দোকান, নাপিতের দোকান, বিউটি পার্লার, বইয়ের দোকান, বিভাগীয় বিপনী, ধোপার দোকান, উপহার সামগ্রীর দোকান, ওষুধের দোকান, মনিহারি উপকরণের দোকান, খেলনার দোকান, পোশাকের দোকান ইত্যাদির বিভিন্ন নির্দিষ্ট স্বার্থসমূহ পূরণের জন্য পরিবর্তনযোগ্য।

### 1. দোকান সামগ্রীভিত্তিক বীমা কোন জিনিসগুলির ?

খুচরো বাণিজ্যের নির্দিষ্ট ক্ষেত্রগুলির প্রতি সুরক্ষা আচ্ছাদন প্রদানের জন্য পলিসিগুলি প্রস্তুত করা যেতে পারে। এটি সাধারণত অগ্নি, ভূমিকম্প, বন্যা অথবা অসাধু উদ্দেশ্য প্রণদিত ক্ষতিগুলির কারণে দোকানের কাঠামো এবং সেটির অন্তর্ভুক্ত সামগ্রীসমূহের ক্ষতি এবং চুরির বিরুদ্ধে সুরক্ষা প্রদান করে।দোকানের বীমায় ব্যবসায়ের বিঘ্নের ঘটনাগুলিও অন্তর্গত করা যেতে পারে। এটি কোন প্রকার অপ্রত্যাশিত দাবির ক্ষেত্রে যেকোন প্রকার হৃত আয় অথবা অতিরিক্ত খরচগুলির বিরুদ্ধে আচ্ছাদন প্রদান করবে। সুরক্ষাগুলি, একজন বীমাকৃত দ্বারা তাঁর কাজকর্মের বিস্তারের উপর নির্ভরশীলভাবে নির্বাচন করা যেতে পারে।

অতিরিক্ত সুরক্ষাগুলি, যা একজন বীমাকৃত গ্রহণ করতে পারেন, বীমাকারী থেকে বীমাকারীর ক্ষেত্রে ভিন্নতর হতে পারে এবং সাধারণ বীমা কোম্পানীগুলির নিজস্ব ওয়েবসাইটগুলি থেকে যাচাই করে নেওয়া যেতে পারে।

এগুলি হতে পারে :

i. চুরি এবং দরজা-জানালা ভাঙা:দরজা-জানালা ভাঙা, চুরি এবং কার্যালয়ের সামগ্রীর অপহরণের বিরুদ্ধে সুরক্ষা প্রদান

ii. মেশিন অকেজো হয়ে যাওয়া:বৈদ্যুতিক/যান্ত্রিক উপকরণসমূহের অকেজো হয়ে যাওয়ার বিরুদ্ধে সুরক্ষা প্রদান

iii. বৈদ্যুতিন যন্ত্রাদি এবং উপকরণসমূহ:

✓ বৈদ্যুতিন উপকরণগুলির প্রতি সকল ঝুঁকির সুরক্ষা প্রদান করে

✓ বৈদ্যুতিন স্থাপনাগুলির ক্ষতির জন্য সুরক্ষা

iv. নগদ অর্থের বীমা :নিম্নলিখিত কোন একটিতে ঘটা একটি দুর্ঘটনার কারণে উদ্ভুত হওয়া ক্ষতির বিরুদ্ধে সুরক্ষাপ্রদান করে:

✓ ব্যবসায়িক গৃহ থেকে ব্যাঙ্কের পথে এবং যাওয়া আসা

✓ ব্যবসায়িক গৃহটিতে থাকা একটি সিন্দুক

✓ ব্যবসায়িক গৃহটিতে নগদ অর্থ রাখার একটি স্থান (বাক্স/দেরাজ/ কাউন্টার)

v. ব্যাগেজ অর্থাৎ ভ্রমণের সময়ে সঙ্গে থাকা জিনিসপত্র : কার্য উদ্দেশ্যে যাতায়াত মালপত্র-এর হারিয়ে যাওয়াজনিত ক্ষতির বিরুদ্ধে সুরক্ষা প্রদান করে

vi. ফিক্সড প্লেট গ্লাস এবং স্যানিটারি ফিটিংসমূহ : নিম্নলিখিতগুলির দুর্ঘটনাজনিত ক্ষতির বিরুদ্ধে সুরক্ষা প্রদান করে:

✓ ফিক্সড প্লেট গ্লাস

✓ স্যানিটারি ফিটিংসমূহ

✓ নিয়ন সাইন / গ্লো সাইন / হোর্ডিং

vii. ব্যক্তিভিত্তিক দুর্ঘটনা

viii. কর্মচারীদের অবিশ্বস্ততা/অসাধুতা:কর্মচারীবৃন্দের অসাধু কাজকর্ম জনিত ক্ষতিগুলি সুরক্ষিত করে

ix. আইনি দায়:

✓ নিযুক্তির কারণে এবং নিযুক্ত সময়কালের মধ্যে ঘটা দুর্ঘটনার বিরুদ্ধে ক্ষতিপূরণ

✓ তৃতীয় পক্ষগুলির প্রতি আইনি দায়গুলির জন্য সুরক্ষা প্রদান করে

অগ্নি/ চুরি / ব্যাগেজ / প্লেট গ্লাস / বিশ্বস্ততার অঙ্গিকার /কর্মচারীর ক্ষতি এবং জনসাধারণভিত্তিক পলিসিসমূহ (পরবর্তী অধ্যায়টিতে আলোচিত হয়েছে) পৃথকভাবেও গ্রহণ করা যেতে পারে।

সন্ত্রাসবাদভিত্তিক সুরক্ষা সংযোজিত করা যেতে পারে। সুরক্ষা না পাওয়ার বিষয়গুলি সাধারণত গৃহসামগ্রীভিত্তিক বীমার মত একই প্রকার হয়।

2. **প্রতিশ্রুত বীমা রাশি এবং প্রিমিয়াম**

শিল্পভিত্তিক সংস্থা এবং কার্যালয়গুলি তাদের সম্পদের মূল্য প্রদর্শন করে হিসাবের খাতা রক্ষণাবেক্ষণ করে, তাই, এই ক্ষেত্রগুলিতে প্রতিশ্রুত বীমা রাশিটির নির্ধারণ করা কঠিন নাও হতে পারে। দোকান এবং গৃহসামগ্রীভিত্তিক বীমা পলিসিগুলির ক্ষেত্রে এই প্রকার নাও সম্ভব হতে পারে।

ইতিপূর্বেই গৃহসামগ্রীভিত্তিক বীমার বিষয়টিতে যা বলা হয়েছে, এখানে সাধারণত প্রতিশ্রুত বীমা রাশিটি নির্ধারণের দুটি পন্থা বিদ্যমান, যেমন, বাজার মূল্য এবং পুনর্সংস্থাপন/পরিপূরণ মূল্য।

অতিরিক্ত সুরক্ষার জন্য, যেমন নগদ অর্থ, মালপত্র, ব্যক্তিগত দুর্ঘটনা ইত্যাদির ক্ষেত্রে প্রিমিয়ামটি প্রতিশ্রুত বীমা রাশি এবং গৃহীত সুরক্ষাগুলির উপর নির্ভর করবে।

**সংজ্ঞা**

## কিছু গুরুত্বপূর্ণ সংজ্ঞা

**a)** চুরির অর্থ হল অজ্ঞাতভাবে এবং অননুমোদিতভাবে বলপূর্বক এবং অনুসন্ধানযোগ্য পন্থায় কোন একটি বীমাকৃত গৃহে সেখানকার সামগ্রীসমূহের চুরির উদ্দেশ্যে প্রবেশ অথবা সেখান থেকে নির্গমন।

**b)** দরজা-জানলা ভাঙা হয়েছে তখন বলা হয় যখন কোন একটি গৃহে কোন প্রকার অন্যায়জনক কর্ম সম্পাদনের উদ্দেশ্যে অনধিকারমূলক প্রবেশ করা হয়ে থাকে।

**c)** ডাকাতির অর্থ হল বীমাকৃতের অথবা বীমাকৃতের কর্মচারীদের বিরুদ্ধে বলপূর্বক এবং হিংসাত্মকভাবে বীমাকৃতের গৃহের অন্তর্গত সামগ্রীর অপহরণ।

**d)** সিন্দুকের অর্থ হল বীমাকৃতের গৃহের অন্তর্গত মূল্যবান সামগ্রীসমূহের নিরাপদ এবং সুরক্ষিত সংরক্ষণের উদ্দেশ্যে  নকশাকৃত একটি শক্তপোক্ত প্রকোষ্ঠ, এবং যেটিরব্যবহার সীমাবদ্ধ।

**e)** চুরি হল, যখন কোন ব্যক্তি সচেতনভাবে অন্য কোন ব্যক্তিকে ঠকিয়ে তার বিনা সম্মতিতে তারই কোন সম্পত্তি ব্যবহার বা বিক্রয়ের উদ্দেশ্যে গ্রহণ করে সেই কার্যকলাপগুলির একটি শ্রেণিগত প্রতিশব্দ। চুরি শব্দটি 'জোচ্চুরি' শব্দটির সমার্থক।

## নিজেকে পরীক্ষা 2

দোকানদারের পলিসির অধীনে বীমাকৃত 'ফিক্সড প্লেট গ্লাস এবং স্যানিটারি ফিটিংসমূহের' জন্য একটি অতিরিক্ত আচ্ছাদন গ্রহণ করতে পারেন। এটি নিম্নক্তগুলির মধ্যে কোনটির দুর্ঘটনাজনিত ক্ষতির জন্য আচ্ছাদন প্রদান করবে?

I. ফিক্সড প্লেট গ্লাস
II. স্যানিটারি ফিটিংসমূহ
III. নিয়ন সাইনসমূহ
IV. উপরের সবগুলি

## C. *মোটরযান বীমা*

একটি পরিস্থিতির কথা চিন্তা করুন যেখানে আপনি, আপনার সর্ব সঞ্চয়ের দ্বারা একটি নতুন গাড়ি ক্রয় করেছেন সেটি চালাচ্ছেন। আচমকা আপনার গাড়িটির সামনে একটি কুকুর এসে পড়ল এবং সেটিকে ধাক্কা মারা থেকে বাঁচাতে তীব্রভাবে গাড়ির অভিমুখ ঘুরিয়ে দিয়ে, ডিভাইডারে টপকে উল্টো দিকের রাস্তায় অন্য একটি গাড়িতে ধাক্কা মারলেন এবং একটি ব্যক্তিকে জখম করলেন। তাহলে একটি মাত্র ঘটনার ফলাফলটি হল, আপনার নিজের গাড়িটির, জনসম্পত্তির এবং অন্য একটি গাড়ির ক্ষতির সঙ্গে অন্য একজন ব্যক্তির আঘাত।

এই প্রকার পরিস্থিতিতে, আপনার যদি একটি মোটরযান বীমা না থাকে, আপনাকে আপনার গাড়িটি কেনার খরচের থেকে অধিক অর্থ প্রদান করতে হতে পারে।

- ✓ আপনার নিকট কি প্রদানের জন্য সেই পরিমাণ অর্থ আছে?
- ✓ আপনার কৃতকর্মের জন্য অন্য পক্ষের বীমাকারীর অর্থ প্রদান করা কি উচিত?
- ✓ তাঁদের যদি বীমা না থাকে তাহলে কি হবে?

সেই কারণের দেশের আইন মোটরযান বীমা থাকাটি বাধ্যতামূলক করেছে। মোটরযান বীমা এই প্রকার ঘটনাগুলি ঘটাকে প্রতিরোধ করতে পারেনা, এটি আপনাকে একটি আর্থিক সুরক্ষার আচ্ছাদন প্রদান করে।

এই ধরণের দুর্ঘটনা ছাড়াও, গাড়িটি চুরি হতে পারে, দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত হতে পারে অথবা অগ্নি দ্বারা ধ্বংস হতে পারে এবং আপনি আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হতে পারেন।

মোটরযানের বীমাটি আবশ্যিকভাবে একজন গাড়ির মালিকের দ্বারা নিতে হবে যাঁর গাড়িটি ভারতবর্ষের আঞ্চলিক পরিবহণ অধিকর্তার অধীনে তাঁর নামে নথিভুক্তিকৃত আছে।

**গুরুত্বপূর্ণ**

**বাধ্যতামূলক তৃতীয় পক্ষ বীমা**

মোটর ভেহিকলস অ্যাক্ট, ১৯৮৮ অনুসারে, জনসাধারণের রাস্তায় চলাচলকারী প্রত্যেক ভেহিকলের মালিকদের পক্ষে, সেই রাশিটি, যেটি দুর্ঘটনাজনিত মৃত্যু, শারীরিক আঘাত অথবা সম্পত্তির ক্ষতির জন্য তৃতীয় পক্ষদের ক্ষতিপূরণ হিসাবে প্রদানের জন্য মালিক আইনগতভাবে দায়বদ্ধ, সুরক্ষার উদ্দেশ্যে একটি বীমা পলিসি নেওয়া বাধ্যতামূলক। বীমার একটি সংশাপত্র আবশ্যিকভাবে গাড়ির সঙ্গে, এই প্রকার বীমার প্রামাণ্যরূপে বহন করতে হবে।

### 1. মোটরযান বীমা আচ্ছাদন

দেশে বর্তমানে গাড়ি মালিকের সংখ্যা বিশাল। প্রত্যেক দিনই আরও বহু সংখ্যক নতুন গাড়ি রাস্তায় আসছে। সেগুলির মধ্যে অনেক গাড়িই বহুমূল্যও বটে। মানুষ বলেন ভারতবর্ষে গাড়ি বাতিল হয় না, সেগুলি শুধুমাত্র হাতবদল হয়। এর অর্থ হল পুরানো গাড়িগুলি রাস্তায় ব্যবহৃত হচ্ছে এবং নতুন গাড়িগুলি ক্রমাগতভাবে সংযোজিত হয়ে চলেছে। রাস্তার আয়তন (গাড়ি চালানোর স্থান) গাড়ির সংখ্যার সঙ্গে আনুপাতিক হারে বৃদ্ধি পাচ্ছে না। রাস্তায় চলাচলকারী মানুষের সংখ্যাও বৃদ্ধি

পাচ্ছে। পুলিশ এবং হাসপাতালে পরিসংখ্যান বলে যে দেশে পথদুর্ঘটনার সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। আদালত দ্বারা দুর্ঘটানায় ক্ষতিগ্রস্তদের দেয় ক্ষতিপূরণের পরিমাণগুলি বৃদ্ধি পাচ্ছে। গাড়িগুলির সারাইয়ের খরচও বৃদ্ধি পাচ্ছে। **এই প্রকার বিষয়গুলি দেশে মোটরযান বীমার গুরুত্বটি প্রতীয়মান করে।**

মোটরযান বীমা, দুর্ঘটিনা এবং অন্য কোন কারণে গাড়িগুলির ক্ষতিসমূহকেসুরক্ষা দেয়। মোটরযান বীমা, তাঁদের গাড়িগুলি দ্বারা দুর্ঘটনার কারণে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ প্রদানের জন্য গাড়ির মালিকদের আইনগত দায়গুলিও রক্ষা করে।

আপনাদের কি মনে হয় যে দেশের সকল গাড়িই বীমাকৃত ?

মোটরযান বীমা রাস্তায় চলাচলকারী সকল প্রকার গাড়িগুলোকেই সুরক্ষিত রাখে যেমন:

- ✓ স্কুটার এবং মোটরসাইকেলগুলি
- ✓ ব্যক্তি মালিকানাধীন গাড়িগুলি
- ✓ সকল প্রকার বাণিজ্যিক গাড়িসমূহ : মাল এবং যাত্রী পরিবহণকারী
- ✓ অন্যান্য বিভিন্ন প্রকার গাড়িসমূহ যেমন, ক্রেনগুলি
- ✓ মোটরযানের ব্যবসা (শোরুমের এবং গ্যারেজের গাড়িগুলি)

**তথ্য**

**“ তৃতীয় পক্ষ বীমা ”**

একটি বীমা পলিসি অন্য কোন ব্যক্তি দ্বারা কৃত কোন প্রকার আইনি কার্য কলাপের বিরুদ্ধে সুরক্ষার প্রয়োজনে ক্রয় করা হয়। বীমাকৃত (প্রথম পক্ষ) দ্বারা, বীমাকৃতের কোন কার্যকলাপের ফলে উদ্ভুত দায়ের জন্য অন্য পক্ষের (তৃতীয় পক্ষ) দাবির বিরুদ্ধে সুরক্ষার জন্য একটি বীমা কোম্পানীর (দ্বিতীয় পক্ষ) নিকট হতে তৃতীয় পক্ষ বীমা ক্রয় করা হয়।

তৃতীয় পক্ষ বিমাকে 'দায়ভিত্তিক বীমা'ও বলা হয়।

---

**বাজারের জনপ্রিয় দুটি গুরুত্বপূর্ণ প্রকারের আচ্ছাদন সম্পর্কে নিচে আলোচনা করা হল :**

a) **অ্যাক্ট** [**লায়াবিলিটি**] **ওনলি পলিসি :** মোটরযান আইন অনুযায়ী জনসাধারণের রাস্তায় চলাচলকারী যেকোন গাড়ির পক্ষে তৃতীয় পক্ষের প্রতি দায়গুলি বিরুদ্ধে বীমা গ্রহণ বাধ্যতামূলক।

পলিসিটি শুধুমাত্র ভেহিকলটির মালিকের নিম্নলিখিতগুলির বিরুদ্ধে ক্ষতিপূরণ প্রদানের আইনানুগ দায়টি আচ্ছাদিত করে :

- ✓ তৃতীয় পক্ষের শারীরিক ক্ষতি অথবা মৃত্যু
- ✓ তৃতীয় পক্ষের সম্পত্তির ক্ষতি

মৃত্যু অথবা আঘাত এবং ক্ষতির বিষয়ে দায়টি একটি অ-সীমাযুক্ত রাশির ভিত্তিতে সুরক্ষা করা হয়।

একটি মোটরযান দুর্ঘটনার ফলস্বরূপ মৃত্যু অথবা আঘাতের ক্ষেত্রে তৃতীয় পক্ষ দুর্ভোগকারীর ক্ষতিপূরণের দাবি সম্পর্কিত অভিযোগগুলি মোটর অ্যাক্সিডেন্ট ক্লেম ট্রাইবুনাল (এমএসিটি)–এ নথিভুক্ত করতে হবে।

b) **প্যাকেজ পলিসি / সামগ্রিক পলিসি:** (**নিজের ক্ষতি** + **তৃতীয় পক্ষের দায়**)

উপরে উল্লেখিতটির অতিরিক্তভাবে, ঘোষিত মূল্য (আইডিভি নামে পরিচিত – অধ্যায় ৫–এ ইতিমধ্যেই আলোচিত) এবং পলিসির অন্তর্গত অন্যান্য শর্তাবলীর সাপেক্ষে নির্দিষ্ট বিপদসহ (মোটর যানটির প্রতি স্বকৃত ক্ষতি নামে পরিচিত) বীমাকৃত গাড়িটির ক্ষতিটিও সুরক্ষিত হয়।এই প্রকার বিপদগুলির মধ্যে কয়েকটি হল, অগ্নি, চুরি, দাঙ্গা এবং ধর্মঘট, ভূমিকম্প, বন্যা, দুর্ঘটনা ইত্যাদি।

কিছু বীমাকারী গাড়িটিকে দুর্ঘটনাস্থল থেকে কারখানা পর্যন্ত টেনে নিয়ে যাওয়ার খরচটিও প্রদান করে। অ্যাক্ট (লায়াবিলিটি) র অধীনে একটি পলিসি যা অনুমোদিত বাধ্যতামূলক সুরক্ষার অতিরিক্ত শুধুমাত্র অগ্নি এবং/অথবা চুরির সুরক্ষাযুক্ত একটি সীমাবদ্ধ সুরক্ষা পাওয়া যায়।

পলিসিটি, গাড়িটিতে লাগানো সংযোজক উপকরণসমূহের ক্ষতি, যাত্রীদের জন্য ব্যক্তিমালিকানাধীন গাড়ির পলিসিগুলি, বেতনভুক চালক, কর্মচারীদের প্রতি আইনি দায় এবং বাণিজ্যিক গাড়িগুলির জন্য ভাড়া অ-প্রদানকারীদের কারণে উদ্ভুত ক্ষতিগুলিও সুরক্ষিত করে। বীমাগুলি বিনামূল্যের আপত্কালীন পরিষেবা অথবা গাড়ি খারাপ হয়ে যাওয়ার ক্ষেত্রে বিকল্প গাড়ি ব্যবহারের সুবিধাগুলিও প্রদান করে।

2. **বহিঃষ্কারসমূহ**

পলিসিটির অধীনে কয়েকটি গুরুত্বপূর্ণ অগ্রহণীয় শর্ত হল সাধারণ ক্ষয়ক্ষতি, খারাপ হয়ে যাওয়া, ফলশ্রুতিস্বরূপ ক্ষতি এবং অবৈধ লাইসেন্সসহ অথবা মদ্যপান করে গাড়ি চালানো। 'ব্যবহার সম্পর্কিত সীমাবদ্ধতা' (যেমন, ব্যক্তিগত ব্যবহারের গাড়ির ট্যাক্সি হিসাবে ব্যবহার) শর্তটি অনুযায়ী গাড়িটি ব্যবহার না করাটি সুরক্ষিত হয় না।

3. **প্রতিশ্রুত বীমা রাশি এবং প্রিমিয়াম**

একটি মোটরযান পলিসিতে একটি গাড়ির প্রতিশ্রুত বীমা রাশিটি ইনস্যুর্ডস ডিক্লেয়ার্ড ভ্যালু (আই.ডি.ভি.) অর্থাৎ বীমাকৃতের ঘোষিত মূল্য হিসাবে উল্লেখিত হয়।

গাড়িটি চুরির ক্ষেত্রে অথবা কোন দুর্ঘটনার কারণে সারাইয়ের অযোগ্য অবস্থা প্রাপ্ত হলে, দাবির অংকটি আইডিভি-এর ভিত্তিতে নির্ধারিত হবে।গাড়িটির আইডিভি-টি নির্ধারিত হয় বীমার জন্য প্রস্তাবিত গাড়িটির বীমা শুরুর বা নবীকরণের সময়ে প্রস্তুতকারকের বা ডিলারের তালিকাভুক্ত সেই ব্র্যান্ড এবং মডেলের গাড়ির বিক্রয় মূল্যের ভিত্তিতে এবং অবমূল্যায়নটি নিয়ম অনুসারে গৃহীত হয়।

৫ বছরের অধিক পুরানো এবং গাড়িটির বাতিল হওয়া মডেলের (অর্থাৎ, যে মডেলটি প্রস্তুতকারক প্রস্তুত করা বন্ধ করে দিয়েছেন) গাড়িগুলির আইডিভি-টি বীমাকারী এবং বীমাকৃতের মধ্যে একটি বোঝাপড়ার ভিত্তিতে নির্ধারিত হয়।

হার নির্ধারণ/প্রিমিয়াম গণনাটি বীমাকৃতের ঘোষিত মূল্য কিউবিক ক্যাপাসিটি, ভৌগলিক অঞ্চল, গাড়িটির বয়স ইত্যাদি উপাদনের ভিত্তিতে করা হয়ে থাকে।

*নিজেকে পরীক্ষা করুন* **3**

মোটরযান বীমাটি কার নামে গ্রহণ করতে হবে?

I. গাড়িটির মালিকের নামে যাঁর নাম আঞ্চলিক পরিবহণ আধিকারিকের নিকট নথিভুক্তিকৃত আছে

II. যদি যে ব্যক্তি গাড়িটি চালাবেন, তিনি গাড়িটির মালিক না হন, তাহলে আঞ্চলিক পরিবহণ আধিকারিকের অনুমোদন সাপেক্ষে, যিনি গাড়িটি চালাবেন তাঁর নামে।

III. আঞ্চলিক পরিবহণ আধিকারিকের অনুমোদন সাপেক্ষে গাড়িটির মালিকের নাম সহ, মালিকের পরিবারের যেকোন সদস্যের নামে।

IV. যদি যে ব্যক্তি গাড়িটি চালাবেন, তিনি গাড়িটির মালিকের থেকে ভিন্ন ব্যক্তি হন, তাহলে প্রাথমিক পলিসিটি গাড়ির মালিকের নামে হবে এবং সংযোজিত সুরক্ষা সেই ব্যক্তির নামে যিনি গাড়িটি চালাবেন।

---

**সারাংশ**

a) একটি গৃহসামগ্রীভিত্তিক বীমা পলিসি একটি বীমাকৃত সম্পদের ক্ষেত্রে পলিসিটিতে শুধুমাত্র নামাঙ্কিত ঘটনা অথবা বিপদগুলির থেকে উদ্ভুত ক্ষতিগুলির জন্যই সুরক্ষা প্রদান করে।

b) গৃহসামগ্রীভিত্তিক বীমা, অগ্নি, দাঙ্গা, পাইপের ফেটে যাওয়া, ভূমিকম্প ইত্যাদির বিরুদ্ধে কাঠামো এবং এটির অন্তর্ভুক্ত সামগ্রীগুলির জন্য সুরক্ষা প্রদান করে। কাঠোমোটি ছাড়াও, এটি গৃহটির অন্তর্ভুক্ত সামগ্রীগুলির চুরি, দরজা-জানালা ভাঙা, জোচ্চুরি এবং চুরিজনিত ক্ষতিগুলির জন্য সুরক্ষা প্রদান করে।

c) প্যাকেজ অথবা আম্ব্রেলা সুরক্ষাগুলি, একটিমাত্র নথির অধীনে, সুরক্ষাসমূহের একটি গুচ্ছ প্রদান করে।

d) একটি গৃহসামগ্রীভিত্তিক বীমা পলিসির জন্য প্রতিশ্রুত বীমা রাশিটি নির্ধারণে সাধারণত দুটি পন্থা বিদ্যমান : বাজার ভ্যালু (এমভি) এবং পুনর্সংস্থাপনের মূল্য (আরআইভি)।

e) দোকানদারের বীমাটি সাধারণভাবে অগ্নি, ভূমিকম্প, বন্যা অথবা অসাধু উদ্দেশ্যে ক্ষতিসাধন, চুরি, অনধিকার প্রবেশের কারণে ঘটা ক্ষতিসমূহের জন্য দোকানের কাঠামো এবং সেটির অন্তর্গত সামগ্রীগুলির সুরক্ষা প্রদান করে। দোকানের সামগ্রীভিত্তিক বীমাটিতে ব্যবসা বিঘ্নজনিত ক্ষতিও অন্তর্গত করা যায়।

f) মোটরযান বীমাটি গাড়িগুলির ক্ষতি এবং দুর্ঘটনা এবং অন্য কয়েকটি কারণে ক্ষতিগুলির জন্য সুরক্ষা প্রদান করে। মোটরযান বীমা গাড়ির মালিকদের জন্য, তাঁদের গাড়ির কারণে ঘটা দুর্ঘটনার কারণে দুর্ভোগীদের প্রতি আইনি দায়গুলিও সুরক্ষিত করে।

---

**প্রধান প্রতিশব্দসমূহ**

a) গৃহসামগ্রীভিত্তিক বীমা

b) দোকানের সামগ্রীভিত্তিক বীমা

c) মোটরযান বীমা

**নিজেকে পরীক্ষার প্রশ্নের উত্তরসমূহ**

**উত্তর 1**

সঠিক উত্তরটি হল I.

নামিত বিপদভিত্তিক পলিসিগুলি, সামগ্রিক আচ্ছাদন অথবা বিস্তৃত পলিসিগুলির, যেগুলি অধিকাংশ বিপদ আচ্ছাদন প্রদানের প্রবণতাযুক্ত, তুলনায় একটি কম ব্যয়সাপেক্ষ বিকল্প হিসাবে ক্রয় করা যেতে পারে।

**উত্তর 2**

সঠিক উত্তরটি হল IV.

দোকানদারদের পলিসির অধীনে, বীমাকৃত একটি অতিরিক্ত 'ফিক্সড প্লেট গ্লাস এবং স্যানিটারি ফিটিংস'-এর জন্য আচ্ছাদন গ্রহণ করতে পারেন। এটি ফিক্সড প্লেট গ্লাস, স্যানিটারি ফিটিংসমূহ এবং নিয়ন সাইনগুলি দুর্ঘটনার কারণে ক্ষতিগুলি আচ্ছাদিত করবে।

**উত্তর 3**

সঠিক উত্তরটি হল I.

গাড়িটির মালিকের নামে যাঁর নাম আঞ্চলিক পরিবহণ আধিকারিকের নিকট নথিভুক্তিকৃত আছে

**নিজেকে পরীক্ষার প্রশ্নসমূহ**

**প্রশ্ন 1**

গৃহসামগ্রীভিত্তিক বীমার অধীনে

I. সোনা এবং রুপার গহনাগুলি আচ্ছাদিত হয়

II. কোন ব্যক্তির দোকানে থাকা সামগ্রীসমূহ আচ্ছাদিত হয়

III. পরিবারের মালিকানাধীন গাড়িটি আচ্ছাদিত হয়

IV. ডাক মারফত প্রেরিত সামগ্রীগুলি পরিবহণকালে আচ্ছাদিত হয়

**প্রশ্ন 2**

গৃহসামগ্রীভিত্তিক বীমা সুরক্ষিত করে

I. শুধুমাত্র বাড়িটির কাঠামোটি

II. শুধুমাত্র বাড়ির অন্তর্গত সামগ্রীগুলি

III. কাঠামো এবং অন্তর্গত সামগ্রী উভয়কেই

IV. কাঠামো এবং অন্তর্গত সামগ্রী উভয়েই শুধুমাত্র যখন বীমাকৃত বাড়িতে উপস্থিত থাকেন না

**প্রশ্ন** 3

দোকানের সামগ্রীভিত্তিক বীমার ক্ষেত্রে, কোন সামগ্রীগুলি সুরক্ষিত নয়**?**

I. ভেঙে যাওয়া যন্ত্রাদি

II. অসাধু উদ্দেশ্যযুক্ত ক্ষতি

III. ব্যবসায়ে বিঘ্ন

IV. বীমাকৃত দ্বারা ইচ্ছাকৃত ধ্বংসসাধন

**প্রশ্ন 4**

দোকানের সামগ্রীভিত্তিক বীমার ক্ষেত্রে, নিম্নলিখিত কোন সামগ্রীগুলি সাধারণত সুরক্ষিত হয় না**?**

I. ব্যবসায়ের গৃহটিতে অর্থ রাখার দেরাজ বা বাক্সে/কাউন্টারে থাকে অর্থ

II. ব্যাঙ্ক থেকে ব্যবসায়ের গৃহটিতে আসার পথে থাকা অর্থ

III. ব্যবসায়ের গৃহটিতে সিন্দুকে থাকা অর্থ

IV. ব্যবসায়ের গৃহটিতে আসা গ্রাহকের সঙ্গে থাকা অর্থ

**প্রশ্ন 5**

দোকানে সামগ্রীভিত্তিক বীমা সুরক্ষিত করে

I. কর্মচারীদের অসাধু কাজকর্মসমূহ
II. বীমাকৃতের অসাধু কাজকর্ম
III. গ্রাহকদের অসাধু কাজকর্ম
IV. ঋণ প্রদানকারীদের অসাধু কাজকর্ম

---

## নিজেকে পরীক্ষা করার প্রশ্নসমূহের উত্তর

**উত্তর 1**

সঠিক উত্তরটি হল ১।

গৃহসামগ্রীভিত্তিক বীমার অধীনেসোনা এবং রুপার গহনাগুলি আচ্ছাদিত হয়।

**উত্তর 2**

সঠিক উত্তরটি হল ৩।

গৃহসামগ্রীভিত্তিক বীমা সুরক্ষিত করে কাঠামো এবং অন্তর্গত সামগ্রী উভয়কেই

**উত্তর 3**

সঠিক উত্তরটি হল ৪।

দোকানের সামগ্রীভিত্তিক বীমার ক্ষেত্রে, বীমাকৃত দ্বারা ইচ্ছাকৃত ধ্বংসসাধন সুরক্ষিত নয়।

**উত্তর 4**

সঠিক উত্তরটি হল ৪।

দোকানের সামগ্রীভিত্তিক বীমার ক্ষেত্রে, ব্যবসায়ের গৃহটিতে আসা গ্রাহকের সঙ্গে থাকা অর্থ সাধারণত সুরক্ষিত হয় না।

**উত্তর 5**

সঠিক উত্তরটি হল ১।

দোকানে সামগ্রীভিত্তিক বীমা সুরক্ষিত করেকর্মচারীদের অসাধু কাজকর্মসমূহ।

---

# অধ্যায় 26
# ব্যবসায়িক বীমা

**অধ্যায়ের উপস্থাপনা**

আগের অধ্যায়গুলিতে আমরা আলোচনা করেছি বিভিন্ন ধরণের বীমা পণ্য নিয়ে যা ব্যক্তি এবং বাড়ির নানারকম ঝুঁকিকে সুরক্ষা দেয়। এখানে আরেক ধরণের ক্রেতারা আছেন যাঁদের সুরক্ষার অন্য ধরণের প্রয়োজনীয়তা রয়েছে। সেগুলি হলো বাণিজ্যিক অথবা ব্যবসায়িক প্রতিষ্ঠান অথবা ফার্ম, যাঁরা বিভিন্নধরণের মালপত্র অথবা পরিষেবার সঙ্গে যুক্ত আছেন অথবা সেগুলি নিয়ে লেনদেন করেন। এই অধ্যায়টিতে আমরা এই ক্ষেত্রে যে ঝুঁকিগুলি রয়েছে সেগুলিকে সুরক্ষা দেওয়ার জন্য যে বীমা পণ্যগুলি চালু রয়েছে তা নিয়ে আলোচনা করবো।

**শিক্ষার ফলাফলসমূহ**

A. সম্পত্তি/অগ্নি বীমা
B. ব্যবসায়ে বাধা সংক্রান্ত বীমা
C. বার্গলারি বা ডাকাতি বীমা
D. অর্থ বীমা
E. আনুগত্যনিশ্চয়তাবীমা
F. ব্যাঙ্কারেরনিরাপত্তাবীমা
G. জুয়েলারের ব্লক পলিসি
H. ইঞ্জিনিয়ারিং (প্রযুক্তিগত) বীমা
I. শিল্পের সব ঝুঁকি বীমা
J. মেরিন বীমা
K. দায়বদ্ধতা বীমা

এই অধ্যায়টি পড়ার পর, আপনি সক্ষম হবেন:

1. সম্পত্তি/অগ্নি বীমা সুপারিশ করতে
2. ঘটনাক্রমের জন্য ক্ষতি (অগ্নি) বীমা নির্ধারণ করতে
3. ডাকাতি বীমা সুরক্ষার রূপরেখা তৈরি করতে
g) ফিডেলিটি বা বিশ্বস্ততামূলক বীমা নিয়োগকর্তাকে সেই আর্থিক লোকসানের ক্ষেত্রে নিরাপত্তা দেয়, জালিয়াতি, আত্মসাৎ, অপহরণ, এবংখেলাপির দরুন যে লোকসান এবং কর্মচারীর অসততা বা জালিয়াতির কারণে তাঁদের ভোগ করতে হয়

h) বিশ্বস্ততা গ্যারান্টি পলিসির ধরনের মধ্যে রয়েছে: ব্যাক্তিগত পলিসি, সমষ্টিগতফ্লোটিং পলিসি, পজিশন পলিসি ও ব্ল্যাঙ্কেট পলিসি।

i) ব্যাঙ্কারদের নিরাপত্তা পলিসি হলো একটা সুসংহত সুরক্ষা, যারা টাকাপয়সা নিয়ে কাজ করেন, সেই কারণেই টাকা ও নিরাপত্তার সঙ্গে সম্পর্কিত বিশেষ বিপদগুলি বিবেচনা করে ব্যাঙ্ক, NBFC ও অন্যান্য প্রতিষ্ঠানে জন্য খসড়াটা তৈরি করা হয়েছে।

j) ইঞ্জিনিয়ারিং বীমার অধীনস্থ গুরুত্বপূর্ণ পলিসিগুলি হলো:

- ✓ কন্ট্রাক্টরস অল রিস্ক পলিসি
- ✓ কন্ট্রাক্টরস প্ল্যান্ট অ্যন্ড মেশিনারি পলিসি
- ✓ ইরেকশন অল রিস্ক পলিসি
- ✓ মেশিনারি ব্রেকডাউন পলিসি
- ✓ বয়লার অ্যান্ড প্রেসার প্ল্যান্ট পলিসি
- ✓ মেসিনারি লস অব প্রফিটস পলিসি
- ✓ ডিটিরিওরেশন অব স্টক পলিসি
- ✓ ইলেক্ট্রনিক ইকিউপমেন্ট পলিসি
- ✓ অ্যাডভান্সড লস অব প্রফিট কভার

k) ইন্ডাস্ট্রিয়াল অল রিস্ক পলিসির নকশা তৈরি হয়েছে শিল্প বিষয়– ম্যানুফ্যাকচারিং ও স্টোরেজ উভয়কে ভারতের যে কোনো জায়গায় একটি পলিসির আওতায় সুরক্ষা দেওয়ার জন্য।

l) মেরিন বীমাকে ভাগ করা হয়েছে: মেরিন কারগো ও মেরিন হালে।

m) কারগো পলিসিগুলি হয় মূলত সমুদ্রযাত্রার পলিসি, অর্থাৎ এগুলি একটা জায়গা থেকে আরেক জায়গায় যাওয়ার বিষয়কে সুরক্ষা দেয়।

n) বিভিন্ন ধরনের মেরিন পলিসির মধ্যে রয়েছে:

- ✓ নির্দিষ্ট পলিসি (স্পেসিফিক পলিসি)
- ✓ ওপেন পলিসি
- ✓ ওপেন কভার
- ✓ কর্তব্য ও বর্ধিত মূল্য বীমা (ডিউটি এন্ড ইনক্রিস্ড ভ্যালু পলিসি)
- ✓ শুরু করতে বিলম্ব (ডিলে ইন স্টার্ট আপ)

o) মেরিন হাল মূলত দুটি ধরনকে সুরক্ষিত করে: একটা নির্দিষ্ট যাত্রা ও একটা সময়ের মেয়াদ।

p) একটা পাবলিক লায়াবিলিটি পলিসি সেই দায়বদ্ধতাকে সুরক্ষিত করে যা বীমাকারীর ত্রুটি বা অবহেলার জন্য তৃতীয় পক্ষের ব্যক্তিগত আঘাত বা সম্পত্তি ধ্বংসের কারণ হয়।

q) পণ্য দায়বদ্ধতা পলিসিতে সুরক্ষা দেওয়া হয় বীমাকারীর সেই দায়বদ্ধতাকে যার সঙ্গে পণ্যে থেকে মৃত্যু, শারীরিক আঘাত বা অসুস্থতা ও এমনকি তৃতীয় পক্ষের সম্পত্তির ক্ষতি হওয়া যুক্ত।

r) পেশাগত নিরাপত্তার নকশা তৈরি হয়েছে পেশাজীবী ব্যক্তিদের বীমার নিরাপত্তা দিতে, যা আসলে তাঁদের পেশাগত কর্তব্য পালনে অবহেলা থেকে ক্ষয়ক্ষতি হলে তার আইনী দায়বদ্ধতার বিনিময়ে।

## মূল পরিভাষা

a) সম্পত্তির অগ্নি বীমা
b) চুরির বীমা
c) মানি বা অর্থ বীমা
d) বিশ্বস্ততা গ্যারান্টি বীমা
e) ব্যাঙ্কারের নিরাপত্তা বীমা
f) জুয়েলারদের ব্লক পলিসি
g) ইঞ্জিনিয়ারিং বীমা
h) সমস্ত শিল্প ঝুঁকির বীমা
i) মেরিন বীমা
j) হাল বীমা
k) দায়বদ্ধতা বীমা

## নিজেকে পরীক্ষা করার উত্তরসমূহ

### উত্তর 1

সঠিক বাছাইটি হলো৩।

বাণিজ্যিক ঝুঁকির জন্য ফায়ার পলিসি কভার করে বিস্ফোরণ ও ইমপ্লোশনের বিপদকে।

### উত্তর 2

সঠিক বাছাইটি হলো১।

ব্যবসায়ে বাধা বীমা পলিসি একমাত্র সংযোজন হিসেবে নেওয়া যেতে পারে অগ্নির মাপকাঠি এবং বিশেষ বিপদ পলিসির সঙ্গে।

### উত্তর 3

সঠিক বাছাইটি হলো৪।

ডাকাতি পলিসির জন্য প্রিমিয়াম নির্ভর করে জিনিসের সংখ্যার প্রকৃতির উপর যেমন বীমাকৃত সম্পত্তি, বীমাকৃতের নিজের নৈতিক বিপত্তি, বাড়িটির নির্মাণ এবং অবস্থান, নিরাপত্তা ব্যবস্থা (যেমন ওয়াচম্যান, বার্গলার অ্যালার্ম), আগের ক্লেইমের অভিজ্ঞতা প্রভৃতির উপর।

**উত্তর 4**

সঠিক বাছাইটি হলো২।

চুরি হয়ে কারো প্রেমিসেস থেকে টাকা খোয়া যাওয়া একটা মানি বা আর্থিক বীমা পলিসির অধীনে কভার পায়। অতিরিক্ত প্রিমিয়াম দিয়ে দাঙ্গা ধর্মঘট এবং উগ্রপন্থাকে কভারের মধ্যে আনা যেতে পারে।

**উত্তর 5**

সঠিক বাছাইটি হলো১।

একটা বিশ্বস্ততা গ্যারান্টি বীমা পলিসি নিয়োগকর্তাকে সেই আর্থিক ক্ষতির থেকে নিরাপত্তা দেয় যা তাঁর কর্মচারীর জালিয়াতি বা অসততার কারণে ঘটেছে।

**উত্তর 6**

সঠিক বাছাইটি হলো৪।

ব্যাঙ্কারের নিরাপত্তা বীমা পলিসি কভার করতে পারে: আগুন, জালিয়াতি বা চেকের অদলবদল, টাকার বিষয়ে কর্মচারীর অসততার কারণে আর্থিক নিরাপত্তার ক্ষয়ক্ষতি।

**উত্তর 7**

সঠিক বাছাইটি হলো৩।

একটা জুয়েলারের ব্লক পলিসির ক্ষেত্রে, রেজিস্টার্ড পার্সেলে পাঠানোর সময় বীমাকৃত সম্পত্তির ক্ষতির কভার দেওয়া হবে সেকশন(৩) –এর আওতায়।

**উত্তর 8**

সঠিক বাছাইটি হলো৪।

প্রকল্প শুরুতে বিলম্ব কভারকে বলা হয়ে থাকে অ্যাডভান্স লস অব প্রফিট কভার।

**উত্তর 9**

সঠিক বাছাইটি হলো ২।

ইন্ডাস্ট্রিয়াল অল রিস্ক বীমার অধীনে লার্সেনি বা চুরির কভার দেওয়া হয় না

**উত্তর 10**

সঠিক বাছাইটি হলো৩।

মেরিণ ও এভিয়েশনই হলো বীমার একমাত্র শাখা যেখানে যুদ্ধের ঝুঁকির জন্য কভার দেওয়া হয়।

**উত্তর 11**

সঠিক বাছাইটি হলো২।

পাবলিক লায়াবিলিটি ইনস্যুরেন্স অ্যাক্ট, ১৯৯১-এর অধীনে, প্রকৃত মেডিক্যাল খরচের জন্য ১২,৫০০ টাকা ক্ষতিপূরণ প্রদেয় হয়।

## নিজেকে পরীক্ষা করার প্রশ্নসমূহ

**প্রশ্ন 1**

ইঞ্জিনিয়ারিং বীমায় CAR মানে হলো

I. মোটর কার

II. কন্ট্রাক্টর্স অল রিস্ক

III. কোম্বানিজ অল রিস্ক

IV. কম্পানিজ অল রিকয়ারমেন্ট

**প্রশ্ন 2**

একজন নিয়গকর্তা তাঁর কর্মচারীর অসততা থেকে বাঁচাতে নিজেকে বীমাকৃত করেন __________-এর মাধ্যমে।

I. কর্মচারী ক্ষতিপূরণ পলিসি

II. পাবলিক লাবাবিলিটি বীমা পলিসি

III. নিরাপত্তা গ্যারান্টি বীমা পলিসি

IV. ঘোষণা পলিসি

**প্রশ্ন 3**

__________ জাহাজের কাঠামোর কথা বোঝায়।

I. হাল

II. কারগো

III. পাইরেসি

IV. জেটিসন

**প্রশ্ন 4**

যে পলিসি বিমানের ক্ষয় ক্ষতি কভার করে তা হলো ________________.

I. বিধিবদ্ধ দায়বদ্ধতা

II. সম্পত্তি বীমা

III. এভিয়েশন বীমা

IV. আর্থিক বীমা

**প্রশ্ন 5**

অগ্নি বীমা পলিসি সম্পত্তির সেই ক্ষয়ক্ষতির কভার অ্যাড-অন হিসেবেও দেয় না, যা _____________-এর কারণে হয়।

I. বন্যা

II. ভূমিকম্প

III. আগুন

IV. বোমাবর্ষণ বা যুদ্ধ

**প্রশ্ন 6**

ঘটনাজনিত ক্ষতি অগ্নি বীমা। কভার করে:

I. ফ্যাক্টরির ক্ষতির জন্য লভ্যাংশের লোকসান

II. সুনামের ক্ষতি

III. মেশিনে উপাদনের টানা হ্যাঁচড়া

IV. বিদেশী মূদ্রা বিনিময়ের ওঠানামার জন্য ক্ষতি

**প্রশ্ন 7**

বার্গলারি বা চুরির প্রিমিয়াম নির্ভর করে:

I. নিরাপত্তা ব্যবস্থার উপর

II. প্রেমিসেসের অবস্থানের উপর

III. সম্পত্তির পরিমাণের উপর

IV. উপরের সবকটির উপর

**প্রশ্ন 8**

কন্ট্রাক্টরস অল রিস্ক পলিসি হলো এক ধরনের:

I. অগ্নি বীমা

II. জীবন বীমা

III. ইঞ্জিনিয়ারিং বীমা

IV. মেরিন বীমা

**প্রশ্ন 9**

কর্মচারীর ক্ষতিপূরণ পলিসি হলো এক ধরনের

I. দায়বদ্ধতা বীমা

II. অগ্নি বীমা

III. মেরিন কারগো বীমা

IV. ইঞ্জিনিয়ারিং বীমা

**প্রশ্ন 10**

অর্থ বীমা পলিসি কভার করে:

I. হাতে থাকা নগদ টাকা

II. মিউচুয়াল ফান্ডে বিনিয়োগ করা অর্থ

III. সেভিংস ব্যাঙ্কে রাখা অর্থ

IV. পোস্ট অফিসে জমা রাখা অর্থ

## নিজেকে পরীক্ষা করার উত্তরসমূহ

**উত্তর 1**

সঠিক বাছাইটি হলো২।

ইঞ্জিনিয়ারিং বীমায় CAR মানে হলো কন্ট্রাক্টর্স অল রিস্ক।

**উত্তর 2**

সঠিক বাছাইটি হলো৩।

একজন নিয়োগকর্তা তাঁর কর্মচারীর অসততা থেকে বাঁচাতে নিজেকে বীমাকৃত করেননিরাপত্তা গ্যারান্টি বীমা পলিসির মাধ্যমে।

**উত্তর 3**

সঠিক বাছাইটি হলো১।

হাল জাহাজের কাঠামোর কথা বোঝায়।

**উত্তর 4**

সঠিক বাছাইটি হলো৩।

যে পলিসি বিমানের ক্ষয় ক্ষতি কভার করে তা হলোএভিয়েশন বীমা।

**উত্তর 5**

সঠিক বাছাইটি হলো৪।

অগ্নি বীমা পলিসি বোমাবর্ষণ বা যুদ্ধের কারণে সম্পত্তির ক্ষয়ক্ষতির কভার অ্যাড-অন হিসাবেও দেয় না।

**উত্তর 6**

সঠিক বাছাইটি হলো১।

ঘটনাজনিত ক্ষতি (অগ্নি বীমা)। কভার করে ফ্যাক্টরির ক্ষতির জন্য লভ্যাংশের ক্ষতি।

**উত্তর 7**

সঠিক বাছাইটি হলো ৪।

বার্গলারি বা চুরির প্রিমিয়াম নির্ভর করে নিরাপত্তা ব্যবস্থা, প্রেমিসেসের অবস্থান, সম্পত্তির পরিমাণ প্রভৃতির উপর।

**উত্তর 8**

সঠিক বাছাইটি হলো৩।

কন্ট্রাক্টরস অল রিস্ক পলিসি হলো এক ধরনের ইঞ্জিনিয়ারিং বীমা।

**উত্তর 9**

সঠিক বাছাইটি হলো১।

কর্মচারীর ক্ষতিপূরণ পলিসি হলো এক ধরনের দায়বদ্ধতা বীমা।

**উত্তর 10**

সঠিক বাছাইটি হলো১।

অর্থ বীমা পলিসি কভার করে হাতে থাকা নগদ টাকা।

# অধ্যায় 27

# দাবি পদ্ধতি

## অধ্যায় পরিচিতি

যেকোন প্রকার বীমাচুক্তির মূল অন্তর্নিহীত বিষয়টি হল প্রারম্ভিক প্রতিশ্রুতিটি, অর্থাৎ একটি ক্ষতির ঘটনায় বীমাকৃতকে ক্ষতিপূরণ প্রদান করা। এই অধ্যায়টি, ক্ষতির ঘটনাটি সংঘটিত হওয়ার সময় থেকে শুরু করে দাবি নিষ্পত্তি পর্যন্ত সম্পূর্ণ প্রক্রিয়াটির সহজ অনুধাবনের জন্য বিজড়িত পন্থা এবং নথিপত্রসমূহের উপর আলোচনা করে। এটি বীমাকৃত অথবা বীমাকারীর যেকোন কারোর তরফে বিতর্কিত দাবিগুলি নিষ্পত্তির বিষয়েও আলোচনা করে।

## পাঠ্যসূচী

A. দাবি নিষ্পত্তিকরণের প্রক্রিয়া

এই অধ্যায়টি আমাদের যা জানতে সাহায্য করে:

1. দাবি নিষ্পত্তি সম্পর্কিত কার্যাবলীর গুরুত্ব সম্পর্কে বিতর্ক করতে
2. ক্ষতি সম্পর্কিত সূচনা প্রদানের পন্থাগুলির বিবরণ প্রদানে
3. দাবির অনুসন্ধান এবং মূল্যায়নের বিশ্লেষণ করতে
4. পর্যবেক্ষক এবং ক্ষতি মূল্যায়কের গুরুত্ব ব্যাখ্যা করতে
5. দাবি ফর্মের বিষয়বস্তুসমূহের ব্যাখ্যা করতে
6. দাবির ব্যবস্থাপনা এবং নিষ্পত্তিকরণে

## A. *দাবি নিষ্পত্তিকরণের প্রক্রিয়া*

### 1. দাবিগুলির নিষ্পত্তি করণের গুরুত্ব

একটি বীমা কোম্পানীর সর্বাধিক গুরুত্বপূর্ণ কাজটি হল ক্ষতিগ্রস্থ ঘটনাগুলির ক্ষেত্রে পলিসিধারকদের দাবিগুলির নিষ্পত্তি করা। বীমাকারী, হয় পলিসিধারককে অর্থ প্রদানের মাধ্যমে অথবা বীমাকৃতের বিরুদ্ধে কোন তৃতীয় পক্ষ দ্বারা কৃত দাবির নিষ্পত্তিকরণের মাধ্যমে সত্বর, ন্যায়সংগত এবং সমতার ভিত্তিতে পরিষেবা প্রদানের দ্বারা এই প্রতিশ্রুতিটি পূরণ করেন।

বীমাকৃত বিপদসমূহের কারণে সংঘটিত ক্ষতির বিরুদ্ধে ক্ষতিপূরণ প্রদানের একটি আর্থিক কৌশল রুপে বীমার বিপণন করা হয়। বীমা এবং দাবি নিষ্পত্তি প্রক্রিয়া না থাকলে, একটি দূর্ভাগ্যজনক ঘটনার পর সাধারণ অবস্থায় প্রত্যাবর্তণ ধীর গতিসম্পন্ন, অক্ষম এবং কঠিন হত।

সাধারণ বীমা কোম্পানী গুলির মধ্যে একটি তাঁদের বোর্ড রুমে লিখে রেখেছিলেন, "সামর্থ থাকলে অর্থ প্রদান করুন; আবশ্যিক হলে বর্জন করুন"। এটিই হল মহত্ বীমা ব্যবসা।

**পেশাদারীভিত্তিতে দাবির নিষ্পত্তিকরণকেই একটি বীমা কোম্পানীর সর্ববৃহৎ বিজ্ঞাপন হিসাবে ধরা হয়।**

#### a) তৎপরতা

বীমাকৃত একজন সংস্থাগত গ্রাহক হন অথবা একজন ব্যক্তিবিশেষ যাই হন অথবা ক্ষতির অংকটি বৃহৎ হোক বা ক্ষুদ্র যাই হোক, দাবি নিষ্পত্তিকরণে তত্পরতা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এটি অনুধাবন করা প্রয়োজন যে বীমাকৃত ক্ষতিগ্রস্থ হওয়ার পর বীমা ক্ষতিপূরণটি যথা সম্ভব শীঘ্র পেতে চান।

তিনি যদি শীঘ্র অর্থটি প্রাপ্ত হন, সেটি তাঁর পক্ষে সর্বাধিক উপযোগী হবে। ক্ষতির ঘটনাটির পর, বীমাকৃতের সেটির সর্বাধিক প্রয়োজনের সময় যথা সম্ভব শীঘ্র দাবির অর্থ প্রদান করাটি বীমা কোম্পানীর দায়িত্ব।

#### b) পেশাদারীত্ব

বীমা আধিকারিকরা প্রত্যেকটি দাবিকেই যোগ্যতার মাপকাঠিতে বিবেচনা করেন এবং কোন প্রকার পক্ষপাতমূলক অথবা পূর্বগঠিত ধারণার ভিত্তিতে বা কোন নথিপত্র, যেগুলি নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর প্রদান করে, সেগুলির পরীক্ষা ব্যতীত দাবিগুলি বাতিল করেন না।

i. ক্ষতির ঘটনাটি কী সত্যই ঘটেছিল?
ii. যদি তাই হয়, ক্ষতিকারক ঘটনাটি কী সত্যই ক্ষতিটি করেছে?
iii. এই ঘটনার দ্বারা সংঘটিত ক্ষতিটির পরিধি।
iv. ক্ষতিটির কারণটি কী?
v. ক্ষতিটি পলিসির অধীনে আচ্ছাদিত?
vi. চুক্তি বা পলিসির শর্তাবলীর অধীনে দাবিটি কী প্রদেয়?
vii. যদি তাই হয়, কতটা প্রদেয়?

বীমা কোম্পানী দ্বারা এই সকল প্রশ্নগুলির উত্তরসমূহের অনুসন্ধান করতে হবে।

দাবিগুলির প্রক্রিয়াকরণটি হল একটি গুরুত্বপূর্ণ কাজ। পলিসির অধীনে প্রদেয় সকল দাবিগুলি সত্বর প্রদান করা এবং অপ্রদেয় দাবিগুলি না প্রদান করা নিশ্চিত করার উদ্দেশ্যে সকল প্রকার ফর্ম, পন্থা এবং প্রক্রিয়াসমূহ কোম্পানী দ্বারা সতর্কতা সহকারে নকশাকৃত।

প্রতিনিধির, বীমাকৃতের পরিচিত সংস্থার প্রতিনিধি হওয়ার দৌলতে, নিশ্চিত করা প্রয়োজন যে সকল প্রকার প্রাসঙ্গিক ফর্মগুলি সঠিক তথ্য দ্বারা পূরণ করা হয়েছে, ক্ষতিটির প্রমাণ সকল প্রকার নথিপত্রে সংলগ্নকৃত করা হয়েছে এবং সুপারিশকৃত সকল প্রক্রিয়াসমূহ সময়ানুগভাবে অনুসৃত হয়েছে এবং কোম্পানীর নিকট যথাবিহিতভাবে জমা করা হয়েছে। ক্ষতির ঘটনাটির সময়ে প্রতিনিধির ভূমিকাটি পূর্বেই আলোচিত হয়েছে।

## 2. ক্ষতি সম্পর্কে তথ্য জ্ঞাপন অথবা সূচীত করা

পলিসির অধীনস্থ শর্তাবলী নির্দেশ করে যে ক্ষতিটি তাৎক্ষণিকভাবে বীমাকারীর প্রতি সূচীত হতে হবে। একটি তাৎক্ষণিক সূচনার উদ্দেশ্য হল বীমাকারীকে একটি ক্ষতির ক্ষেত্রে সেটির প্রাথমিক স্তরেই অনুসন্ধানে সমর্থ করা। বিলম্ব ক্ষতিটি সম্পর্কে মূল্যবান তথ্য হারানোর কারণ হতে পারে। এটি বীমাকারীকে, ক্ষতিটি হ্রাস করার এবং উদ্ধারকৃত বস্তুসমূহের সংরক্ষণের লক্ষ্যে পদক্ষেপ সুপারিশেও সমর্থ করে। ক্ষতি সম্পর্কিত সূচনাটি যুক্তিসংগতভাবে যথাসম্ভব শীঘ্র প্রদান করতে হবে।

এই প্রকার প্রাথমিক যাচাই/পর্যবেক্ষণের, দাবিটিকে একটি সংখ্যা দ্বারা নির্দিষ্ট করা হয় এবং, পলিসি নম্বর, বীমাকৃতের নাম, ক্ষতিটির ধারণামূলক অংকটি, ক্ষতির তারিখ ইত্যাদির মত বিস্তারিত বিবরণগুলি সহ দাবি রেজিস্টারে নথিভুক্ত করা হয়, এবং তখনই দাবিটি প্রক্রিয়াকরণের জন্য প্রস্তুত হয়।

**কিছু নির্দিষ্ট প্রকার পলিসির অধীনে (যেমন, চুরি) স্থানীয় থানাতেও সূচনা প্রদান করতে হবে। রেলপথে মাল পরিবহনের পলিসিগুলির অধীনে, রেলওয়ের প্রতিও সূচনা প্রদান করতে হবে।**

## 3. অনুসন্ধান এবং মূল্যায়ন

### 1. পর্যবেক্ষণ

বীমাকৃতের নিকট হতে দাবির ফর্মটি পাওয়ার পর, বীমাকারী ক্ষতিটি সম্পর্কে অনুসন্ধান এবং মূল্যায়নের সিদ্ধান্ত গ্রহণ করেন। যদি দাবির অংকটি ছোট হয়, ক্ষতির পরিসীমা এবং কারণটি নির্ধারণের অনুসন্ধানটি বীমাকারীর একজন আধিকারিকই করেন।

অন্যান্য দাবিগুলির সম্পর্কে অনুসন্ধানের দায়িত্বসমূহ, স্বনির্ভর অনুমোদন প্রাপ্ত পেশাদার পর্যবেক্ষকদের, যাঁরা ক্ষতির মূল্যায়নের ক্ষেত্রে বিশেষজ্ঞ, উপর ন্যস্ত হয়। স্বনির্ভর পর্যবেক্ষক দ্বারা ক্ষতির মূল্যায়নটি, যেহেতু বীমাকারী এবং বীমাকৃত উভয়েই আগ্রহী পক্ষ, একজন স্বনির্ভর পেশাদার পর্যবেক্ষকের অপক্ষপাতদুষ্ট মতামতটিই উভয় পক্ষের নিকট এবং এছাড়াও যেকোন বিতর্কের ক্ষেত্রে ন্যায়ালয়ের দ্বারাও গ্রহণযোগ্য হবে এই নীতির ভিত্তিতে হয়।

### 2. দাবির মূল্যায়ন

অগ্নিকান্ডের ক্ষেত্রে, দাবিটির একটি পুলিশ প্রতিবেদন, কারণটি অজ্ঞাত থাকলে অনুসন্ধানকারীদের প্রতিবেদন এবং একটি পর্যবেক্ষণের প্রতিবেদনের ভিত্তিতে মূল্যায়ন করা হয়। ব্যক্তিগত দুর্ঘটনার দাবির জন্য, বীমাকৃতের প্রয়োজন, প্রযত্ন প্রদানকারী একজন চিকিত্সকের, ক্ষেত্র বিশেষে দুর্ঘটনার কারণটি অথবা অসুস্থতার প্রকৃতি এবং অক্ষমতার সময়কালটির উল্লেখকারী একটি প্রতিবেদন জমা করা।

পলিসি শর্তাবলীর অধীনে বীমাকারীগণ, একটি নিজস্ব চিকিত্সাভিত্তিক পরীক্ষা আয়োজন করার অধিকারটি সংরক্ষিত রাখেন। "কর্মচারীর ক্ষতিপূরণ"-এর দাবিগুলির ক্ষেত্রে সহায়ক চিকিত্সাভিত্তির প্রমাণেরও প্রয়োজন হয়। পশু খামার অথবা গবাদি পশুগুলির জন্য একজন পশু চিকিত্সকের প্রতিবেদনের ভিত্তিতে দাবিগুলির মূল্যায়ন করা হয়।

**তথ্য**

ক্ষতির সূচনাটি প্রাপ্ত হওয়ার পর বীমাকারী পরীক্ষা করেন যে:

1. ক্ষতির ঘটনাটি ঘটার দিনে বীমার পলিসিটি কার্যকর আছে কিনা
2. ক্ষতিটি একটি বীমাকৃত বিপদের কারণে ঘটেছে।
3. ক্ষতি দ্বারা প্রভাবিত সম্পদটি (বীমার বিষয় বস্তু) এবং পলিসিটির অধীনে বীমাকৃত সম্পদটি একই।
4. ক্ষতির সূচনাটি অবিলম্বেই গৃহীত হয়েছে।

---

মোটরযানের ক্ষেত্রে মৃত্যু এবং ব্যক্তিগত আঘাতজনিত তৃতীয় পক্ষের দাবীগুলি একজন চিকিত্সকের প্রতিবেদনের ভিত্তিতে মূল্যায়ন করা হয়ে থাকে। এই দাবিগুলি, মোটর অ্যাক্সিডেন্ট ক্লেমস ট্রাইবুনাল দ্বারা পরিচালিত হয় এবং প্রদেয় রাশিটি দাবিদারের বয়স এবং আয়ের মত উপাদানগুলি দ্বারা নির্ধারিত হয়।

তৃতীয় পক্ষের সম্পত্তির ক্ষতিজনিত দাবিগুলির, একটি পর্যবেক্ষণ প্রতিবেদনের ভিত্তিতে মূল্যায়ন করা হয়।

- ✓ মোটরযানের নিজস্ব ক্ষতিজনিত দাবিটির মূল্যায়ন করা হয় একজন পর্যবেক্ষকের প্রতিবেদনের ভিত্তিতে।
- ✓ কোন তৃতীয় পক্ষের ক্ষতি বিজড়িত থাকলে একটি পুলিশ প্রতিবেদনের প্রয়োজন হতে পারে।

**তথ্য**

ক্ষতির মূল্যায়নের থেকে অনুসন্ধানটি ভিন্ন। অনুসন্ধানটি করা হয়, একটি বৈধ দাবি পেশ করা হয়েছে কিনা সেটি এবং গুরুত্বপূর্ণ বিবরণের যাচাই নিশ্চিত করার জন্য এবং বীমাকরণযোগ্য স্বার্থ, প্রাসঙ্গিক তথ্যের গোপন করা অথবা ভ্রান্ত উপস্থাপনা, ইচ্ছাকৃত ক্ষতিসাধন ইত্যাদি সন্দেহ দূরীকরণের উদ্দেশ্যে।

স্বাস্থ্যবীমার দাবিগুলির, হয় নিজস্ব অন্তর্গত ব্যবস্থার সাহায্যে নয় সাধারণ বীমা কোম্পানীর পক্ষে তৃতীয় পক্ষ পরিচালকবৃন্দ (টিপিএ) দ্বারা মূল্যায়ন করা হয়। মূল্যয়নটি চিকিত্সাগত প্রতিবেদন এবং বিশেষজ্ঞের মতামতের ভিত্তিতে হয়।

বীমা পর্যবেক্ষকরা অনুসন্ধানের কাজগুলিও করে থাকেন। যদি পর্যবেক্ষকরা যত শিঘ্র সম্ভব কাজটি শুরু করেন তাহলে সেটি সুবিধাজনক হয়। তাই, দাবির সূচনাটি প্রাপ্ত হওয়ার পর যত শীঘ্র সম্ভব পর্যবেক্ষক নিযুক্ত করাটিই রীতি।

**4. পর্যবেক্ষক এবং ক্ষতির মূল্যায়নকারী**

**a) পর্যবেক্ষক**

পর্যবেক্ষকরা আইআরডিএআই দ্বারা অনুমোদনপ্রাপ্ত পেশাদার। তাঁরা নির্দিষ্ট ক্ষেত্রগুলির পরিদর্শন এবং ক্ষতির মূল্যায়নের জন্য বিশেষজ্ঞ। পর্যবেক্ষকেরা সাধারণত বীমা কোম্পানীগুলি দ্বারা নিয়োজিত হন এবং পারিশ্রমিক প্রাপ্ত হন। সাধারণভাবে পর্যবেক্ষক এবং ক্ষতি মূল্যায়নকারীরা দাবির সময়ে সাধারণ বীমা কোম্পীনাগুলি দ্বারা নিয়োজিত হয়ে থাকেন।তাঁরা আলোচিত সম্পত্তিটির পরিদর্শন, পরীক্ষা এবং ক্ষতির পরিস্থিতি এবং কারণগুলি যাচাই করেন। তাঁরা ক্ষতির পরিমাণটির ধারনাগত গণনাও করেন এবং বীমা কোম্পানীর নিকটি প্রতিবেদন পেশ করেন।

তাঁরা বীমাকারীদের, অতিরিক্ত ক্ষতিগুলি প্রতিরোধের জন্য উপযুক্ত উপায়গুলি সম্পর্কে সুপারিশ করে থাকেন। পর্যবক্ষেকরা, বীমা আইন, ১৯৩৮, বীমা নির্দিষ্ট অধিনিয়মগুলি দ্বারা নিয়ন্ত্রিত হন। 'বিদেশ থেকে আসা দাবীগুলি' এবং রপ্তানির জন্য 'মেরিন ওপেন পলিসি' বা ভ্রমণ বীমা পলিসি ইত্যাদির ক্ষেত্রে, পলিসিতে উল্লেখিত বিদেশে অবস্থিত দাবি নিষ্পত্তিকারী প্রতিনিধিদের দ্বারা মূল্যায়ন করা হয়ে থাকে।

এই প্রকার প্রতিনিধিরা ক্ষতিটির মূল্যায়ন এবং সেটির বিরুদ্ধে অর্থ প্রদান করেন, যেটি বীমা কোম্পানীর দ্বারা তাঁদের নিষ্পত্তিভিত্তিক পারিশ্রমিকের সঙ্গে ব্যয়পূরণের ভিত্তিতে প্রদান করেন।বিকল্পভাবে, বীমার দাবি নিষ্পত্তিকারী প্রতিনিধিদের দ্বারা দাবি সম্পর্কিত সকল নথিপত্রাদি সংগ্রহ করা হয় এবং তাদের মূল্যায়ন সহ সেগুলি বীমাকারীদের প্রতি প্রেরণ করা হয়।

**গুরুত্বপূর্ণ**

**বীমা আইনের ৬৪ ইউএম**

যেখানে, যেকোন বীমা পলিসির ক্ষেত্রে দাবির অংকটি কুড়ি হাজার টাকার থেকে কম হওয়ার ক্ষেত্রে একজন বীমাকারীর পক্ষে দাবির সঙ্গে অসংগত ব্যয়ে মূল্যায়ণ করার জন্য একজন অনুমোদিত পর্যবেক্ষক অথবা ক্ষতির মূল্যায়ক নিযুক্ত করা যুক্তিসংগত নয়, সেখানে বীমাকারী এই প্রকার ক্ষতির পর্যবেক্ষণটি করানোর জন্য যেকোন ব্যক্তিকে (একজন পর্যবেক্ষক অথবা ক্ষতি মূল্যায়ক হিসাবে নিযুক্ত হওয়ার জন্য সাময়িকভাবে অনুপযুক্ত ঘোষিত কোন ব্যক্তি ব্যতীত) নিযুক্ত করতে পারেন এবং সেইভাবে নিযুক্ত ব্যক্তিটিকে সেই যুক্তিসংগত পারিশ্রমিক প্রদান করতে পারেন যেভাবে তিনি সঠিক বিবেচনা করেন।

## 5. দাবির ফর্মসমূহ

দাবির ফর্মের বিষয় বস্তুগুলি প্রত্যেক প্রকার বীমার ক্ষেত্রে ভিন্নতর হয়। সাধারণ দাবির ফর্মগুলি ক্ষতির পরিস্থিতিগুলি সম্পর্কে সম্পূর্ণ তথ্য যেমন, ক্ষতির তারিখ, সময়, ক্ষতির কারণ, ক্ষতির পরিসীমা ইত্যাদি প্রাপ্ত করার জন্য নকশাকৃত করা হয়। অন্যান্য প্রশ্নগুলি এক শ্রেণীর বীমা থেকে অন্য শ্রেণীর বীমার ক্ষেত্রে ভিন্নতর হয়।

## উদাহরণ

একটি অগ্নিবীমার ক্ষেত্রে দাবির ফর্মে যে তথ্যসমূহ চাওয়া হয় তার একটি উদাহরণ নিচে প্রদান করা হয়েছে:

i. বীমাকৃতের নাম, পলিসি নম্বর এবং ঠিকানা
ii. অগ্নিকান্ডের তারিখ, সময়, কারণ এবং পরিস্থিতিসমূহ
iii. ক্ষতিগ্রস্ত সম্পত্তির বিস্তারিত বিবরণ
iv. অগ্নিকান্ডের সময় সম্পত্তিটির সঠিক মূল্য। যে ক্ষেত্রে বীমাটি বিভিন্ন উপাদানের একটি সমন্বয়, সেখানে কোনটির অধীনে দাবিটি পেশ করা হয়েছে। [দাবিটি আবশ্যিকভাবে, অগ্নি কান্ডের স্থানে এবং সময়ে, অবমূল্যায়ন, স্বাভাবিক ক্ষয়-ক্ষতির জন্য বিয়োজনগুলি ধরে সম্পত্তিটির প্রকৃত মূল্যের (যদি না বাড়ি, যন্ত্রাদি সম্পর্কিত পলিসিটি 'পুনর্সংস্থাপেনর মূল্য'-এর ভিত্তিতে হয়) ভিত্তিতে হবে। এটিতে লাভ অন্তর্গত হবে না]
v. উদ্ধার হওয়া সম্পত্তি মূল্যটি বিয়োজনের পর দাবিকৃত অংশটি
vi. অগ্নিকান্ড ঘটা বাড়িটির অবস্থিতি এবং দখলদারীত্ব
vii. বীমাকৃত কি হিসাবে, মালিক, বন্ধক গ্রহণকারী অথবা সেই প্রকার, দাবি করেন
viii. ক্ষতিগ্রস্ত সম্পত্তিটিতে অন্য কোন ব্যক্তির স্বার্থযুক্ত কিনা
ix. এই প্রকার সম্পত্তিতে অন্য কোন বীমা বলবৎ আছে কিনা, যদি তাই হয়, সেটির বিস্তারিত বিবরণ

এটি ফর্মটিতে উল্লেখিত বক্তব্যগুলির সত্যতা এবং সঠিকতার একটি ঘোষণাপত্র এবং বীমাকৃতের স্বাক্ষর এবং তারিখ দ্বারা অনুসৃত হয়।

এই অধ্যায়টিতে একটি বীমা কোম্পানীর একটি অগ্নিকান্ডজনিত দাবির ফর্ম "প্রামাণিক নথি ১" হিসাবে প্রদত্ত হয়েছে।

কোন বীমা কোম্পানী দ্বারা দাবি ফর্মটির প্রদানের অর্থ এই নয় অথবা এটি বোঝায় না যে দাবিটির সম্পর্কিত দায়টি বীমাকারী দ্বারা স্বীকৃত হয়েছে। দাবির ফর্মগুলি, 'উইদাউট প্রেজুডিস' অর্থাৎ কোন প্রকার পক্ষপাত ব্যতীত এই প্রকার চিহ্নিতকরণসহ প্রদান করা হয়।

### a) সহায়ক নথিপত্রসমূহ

দাবি ফর্মটি ছাড়াও, দাবিটি প্রতিষ্ঠিত করার জন্য দাবিদারের আরও কিছু নির্দিষ্ট নথিপত্র জমা দেওয়া অথবা বীমাকারীদ্বারা সংগ্রহ করা প্রয়োজন।

i. অগ্নিকান্ডজনিত দাবিগুলির জন্য, অগ্নিনির্বাপক সংস্থার নিকট হতে একটি প্রতিবেদন অপরিহার্য হবে।

ii. ঘূর্ণীঝড়জনিত ক্ষতির জন্য, আবহাওয়া দপ্তরের একটি প্রতিবেদন চাওয়া হতে পারে।

iii. চুরিজনিত দাবিগুলির ক্ষেত্রে, পুলিশের নিকট হতে একটি প্রতিবেদনের প্রয়োজন হতে পারে।

iv. মৃত্যুজনক দুর্ঘটনার দাবিগুলির জন্য, একজন করনার অর্থাত দুর্ঘটনাজনিত বা অস্বাভাবিক মৃত্যুর কারণ অনুসন্ধানকারী একজন সরকারি চিকিত্সকের প্রতিবেদন এবং পুলিশের প্রতিবেদন জরুরি হতে পারে।

v. মোটনযানভিত্তিক দাবিগুলির জন্য, বীমাকারী চালকের লাইসেন্স বা অনুমোদন পত্র, রেজিস্ট্রেশন বুক, পুলিশের প্রতিবেদন ইত্যাদি পরীক্ষা করতে পারেন।

vi. সমূদ্রভিত্তিক মাল পরিবহণের দাবিগুলির ক্ষেত্রে, নথিপত্রের প্রকৃতিগুলি ক্ষতির প্রকারের ভিত্তিতে ভিন্নতর হতে পারে, অর্থাৎমোট ক্ষতি, বিশেষ গড়, অন্তর্দেশীয় অথবা বৈদেশিক পরিবহনভিত্তিক দাবি ইত্যাদি।

## 6. ক্ষতির মূল্যায়ন এবং দাবির নিষ্পত্তিকরণ

ক্ষতির মূল্যায়নটি হল বীমাকৃতের দ্বারা সম্মুখীন হওয়া ক্ষতিটি বীমাকৃত বিপদের কারণে কিনা এবং সেখানে কোন প্রকার প্রতিশ্রুতি ভঙ্গের ঘটনা বিদ্যমান আছে কিনা তা নির্ধারণ করার প্রক্রিয়া।

দাবির নিষ্পত্তিকরণগুলি ন্যায়সংগত এবং সমতার বিবেচনার ভিত্তিতে হওয়া উচিত। একটি সাধারণ বীমা কোম্পানীর ক্ষেত্রে, দাবির সত্বর নিষ্পত্তিকরণটি হল সেটির পরিষেবা প্রদানের সক্ষমতার একটি মানদন্ড। একটি দাবি প্রক্রিয়াকরণের জন্য প্রয়োজনীয় সময় সম্পর্কে প্রত্যেক কোম্পানীরই একটি আভ্যন্তরীণ নির্দেশিকা থাকে যেটি তাদের কর্মচারীগণ অনুসরণ করেন।

এটি সাধারণভাবে "টার্ন অ্যারাউন্ড টাইম" (টিএটি) নামে পরিচিত। কিছু বীমাকারী, বীমাকৃতদের দ্বারা সময় সময় তাঁদের দাবিগুলির অবস্থা জানার জন্য অনলাইনে একটি সুবিধার উপস্থাপনা করেছেন। কিছু সাধারণ বীমা কোম্পানী, দাবিগুলির দ্রুত প্রক্রিয়াকরণের জন্য দাবি কেন্দ্রও ব্যবস্থাপিত করেছেন।

### গুরুত্বপূর্ণ

### একটি বীমা দাবির অন্তর্গত গুরুত্বপূর্ণ বিষয়সমূহ

i. নির্ধারণযোগ্য প্রথম বিষয়টি হল যে ক্ষতিটি পলিসিটি পরিধির অন্তর্ভুক্ত কিনা।সর্বনিকটবর্তী কারণ সম্পর্কে আইনি নীতিটি ক্ষতিটি একটি বীমাকৃত বিপদে কারণে সংঘটিত অথবা একটি বহিঃষ্কৃত বিপদের কারণজনিত কিনা সেটি নির্ধারণের জন্য নির্দেশিকা প্রদান করে। ক্ষতিটি পলিসিটির পরিধির অন্তর্গত সেটি প্রমাণ করার দায়টি বীমাকৃতের। যদিও, ক্ষতিটি কোন প্রকার বহিঃষ্কৃত বিপদের কারণে সংঘটিত সেক্ষেত্রে প্রমাণের দায়িত্বটি বীমাকারীর।

ii. নির্ধারণের দ্বিতীয় বিষয়বস্তুটি হল বীমাকৃত পলিসির শর্তাবলী, বিশেষত 'দায়'-এর নজির সৃষ্টিকারী শর্তসমূহ পূরণ করেছেন কিনা।

iii. তৃতীয় বিষয়বস্তুটি হল প্রতিশ্রুতি রক্ষা সম্পর্কিত। পর্যবেক্ষণের প্রতিবেদনটিতে উল্লিখিত থাকবে যে প্রতিশ্রুতিগুলি রক্ষা করা হয়েছে কিনা।

iv. চতুর্থ বিষয়বস্তুটি পলিসিটির বৈধতার সময়কালটি প্রস্তাবকারীর সম্পূর্ণ আস্থা রক্ষার বিষয় সম্পর্কে।

v. একটি ক্ষতির ঘটনার ক্ষেত্রে, বীমাকারীর নিকট হতে এরূপ ব্যবহার প্রত্যাশা করা হয় যেন তিনি অবীমাকৃত। অন্য ভাবে বলতে গেলে, ক্ষতিটি সর্বনিম্নতম করার উদ্দেশ্যে ব্যবস্থা গ্রহণ করাটি তাঁর একটি কর্তব্য।

vi. ষষ্ঠ বিষয়টি প্রদেয় রাশিটি নির্ধারণের সঙ্গে সম্পর্কযুক্ত। প্রদেয় ক্ষতির অংকটি প্রতিশ্রুত বীমারাশির বিষয়ভিত্তিক। যদিও প্রদেয় রাশিটি নিম্নলিখিতগুলির উপরেও নির্ভরশীল:

- ✓ ক্ষতিগ্রস্ত সম্পত্তিটিতে বীমাকৃতের বীমাকরণযোগ্য স্বার্থের পরিধি
- ✓ উদ্ধারকৃত অংশের মূল্য
- ✓ অপর্যাপ্ত বীমাকরণের প্রয়োগ
- ✓ সংযোজনমূলক এবং অধিকারের হস্তান্তরণমূলক শর্তাবলীর প্রয়োগ

---

**a) দাবির শ্রেণী বিভাগসমূহ**

বীমা পলিসিতে যে দাবিগুলি নিয়ে কাজ করা হয় সেগুলি নিম্নলিখিত শ্রেণীগুলির মধ্যে অন্তর্ভুক্ত হয়:

**i. মানানসই দাবিসমূহ**

এই দাবিগুলি হল সেইগুলি যেগুলি সম্পূর্ণরূপে পলিসির শর্তাধীন। সুযোগ এবং গৃহীত প্রতিশ্রুত বীমা রাশি এবং বিভিন্ন শ্রেণীর বীমার জন্য নির্ধারিত ক্ষতিপূরণের অন্যান্য পন্থাসমূহের বিবেচনার দ্বারা দাবির মূল্যায়ন করা হয়ে থাকে।

বীমাকারীর দ্বারা প্রদেয় দাবির অংকটি গৃহীত পলিসির উপর নির্ভরশীলভাবে বিভিন্ন উপদানসমূহ যেমন, ক্ষতিটি সংঘটিত হওয়ার সময়ের মূল্যায়ন, বীমাকরণের স্বার্থ, উদ্ধারের সম্ভাবনাসমূহ, আয়ের ক্ষতি, ব্যবহারের ক্ষতি, অবক্ষয়, প্রতিস্থাপন মূল্য হিসাবের মধ্যে অন্তর্ভুক্ত করে।

**ii. অ-মানানুগ দাবিসমূহ**

এই দাবিগুলি হল সেইগুলি যে ক্ষেত্রগুলিতে বীমাকৃত শর্ত অথবা প্রতিশ্রুতি লঙ্ঘন করেছেন। এই প্রকার দাবিগুলির নিষ্পত্তি বিবেচিত হয় সাধারণ বীমা কোম্পানীগুলির দ্বারা প্রতিষ্ঠিত নিয়ম এবং নীতিসমূহের বিষয়বস্তু হিসাবে।

**iii. গড়ের শর্ত অথবা গড়ের অনুচ্ছেদ**

কিছু পলিসির ক্ষেত্রে এটি হল আন্ডারইনস্যুয়রেন্স নামে পরিচিত একটি শর্ত, যেটির দ্বারা বীমাকৃতকে তাঁর সম্পত্তির, প্রকৃত মূল্যের থেকে কম মূল্যে বীমাকরণের জন্য জরিমানা করে।

**iv. দৈবকর্মের বিপদসমূহ - বিপর্যয়মূলক ক্ষতিসমূহ**

ঝড়, ঘূর্ণী, বন্যা, প্লাবন এবং ভূমিকম্প ইত্যাদির মত প্রাকৃতিক বিপদসমূহ, "ভগবানের কর্ম" এই নামে সংজ্ঞায়িত করা হয়। এই প্রকার বিপদগ্রস্থ অঞ্চলটিতে বীমাকারীর বহু সংখ্যক পলিসি ক্ষতির কারণ হতে পারে।

এই প্রকার বৃহৎ এবং বিপর্যয়মূলক ক্ষতিগুলির ক্ষেত্রে, পর্যবেক্ষককে, একটি শীঘ্র মূল্যায়ন এবং ক্ষতি হ্রাসের প্রচেষ্টা হিসাবে তাত্ক্ষণিকভাবে ক্ষতি সংঘটিত হওয়ার স্থানটিতে যাওয়ার জন্য নির্দেশিত করা হয়। একই সঙ্গে, বীমাকারীর আধিকারিকগণও, বিশেষভাবে বিজড়িত রাশিটি বিশাল অংকের হলে, ক্ষতির স্থানটি পরিদর্শন করেন। পরিদর্শনের উদ্দেশ্যটি হল ক্ষতির স্থানটি থেকে, ক্ষতির প্রকৃতি এবং পরিধি সম্পর্কে একটি তাৎক্ষণিক ধারণা পাওয়া।

যদি পর্যবেক্ষকরা মূল্যায়নের ক্ষেত্রে কোন প্রকার সমস্যার সম্মুখীন হন তাহলে প্রাথমিক প্রতিবেদন প্রদান করা হয় এবং বীমাকারীর নিকট হতে পথ প্রদর্শন এবং নির্দেশিকা আহ্বান করা হয়, এইভাবে, প্রয়োজনানুসারে, বীমাকারী বিমাকৃতের সঙ্গে সম্পর্কিত বিষয়গুলির উপর আলোচনা করার সুযোগ পান।

**v. অন্তর্বর্তী অর্থ প্রদান**

প্রাথমিক প্রতিবেদনগুলি ছাড়াও, যেখানে মেরামতিঅথবা প্রতিস্থাপনার কাজগুলি দীর্ঘ কাল ধরে চলতে থাকে সেই ক্ষেত্রগুলিতে সময় সময় অন্তর্বর্তী প্রতিবেদনসমূহও প্রদান করা হয়ে থাকে। অন্তর্বর্তী প্রতিবেদনগুলি বীমাকারীকে ক্ষতির মূল্যায়নের কাজটির প্রগতি সম্পর্কে একটি ধারণা প্রদান করে। এটি বীমাকৃত চাইলে তাঁর দাবিটির "অন্তর্বর্তী অর্থ প্রদান"-এর সুপারিশেও সহায়তা করে।

যদি দাবিটি সঠিক হিসাবে বিবেচিত হয়, দাবিকারীর প্রতি অর্থ প্রদান করা হয় এবং কোম্পানীত নথিভুক্ত করা হয়। সহ-বীমাকারী এবং পুনর্বীমাকারীদের নিকট হতে উপযুক্ত আদায়গুলি কর হয়ে থাকে, যদি কিছু থাকে। কিছু ক্ষেত্রে, বীমাকৃত সেই ব্যক্তি নাও হতে পারেন যাঁকে অর্থটি প্রদান করতে হবে।

## উদাহরণ

যদি অগ্নিবীমাকৃত সম্পত্তিটি একটি ব্যাঙ্কের নিকট বন্ধকি রাখা হয়, তাহলে "স্বীকৃত ব্যাঙ্ক ক্লজ" অনুসারে, দাবির অংকটি ব্যাঙ্কের নিকট প্রদান করতে হবে। একইভাবে, গাড়ির ক্ষেত্রে "মোট ক্ষতি"-এর দাবিটি হায়ার পারচেস চুক্তির বিষয়বস্তু হিসাবে আর্থিক সংস্থাকারীর প্রতি প্রদান করতে হবে।

সামুদ্রিক মালপত্রভিত্তিক দাবিগুলি, যিনি ক্ষতি সংঘটিত হওয়ার সময় তাঁর পক্ষে অনুমোদিত সমুদ্রবীমার পলিসিটি উপস্থাপিত করবেন, সেই দাবিকারীর প্রতি প্রদান করা হবে।

**b) ডিস্চার্জ ভাউচারসমূহ**

পলিসির অধীনে একটি ডিসচার্জ পাওয়ার পরে শুধুমাত্র দাবিটির নিষ্পত্তি করা হয়। আঘাত সম্পর্কিত দাবির (ব্যক্তিগত দুর্ঘটনা বীমার অধীন) একটি নমুনা ডিসচার্জ রিসিট নিম্নলিখিত বয়ানের ভিত্তিতে প্রস্তুত করা হয় : (কোম্পানী থেকে কোম্পানীতে ভিন্নতর হতে পারে)

বীমাকৃতের নাম

দাবি নং.　　　　　　　　　　　　　　পলিসি নং.

এর থেকে প্রাপ্ত　　　　　　　　　　　　　　　　　　কোম্পানী লিমিটেড

____________ তারিখে অথবা তার আশপাশে সংঘটিত দুর্ঘটনার কারণে আমার/আমাদের আঘাত প্রাপ্তির জন্য আমার/আমাদের প্রতি প্রদেয় ______________ টাকার ক্ষতিপূরণের পূর্ণ এবং চূড়ান্ত নিষ্পত্তি হিসাবে আমি/আমরা কোম্পানীর প্রতি আমার/আমাদের দাবিটির সম্পর্কিত প্রত্যক্ষভাবে অথবা পরোক্ষভাবে উদ্ভুত বর্তমান অথবা ভবিষ্যৎ দাবি থেকে পূর্ণ এবং চূড়ান্ত ডিসচার্জ রিসিট প্রদান করি

তারিখ　　　　　　　　　　　　　　　　　　　　　　　　(স্বাক্ষর)

তৃতীয়পক্ষ ভিত্তিক দায়ের দাবিগুলির জন্য ডিসচার্জ রিসিটগুলি নিম্নলিখিত অনুসারে লেখা যেতে পারে

আমি, ________________(দাবিকারীর নাম), ____________________ ঠিকানা এতদ্বারা ________ টাকার প্রাপ্তি স্বীকার করছি যে অংকটি, আমার সঙ্গে _______ মাসের ________ তারিখে অথবা তার আশপাশে ______________ স্থানে সংঘটিত হওয়া একটি দুর্ঘটনার মাধ্যমে শারীরিক আঘাত এবং অন্যান্য ক্ষতিসমূহের সম্মুখীন হওয়ার ফলে তাঁদের উপর আমার দ্বারা উপস্থাপিত দাবিটির পরিপ্রেক্ষিতে ______________ (কোম্পানীর নাম) দ্বারা প্রদত্ত হয়েছে এবং আমি স্বীকার করি যে এই রাশিটি উক্ত ঘটনাটি এবং বর্তমানে অথবা এর পরবর্তীতে প্রতীয়মান হওয়াক্ষতির সম্পর্কে ______________________(অথবা অন্য কোন ব্যক্তির) দায়ের একটি অস্বীকৃতিসহ এবং অতিরিক্তি এবং অন্যান্য সকল প্রকৃতি এবং প্রকারের যাই হোক এই ঘটনাটি থেকে উদ্ভুত দায় থেকে, আমার দ্বারা অথবা আমার তরফে উক্ত ব্যক্তি এবং অন্য সকল ব্যক্তি পূর্ণ এবং চূড়ান্তভাবে মুক্ত করার একটি উদ্দেশ্যসহ প্রদান করা হয়েছে।

তারিখ　　　　　　　　　　　　স্বাক্ষর　　　　　　　　　　　　সাক্ষী

(দ্রষ্টব্য : এই লাইনগুলি কোন মানদণ্ড নয়, শুধুমাত্র উদাহরণ হিসাবে প্রদত্ত এবং ভিন্নতর হতে পারে)

### c) নিষ্পত্তির পরবর্তী কার্য

দাবির নিষ্পত্তির পরে নেওয়া আন্ডাররাইটিং-এর সঙ্গে সম্পর্কযুক্ত পদক্ষেপগুলি একটি শ্রেণীর ব্যবস্থা থেকে অন্যটির ক্ষেত্রে ভিন্ন হয়।

**উদাহরণ**

একটি অগ্নিবীমা পলিসির অধীনে বীমাকৃত রাশিটি প্রদত্ত দাবির অংকটি দ্বারা হ্রাস প্রাপ্ত হয়। যদিও, আনুপাতিক প্রিমিয়াম, যেটি প্রদত্ত দাবি থেকে বাদ দেওয়া হয়, প্রদানের মাধ্যমে এটি পুনরায় পুনঃসংস্থাপিত করা যায়।

একটি ব্যক্তিগত দূর্ঘটনা পলিসির অধীনে মূল বীমাকৃত রাশিটির প্রদানে পলিসিটি বাতিল হিসাবে ধার্য হয়।

একইভাবে, ব্যক্তিগত সততার অঙ্গীকারভিত্তিক পলিসির অধীনে একটি দাবি প্রদান স্বয়ংক্রিয়ভাবে পলিসিটিকে সমাপ্ত করে।

**d) উদ্ধার**

সাধারণত 'উদ্ধার' ক্ষতিগ্রস্ত সম্পত্তির ক্ষেত্রে উল্লেখ হয়। ক্ষতিটি পূরণ করার পর উদ্ধারকৃত দ্রব্যাদি বীমাকারীর মালিকানাধীন হয়।

**উদাহরণ**

যখন মোট খরচের ভিত্তিতে মোটরযানভিত্তিক দাবিগুলির নিষ্পত্তি করা হয়, ক্ষতিগ্রস্ত গাড়িটি বীমাকারী দ্বারা নিয়ে নেওয়া হয়। অগ্নিবীমা, সমুদ্রভিত্তিক বীমা ইত্যাদির দাবির ক্ষেত্রেও উদ্বারের উল্লেখ হতে পারে।

উদ্ধৃত বস্তুগুলি, এই উদ্দেশ্যে কোম্পানীগুলী দ্বারা নির্ধারিত প্রক্রিয়ার মাধ্যমে বিক্রয় করা হয়। পর্যবেক্ষকগণ, যাঁরা ক্ষতিটির মূল্যায়ন করেছেন, তাঁরাই বিক্রয়ের পন্থার সুপারিশ করে থাকেন।

**e) পুনরুদ্ধার**

দাবি নিষ্পত্তির পরে বীমাকারীরা, বীমা চুক্তির প্রতি প্রযোজ্য অধিকার হস্তান্তর ব্যবস্থার অধীনে, প্রদত্ত ক্ষতিপূরণটি কোন তৃতীয় পক্ষ, যিনি ক্ষতিটির জন্য সম্ভাব্যভাবে দায়ি, তাঁর থেকে প্রযোজ্য আইনের সাহায্যে পুনরুদ্ধারের জন্য বীমাকৃতের অধিকার এবং উপায়গুলি প্রাপ্তির জন্য উপযুক্ত হন। এইভাবে বীমাকারীরা জাহাজী কোম্পানী, রেলওয়ে, পথ পরিবহণ ব্যবস্থা, বিমান, বন্দর কর্তৃপক্ষ ইত্যাদিদের থেকে ক্ষতিগুলি পুনরুদ্ধার করতে পারেন।

**উদাহরণ**

কনসাইনমেন্ট না সরবরাহ করার ক্ষেত্রে, ক্ষতির জন্য পরিবাহকগণ দায়ী। একই ভাবে, জিনিসপত্রের নিরাপদে বন্দরে পৌঁছানোর পরে সেখান থেকে হারানোর জন্য বন্দর কর্তৃপক্ষ দায়ী। এই উদ্দেশ্যে, সঠিকভাবে সীলমোহরযুক্ত একটি অধিকার হস্তান্তর পত্র দাবি নিষ্পত্তির পূর্বে বীমাকৃতের থেকে গ্রহণ করা হয়।

## 7. দাবি সম্পর্কিত বিবাদসমূহ

সর্বাত্মক প্রচেষ্টা সত্ত্বেও, গ্রাহকের বিজ্ঞপ্তি প্রদানে বিলম্ব অথবা নথিপত্রের জমা না করার কারণে দাবি প্রদানে বিলম্ব অথবা দাবির অপ্রদানের (অস্বীকার) কারণ ঘটতে পারে।

এ ছাড়াও, উল্লেখ করার মত সাধারণ কয়েকটি কারণ হল:

- ✓ প্রাসঙ্গিক তথ্যের অপ্রকাশ
- ✓ আচ্ছাদনের অভাব
- ✓ বহিঃষ্কৃত বিপদের কারণে ক্ষতি
- ✓ পর্যাপ্ত বীমা রাশির অভাব
- ✓ অঙ্গীকার ভঙ্গ
- ✓ আন্ডারইনস্যুয়রেন্স, অবক্ষয় ইত্যাদির কারণে পরিমাণ সংক্রান্ত বিষয়সমহ

এই সকলগুলিই বীমাকৃতের জন্য যথেষ্ট দুর্ভোগের কারণ হতে পারে যখন তিনি ইতিমধ্যেই ক্ষতিটি হওয়ার কারণে আর্থিক বিপত্তির সম্মুখীন হয়ে রয়েছেন। তাঁর ভোগান্তিগুলি হ্রাস করার উদ্দেশ্যে অভিযোগ নিষ্পত্তি এবং বিবাদ পরিচালনের ব্যবস্থাগুলি পলিসির মধ্যেই সুষ্ঠুভাবে অন্তর্ভুক্ত করা হয়েছে। অগ্নি অথবা সম্পত্তি সংক্রান্ত পলিসিগুলির ক্ষেত্রে পলিসিগুলির মধ্যেই "সালিশি"-র শর্তটি অন্তর্ভুক্ত থাকে।

**a) সালিশি**

সালিশি হল কোন চুক্তি থেকে উদ্ভুত বিবাদসমূহের নিষ্পত্তির পন্থা। সালিশিগুলি করা হয়ে থাকে আরবিট্রেশন অ্যান্ড কনসিলিয়েশন অ্যাক্ট, ১৯৯৬-এর সংস্থানগুলি অনুসারে। একটি চুক্তিকে কার্যকরী করার অথবা তার অন্তর্গত একটি বিবাদের মীমাংসার সাধারণ পন্থাটি হল একটি আদালতে যাওয়া। এই প্রকার বিবাদগুলি, উল্লেখযোগ্য বিলম্ব এবং খরচ বিজড়িত করে। আরবিট্রেশন আইনটি একটি চুক্তির অন্তর্গত বিবাদের পক্ষগণকে একটি আরও অপ্রথাগত, কম ব্যয়সাপেক্ষ এবং ব্যক্তিভিত্তিক সালিশির দ্বারা তাদের বিবাদ মীমাংসায় অনুপ্রাণিত করে।

সালিশিটি বিবাদের পক্ষগণের নিজেদের দ্বারাই একজন অথবা একাধিক সালিশিকারের মাধ্যমে কাজটি করতে ইচ্ছুক হতে পারেন। একজন সালিশিকারের ক্ষেত্রে, পক্ষগণকে সেই ব্যক্তিটি সম্পর্কে একমত হতে হবে। বহু বাণিজ্যিক বীমা পলিসিতেই, সালিশির সংক্রান্ত একটি অনুচ্ছেদ অন্তর্ভুক্ত থাকে সালিশির বিষয়বস্তু বিবাদ বলে উল্লিখিত। অগ্নি এবং অধিকাংশ মিশ্র প্রকারের পলিসিগুলিতে একটি সালিশির অনুচ্ছেদ অন্তর্ভুক্ত থাকে যেটি সংস্থান করে যে যদি কোম্পানীটি দ্বারা দায়টি স্বীকৃত হয়ে থাকে, এবং অর্থ প্রদানের পরিমাণ সম্পর্কে যদি কোন প্রকার দ্বিমতের উদ্রেক হয়, এই প্রকার একটি দ্বিমতটি আবশ্যিকভাবে সালিশির জন্য নির্বাচিত হবে। সাধারণত সালিশিকারের সিদ্ধান্তটি উভয় পক্ষের প্রতি চূড়ান্ত এবং বন্ধনকারী হয়।

শর্তটির বাক্যবিন্যাসগুলি পলিসি থেকে পলিসিতে ভিন্ন হয়। সাধারণত, নিম্নলিখিত নিয়মগুলি বিদ্যমান থাকে:

i. বিবাদটি পক্ষগণের দ্বারা নিযুক্ত একজন একক সালিশিকারের সিদ্ধান্তের প্রতি বা যদি, একজন একক সালিশিকারের নিযুক্তি সম্পর্কে তাঁদের মধ্যে কোন প্রকার মতানৈক্য থাকে, প্রত্যেক পক্ষগণের দ্বারা নিযুক্ত, দুইজন সালিশিকারের সিদ্ধান্তের প্রতি অর্পণ করা হয়।

ii. এই দুইজন সালিশিকার একজন আম্পায়ার নিযুক্ত করবেন যাঁরা আলোচনা সভাগুলিতে পৌরহিত্য করেন। এই প্রকার আলোচনা সভার কার্যপ্রনালীসমূহের একটি আইনি আদলতের

কার্যপ্রনালীর সঙ্গে মিল থাকে। প্রত্যেক পক্ষ তাঁদের বক্তব্য পেশ করেন, যদি প্রয়োজন হয়, একজন পরামর্শদাতার সাহায্যে এবং সাক্ষীদের পরীক্ষা করা হয়।

iii. যদি দুইজন সালিশিকার কোন একটি সিদ্ধান্তের ক্ষেত্রে একমত না হতে পারেন, বিষয়টি আম্পায়ারের নিকট অর্পণ করা হয় যিনি তাঁর রায় দান করেন।

iv. মূল্যগুলি সালিশিকার/সালিশিকারদের অথবা রায় দানকারী আম্পায়ারের ইচ্ছার ভিত্তিতে প্রদান করা হয়ে থাকে।

দায়ের প্রশ্ন সম্পর্কিত বিবাদগুলি আইনি ব্যবস্থার মাধ্যমে নিষ্পত্তি করতে হবে।

### উদাহরণ

যদি বীমাকারীর বক্তব্য হয় যে ক্ষতিটি প্রদানযোগ্য নয় কারণ এটি পলিসির অধীনে আচ্ছাদিত নয়, সেক্ষেত্রে বিষয়টির নিষ্পত্তি একটি আইনি আদালতে হবে। পুনরায়, যদি বীমাকারীগণ, পলিসিটি বাতিলকরেন সেটি অসৎ উদ্দেশ্যে প্রাসঙ্গিক তথ্যসমূহের অপ্রকাশের দ্বারা ('সর্বাধিক ভালো বিশ্বাস'-এর আইনগত দায়টি ভঙ্গ করা) প্রাপ্ত করা এই ভিত্তিতে দাবিটি প্রদানে অস্বীকার করেন, তাহলে বিষয়টি আইনি ব্যবস্থার মাধ্যমে নিষ্পত্তি করা হবে।

দ্রষ্টব্য : সমুদ্রবীমা পলিসিগুলিতে কোন প্রকার সালিশির শর্ত বিদ্যমান থাকে না।

### ৪. বিবাদ মীমাংসার অন্যান্য প্রকৌশলসমূহ

আইআরডিএআই-এর অধিনিয়ম অনুসারে, সকল পলিসিগুলিতে যেকোন কারণবশত বীমাকারী দ্বারা প্রদত্ত পরিষেবাগুলিতে বীমাকৃতের অসন্তুষ্টিতে তাঁর প্রতি উপলব্ধ অভিযোগ নিষ্পত্তির ব্যবস্থার উল্লেখ থাকতে হবে।

ব্যক্তিগত ব্যবসার পলিসির অধীন দাবির ক্ষেত্রে একজন অসন্তুষ্ট বীমাকৃত ওম্বাডস্ম্যান-এর দ্বারা হতে পারেন, যাঁর কার্যালয়ের যোগাযোগের বিষয়ে বিস্তারিত বিবরণ পলিসিতে বিদ্যমান থাকে।

*নিজেকে পরীক্ষা করুন* **1**

নিম্নলিখিত কার্যকলাপগুলির মধ্যে কোনটি দাবির পেশাদারী নিষ্পত্তির শ্রেণীভুক্ত হয় না?

I. ক্ষতির কারণ সম্পর্কিত তথ্যের জন্য অনুরোধ

II. দাবিটির পক্ষপাতমূলক দৃষ্টিভঙ্গি

III. ক্ষতিটি একটি বীমাকৃত বিপদের কারণ কিনা তার নির্ধারণ

IV. দাবির অধীনস্থ প্রদেয় রাশিটির নির্ধারণ

*নিজেকে পরীক্ষা করুন* **2**

রাজের একটি মোটর দুর্ঘটনা ঘটেছে। তাঁর গাড়িটি একটি মোটরযান বীমা পলিসির অধীনে বীমাকৃত। নিম্নলিখিতগুলির মধ্যে কোনটি করা রাজের পক্ষে সর্বাধিক উপযুক্ত?

I. যুক্তিসংগতভাবে যত শীঘ্র সম্ভব বীমাকারীকে ক্ষতিটি সম্পর্কে বিজ্ঞপিত করা

II. বীমাটির নবীকরণের সময়ে বীমাকারীকে বিজ্ঞপিত করা

III. গাড়িটির আরও অধিক ক্ষতি করা যাতে একটি বৃহৎ অংকের ক্ষতিপূরণ পাওয়া যায়

IV. ক্ষতিটি উপেক্ষা করা

---

*নিজেকে পরীক্ষা করুন* **3**

দাবির অনুসন্ধান এবং দাবির মূল্যায়নের তুলনা।

I. দাবির অনুসন্ধান এবং মূল্যায়ন উভয়েই একই বস্তু

II. অনুসন্ধান দাবিটির বৈধতা নির্ধারণের প্রচেষ্টা করে যেখানে মূল্যায়ন আরও অধিকভাবে কারণ এবং ক্ষতিটির পরিধির সঙ্গে সম্পর্কযুক্ত

III. মূল্যায়ন দাবিটির বৈধতা নির্ধারণের প্রচেষ্টা করে যেখানে অনুসন্ধান আরও অধিকভাবে কারণ এবং ক্ষতিটির পরিধির সঙ্গে সম্পর্কযুক্ত

IV. অনুসন্ধানটি দাবিটি প্রদানের পূর্বে করা হয় এবং মূল্যায়নটি দাবিটি প্রদানের পর করা হয়।

---

*নিজেকে পরীক্ষা করুন* **4**

পর্যবেক্ষকদের জন্য লাইসেন্স প্রদানের ক্ষমতাসহ কর্তৃপক্ষটি কে?

I. সার্ভেয়ার অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়া

II. সার্ভেয়ার রেগুলেটরি অ্যান্ড ডেভলপমেন্ট অথরিটি

III. ইনস্যুয়রেন্স রেগুলেটরি অ্যান্ড ডেভলপমেন্ট অথরিটি অফ ইন্ডিয়া

IV. ভারত সরকার

---

*নিজেকে পরীক্ষা করুন* **5**

একটি ঘূর্ণীঝড়ের কারণবশত ক্ষতির দাবি পরীক্ষণের কালে নিম্নিলিখিত কোন নথিটির জন্য অনুরোধ সর্বাধিক সম্ভাবনাময়?

I. করনারের প্রতিবেদন

II. ফায়ার ব্রিগেডের প্রতিবেদন

III. পুলিশের প্রতিবেদন

IV. আবহাওয়া দপ্তরের প্রতিবেদন

---

*নিজেকে পরীক্ষা করুন* **6**

কোন নীতিটির অধীনে বীমাকারী একটি পলিসির অধীনস্থ ক্ষতিটি তৃতীয় পক্ষের নিকট হতে পুনরুদ্ধারের জন্য, বীমাকৃতের অধিকারগুলি আত্মগত করতে পারেন?

I. সংযোজন

II. মুক্তি

III. অধিকারের হস্তান্তর

IV. ক্ষতিপূরণ

---

*নিজেকে পরীক্ষা করুন* **7**

যদি বীমাকারী সিদ্ধান্ত গ্রহণ করেন যে একটি নির্দিষ্ট ক্ষতি প্রদেয় নয় কারণ সেটি পলিসিটির অধীনে অনাচ্ছাদিত, তাহলে এই বিষয়গুলির উপর কে সিদ্ধান্ত গ্রহণ করেন?

I. বীমাকারীর সিদ্ধান্তই চূড়ান্ত

II. আম্পায়ার

III. সালিশিকার

IV. আইনি আদালত

---

## সারাংশ

a) পেশাদারীভাবে দাবির নিষ্পত্তিকরণটি একটি বীমা কোম্পানীর জন্য সর্ববৃহৎ বিজ্ঞাপন হিসাবে পরিলক্ষিত হয়।

b) পলিসির শর্তাবলী সংস্থান করে যে ক্ষতিটি তাত্ক্ষণিকভাবে বীমাকারীকে তৎক্ষণাৎ জানাতে হবে।

c) দাবির রাশিটি যদি ছোট হয়, ক্ষতির কারণ এবং পরিধি নির্ধারণের জন্য অনুসন্ধানটি বীমাকারীর একজন আধিকারিক দ্বারাই করা হয়। কিন্তু অন্যান্য দাবিগুলির জন্য এটি একটি লাইসেন্স প্রাপ্ত পেশাদার স্বাধীন পর্যবেক্ষকের দ্বারা করা হয় যাঁরা ক্ষতি মূল্যায়নের ক্ষেত্রে বিশেষজ্ঞ।

d) সাধারণভাবে দাবির ফর্মটি, ক্ষতির পরিস্থিতিটি সম্পর্কে সম্পূর্ণ তথ্য যেমন, ক্ষতির তারিখ, সময়, ক্ষতি কারণ, ক্ষতির পরিধি ইত্যাদি পাওয়ার জন্য নকশাকৃত।

e) দাবিসমূহের মূল্যায়ন হল বীমাকৃত দ্বারা সম্মুখীন হওয়া ক্ষতিটি বীমাকৃত বিপদের কারণজনিত কিনা এবং সেখানে কোন প্রকার অঙ্গীকার ভঙ্গের সন্দেহ নাই তার নির্ধারণের প্রক্রিয়াটি, বীমাকৃতের লোকসানের মাত্রা কি এবং পলিসির অধীনে বীমা কোম্পানীর দায় কি।

f) পলিসির অধীনে একটি অব্যাহতিমূলক স্বীকারোক্তি প্রাপ্তি পরেই দাবিটির নিষ্পত্তি করা হয়।

g) সালিশি হল চুক্তি থেকে উদ্ভূত বিবাদগুলি নিষ্পত্তির একটি পন্থা

## প্রধান প্রতিশব্দসমূহ

a) ক্ষতি সম্পর্কে বিজ্ঞপ্তি
b) অনুসন্ধান এবং মূল্যায়ন
c) পর্যবেক্ষক এবং ক্ষতির মূল্যায়কবৃন্দ
d) দাবির ফর্ম
e) ব্যবস্থাপনা এবং নিষ্পত্তিকরণ
f) দাবি নিষ্পত্তিকরণ সম্পর্কিত বিবাদসমূহ
g) সালিশি

## নিজেকে পরীক্ষার উত্তরসমূহ

**উত্তর 1**

সঠিক বিকল্পটি হল ২।

পেশাদারীভিত্তিতে দাবির নিষ্পত্তি, একটি দাবির প্রতি পক্ষপাতমূলক দৃষ্টিভঙ্গী বিজড়িত করে না।

**উত্তর 2**

সঠিক বিকল্পটি হল ১।

যুক্তিসংগতভাবে যত শীঘ্র সম্ভব একটি দাবি বিজ্ঞপিত করতে হবে।

**উত্তর 3**

সঠিক বিকল্পটি হল ২।

অনুসন্ধান দাবিটির বৈধতা নির্ধারণের প্রচেষ্টা করে যেখানে মূল্যায়ন আরও অধিকভাবে কারণ এবং ক্ষতিটির পরিধির সঙ্গে সম্পর্কযুক্ত

**উত্তর 4**

সঠিক বিকল্পটি হল ৩।

পর্যবেক্ষকদের অনুমোদন প্রদানকারী কর্তৃপক্ষ হল আইআরডিএ।

**উত্তর 5**

সঠিক বিকল্পটি হল ৪।

একটি ঘূর্ণীঝড়জনিত ক্ষতির দাবি পরীক্ষার জন্য অনুরোধের সর্বাধিক সম্ভাবনাযুক্ত নথিটি হল আবহাওয়া দপ্তরের প্রতিবেদন।

**উত্তর 6**

সঠিক বিকল্পটি হল ৩।

অধিকার হস্তান্তরের নীতির অধীনে বীমাকারী একটি পলিসির অধীনে প্রদত্ত ক্ষতিটি একজন তৃতীয় পক্ষের নিকট হতে পুনরুদ্ধারের উদ্দেশ্য বীমাকৃতের অধিকারগুলি আত্মগত করতে পারেন।

**উত্তর 7**

সঠিক বিকল্পটি হল ৪।

***যদি কোন বীমাকারী সিদ্ধান্ত গ্রহণ করেন যে নির্দিষ্ট একটি ক্ষতি প্রদেয় নয় কারণ সেটি পলিসির অধীনে আচ্ছাদিত নয়, তাহলে এই প্রকার বিষয়গুলি আইনি আদালতে নির্ধারিত হবে।***

---

## নিজেকে পরীক্ষার প্রশ্নসমূহ

**প্রশ্ন 1**

ক্ষতির বিজ্ঞপ্তিটি করতে হবে:

I. ক্ষতির সম্পূর্ণ সঠিক সময়ে

II. ১৫ দিন পরে

III. যুক্তিসংগতভাবে যত শীঘ্র সম্ভব

IV. ক্ষতিটি সংঘটিত হওয়ার পর যেকোন সময়ে

**প্রশ্ন 2**

ক্ষতির অনুসন্ধানটি করেন:

I. অননুমোদিত পর্যবেক্ষক

II. অনুমোদিত এবং উপযুক্ত পর্যবেক্ষক

III. বীমাকারীর প্রতিনিধি

IV. ইঞ্জিনিয়রিং-এ ডিগ্রীধারী যেকোন ব্যক্তি

**প্রশ্ন 3**

ব্যক্তিভিত্তিক দুর্ঘটনা বীমার ক্ষেত্রে _____________ প্রতিবেদনটি প্রয়োজনীয়।

I. পর্যবেক্ষক

II. চিকিত্সক

III. পুলিশ

IV. করনার

**প্রশ্ন 4**

বীমা আইন অনুসারে, _________ টাকার সমান বাঅধিক রাশির দাবিগুলির ক্ষেত্রে স্বাধীন পর্যবেক্ষদের প্রয়োজন।

I. ৪০,০০০ টাকা

II. ১৫,০০০ টাকা

III. ২০,০০০ টাকা

IV. ২৫,০০০ টাকা

**প্রশ্ন 5**

ভ্রমণ বীমা পলিসির ক্ষেত্রে দেশের বাইরে দাবির মূল্যায়নগুলি করেন:

I. ভারতীয় পর্যবক্ষকগণ

II. ক্ষতির দেশটির স্থানীয় পর্যবেক্ষক

III. বীমাকারীর নিজস্ব কর্মচারী

IV. পলিসিতে উল্লেখিতদাবি নিষ্পত্তিকারী প্রতিনিধিবৃন্দ

**প্রশ্ন 6**

একটি অগ্নিকান্ডভিত্তিক দাবির ক্ষেত্রে, ফায়ার ব্রিগেডের একটি প্রতিবেদন:

I. প্রয়োজন নাই

II. বীমাকৃতের জন্য ঐচ্ছিক

III. প্রয়োজনীয়

IV. পুলিশের প্রতিবেদনের একটি অংশ

**প্রশ্ন 7**

টিএটি কি?

I. টাইম অ্যান্ড টার্ন

II. টিল এ টাইম

III. টাইম অ্যান্ড টাইড

IV. টার্ন অ্যারাউন্ড টাইম

**প্রশ্ন 8**

ক্ষতির জন্য অর্থ প্রদানের দ্বারা উদ্ধারকৃত বস্তুগুলির মালিকানা বর্তায়:

I. পর্যবেক্ষকদের উপর

II. বীমাকৃতের উপর

III. বীমাকারীর উপর

IV. স্থানীয় কর্তৃপক্ষের উপর

**প্রশ্ন 9**

সালিশি হল ____________ দ্বারা কৃত দাবি নিষ্পত্তির একটি প্রক্রিয়া

I. আইনি আদালত

II. পর্যবেক্ষকদের একটি গোষ্ঠী

III. সম্পর্কিত পক্ষদের দ্বারা নির্বাচিত সালিশিকার (দের)

IV. যেকোন ভাবে নির্বাচনের ভিত্তিতে বীমা কোম্পানীর কর্মচারী

**প্রশ্ন 10**

বীমাকারীরা অধিকার হস্তান্তর নীতির অধীনে প্রদত্ত ক্ষতিটি পুনরদ্ধার করতে পারেন:

I. শুধুমাত্র জাহাজী কোম্পানীর থেকে

II. শুধুমাত্র রেলওয়ে এবং পথ পরিবহন সংস্থাসমূহের থেকে

III. বিমান সংস্থা এবং বন্দর কর্তৃপক্ষ থেকে

IV. জাহাজী কোম্পানী এবং রেলওয়ে এবং পথ পরিবহন সংস্থা এবং বিমান সংস্থা এবং বন্দর কর্তৃপক্ষের থেকে

## নিজেকে পরীক্ষার প্রশ্নসমূহ

**উত্তর 1**

সঠিক বিকল্পটি হল ৩।

ক্ষতিটি বিজ্ঞপিত করতে হবে যুক্তিসংগতভাবে যত শীঘ্র সম্ভব।

**উত্তর 2**

সঠিক বিকল্পটি হল ২।

ক্ষতির অনুসন্ধানটি করা হয় অনুমোদিত এবং উপযুক্ত পর্যবেক্ষকের দ্বারা

**উত্তর 3**

সঠিক বিকল্পটি হল ২।

একটি ব্যক্তিভিত্তিক দুর্ঘটনাজনিত দাবির জন্য একজন ডাক্তারের প্রতিবেদন প্রয়োজনীয়।

**উত্তর 4**

সঠিক বিকল্পটি হল ৩।

বীমা আইন অনুসারে ২০,০০০ টাকারসমান বাঅধিক দাবির জন্য স্বাধীন পর্যবেক্ষকদের প্রয়োজন হয়।

**উত্তর 5**

সঠিক বিকল্পটি হল ৪।

ভ্রমণ বীমা পলিসিগুলির ক্ষেত্রে দেশের বাইরের দাবিগুলির মূল্যায়ন করা হয় পলিসিতে উল্লেখিত নিষ্পত্তিকারী প্রতিনিধিদের দ্বারা

**উত্তর 6**

সঠিক বিকল্পটি হল ৩।

একটি অগ্নিকান্ডজনিত দাবির ক্ষেত্রে ফায়ার ব্রিগেডের একটি প্রতিবেদন প্রয়োজনীয়।

**উত্তর 7**

সঠিক বিকল্পটি হল ৪।

টিএটি হল টার্ন অ্যারাউন্ড টাইম।

**উত্তর 8**

সঠিক বিকল্পটি হল ৩।

ক্ষতিপূরণ প্রদানের পর উদ্ধারকৃত বস্তুটির মালিকানা বীমাকারীর প্রতি বর্তায়

**উত্তর 9**

সঠিক বিকল্পটি হল ৩।

সালিশি হল বিজড়িত পক্ষদের দ্বারা নির্বাচিত সালিশিকার(দের) দ্বারা দাবি নিষ্পত্তির একটি প্রক্রিয়া।

**উত্তর 10**

সঠিক বিকল্পটি হল ৪।

বীমাকারীরা, অধিকার হস্তান্তরের নীতির অধীনে প্রদত্ত ক্ষতিটি জাহাজী কোম্পানী এবং রেলওয়ে এবং পথ পরিবহন সংস্থা এবং বিমান সংস্থা এবং বন্দর কর্তৃপক্ষের থেকে পুনরুদ্ধার করতে অনুমোদিত।

**অগ্নিবীমা দাবির ফ্রম**

১। বীমাকৃতের নাম ও ঠিকানা

বীমাকৃতের পরিচায়ক

২। অনুগ্রহ করে অগ্নিকান্ডজনিত দুর্ঘটনার সকল পলিসিগুলির নিম্নলিখিত বিস্তারিত বিবরণগুলি প্রদান করুন

| পলিসি নং. | আচ্ছাদিত ঝুঁকি | স্থান | প্রতিশ্রুত বীমা রাশি | ক্ষতির ধারণাগত পরিমাণ |
|---|---|---|---|---|
| (১) | | | | |
| (২) | | | | |

মোট এস.আই এবং প্রত্যেক পলিসির সংযোজন নির্ধারণের জন্য

ক্ষতিটি পলিসিটি বর্তমান থাকা অবস্থায় হতে হবে

৩। বীমার সময়কাল

৪। ক্ষতির তারিখ এবং সময়

সর্বনিকটবর্তী কারণটি উল্লেখ করতে হবে

৫। ক্ষতির প্রকৃতি এবং কারণ
(অনুগ্রহ করে ক্ষতির প্রতি নির্দেশক পরিস্থিতিটির বিস্তারিত বিবরণ প্রদান করুন)

সংযোজনের শর্ত

৬। অনুগ্রহ করে অন্যান্য বীমা কোম্পানীগুলি থেকে গৃহীত অগ্নিকান্ড/দুর্ঘটনা সম্পর্কিত বীমার বিস্তারিত বিবরণ প্রদান করুন।

৭। যদি বীমাকৃত একক মালিক না হন, তাহলে সম্পত্তিটিতে তাঁর/তাঁদের স্বার্থে প্রকৃতি এবং অন্যান্য স্বার্থের বিস্তারিত বিবরণ।

বীমাকৃত তাঁর বীমাযোগ্য স্বার্থের পরিধি পর্যন্ত আচ্ছাদিত

৮। ক্ষতিটি কি বিজ্ঞপিত করা হয়েছে
(১) পুলিশ
(২) ফায়ার ব্রিগেড

ক্ষতিটি সমর্থনকারী অতিরিক্ত নথিসমূহ

৯। বর্তমান পলিসি সময়কালটিতে একই সম্পত্তির জন্য পূর্বে কোন প্রকার দাবির প্রতিবেদন ছিল কি? থাকলে বিস্তারিত বিবরণ প্রদান করুন।
(ক) কারণ
(খ) দুর্ঘটনার তারিখ
(গ) দাবি
(ঘ) পলিসি প্রদানকারী কার্যালয়
(ঙ) প্রদত্ত দাবির রাশি/বকেয়া

যাচাইয়ের জন্য অতিরিক্ত তথ্যসমূহ

আমি এতদ্বারা ঘোষণা করি যে উপরে প্রদত্ত তথ্যসমূহ আমার সর্বশ্রেষ্ঠ জ্ঞানানুসারে সত্য এবং সঠিক।

স্থান :

তারিখ : বীমাকৃতের স্বাক্ষর

ডেভ. অফিসার/ব্রাঞ্চ/ডি.ও.-এর দ্বারা পূরণের জন্য

অগ্নিকান্ডজনিত দাবি নং.____________

| ব্রাঞ্চ/ডি.ও. কোড নং. | আর.ও. কোড নং. | ডেভ. অফিসারের কোড নং. | প্রতিনিধির কোড নং. | প্রিমিয়াম প্রদানের বিবরণ | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | রসিদ নং. বিজি সিডি নং. | প্রদানের তারিখ | পরিমাণ টাকা |
| | | | | | | |